প্রাপ্তিস্থান :

প্রকাশকের নিকট

ও

শ্রীগৌরগোপাল মুখোপাধ্যায়

সারদা-কুটীর, কুড়মিঠা,

বীরভূম

চতুর্থ সংস্করণ

অগ্রহায়ণ— ১৩৫৪

উৎসর্গ পত্র

দুরদৃষ্টবশত এ জীবনে শৈশবেই যাঁহাদিগকে হারাইয়াছি,

এবং

যাঁহাদের চরণ-সেবার সৌভাগ্যে বঞ্চিত হইয়াছি

সেই পরমারাধ্য পিতৃদেব

বনওয়ারীলাল মুখোপাধ্যায়

ও

পরমারাধ্যা মাতৃদেবী

কুসুমণি দেবী

এবং

যিনি আশৈশব পিতা ও মাতা উভয়ের স্থান গ্রহণ পূর্ব্বক

আপন স্নেহক্রোড়ে আমাদের দুই সহোদরকে

পালন করিয়াছিলেন,

সেই মাতার ন্যায় গরীয়সী মাসীমাতাঠাকুরাণী

স্বর্গগতা সারদাসুন্দরী দেবী

ইঁহাদের পুণ্যস্মৃতির উদ্দেশে এই গ্রন্থ

উৎসর্গ করিলাম।

দীন সন্তান

শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়

প্রথম সংস্করণের নিবেদন

জয়দেবের কেন্দুবিল্ব এখন 'জয়দেব-কেন্দুলী' নামে পরিচিত। অনেকে কেন্দুলীও বলে না, —বলে 'জয়দেব'। দেশের লোকের নিকট কেন্দুলী তীর্থক্ষেত্র; জয়দেব-পদ্মাবতী ভগবানের আপনার জন, অনুগৃহীত ভক্ত। আমাদের গ্রাম হইতে কেন্দুলীর দূরত্ব বেশী নহে। সুতরাং বাল্যকাল হইতেই জয়দেবের মেলায় যাইতাম, জয়দেব-পদ্মাবতীর গল্প, ছড়া শুনিতাম, মুখস্থ করিতাম। এমনি শ্রদ্ধার মাঝখানে প্রথম-যৌবনে একদিন স্বর্গগত সাহিত্যাচার্য্য বঙ্কিমচন্দ্রের গ্রন্থাবলী হস্তগত হয়, এবং তাঁহার অমর-লেখনী-প্রসূত জয়দেবের সমালোচনা পাঠের সুযোগ প্রাপ্ত হই। জয়দেবের যে একটা উল্টা দিক্ আছে, এ কথা সেই প্রথম শুনি; মনে বেশ একটু আঘাত লাগে, আর তাহার পর হইতেই জয়দেব সম্বন্ধে অনুসন্ধান আরম্ভ করি। কেন্দুলীর মেলায় কোনো ভাল লোক পাইলে, ভক্ত বৈরাগী দেখিলে তাঁহাদের কাছে গিয়া বসিতাম, পুঁথি-পাতার খোঁজ লইতাম, বন্ধু-বান্ধবদের সঙ্গে আলোচনা করিতাম; তাহারই ফলে ভারতবর্ষ প্রভৃতি মাসিকপত্রে জয়দেব সম্বন্ধে আমার কয়েকটি প্রবন্ধ প্রকাশিত হয়। অতঃপর গতবর্ষে জাতীয়-বিশ্ববিদ্যালয়ের জ্ঞানপ্রচার সমিতির আহ্বানে কলিকাতার থিওজফিক্যাল হলে জয়দেবের সম্বন্ধে চারিটি বক্তৃতা দেই। আমার এই গ্রন্থের ভূমিকা সেই বক্তৃতা চারিটির পরিবর্ত্তিত রূপ।

আচার্য্য বঙ্কিমচন্দ্র সম্বন্ধে আমার কোনো বক্তব্য নাই। কারণ তিনি যাহা বলিয়াছিলেন,—সদুদ্দেশ্য-প্রণোদিত হইয়াই বলিয়াছিলেন; তাঁহার সময়ে যেমন বুঝিয়াছিলেন, তেমনি বলিয়াছিলেন। কিন্তু আজিকার দিনে—অনুসন্ধানের বিশেষ সুযোগ সত্ত্বেও সবদিক্ না দেখিয়া যাঁহারা তাড়াতাড়ি একটা সিদ্ধান্ত করিয়া বসেন, তাঁহাদের উদ্দেশ্যের প্রশংসা করিতে পারি না। ভূমিকায় এই কথাই বলিয়াছি।

দেশ-বিদেশের অধিকাংশ শিক্ষিত ব্যক্তির নিকট শ্রীগীতগোবিন্দ একখানি কাব্য মাত্র। তাঁহারা কাব্য হিসাবেই ইহার বিচার করিয়া থাকেন, এবং কেহ ভাল বলেন, কেহ নিন্দা করেন; ইহাই স্বাভাবিক। তবে মাত্র অশ্লীলতার দোহাই দিয়া গীতগোবিন্দের উপর যাঁহারা খড়্গ-হস্ত—রঘুবংশ, কুমারসম্ভব, কিরাতার্জ্জুনীয়, এবং শিশুপালবধ প্রভৃতি কাব্যের কয়েকটি সর্গের প্রতি আমরা তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিতেছি। আমাদের মনে হয়, জয়দেব কামের আবরণে প্রেমের কথাই বলিয়াছেন।

শ্রীগীতগোবিন্দের সৌন্দর্য্য ও চমৎকারিত্ব সম্বন্ধে সন্দেহের অবকাশ নাই। গ্রন্থে শ্রীরাধাকৃষ্ণের—বিশেষত শ্রীরাধার প্রেমতন্ময়তার যে চিত্র অঙ্কিত রহিয়াছে (৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ সর্গ)—তাহার মাধুর্য্য, মহিমা ও পবিত্রতা বিতর্কের অতীত। সুতরাং গ্রন্থখানি সম্প্রদায়-নির্ব্বিশেষে সহৃদয় পাঠকের আলোচনারও অনুপযুক্ত নহে।

বৈষ্ণব-ধর্ম্মের ইতিহাস আলোচনায় লোকমান্য তিলকের গীতার ভূমিকা হইতে সাহায্য পাইয়াছি। ইহা স্বীকার করিয়া সেই স্বর্গগত মহাপুরুষের উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করিতেছি। মানসোল্লাসের দশাবতার স্তোত্রের বুদ্ধসম্বন্ধীয় শ্লোক ও গ্রন্থ-সাহেবধৃত জয়দেবের ভণিতাযুক্ত দুইটি পদ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম, এ, ডি, লিট্ মহাশয়ের নিকট হইতে সংগৃহীত। বৃহদারণ্যক এবং হাল-সপ্তশতীর শ্লোক অধ্যাপক শ্রীমান্ অশোকনাথ ভট্টাচার্য্য বেদান্ততীর্থ এম, এ (কলিকাতা) এবং সদুক্তিকর্ণামৃতের জয়দেব ও শরণ রচিত কবিতা অধ্যাপক শ্রীযুক্ত দীনেশচন্দ্র ভট্টাচার্য্য এম, এ (চট্টগ্রাম) সংগ্রহ করিয়া দিয়াছেন। অগ্রজ-প্রতিম শ্রীযুক্ত বংশীধর ঠাকুর বি, এল (বীরভূম) আমাকে দুই একটি বিষয়ে সাহায্য করিয়াছেন। সুহৃদ্-গণের নিকট কৃতজ্ঞতা প্রকাশের প্রয়োজন না থাকিলেও এখানে ইহাদের নাম উল্লেখ না করিয়া পারিলাম না।

সুহৃদ্বর শ্রীমান্ সুকুমার সেন এম, এ, পি, আর, এস, পুস্তকখানির

প্রুফ আগাগোড়া দেখিয়া দিয়াছেন। তিনি এই ভার গ্রহণ না করিলে অসুস্থাবস্থায় আমাকে অত্যন্ত বিব্রত হইতে হইত। পূজার পূর্ব্বেই গ্রন্থখানি প্রকাশিত করিবার জন্য বিশেষ ব্যস্ততার সঙ্গে মুদ্রিত হওয়ায় স্থানে স্থানে ভ্রমপ্রমাদ রহিয়া গিয়াছে, পাঠকগণ দয়া করিয়া মার্জ্জনা করিবেন। ভবিষ্যতে এই বিষয়ে সাবধান হইবার সুযোগ প্রার্থনা করি। পরিশিষ্টে 'রামগীত-গোবিন্দের' রচয়িতা রূপে 'গয়াদীনের' নাম উল্লিখিত হইয়াছে। অধ্যাপক শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্য-তীর্থ এম, এ মহাশয় বলেন, এই গ্রন্থও জয়দেবের রচিত। তবে এ জয়দেবের কোন পরিচয় পাওয়া যায় না।

গ্রন্থের মূল ও টীকার পাঠ প্রাচীন হস্ত-লিখিত পুঁথির সঙ্গে মিলাইয়া দিয়াছি। অনুবাদে যথাসম্ভব মূলের অনুসরণ করিয়াছি। শ্রীমান্ রামপদ চট্টোপাধ্যায় বি, এ অনুবাদের কাজে মাঝে মাঝে সাহায্য করিয়াছেন।

আমার সোদর প্রতিম সাহিত্যানুরাগী সুহৃদ্ শ্রীমান্ কামাখ্যাকিঙ্কর চট্টোপাধ্যায় বি, এ (ডাক-বিভাগের পরিদর্শক, বিহার ও উড়িষ্যা) এবং অধ্যাপক শ্রীমান্ শিবশরণ চৌধুরী এম, এ, বি, এল (কৃষ্ণচন্দ্র কলেজ, হেতমপুর), এই দুইজনের বিশেষ উৎসাহ ও সহায়তা ভিন্ন 'কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ' প্রকাশে সাহস করিতাম কি না সন্দেহ। উভয়কেই আমার প্রীতি-আশিস্ জ্ঞাপন করিয়া এই বক্তব্যের উপসংহার করিতেছি। গ্রন্থখানি সাধারণের নিকট কিয়ৎ পরিমাণে সমাদৃত হইলেও কৃতার্থ হইব।

দ্বিতীয় সংস্করণের নিবেদন

দীর্ঘ একুশ বৎসর পরে মৎসম্পাদিত "কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ" গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। সন ১৩৩৬ সালে প্রথম সংস্করণ বাহির হয়। বৈষ্ণবাচার্য্যগণ, অপর সংস্কৃতজ্ঞ ও ইংরাজী-শিক্ষিত বিদ্বানগণ অনেকেই গ্রন্থখানির প্রশংসা করিয়াছিলেন। কয়েকখানি মাসিক, সাপ্তাহিক এবং দৈনিক পত্রেও অনুকূল সমালোচনা প্রকাশিত হইয়াছিল। তথাপি মাত্র কয়েক শত গ্রন্থ বিক্রয়ে এই দীর্ঘ দিন কাটিয়াছে। অথচ এই সময়ের মধ্যে গল্প ও উপন্যাসের বহু পুস্তক সংস্করণের পর সংস্করণ উচ্চ মূল্যে বিকাইয়াছে। অবশ্য ইহার দ্বারা এমন প্রমাণিত হয় না, যে এতদিন ধরিয়া শ্রীগীতগোবিন্দের অপর কোন সংস্করণ প্রকাশিত হয় নাই, অথবা সেগুলি বিক্রীত হয় নাই, কিম্বা জয়দেবের উপর বাঙ্গালীর শ্রদ্ধা কমিয়া গিয়াছে। আমি আমার সম্পাদিত গ্রন্থের কথাই বলিতেছিলাম। সাধারণের নিকট এরূপ সংস্করণের অনাদরের কারণ বোধহয় এই যে, রসপিপাসু হইলেও অনেকেই তথ্য ও তত্ত্ব সম্বন্ধে কতকটা ভীতির ভাব পোষণ করেন। ভূমিকায় আমি জয়দেবের তথ্য ও তত্ত্ব সম্বন্ধীয় আলোচনার দিক দর্শনের চেষ্টা করিয়াছি। যাহা হউক, আমার দারিদ্র্য বশতঃ গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশের আশা একেবারেই ত্যাগ করিয়াছিলাম। কিন্তু শ্রীমন্ মহাপ্রভুর কৃপায় যাহা কল্পনাতীত ছিল, তাহাই সম্ভব হইল। পশ্চিমবঙ্গ সরকারের সদয় সহায়তায় এতদিনে এই গ্রন্থের দ্বিতীয়বার প্রকাশের সুযোগ ঘটিল।

দেশ স্বাধীন হইবার পর কয়েকজন বন্ধুর পরামর্শে প্রকাশের ব্যয় বহনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট আবেদন করিয়াছিলাম। মাননীয় শিক্ষামন্ত্রী রায় শ্রীযুক্ত হরেন্দ্রনাথ চৌধুরী এবং শিক্ষা বিভাগের

তদানীন্তন অধিকর্ত্তা ডক্‌টর শ্রীযুক্ত স্নেহময় দত্ত মহাশয় এই আবেদন গ্রহণ করেন। তাঁহাদের নির্দ্দেশে আমি প্রথম সংস্করণের একখানি গ্রন্থ পাঠাইয়া দিই। তাঁহারা গ্রন্থ সম্বন্ধে প্রসিদ্ধ সমালোচক ও সাহিত্যিক শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত মহাশয়ের অভিমত গ্রহণ করিয়াছিলেন। তাঁহার মত অনুকূল হওয়ায় ডক্‌টর শ্রীযুক্ত স্নেহময় দত্ত মহাশয় গ্রন্থ প্রকাশের নির্দ্দেশ দেন, এবং এই কার্য্যে শিক্ষাবিভাগ হইতে দুই হাজার টাকা সাহাষ্য মঞ্জুর করেন। এই সাহায্য না পাইলে গ্রন্থ প্রকাশ সম্ভবপর হইত না। বাঙ্গালার সংস্কৃতি তথা বিশ্ববরেণ্য কবি জয়দেবের প্রতি তাঁহাদের এই শ্রদ্ধা আমাকে কৃতার্থ ও আনন্দিত করিয়াছে। শিক্ষা বিভাগের বর্ত্তমান অধিকর্ত্তা ডক্‌টর শ্রীযুক্ত পরিমল রায় এবং প্রাথমিক শিক্ষা বিষয়ের তত্ত্বাবধায়ক শ্রীযুক্ত জ্যোতির্ম্ময় লাহিড়ী মহাশয়ের নাম আমি এই প্রসঙ্গে স্মরণ করিতেছি। শিক্ষা বিভাগের অন্যতর করণিক শ্রীমনোমোহন শর্ম্মা আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছেন। ইঁহাদের সকলেরই নিকট আমি কৃতজ্ঞ।

মহাকরণ (রাইটার্স বিল্ডিং)-এর গহনে যে দুই জন আমার পথ প্রদর্শন করিয়াছেন,—তাঁহাদের প্রথম, রাজস্ব পরিষদের সদস্য (রেভিনিউ বোর্ডের মেম্বার) শ্রদ্ধেয় শ্রীসত্যেন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায় আই, সি, এস,। দ্বিতীয়, ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের উপকর্ম্মসচিব শ্রীক্ষিতীশচন্দ্র বর্ম্মণ। মহাগাণনিক (একাউণ্ট্যাণ্ট জেনারেল) শ্রীক্ষিতীশচন্দ্র চৌধুরী মহাশয়ের সাহায্যেও আমি উপকৃত হইয়াছি। ইঁহাদের অকপট সৌজন্য আমার স্মরণীয় হইয়া রহিল।

প্রথম সংস্করণের সমালোচকগণের মধ্যে স্বর্গগত মহামহোপাধ্যায় ফণিভূষণ তর্কবাগীশ, রাখালানন্দ ঠাকুর শাস্ত্রী এবং হীরেন্দ্রনাথ দত্তের নাম শ্রদ্ধার সহিত স্মরণ করিতেছি।

ভূমিকাংশের সৌষ্ঠব-সাধনের জন্য বন্ধুগণের মধ্যে যাঁহারা স্বতঃ প্রবৃত্ত

হইয়া সাহায্য করিয়াছেন, কৃতজ্ঞতা প্রকাশের প্রয়োজন না থাকিলেও তাঁহাদের বহুশ্রুত—

প্রভুপাদ শ্রীগৌরগোপাল ভাগবতভূষণ (শ্রীবৃন্দাবন)
স্বামী শ্রীভাস্করানন্দ সরস্বতী (কালনা, আনন্দ আশ্রম)
অধ্যাপক ডাঃ শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় (কলিকাতা)
" ডাঃ শ্রীসুশীলকুমার দে "
" শ্রীহরিদাস ভট্টাচার্য্য "
অধ্যাপক শ্রীপ্রিয়নাথ চট্টরাজ কাব্যপুরাণতীর্থ (বীরভূম)
শ্রীমন্মথনাথ সান্ন্যাল (সম্পাদক, রবিবাসরীয় আনন্দবাজার, কলিকাতা)

এই নাম-মালা আমার নিবেদনে প্রীতির সূত্রে গ্রথিত করিয়া রাখিলাম।

কাশীধামের পণ্ডিত মহামহোপাধ্যায় শ্রীগোপীনাথ কবিরাজ মহাশয় প্রথম সংস্করণের গ্রন্থপাঠ করিয়া আমাকে আশীর্ব্বাদ জানাইয়াছিলেন, এবং ভূমিকায় "নিত্যলীলা" সম্বন্ধে আলোচনার উপদেশ দিয়াছিলেন। যোগ্যতা না থাকিলেও অতি সংক্ষেপে সে উপদেশ পালনের চেষ্টা করিয়াছি। তাঁহার প্রতি আমার প্রণাম নিবেদন করিতেছি।

ভূমিকায় "শ্রীগীতগোবিন্দে গীত", "শ্রীগীতগোবিন্দে গোবিন্দ", "শ্রীমদ্ভাগবত ও শ্রীগীতগোবিন্দ", "নিত্যলীলা", "শ্রীগীতগোবিন্দে পাঠভেদ" প্রভৃতি কয়েকটি নূতন বিষয় সংযোজিত হইয়াছে। পুরাতন ভূমিকার কিছু বাদ দিয়াছি ও কিছু নূতন করিয়া লিখিয়াছি। তথাপি মনে হইতেছে কিছুই বলা হইল না। শ্রীগীতগোবিন্দ যতবার পাঠ করিয়াছি, জয়দেবের নিত্য নূতন রস চাতুর্য্যে, ভাব মাধুর্য্যে, ও অতীন্দ্রিয় আধ্যাত্মিকতার স্বারাজ্যে আমি দিশাহারা হইয়াছি। প্রকাশের ভাষা খুঁজিয়া পাই নাই। বামন হইয়াও প্রাংশু-লভ্য ফলে লোভের বশে ভূমিকায় আমি প্রদীপ ধরিয়া মধ্যাহ্ন ভাস্করকে দেখাইবার প্রয়াস পাইয়াছি। অপিচ নিত্য-সিদ্ধ ব্রজ-পরিকর কবির দিব্যানুভূতির ও তাহার অপ্রাকৃত কাব্যের ক্রম পরিণতির কথা বলিয়া ও বিচার করিয়া অপরাধী হইয়াছি। ভরসা আছে, বৈষ্ণব সাধকগণ আমাকে মার্জ্জনা করিবেন। দক্ষিণ দেশের বৈষ্ণবগণ মহাবিষ্ণুর

শঙ্খ, চক্র, গদা ও পদ্মের অবতার গ্রহণের কথা বলিয়াছেন। এই প্রসঙ্গে বন্ধুবর শ্রীসুনীতিকুমার একদিন কবি জয়দেবকে শ্রীকৃষ্ণের মুরলীর অবতার বলিয়া উল্লেখ করিয়াছিলেন।

গ্রন্থে বহু ভ্রম প্রমাদ লক্ষিত হইবে। শ্রীগীতগোবিন্দের মূল ও টীকার প্রুফ শ্রীভুজঙ্গভূষণ কাব্যতীর্থ দেখিয়া দিয়াছেন। ভূমিকার প্রুফ দেখিবার অসুবিধায় মুদ্রণের অনেক ত্রুটি রহিয়া গেল। এজন্য সহৃদয় পাঠকগণের নিকট মার্জ্জনা ভিক্ষা করিতেছি। জাতীয় মুদ্রণের শ্রীমান্ অজয় হোমের চেষ্টায় গ্রন্থ প্রকাশ ত্বরান্বিত হইয়াছে।

গ্রন্থখানি প্রকাশের জন্য আজ বৎসরাধিক কাল আমাকে কলিকাতায় যাতায়াত করিতে হইয়াছে এবং মাঝে মাঝে তথায় অবস্থিতির প্রয়োজন ঘটিয়াছে। কলিকাতার গৃহসঙ্কট, খাদ্য নিয়ন্ত্রণ, দুর্ম্মূল্যতা ও জন সংঘট্টের দিনে যে দুইজন বন্ধুর সহৃদয় আতিথেয়তা আমাকে আশ্রয় দিয়াছে, তাঁহাদের একজন অধ্যাপক শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়, অপর জন সুনামধন্য ব্যবসায়ী, সাহিত্যরসিক শ্রীমুনীন্দ্রনাথ মুখোপাধ্যায়। বন্ধুপত্নী চট্টোপাধ্যায় গৃহিণী শ্রীযুক্তা কমলা দেবীর প্রীতি ও স্নেহ আমাকে ধন্য করিয়াছে। মুনীন্দ্রনাথের পুত্রবধূদের—বিশেষতঃ জ্যেষ্ঠা পুত্রবধূ শ্রীমতী সুধারাণী মাতার শ্রদ্ধায় ও যত্নে আমি মুগ্ধ হইয়াছি। এই প্রসঙ্গে আর একজনের কথা বার বার স্মরণ হইতেছে। তিনি মুনীন্দ্রনাথের সহধর্ম্মিণী আমার জ্যেষ্ঠা ভগিনী-সমা স্বর্গগতা শিবসতী দেবী। আজ সেই স্নেহময়ীর উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করিতেছি। পাঠকগণ অনুগ্রহ পূর্ব্বক গ্রন্থখানি পাঠ করিলে এবং আমি যে উদ্দেশ্যে ভূমিকাটি লিখিয়াছি, সেই উদ্দেশ্য সফল হইলে, প্রচেষ্টা সার্থক মনে করিব।

বিনয়াবনত

শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়

তৃতীয় সংস্করণের নিবেদন

শ্রীমন্ মহাপ্রভুর কৃপায় "কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ" গ্রন্থের তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। প্রথম সংস্করণ নিঃশেষিত হইতে দীর্ঘ একুশ বৎসর লাগিয়াছিল। আর গত ১৩৩৭ সালের শুভ শ্রাবণ রথযাত্রা এবং বর্ত্তমান বৎসরের ৬ই আষাঢ় রথযাত্রা—এই পাঁচ বৎসরে দ্বিতীয় সংস্করণ শেষ হইয়া গেল, ইহা আমার পক্ষে অনেকটা আশ্বাসের কথা। অবশ্য এখনো কোন কোন উপন্যাস বৎসরে দুইবার প্রকাশিত হইতেছে। তথাপি বাঙ্গালী পাঠক সমাজে ধীরে ধীরে এইরূপ গ্রন্থের আদর বাড়িতেছে। ইহা কম আনন্দের কথা নহে। এজন্য আমি পাঠকগণের নিকট কৃতজ্ঞ।

দ্বিতীয় সংস্করণ প্রকাশের জন্য পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগ অর্থ সাহায্য দান করিয়াছিলেন। শিক্ষাবিভাগ অনুগ্রহপূর্ব্বক গ্রন্থখানিকে "প্রাইজ বুক"রূপেও অনুমোদন করিয়াছেন। (কলিকাতা গেজেট, ৩রা মে ১৩৩৭) এজন্য আমি কর্ত্তৃপক্ষগণের নিকট কৃতজ্ঞ। তৃতীয় সংস্করণ প্রকাশের জন্য জয়দেব কেন্দুবিল্বের মোহান্তের নিকট, এবং বীরভূমের ধনী ও শিক্ষিত সম্প্রদায়ের অনেকের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিলাম। কিন্তু বীরভূম হইতে সেরূপ সহানুভূতি পাওয়া যায় নাই। অনেকে প্রতিশ্রুতি দিয়াও বিমুখ করিয়াছেন। অথচ কবি জয়দেবের নামে কলিকাতার বন্ধুগণের নিকট বিশেষ উৎসাহ ও সাহায্য পাইয়াছি। যাঁহাদের অর্থানুকূল্যে তৃতীয় সংস্করণ প্রকাশ সম্ভব হইয়াছে, সাহায্য প্রাপ্তির পৌর্ব্বাপর্য্য অনুসারে যথাযোগ্য শ্রদ্ধা ও প্রীতির সঙ্গে কৃতজ্ঞচিত্তে তাঁহাদের নাম উল্লেখ করিতেছি।

শ্রীযুক্ত অশোককুমার সরকার—(আনন্দবাজার ও হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডের ম্যানেজিং ডিরেক্টার)।

উদীয়মান সাহিত্যিক শ্রীমান্ অমলেন্দু মিত্র—(রতন লাইব্রেরী,
সিউড়ী, বীরভূম)।

শ্রীমতী জ্যোৎস্নাময়ী দেবী—(রাজ পৌত্রবধূ, হেতমপুর-
রাজবাটী, বীরভূম)।

দেশকর্ম্মী শ্রীমান্ বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়—(চেয়ারম্যান-ডিষ্ট্রিক্টবোর্ড,
অবিনাশপুর, বীরভূম)।

মনস্বী রাজবল্লভ শ্রীযুক্ত সত্যেন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, আই, সি, এস,
সি, আই, ই (রেভিনিউ বোর্ডের মেম্বার, পশ্চিমবঙ্গ, কলিকাতা)।

সুলেখক শ্রীমান্ নিত্যনারায়ণ বন্দ্যোপাধ্যায়—(লাভপুর, বীরভূম)।

সুপ্রসিদ্ধ কথা-সাহিত্যিক শ্রীমান্ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়—
(লাভপুর, বীরভূম)।

শ্রীমান শিশিরকুমার বিশ্বাস—(ম্যানেজার, নারিকেলডাঙ্গা
রোলার ফ্লাওয়ার মিল, কলিকাতা)।

সর্ব্বাধিক সাহায্য করিয়াছেন—

প্রতিষ্ঠাভাজন চিকিৎসক ডাঃ শ্রীযুক্ত সুবোধ মিত্র, তদীয় পত্নী সুলেখিকা শ্রীমতী সুষমা মিত্র (কলিকাতা), স্বনামধন্য সুলেখক মনীষী শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত (কলিকাতা), খ্যাতনামা কীর্ত্তন-গায়ক শ্রীমান রথীন্দ্রনাথ ঘোষ গীতরত্ন (কলিকাতা) এবং প্রসিদ্ধ ব্যবহারাজীব শ্রীযুক্ত অসীমকৃষ্ণ দত্ত ও তদীয় পত্নী শ্রীমতী শোভা দেবী (কলিকাতা)। শ্রীমন্ মহাপ্রভুর শ্রীপদপ্রান্তে সকলের কল্যাণ কামনা করিতেছি।

আজ সুদীর্ঘ পঞ্চাশ বৎসর যাবৎ শ্রীগীতগোবিন্দ পাঠ করিয়াও গ্রন্থের মর্ম্ম গ্রহণ করিতে পারিতেছি না। শ্রীমন্ মহাপ্রভুর করুণায় যেমন যেমন অনুভব করিতেছি, ভূমিকায় লিপিবদ্ধ করিবার প্রয়াস পাইয়াছি। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংস্করণের ভূমিকা মিলাইয়া পাঠ করিলেই আমার উক্তির সত্যতা উপলব্ধ হইবে। তৃতীয় সংস্করণেও অনেক বিষয় নূতন

করিয়া লিখিতে হইয়াছে। "কংসারির সংসার" নিবন্ধ সম্পূর্ণ নূতন। সাত্বত-ধর্ম্মের ইতিহাস আলোচনা-প্রসঙ্গে প্রবীণ ঐতিহাসিক ডাঃ শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ বন্দোপাধ্যায়ের লক্ষ্ণৌ নিখিল-ভারত বঙ্গ-সাহিত্য-সম্মেলনের ইতিহাস শাখার অভিভাষণ হইতে কিঞ্চিৎ সাহায্য গ্রহণ করিয়াছি। ভূমিকাটিকে পূর্ণাঙ্গ করিবার জন্য সঙ্গীত-শাস্ত্রে বিশেষজ্ঞ, বিবিধ গ্রন্থ প্রণেতা শ্রীপ্রজ্ঞানানন্দ স্বামীর দ্বারা "শ্রীগীতগোবিন্দে গীত" নিবন্ধের প্রথমাংশ সংশোধন করাইয়া লইয়াছি। বিখ্যাত সঙ্গীতজ্ঞ সুহৃদ্বর শ্রীযুক্ত সুরেশচন্দ্র চক্রবর্ত্তী সঙ্গীতশাস্ত্রী স্ব-লিখিত "শ্রীগীতগোবিন্দে গীত" ভূমিকায় মুদ্রণের অনুমতি দিয়া আমাকে উপকৃত করিয়াছেন। আমার পরম স্নেহভাজন অধ্যাপক "মঙ্গলচণ্ডীর গীত" প্রভৃতি গ্রন্থ-প্রণেতা শ্রীমান্ সুধীভূষণ ভট্টাচার্য্য এই গ্রন্থের প্রুফ প্রায় আদ্যোপান্ত দেখিয়া দিয়াছেন। তাঁহার লিখিত "জয়দেবের ছন্দ" শীর্ষক নিবন্ধটি আমি সম্পূর্ণ গ্রহণ করিয়াছি। শ্রীমানকে আমার আশীর্ব্বাদ জানাইতেছি। আমার অনবধানতার জন্য গ্রন্থমধ্যে কিছু ছাপার ভুল থাকিয়া গিয়াছে। পাঠকগণের নিকট তজ্জন্য ক্ষমা প্রার্থনা করিতেছি, এবং একটি শুদ্ধিপত্র দিতেছি।

বাঙ্গালার বৈষ্ণবগণ, বৈষ্ণব-সম্প্রদায়ের আচার্য্যগণ, সংস্কৃতজ্ঞ অধ্যাপকগণ, বর্ত্তমান দিনের শিক্ষিত সম্প্রদায়ের প্রধানগণ, দৈনিক, সাপ্তাহিক ও মাসিক পত্রের সম্পাদকগণ, অন্যান্য সাহিত্যিক বন্ধুগণ এবং সাধারণ পাঠকগণ অনেকেই গ্রন্থখানিকে প্রীতির চক্ষে দেখিয়াছেন। ইহা আমার আশাতীত সৌভাগ্য, ইহাই আমার পরম পুরস্কার। ভরসা আছে তাঁহাদের নিকট এই সংস্করণও সমাদৃত হইবে।

বিনয়াবনত

শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়

সূচীপত্র

কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ

ভূমিকা

শ্রীশ্রীগীতগোবিন্দম্

কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ

———:০:———

ভূমিকা

১

সাত্বত ধর্ম্ম

বেদ অপৌরুষেয় এবং সাত্বত ধর্ম বৈদিক ধর্ম্ম। সাত্বত ধর্ম্মই পরবর্ত্তী কালে বৈষ্ণব ধর্ম্ম নামে পরিচিত হইয়াছে। বেদ অপৌরুষেয়, কিন্তু ঋষিহৃদয়ে ইহার আবির্ভাবের এবং ঋষি দৃষ্টিতে ইহার প্রকাশের একটা কালানুক্রম আছে। এ বিষয়ে নানামুনির নানা মত। আমরা আধুনিক পণ্ডিতগণের মতানুসরণে এই সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করিতেছি।

পৃথিবীর সর্ব্বপ্রাচীন শাস্ত্র ঋগ্বেদের বহু ঋকে বিষ্ণুর উল্লেখ আছে। বেদে বিষ্ণুর অপর নাম উরুক্রম, পৃশ্নিগর্ভ। শ্রীমদ্ভাগবতেও এই নামের উল্লেখ পাই। আচার্য্যগণের মতে পৃশ্নিগর্ভরূপে বিষ্ণু ধ্রুবকে কৃপা করিয়াছিলেন।

"তদস্য প্রিয়মভি পাথো অশ্যাং নরো যত্র দেব যবো মদন্তি। উরুক্রমস্য স-হি বন্ধু রিত্থা বিষ্ণোঃ পদে পরমে মধ্ব উৎসঃ। তাবাং বাস্তু ন্যুশ্মসি গমধ্যৈ যত্র গাবো ভূরি শৃঙ্গা অযাসঃ॥ অত্রাহ তদরুগায়স্য বৃষ্ণঃ পরমং পদ মবভাতি ভূরি।" ঋগ্বেদ, ১ম মণ্ডল, ১৫৪ সূক্ত, ৫।৬ ঋক্। বিষ্ণুর পরম পদ মধুর উৎস। তিনিই আমাদের যথার্থ বন্ধু। সেই উরুক্রম উরুগায় বিষ্ণুর

আনন্দময় লোক ভূরিশৃঙ্গ গোধনে পূর্ণ।" মন্ত্রের এইরূপ মর্ম্মার্থ হইতে অনুমিত হয়, ঋষিগণ সেই রসস্বরূপের, আনন্দময় মধুব্রহ্মের উপাসনা করিতেন। তাঁহাকে বন্ধুরূপে ধ্যান করিতেন। গো গোপ সংঘাবৃত গোলোকের প্রতিচ্ছবি তাঁহাদের দিব্য হৃদয়ে প্রতিভাত হইয়াছিল।

ঋগ্বেদের একটি মন্ত্র "ত্রিণী পদা বিচক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ॥" (১। ২২।১৮) ইহারই পূর্ব্ববর্ত্তী (ঋষি মেধাতিথির দৃষ্ট) বহুশ্রুত মন্ত্র—"ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং"। (১।২২।১৭) ইহার ব্যাখ্যায়—প্রায় তিন হাজার বৎসরের পূর্ব্ববর্ত্তী নিরুক্তকার "যাস্ক" দুইজন পূর্ব্বাচার্য্যের মত উদ্ধৃত করিয়াছেন। ইঁহাদের একজন শাকপূণি বলেন—বিষ্ণুর ত্রিপাদ-ক্ষেপের স্থান পৃথিবী, অন্তরীক্ষ ও দ্যুলোক। পৃথিবীতে অগ্নি, অন্তরীক্ষে বিদ্যুৎ এবং দ্যুলোকে সূর্য্যরূপে বিষ্ণুর অধিষ্ঠান। অপর নিরুক্তকার ঔর্ণবাভ বলেন—"সমারোহণে, বিষ্ণুপদে এবং গয়শিরসি" বিষ্ণু ত্রিপাদ স্থাপন করেন। মনীষী কাশীপ্রসাদ জায়সোয়াল এই সূত্রটি আবিষ্কার করিয়াছিলেন। টীকাকারের মতে উদয়াচলে, মধ্যগগনে, এবং অস্তাচলে স্থিতিই আদিত্যরূপী বিষ্ণুর ত্রিপাদক্ষেপণ। শতপথ ব্রাহ্মণাদিতে ইহার প্রসঙ্গ আছে। বামন দ্বাদশ আদিত্যের অন্যতম। পূর্ব্বে ত্রিবিক্রম বামন উপাস্যরূপে পূজিত হইতেন, বিষ্ণুপদে ইঁহার পূজা হইত।

ঋগ্বেদোক্ত বৃষোৎসর্গ পদ্ধতিতে দশদিকপাল পূজায় অনন্তদেবের পূজামন্ত্র—

ওঁ কালিকা নাম সর্পো নব নাগসহস্রবলঃ।
যমুনা হ্রদে হ সো জাতো যো নারায়ণবাহনঃ॥
যদি কালিকে দূতস্য যদি কাঃ কালিকাদ্ভয়ং।
জন্মভূমিপরিক্রান্তো নির্বিষো যাতি কালিকঃ॥

শ্রীমদ্ভাগবতের কালীয়-দমন লীলা স্মরণ করাইয়া দেয়।

তৈত্তিরীয় আরণ্যকে "নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণু প্রচোদয়াৎ" এই গায়ত্রী মন্ত্রের উল্লেখ পাই। ছান্দোগ্য উপনিষদে ঘোর আঙ্গিরস-শিষ্য দেবকীপুত্র (পুরাণে যশোদারও একটি নাম দেবকী) কৃষ্ণের প্রসঙ্গ আছে। ঘোরনামক (আঙ্গিরস) ঋষি কৃষ্ণকে যজ্ঞদর্শন বিদ্যা উপদেশ করিয়াছিলেন। "তদ্ধৈতৎ ঘোর আঙ্গিরসঃ কৃষ্ণায় দেবকী-পুত্রায়।***" (৩।১৭।৬)

নারায়ণ উপনিষদে ইহার সমর্থন পাওয়া যায়—

ব্রহ্মণ্যো দেবকীপুত্র ব্রহ্মণ্যো মধুসূদনঃ।
ব্রহ্মণ্যো পুণ্ডরীকাক্ষো ব্রহ্মণ্যো বিষ্ণুরুচ্যতে॥

"এতদর্থ এবাঙ্গিরসং হ্যথবাঙ্গিরসং যোঽধীতে প্রাতরধিয়ানো রাত্রিকৃত পাপং নাশয়তি"।

ঐতরেয় ব্রাহ্মণে বৈষ্ণবের পরিচয়—"বৈষ্ণবো ভবতি বিষ্ণুর্বৈ যজ্ঞ স্বয়মেবৈনং তদ্দেবতয়া স্বেন চ্ছন্দসা সমর্দ্ধয়তি॥"

এই বিষ্ণুই সর্ব্বব্যাপক বিভু বাসুদেব কৃষ্ণ। ইনিই দেবকীনন্দন, যশোদাদুলাল। বেদে নানাস্থানে গূঢ়ভাবে সংক্ষেপে কৃষ্ণের কথা আছে। উপনিষদে এই কৃষ্ণই মধুব্রহ্মরূপে, রসব্রহ্মরূপে, আনন্দব্রহ্মরূপে আস্বাদিত হইয়াছেন। বিবিধ পুরাণে তন্ত্রে কাব্যে নাটকে ইঁহারই লীলা বর্ণিত হইয়াছে। আস্বাদনের মাধুর্য্যে, অনুভূতির ক্রম পরিণতিতে উপনিষদের কৃষ্ণই মহাভারতে, শ্রীমদ্‌ভাগবতে, শ্রীগীতগোবিন্দে আপন স্বরূপে আবির্ভূত হইয়াছেন।

মহাভারত শান্তিপর্ব্বে (৩৪১) শ্রীকৃষ্ণ বলিতেছেন—

ছাদয়ামি জগদ্বিশ্বং ভূত্বা সূর্য্য ইবাংশুভিঃ।
সর্ব্বভূতাধিবাসশ্চ বাসুদেবস্ততো হ্যহম্॥

ইহার সঙ্গে ঈশোপনিষদের "ঈশাবাস্য মিদং সর্ব্বং" শ্লোকটি তুলনীয়।

মহাভারত শান্তিপর্ব্বে নারায়ণীয় উপাখ্যানে (৩৪২ অ) বিষ্ণুর কয়েকটি নামের নিরুক্তি পাওয়া যায়। অনুশাসনপর্ব্বে (১৪৯ অ) বিষ্ণুর সহস্র নামের উল্লেখ আছে। এই প্রসঙ্গে বিশেষ উল্লেখযোগ্য বিরাট পর্ব্বের তৃতীয় অধ্যায়ে যুধিষ্ঠিরের দুর্গাস্তুতির মধ্যে নন্দগোপগৃহে মহামায়ার উদ্ভব প্রসঙ্গে তাঁহাকে বাসুদেবের ভগিনী বলা হইয়াছে। মার্কণ্ডেয় চণ্ডী এবং শ্রীমদ্ভাগবতেও ঐ একই উক্তি রহিয়াছে। শ্রীনন্দনন্দনের আবির্ভাব-রহস্যের মর্ম্মোদ্‌ঘাটনে এই উল্লেখ সর্ব্বথা স্মরণীয়। বৌধায়ন ধর্ম্মসূত্রে বিষ্ণুর অপর নাম গোবিন্দ ও দামোদর।

মহাভারত ২য় পর্ব্বে ৭৯ অধ্যায়ের ২৩ শ্লোকে সঙ্কর্ষণানুজরূপে কৃষ্ণের উল্লেখ পাই। পাণিনির ১।২।২৩ সূত্রের টীকায় মহাভাষ্যকার পতঞ্জলি বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত দিয়াছেন—"সঙ্কর্ষণদ্বিতীয়স্য বলং কৃষ্ণস্য বর্দ্ধতান্"। অন্যত্র বলিয়াছেন—"অসাধুর্মাতুলে কৃষ্ণঃ।" বলিয়াছেন—"জঘান কংসান কিল বাসুদেবঃ"। সুতরাং কৃষ্ণই বাসুদেব এ বিষয়ে কোন সংশয় নাই। কবি জয়দেব বাসুদেব-রতিকেলি কথাই বর্ণনা করিয়াছেন।

অতি প্রাচীনকালেই ভারতে যুগ্ম দেবতার পূজা প্রচলিত হইয়াছিল। বেদে অশ্বিনীদ্বয়, মিত্রাবরুণ, ইন্দ্রাগ্নি, ইন্দ্রবরুণ, ইন্দ্রবিষ্ণু প্রভৃতি যুগ্মদেবতার উল্লেখ আছে। হয়তো সেই স্মরণাতীত কালেই বাসুদেব-বলদেব, নরনারায়ণ, বাসুদেবার্জ্জুন, লক্ষ্মীনারায়ণ, রাধাকৃষ্ণ, হরগৌরী প্রভৃতি যুগল দেবতার পূজা প্রচলিত হইয়াছিল। খ্যাতনামা অধ্যাপক বন্ধুবর শ্রীযুক্ত হরিদাস ভট্টাচার্য্য বলেন—জৈনদের একাদশ অঙ্গের অন্তর্গত ভগবতী সূত্রে আজীবকদের সম্বন্ধে বলা হইয়াছে—ইহাদের পূজিত বৈদিক ও অবৈদিক দেবতাগণের মধ্যে পূর্ণভদ্র ও মণিভদ্র অন্যতম। প্রায় আড়াই হাজার বৎসরের পুরাতন বৌদ্ধ সুত্তপিটকের ক্ষুদ্দ নিকায়ের অন্তর্ভুক্ত "নিদ্দেশ" গ্রন্থে পাওয়া যায় আজীবকদের এক সম্প্রদায় পূর্ণভদ্র ও মণিভদ্রের এবং অন্য সম্প্রদায় বলদেব ও বাসুদেবের (বলভদ্র? বাসুভদ্র?)

পূজা করিত। এই গ্রন্থে রুদ্রোপাসক জটিল সম্প্রদায়েরও উল্লেখ আছে। জৈনদের দ্বাদশ উপাঙ্গের অন্যতম ঔপপাদিক সূত্রে বাসুদেব ও বলদেব শলাকা পুরুষরূপে উল্লিখিত হইয়াছেন। প্রায় দুই হাজার বৎসরের পূর্ব্ববর্ত্তী কবি ভাসের দূতকাব্যে বাসুদেবকে বাসুভদ্র বলা হইয়াছে।

গ্রহণমুপগতে তু বাসুভদ্রে হৃতনয়না ইব পাণ্ডবা ভবেযুঃ।
গতিমতিরহিতেষু পাণ্ডবেষু ক্ষিতিরখিলাপি ভবেন্মমাসপত্ন্যা॥

যুগ্মদেবতার পূজা অপেক্ষাও চতুর্ব্যূহবাদ সাত্বতধর্ম্মের লক্ষণীয় বৈশিষ্ট্য। প্রায় বাইশ শত বৎসর পূর্ব্বে উৎকীর্ণ ঘুষুণ্ডী লিপি হইতে জানা যায়, পারাশরীয় পুত্র গাজায়ন নারায়ণবাট স্থানে ভগবান সঙ্কর্ষণ ও বাসুদেবের শিলাপ্রাকার নির্ম্মাণ করিয়া দেন। ঐসময়ের বেষনগর লিপিতে গরুড়ধ্বজ বিষ্ণু, তালধ্বজ সঙ্কর্ষণ, মকরধ্বজ প্রদ্যুম্ন ও মৃগধ্বজ অনিরুদ্ধ এই চতুর্ব্যূহের পরিচয় পাওয়া যায়। অধ্যাপক পণ্ডিত হরিদাস ভট্টাচার্য্যের মতে খেচরের বিষ্ণু, উদ্ভিদের বলদেব, জলচরের প্রদ্যুম্ন এবং বনচরের দেবতারূপে অনিরুদ্ধকে গ্রহণ করা যাইতে পারে। বাসুদেব জ্ঞান, সঙ্কর্ষণ বল, প্রদ্যুম্ন ঐশ্বর্য্য, এবং অনিরুদ্ধ শক্তির প্রতীকরূপেও অন্যত্র উল্লিখিত হইয়াছেন। দুই হাজার বৎসর পূর্ব্বে উৎকীর্ণ নানাঘাট গুহার শিলালেখে ধর্ম্ম ইন্দ্র আদি দেবতার সঙ্গে সঙ্কর্ষণ ও বাসুদেবের উল্লেখ পাইয়াছি। বায়ুপুরাণ ৯৬ অধ্যায়ে বিষ্ণুবংশ বর্ণনা করিয়া ৯৭ অধ্যায়ে সুত বলিতেছেন —(বঙ্গবাসী সংস্করণ)—

মনুষ্য প্রকৃতীন্ দেবান্ কীর্ত্ত্যমানান্নিবোধত।
সঙ্কর্ষণো বাসুদেবঃ প্রদ্যুম্নঃ সাম্ব এবচ॥
অনিরুদ্ধশ্চ পঞ্চৈতে বংশবীরাঃ প্রকীর্ত্তিতাঃ॥

মনুষ্য প্রকৃতি দেবতারূপে সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, সাম্ব ও অনিরুদ্ধ, বিষ্ণুবংশীয় এই পঞ্চবীরের উল্লেখ করিয়া সুত বলিয়াছেন—সপ্তর্ষিগণ, কুবের,

যক্ষ মণিবর, শালকী, বদর, বিদ্বান ধন্বন্তরী, নন্দী আদি শিবানুচর, মহাদেব, শালঙ্কায়ন এবং আদিদেব বিষ্ণু, ইঁহারা দেবগণের সহিত অভিন্ন।

উদ্ধৃত শ্লোকের অর্থ বুঝিতে পারা যায় না। কারণ ইহার পরবর্ত্তী শ্লোক মালায় সূত যে ভাবে বিষ্ণু মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন, তাহাতে সপ্তর্ষিগণ এবং নন্দী আদি শিবানুচরের সঙ্গে আদিদেব বিষ্ণুর উল্লেখ অসামঞ্জস্যপূর্ণ বলিয়া মনে হয়। উদ্ধৃত শ্লোক হইতে অনুমান করিতে পারি, সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, অনিরুদ্ধের সঙ্গে কোন সময়ে সাম্বও পূজা প্রাপ্ত হইতেন। মথুরার নিকট মোরা গ্রামে প্রাপ্ত দুই হাজার বৎসরের একটি শিলালেখ হইতে এই অনুমান সমর্থিত হয়। মহাক্ষত্রপ রাজুলের পুত্র যোডাশের রাজাকালে তোষা নাম্নী একজন রমণী প্রস্তর নির্ম্মিত মন্দিরে বৃষ্ণিবংশীয় পঞ্চবীরের পাচটি উজ্জ্বল মূর্ত্তি প্রতিষ্ঠিত করিয়াছিলেন। এই পঞ্চবীর সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, সাম্ব ও অনিরুদ্ধ।

আড়াই হাজার বৎসর পূর্ব্বে রচিত কৌটিল্যের অর্থশাস্ত্রে সঙ্কর্ষণ-সম্প্রদায়ের উল্লেখ আছে। সেকালে গো হরণকারী একশ্রেণীর তস্কর সঙ্কর্ষণ-সম্প্রদায়ের ছদ্মবেশে ঘুরিয়া বেড়াইত। পাণিনির—"বাসুদেবার্জ্জুনাভ্যাং বুঙ" এই সূত্র হইতে জানা যায় তাঁহার সময়ে বাসুদেব ও অর্জ্জুনের উপাসক দুইটি সম্প্রদায় ছিল।

পাঞ্চরাত্র আগমের অন্যতম প্রামাণ্য গ্রন্থ পাদ্মতন্ত্র হইতে সাত্বত ধর্ম্মাবলম্বী আটটি সম্প্রদায়ের নাম জানিতে পারি। যথা—সূরি, সুহৃৎ, ভাগবৎ, সাত্বত, পঞ্চকালবিৎ, একান্তিক, তন্ময়, এবং পাঞ্চরাত্রিক। পাঞ্চরাত্র আগমের অপর এক প্রামাণ্য গ্রন্থ ঈশ্বর সংহিতায় এই ধর্ম্মের অপর এক নাম একায়ন বা একান্তিমার্গ। এই একান্তি পন্থা হইতে হয়তো সম্প্রদায়ের নাম একান্তিক হইয়াছে। "শঙ্কর-বিজয়" গ্রন্থে আচার্য্য শঙ্করের সমসাময়িক বৈষ্ণবগণের ছয়টি সম্প্রদায়ের পরিচয় আছে।

ভক্তাঃ ভাগবতাশ্চৈব বৈষ্ণবাঃ পঞ্চরাত্রিণঃ।
বৈখানসাঃ কর্ম্মহীনাঃ ষড়্বিধা বৈষ্ণবা মতাঃ॥
ক্রিয়াজ্ঞান বিভেদেন ত এব দ্বাদশাভবন্॥ (ষষ্ঠ প্রকরণ)

ভক্ত, ভাগবত, বৈষ্ণব, পাঞ্চরাত্র, বৈখানস ও কর্ম্মহীন, এই ছয়টি সম্প্রদায় বৈষ্ণব-মতাবলম্বী। ক্রিয়া এবং জ্ঞানভেদে ইহারা দ্বাদশ শ্রেণীতে বিভক্ত হইয়াছিলেন। কথিত আছে আচার্য্য শঙ্কর ধর্ম্মপ্রচার-ব্যপদেশে অনন্তশয়ন নামে কোন স্থানে একমাস কাল অবস্থিতি করিয়াছিলেন। সেই সময় পূর্ব্বোক্ত সম্প্রদায়ের অনেককে স্বমতে আনয়ন করেন। তখন বৈষ্ণবসম্প্রদায়ের প্রধান ছিলেন শার্ঙ্গপাণি। পাঞ্চরাত্র-সম্প্রদায়ের একজনের নাম পাইতেছি মাধব। এই সঙ্গে বৈখানস সম্প্রদায়ের প্রধান ব্যাসদাস, এবং কর্ম্মহীন-সম্প্রদায়ের মুখ্যজন নামতীর্থের উল্লেখ পাইতেছি। আচার্য্য শঙ্কর মরুন্ধ নগরে বিশ্বকসেনের বহু উপাসককে স্বমতে আনয়ন করিয়াছিলেন। এই সমস্ত সম্প্রদায়ই সাত্বত ধর্ম্মাবলম্বী।

(১) ভক্ত সম্প্রদায়—উপাস্য বাসুদেব। ইঁহাদের দুই শ্রেণী,—বিষ্ণুশর্ম্মানুসারী ও ব্রহ্মগুপ্তানুসারী।

(২) ভাগবত সম্প্রদায়—পর, ব্যূহ, বিভব, অন্তর্য্যামী ও অর্চ্চা শ্রীভগবানের এই পঞ্চরূপের উপাসক। শ্রীভগবানের নাম কীর্ত্তনাদি এই সম্প্রদায়ের উপাসনা।

(৩) বৈষ্ণব সম্প্রদায়—নারায়ণ বিষ্ণু উপাস্য। ইঁহারা বাহুমূলে শঙ্খচক্রাদি ধারণ করেন।

(৪) পাঞ্চরাত্র সম্প্রদায়—পর, ব্যূহ, বিভব, অন্তর্য্যামী ও অর্চ্চা-মূর্ত্তি ইঁহাদের উপাস্য। নারদ পঞ্চরাত্র ইঁহাদের প্রামাণ্য গ্রন্থ। বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ—এই চতুর্ব্ব্যূহবাদ ইঁহাদের বৈশিষ্ট্য।

(৫) বৈখানস সম্প্রদায়—উপাস্য বিষ্ণু ; ইহারাও তিলক মুদ্রাদি ধারণ করেন। নারায়ণোপনিষদ ইহাদের প্রামাণ্য শ্রুতি।

(৬) কর্ম্মহীন সম্প্রদায়—ইহাদের মতে বিষ্ণু উপাসকের অপর কোনরূপ কর্ম্মানুষ্ঠানের প্রয়োজন নাই।

পরবর্ত্তী কালে শ্রী, ব্রহ্ম, রুদ্র ও সনক সম্প্রদায় প্রসিদ্ধি লাভ করেন। আচার্য্য রামানুজ শ্রী সম্প্রদায়ের প্রবর্ত্তক। মধ্বাচার্য্য প্রবর্ত্তিত সম্প্রদায় ব্রহ্মসম্প্রদায় নামে পরিচিত। রুদ্র সম্প্রদায়ের প্রবর্ত্তক বিষ্ণুস্বামী, এবং চতুঃসন সম্প্রদায়ের প্রবর্ত্তন করেন আচার্য্য নিম্বার্ক। শ্রীসম্প্রদায় লক্ষ্মীনারায়ণের উপাসক, রামানুজ বিশিষ্টাদ্বৈত মতের প্রচার করেন। মধ্বাচার্য্য দ্বৈতবাদী, শ্রীকৃষ্ণের উপাসক, এই সম্প্রদায় অধুনা শ্রীরাধা-কৃষ্ণের উপাসনা করেন। বিষ্ণু স্বামী শুদ্ধাদ্বৈত মতের প্রচারক, উপাস্য শ্রীবালগোপাল। বিষ্ণুস্বামীর শিষ্য জ্ঞানদেব, তৎশিষ্য নামদেব, ইঁহার শিষ্য ত্রিলোচন। ত্রিলোচন শিষ্য বল্লভাচার্য্য। ইনি শ্রীরাধাকৃষ্ণের যুগল উপাসনার প্রবর্ত্তক। বিষ্ণুস্বামি-প্রবর্ত্তিত সম্প্রদায় এখন বল্লভাচারী নামে পরিচিত। আচার্য্য নিম্বার্ক শ্রীরাধাকৃষ্ণের উপাসক। দর্শনমতে দ্বৈতাদ্বৈতবাদী। ইঁহারা শ্রীরাধাকে শ্রীকৃষ্ণের বিবাহিতা পত্নীরূপে উপাসনা করেন। বাঙ্গালার প্রেমের ঠাকুর শ্রীগৌরাঙ্গদেব গৌড়ীয় সম্প্রদায়ে শ্রীরাধাকৃষ্ণের উপাসনা প্রচার করিয়াছিলেন। ইঁহার মতানুবর্ত্তী আচার্য্যগণ দর্শনে অচিন্ত্য-ভেদাভেদবাদ প্রবর্ত্তন করেন। আচার্য্যগণ কেহ কেহ প্রকট লীলায় পরকীয়া এবং অপ্রকটে শ্রীরাধাকে শ্রীকৃষ্ণের স্বকীয়া নায়িকারূপে উপাসনা করিয়া থাকেন। কেহ কেহ প্রকট অপ্রকট উভয় লীলাতেই শ্রীরাধাকে শ্রীকৃষ্ণের পরকীয়ারূপে উপাসনা পদ্ধতি গ্রহণ করিয়াছেন। এই সমস্ত সম্প্রদায়ও সাত্বত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। সকলেই সাত্বতধর্ম্মের অনুষ্ঠাতা।

মহাভারতে মোক্ষধর্ম্ম বর্ণনপ্রসঙ্গে সাত্বতধর্ম্মের উল্লেখ আছে। রাজা

উপরিচর বসু ইন্দ্রের সখা ছিলেন। তিনি সূর্য্যমুখনিঃসৃত সাত্বতবিধি অনুসারে নারায়ণের উপাসনা করিতেন। ব্রহ্মা ভিন্ন ভিন্ন কালে নারায়ণের মুখ, চক্ষু, বাক্য, কর্ণবিবর ও নাসা হইতে, এককালে অণ্ড হইতে এবং পরে নারায়ণের নাভিপদ্ম হইতে আবির্ভূত হইয়া পর পর সপ্তবার নারায়ণের নিকট এই ধর্ম্ম গ্রহণপূর্ব্বক ফেণপা ও বৈখানস প্রভৃতি ঋষিগণকে ও অন্য দেবগণকে প্রদান করেন। কূর্ম্মপুরাণে বর্ণিত আছে যদুবংশীয় অংশুর পুত্রের নাম সত্বত। তাহার পুত্র সাত্বত নারায়ণের নিকট হইতে প্রাপ্ত হইয়া যে ধর্ম্ম প্রচার করেন, সেই ধর্ম্মের নাম সাত্বত ধর্ম্ম।

দেবর্ষি নারদ যেমন ভগবান কৃষ্ণদ্বৈপায়নকে ভাগবতধর্ম্ম উপদেশ করিয়াছিলেন, তেমনই নিজেও পঞ্চরাত্র গ্রন্থ প্রণয়নপূর্ব্বক ধর্ম্ম-আচরণের পথ-প্রদর্শক হইয়াছিলেন। শ্রীমদ্ভাগবতে ভগবান মৈত্রেয় বিদুরকে বলিতেছেন—(৪র্থ স্কন্ধ, ১৩ অধ্যায়, ৩ শ্লোক)—

মন্যে মহাভাগবতং নারদং দেবদর্শনং।
যেন প্রোক্তঃ ক্রিয়াযোগঃ পরিচর্য্যা বিধির্হরেঃ॥

দেবর্ষি নারদ উত্তানপাদপুত্র ধ্রুবকে এই ধর্ম্মেরই উপদেশ দিয়াছিলেন। নারদপঞ্চরাত্র ভিন্ন এই মতের আরো অনেক গ্রন্থ আছে। আচার্য্যগণের মতে পঞ্চরাত্র সপ্তবিধ—

পঞ্চরাত্রং সপ্তবিধং জ্ঞানিনাং জ্ঞানদং পরং।
ব্রাহ্মং শৈবঞ্চ কৌমারং বাশিষ্ঠ্যং কাপিলং তথা।
গৌতমীয়ং নারদীয়মিদং সপ্তবিধং স্মৃতম্॥

এই সপ্তবিধ পঞ্চরাত্রের সংখ্যা একশত আট এবং ইহা ক্রিয়াপাদ, চর্য্যাপাদ, জ্ঞানপাদ ও যোগপাদ এই চারি অংশে বিভক্ত। শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধের টীকার প্রারম্ভে শ্রীধর স্বামী লিখিয়াছেন—"দ্বিধা হি

ভাগবতসম্প্রদায়প্রবৃত্তিঃ। একতঃ সঙ্ক্ষেপতঃ শ্রীনারায়ণাদ্ব্রহ্মা-নারদাদি-দ্বারেণ। অন্যতস্তু বিস্তরতঃ শেষাৎ সনৎকুমারসাংখ্যায়নাদিদ্বারেণ।" এই দুই ধারা হইতেই পূর্ব্বোক্ত শ্রীব্রহ্মাদি চারি সম্প্রদায় এবং তৎপূর্ব্ববর্ত্তী সূরি, সুহৃৎ, ভক্ত ভাগবতাদি সম্প্রদায়ের উদ্ভব হইয়াছিল। মূলতঃ ইহারা সকলেই সাত্বত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

পঞ্চরাত্র শব্দের ব্যাখ্যায় মহাভারত বলিয়াছেন—এই শাস্ত্রে চারি বেদ ও সাংখ্যযোগ একত্র সন্নিবিষ্ট আছে, তাই ইহার নাম পঞ্চরাত্র। কেহ কেহ বলেন—শৈব, শাক্ত, সৌর, গাণপত্য ও পাশুপত এই পঞ্চ মতবাদ যাহার প্রভায় রাত্রির মত নিষ্প্রভ হইয়াছে, তাহাই পাঞ্চরাত্র ধর্ম্ম।

দেবর্ষি নারদ বলিয়াছেন—

রাত্রঞ্চ জ্ঞানবচনং জ্ঞানং পঞ্চবিধং স্মৃতম্।
তেনেদং পঞ্চরাত্রঞ্চ প্রবদন্তি মনীষিণঃ॥

জ্ঞানবচনের নাম রাত্র। জ্ঞান পঞ্চবিধ। পরমতত্ত্ব, মুক্তি, ভক্তি, যোগ ও তামস এই পঞ্চ জ্ঞানমূলক শাস্ত্রের নাম পাঞ্চরাত্র। ঈশ্বর সংহিতায় বর্ণিত আছে শাণ্ডিল্য, ঔপগায়ন, মৌঞ্জায়ন, কৌশিক ও ভারদ্বাজ পঞ্চ ঋষি পঞ্চরাত্রিতে এই ধর্ম্মোপদেশ দান করিয়াছিলেন, তাই এই ধর্ম্মের নাম পাঞ্চরাত্রধর্ম্ম।

নারদ-কথিত একতম জ্ঞানের নাম ভক্তি। ভক্তির অপর নাম শাণ্ডিল্য বিদ্যা। মহর্ষি শাণ্ডিল্য পাঞ্চরাত্র ধর্ম্মের অন্যতম উপদেষ্টা। ইহার প্রণীত "শাণ্ডিল্যসূত্র" ভক্তিধর্ম্মের প্রামাণ্য গ্রন্থ। ছান্দোগ্য উপনিষদের "সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ" ব্রহ্মের সগুণত্ব প্রতিপাদক এই শ্রুতির দ্রষ্টা শাণ্ডিল্য। শ্বেতাশ্বতর উপনিষদে ভক্তির কথা আছে।

যস্য দেবে পরাভক্তি র্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥

পাণিনি এক সূত্র করিয়াছেন—"ভক্তিঃ"।

শ্রীমদ্‌ভগবদ্‌গীতা প্রবর্ত্তিত ধর্ম্মই যে পঞ্চরাত্র আগমে বর্ণিত হইয়াছে অথবা এই সুপ্রাচীন আগমোক্ত ধর্ম্মই নূতনরূপে গীতায় ব্যাখ্যাত হইয়াছে, এ বিষয়ে সন্দেহের কোন কারণ নাই। ভক্তিই এই ধর্ম্মের সর্ব্বস্ব। অকপটভক্তিতে কায়মনোবাক্যে ভগবৎ শরণাগতিই ঐকান্তিকতা। শ্রীগীতার দার্শনিক বিচার সমর্থিতা ভক্তি শ্রীমদ্‌ভাগবতে মূর্ত্ত হইয়াছেন। ব্রজগোপীগণ ভক্তির মাধুর্য্যময়ীমূর্ত্তি, গীতার জঙ্গম-প্রতিমা।

আচার্য্য রামানুজ পাঞ্চরাত্র মতবাদের সর্ব্বপ্রধান প্রবর্ত্তক। এমন কি দেবাদেশ অগ্রাহ্য করিয়াও বহু তীর্থে তিনি পাঞ্চরাত্রবিধান প্রবর্ত্তনের প্রবল চেষ্টা করিয়া গিয়াছেন। তাঁহার পথপ্রদর্শক আচার্য্য যামুন স্বীয় আগম-প্রামাণ্য গ্রন্থে ঈশ্বরসংহিতা হইতে বচন উদ্ধার করিয়াছেন। যামুন প্রায় সহস্র বৎসর পূর্ব্বে দাক্ষিণাত্যে বর্ত্তমান ছিলেন। ইঁহারই কিছু পূর্ব্বে উত্তর ভারতে কাশ্মীরে পাঞ্চরাত্র মতবাদের অপর একজন প্রামাণ্য পণ্ডিত বর্ত্তমান ছিলেন—উৎপল দেব। ইনি জয়াখ্য, নারদ-সংগ্রহ, সাত্বত-সংহিতা প্রভৃতি গ্রন্থের নাম উল্লেখ করিয়াছেন। খ্যাতনামা দার্শনিক ন্যায়মঞ্জরী প্রণেতা জয়ন্ত ভট্ট স্বীয় গ্রন্থের প্রামাণ্য প্রকরণে পঞ্চরাত্রাদি আগমের প্রামাণিকতা স্বীকার করিয়া গিয়াছেন।

স্মরণাতীত কালেই পাঞ্চরাত্র মতবাদের সঙ্গে পৌরাণিক মতের সংমিশ্রণ ঘটিয়াছিল। পাঞ্চরাত্র ধর্ম্ম প্রায়শঃ আচরণপ্রধান এবং পৌরাণিক ধর্ম্ম অনেকটা অনুরাগপ্রধান। উভয়তই একাগ্র নিষ্ঠায় ভগবৎ শরণাগতি অনুস্যূত রহিয়াছে। পঞ্চরাত্রের যেমন বিভিন্ন শ্রেণী, পুরাণেরও তেমনই

ভিন্ন ভিন্ন মত ও পথ। বৈষ্ণব পুরাণের মধ্যে দুইটি ধারা দেখিতে পাই। একদিকে শ্রীমদ্‌ভাগবত, অন্যদিকে ব্রহ্মবৈবর্ত্ত। পদ্মপুরাণে এই দুই ধারার সামঞ্জস্য ঘটিয়াছে। তিনটি পুরাণই পঞ্চরাত্র আগমের অনুমোদিত গ্রন্থ।

বিষ্ণুভক্ত চণ্ডালও যে ব্রাহ্মণেরও বন্দনীয়, এ আদর্শ বোধ হয় দাক্ষিণাত্যেই প্রথম উদ্ভূত এবং সমাদৃত হয়। আচার্য্য রামানুজ শূদ্র কাঞ্চীপূর্ণের নিকট দীক্ষা গ্রহণে উদ্‌গ্রীব হইয়াছিলেন। চণ্ডালবংশ-সম্ভূত শঠারির পাদুকার তিনি নিজ নামে নাম-করণ করিয়াছিলেন। শঠারির দিব্য-প্রবন্ধ বা সহস্রগীতি তাঁহার নিত্যপাঠ্য ছিল। শিষ্যগণকে তিনি বারবার শঠারির পদাঙ্ক অনুসরণের উপদেশ দিতেন। শ্রীমদ্‌ভাগবতোক্ত রাগমার্গের ভজন বোধ হয় দাক্ষিণাত্যের আলোয়ারগণই জীবনে প্রথম অনুসরণ করিয়াছিলেন। অবশ্য ইঁহারা প্রায় লক্ষ্মীনারায়ণের উপাসনা করিতেন। শ্রীরাধাকে পুরোবর্ত্তিনী করিয়া কেহ কেহ শ্রীকৃষ্ণভজনও গ্রহণ করিয়াছিলেন। শুনিয়াছি দাক্ষিণাত্যে প্রচলিত প্রাচীন তামিল কবিতা সংগ্রহ "সঙ্গম" শ্রীরাধাকৃষ্ণ লীলাগানে পূর্ণ।

আলোয়ার শঠারি বা শঠকোপ সম্বন্ধে প্রসিদ্ধি আছে—

রাঘবে ভরতলক্ষ্মণজানকীনাং
যে ঘোষমুগ্ধসুদৃশামপি নন্দসূনৌ।
ভাবা রসৈক বপুষঃ প্রথিতাঃ শঠারি-
স্তানেব বা তদধিকানুত তত্র লেভে ॥

শ্রীরামচন্দ্রের প্রতি ভরত লক্ষ্মণ ও জানকীর যে ভাব, ব্রজের মুগ্ধা সুনয়নাগণের শ্রীনন্দনন্দনে যে ভাব, সেই সমস্ত রসপূর্ণভাব বা তদধিক ভাব শঠারি লাভ করিয়াছিলেন। তদধিক দূরে থাক্, ব্রজবধূগণের ভাবের অনুভব মানবের পক্ষে আমরা অসম্ভব বলিয়াই মনে করি।

পূর্ব্বে বলিয়াছি, শ্রীমদ্ভগবদ্গীতায় এই ধর্ম্মই কথিত হইয়াছে।

এই ধর্ম্মের অপর নাম ভাগবতধর্ম্ম, একান্তধর্ম্ম। মহাভারত শান্তিপর্ব্বে (৩৪৬।১১) বৈশম্পায়ন জনমেজয়কে বলিতেছেন—

এবমেষ মহান ধর্ম্মঃ সে তে পূর্ব্বং নৃপোত্তম।
কথিতো হরিগীতাসু সমাসবিধিকল্পিতঃ॥

হে নৃপোত্তম, পূর্ব্বে এই মহান্ ধর্ম্ম বিধিযুক্ত সূত্রাকারে হরিগীতায় (শ্রীমদ্‌ভগবদ্‌গীতায়) কথিত হইয়াছে। জনমেজয়ের প্রশ্নে বৈশম্পায়ন স্পষ্টরূপেই বলিয়াছেন—

সমুপোঢ়েদনীকেষু কুরুপাণ্ডবয়োর্ম্মৃধে।
অর্জ্জুনে বিমনস্কে চ গীতা ভগবতা স্বয়ম্॥

কুরু-পাণ্ডবের যুদ্ধে কুরুক্ষেত্র রণাঙ্গণে বিমনস্ক অর্জ্জুনকে এই ধর্ম্ম স্বয়ং ভগবান বলিয়াছিলেন।

মহাভারত শান্তিপর্ব্বে নারায়ণীয় পর্ব্বাধ্যায়ে এই একান্ত ভক্তিযুক্ত নারায়ণ পরায়ণ মানব সতত পুরুষোত্তমকে ধ্যান করিয়া সর্ব্বাভীষ্ট প্রাপ্ত হন, এইরূপ বর্ণিত হইয়াছে। বর্ণিত হইয়াছে—নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠাতা একান্ত ভক্তগণের বাসুদেবই একমাত্র আশ্রয়। সাংখ্য, যোগ, ঔপনিষদ জ্ঞান ও পাঞ্চরাত্র মার্গ পরস্পরের অঙ্গস্বরূপ। ইহাই সাত্বতধর্ম্ম বা ভাগবতধর্ম্ম।

পদ্মপুরাণ বলেন—"সত্ত্বস্বরূপ সত্ত্বাশ্রয়, সত্ত্বগুণাত্মক কেশবকে যিনি অনন্যমনে উপাসনা করেন, তিনিই সাত্বত। যিনি কাম্য কর্ম্মাদি পরিত্যাগপূর্ব্বক একান্ত ভক্তিযুক্তচিত্তে শ্রীহরির ভজনা করেন, সেই সত্ত্বগুণোপেত ভক্তকে সাত্বত বলিয়া জানিবে। শ্রীমুকুন্দের পাদসেবায়, নামশ্রবণে, কীর্ত্তনে, স্মরণে, অর্চ্চনে, বন্দনে, দাস্যে, সখ্যে, আত্মসমর্পণে যাঁহার দৃঢ় অনুরাগ তিনিই সাত্বত।

শ্রীমদ্‌ভাগবত এই সাত্বত ধর্ম্মের সর্ব্বশ্রেষ্ঠ গ্রন্থ। এই গ্রন্থের অপর নাম সাত্বতীশ্রুতি। মহর্ষি শৌনক সূতকে জিজ্ঞাসা করিতেছেন—

"কথং বা পাণ্ডবেয়স্য রাজর্ষে মুনিনা সহ।
সংবাদসমভূৎ তাত যত্রৈষা সাত্বতী শ্রুতি॥"

"বৎস, কিরূপে রাজর্ষি পরীক্ষিতের সঙ্গে মহামুনি শুকদেবের সংবাদ সংঘটিত হইয়াছিল, যাহার ফলে শ্রীমদ্ভাগবতরূপ এই সাত্বতী শ্রুতি আবির্ভূতা হইয়াছেন।"

দাক্ষিণাত্যের আলবারগণের কথা উল্লেখ করিয়াছি। আলবারগণের অন্যতম কুলশেখর শকাব্দের একাদশ শতকে বর্ত্তমান ছিলেন। ইঁহার মুকুন্দমালা স্তোত্রে শ্রীমদ্ভাগবতের (১১।১।৩৬) একটি শ্লোক নিবদ্ধ রহিয়াছে।

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈশ্চ
বুদ্ধ্যাত্মনা বানুস্মৃতং স্বভাবাৎ।
করোতি যদ্ যদ্ সকলং পরস্মৈ
নারায়ণায়েতি সমর্পয়েত্ততঃ॥

দেবগিরিরাজ হেমাদ্রি চতুর্ব্বর্গ চিন্তামণি গ্রন্থের দানখণ্ডে পুরাণদান প্রসঙ্গে মৎস্যপুরাণ হইতে শ্রীমদ্ভাগবতের প্রশংসাবচন উদ্ধার করিয়াছেন। হেমাদ্রি শকাব্দের দ্বাদশ শতকের মধ্যভাগে বর্ত্তমান ছিলেন। আধুনিক পণ্ডিতগণ মৎস্যপুরাণের প্রাচীনত্ব স্বীকার করেন। সুতরাং শ্রীমদ্ভাগবত যে মৎস্যপুরাণ হইতেও পুরাতন, সে বিষয়ে সংশয়ের অবকাশ নাই।

স্মরণাতীত কাল হইতেই উত্তর ভারতে বৈষ্ণবধর্ম্ম প্রচলিত ছিল। "গোপীশতকেলিকার কৃষ্ণই যে মহাভারতের সূত্রধার" প্রায় সহস্র বৎসর পূর্ব্বেই বঙ্গের বর্ম্মরাজগণ সে কথা তাম্রলেখে উৎকীর্ণ করিয়াছিলেন। আলবারগণের অল্পদিন পরেই প্রায় সম-সময়েই দক্ষিণ ভারতে বিল্বমঙ্গল এবং পূর্ব্ব-ভারতে জয়দেব শ্রীমদ্ভাগবতের গোপী-গীতায় অভিনব সুর-সংযোগ করেন। সেই সুর মূর্চ্ছনায় আকৃষ্ট হইয়া ভারতের আত্মা

বাঙ্গালায় মূর্ত্তি পরিগ্রহ করিলেন প্রেমবিগ্রহ শ্রীচৈতন্যদেব। উত্তর ও দক্ষিণ ভারতের সংযোগ সেতু শ্রীকৃষ্ণচৈতন্য। পাঞ্চরাত্রাদি আগম এবং শ্রীমদ্ ভাগবতাদি পুরাণের সমন্বয়-মূর্ত্তি বাঙ্গালার শ্রীগৌরাঙ্গ। তাঁহারই করুণালোকে শ্রীমদ্ ভগবদ্ গীতার—

গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃদ্।
প্রভবঃ প্রলয়স্থানং নিধানং বীজমব্যয়ম্॥

পুরুষোত্তমকে লোকে শ্রীবৃন্দারণ্যের কালিন্দী-তীরবর্ত্তী কেলিকুঞ্জে গোপ-বধূটি বিট্‌রূপে প্রত্যক্ষ করিয়াছে। কবি জয়দেব তাঁহার নেপথ্য বিধায়ক।

বীরভূমি

"বীরাভূঃ কামকোটী স্যাৎ প্রাচ্যাং গঙ্গাজয়ান্বিতা।
আরণ্যকং প্রতীচ্যন্তু দেশো দার্ষদ উত্তরে।
বিন্ধ্যপাদোদ্ভবা নদ্যঃ দক্ষিণে বহ্ব্যঃ সংস্থিতাঃ" ॥

(মহেশ্বরের কুলপঞ্জিকা)

বীরভূমির পূর্ব্ব নাম ছিল "কামকোটী"। সেকালে—পূর্ব্বে অজয়-সম্মিলিতা গঙ্গা, পশ্চিমে আরণ্যভূমি (ঝাড়খণ্ডের ঘন অরণ্য), উত্তরে পাথরের দেশ (রাজমহলের পর্ব্বতশ্রেণী) এবং দক্ষিণে বিন্ধ্যপাদোদ্ভবা বহু নদ-নদী (দামোদর প্রভৃতি) এই ভূমিখণ্ডের চতুঃসীমারূপে নির্দ্দিষ্ট হইত। মহেশ্বরের কুলপঞ্জিকায় পাই—"কামকোটী বীরভূম জানিবে নির্য্যাস"। কিন্তু বর্ত্তমানে এই কামকোটী নামে স্থান বীরভূমে অথবা

তাহার আশেপাশে কোথাও খুঁজিয়া পাওয়া যায় না। সুতরাং কোন সময় বীরভূমি কামকোটী নামে পরিচিত ছিল, তাহা অনুমান করা কঠিন। প্রায় একশত বৎসর পূর্ব্বে বীরভূমের সীমানা উদ্ধৃত শ্লোকা-স্বরূপ ছিল। স্বাধীন ভারতে বীরভূমি বর্দ্ধমান বিভাগের একটি ক্ষুদ্র জেলা, লোকসংখ্যা প্রায় দশ লক্ষ।

অতি পূর্ব্বকালে এই স্থান সুহ্ম দেশের অন্তর্গত ছিল। দণ্ডীর 'দশকুমার-চরিতে', কালিদাসের 'রঘুবংশে', বাণভট্টের 'হর্ষ-চরিতে' এবং ধোয়ী কবির 'পবনদূত' প্রভৃতি গ্রন্থে সুহ্মের উল্লেখ পাওয়া যায়। শকাব্দের পঞ্চম শতাব্দীতে ইহা কর্ণ-সুবর্ণের অধিকারভুক্ত হয়। অতঃপর ইহা পালরাজগণের সামন্ত-শাসন-রূপে পরিচিত হইত। কিছু দিন 'শূর-বংশীয়গণ' ইহার অধীশ্বর ছিলেন। পরে সেনবংশীয়গণ এই দেশ অধিকার করেন।

মহাভারতের টীকাকার নীলকণ্ঠ বলেন "সুহ্মা রাঢ়াঃ"। 'রাঢ়' নাম কত দিনের পুরাতন জানা যায় না। মধ্যভারতের খাজরাহো লিপি বলিয়া পরিচিত 'ধঙ্গে'র লিপিতে রাঢ়ের উল্লেখ আছে। ঐতিহাসিক মতে ধঙ্গ ১০০২ খৃষ্টাব্দে রাঢ় আক্রমণ করিয়াছিলেন। বল্লালসেনের সীতাহাটী তাম্রশাসনে রাঢ়ের নাম পাওয়া যায়। এই লিপিতে সেনবংশের পূর্ব্বপুরুষ বীরসেনের নাম আছে এবং বিজয় সেনের পূর্ব্ববর্ত্তী বহু রাজকুমার যে সদাচার-চর্য্যার খ্যাতিগৌরবে প্রৌঢ় রাঢ়দেশকে গর্ব্বান্বিত করিয়াছিলেন, তাহারও উল্লেখ আছে। অনুমিত হয়, সেনরাজকুমারগণই তাঁহাদের পূর্ব্বপুরুষ বীরসেনের নামানুসারে এই স্থানের 'বীরভূমি' নামকরণ করেন। 'আইন-ই-আকবরী'র মতে বীরভূমের 'লক্ষুর' (অধুনা 'নগর' নামে পরিচিত) বল্লালসেনের প্রতিষ্ঠিত। লক্ষুরের হিন্দু শাসনকর্ত্তাদিগের সেকালে 'বীর' উপাধি ছিল। ইতিহাসে উড়িষ্যার রাজগণের রাঢ় আক্রমণের পরিচয় পাওয়া যায়। একবার লক্ষুরও তাঁহাদের দ্বারা

আক্রান্ত হইয়াছিল। নবদ্বীপ বিজয়ের কিছুদিন পরে বীরভূমি মুসলমান-গণের অধিকারভুক্ত হয়। জয়দেব রাঢ়ের কবি, বীরভূমের কবি।

বাঙ্গালার সাহিত্য, সমাজ, ধর্ম্ম ও রাজনীতির ইতিহাসে রাঢ়দেশ অনেকখানি স্থান অধিকার করিয়া আছে। রাঢ়ের সাহিত্য ও ধর্ম্ম প্রায় অঙ্গাঙ্গিভাবে জড়িত। আমাদের মনে হয়, বৈষ্ণবগণই এদেশের নিজস্ব ধর্ম্ম, এবং সে ধর্ম্ম এদেশে বাহির হইতে আসে নাই। হয়তো বা এমন কোনো অজ্ঞাত উৎস হইতে উত্থিত হইয়াছিল, যাহার সন্ধান আজিও পাওয়া যায় নাই। এমনও হইতে পারে যে, একই উৎস হইতে বৈষ্ণব-ধর্ম্মের বিভিন্ন ধারা ভারতের নানা দেশে প্রবাহিত হইয়াছিল। আমরা বৈষ্ণবধর্ম্ম ব্যাপক অর্থেই গ্রহণ করিয়াছি।

গুপ্তসম্রাট্‌গণের সময় হইতেই রাঢ়ে বৈষ্ণব-ধর্ম্মের নিদর্শন পাওয়া যায়, কিন্তু গুপ্তগণ যে এদেশে সে ধর্ম্ম বহন করিয়া আনেন নাই, বাঁকুড়া জেলার "শুশুনিয়া" লিপিই তাহার প্রবলতম প্রমাণ। এই ধর্ম্ম নানা সমন্বয়ের মধ্য দিয়া জয়দেবের গীতগোবিন্দের আশ্রয়ে এক অভিনব ধারায় বিকশিত হইয়া উঠিয়াছিল। সাহিত্যের সহায়তা না পাইলে এই ধর্ম্ম উত্তরকালে এদেশে একটি শক্তিশালী সম্প্রদায়-গঠনে সমর্থ হইত কি না সন্দেহ। জয়দেবের প্রভাব সম্বন্ধে এই কথা বলিলেই যথেষ্ট হইবে যে, ভিন্ন ভিন্ন দেশবাসী কর্ত্তৃক বিভিন্ন ভাষায় গীতগোবিন্দের শতাধিক টীকা প্রণীত হইয়াছিল এবং এই কাব্যের অনুকরণে প্রায় আট-দশখানি কাব্য রচিত হইয়াছিল। এদেশে সেকালে জৈন, বৌদ্ধ, সহজিয়া, নাথপন্থী, শৈব, শাক্ত প্রভৃতি নানা সম্প্রদায়ের ধর্ম্ম প্রচলিত ছিল, আজিও তাহার নিদর্শন পাওয়া যায়। কিন্তু আমাদের যেন মনে হয়, নানা ধর্ম্মের পীঠ-ভূমি পরিক্রমণ করিয়া বর্ম্ম ও সেনরাজগণের সময় হইতেই বৈষ্ণবধর্ম্ম বাঙ্গালায় এক উদারতর পথে অগ্রসর হইতেছিল। জয়দেবের মধুর কোমলকান্ত সঙ্গীতের তরঙ্গ বাহিয়া চণ্ডীদাসের মধ্য দিয়া সেই

ধর্ম্মপ্রবাহ মহাপ্রভুর জীবনবন্যায় আসিয়া সম্মিলিত হইয়াছে এবং সেই বন্যা পূর্ব্বোক্ত ভিন্ন ভিন্ন ধর্ম্মের পীঠক্ষেত্রগুলিকেও পরিপ্লাবিত করিয়াছে।

রাঢ়ের ধর্ম্ম ও সাহিত্য যে অঙ্গাঙ্গিভাবে জড়িত, চণ্ডীমঙ্গল, মনসামঙ্গল, শিবায়ন, ধর্ম্মমঙ্গল প্রভৃতি হইতেও তাহা প্রমাণিত হয়। কিন্তু সে সমস্ত কথা আমাদের এই আলোচনার বিষয়ীভূত নহে।

ভূমিকায় আমরা কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ সম্বন্ধে আলোচনার চেষ্টা করিয়াছি; কতদূর কৃতকার্য্য হইয়াছি জানি না। তবে এই আলোচনা দিক্-দর্শন হিসাবেও যদি সাধারণের গ্রহণীয় হয়, তাহা হইলেই কৃতার্থ হইব, শ্রম সার্থক মনে করিব।

৩

কবি-সাময়িকী

বাঙ্গালার অদ্বিতীয় বৈষ্ণবকবি জয়দেব যখন জন্মগ্রহণ করেন, এ দেশের সে এক সঙ্কটময় সময়। অনুমান শকাব্দ একাদশ শতকের শেষ এবং দ্বাদশ শতকের প্রথম ভাগ—সমাজ ব্যভিচারে পূর্ণ, প্রকৃতিপুঞ্জ মোহগ্রস্ত, রাজশক্তি অবসন্ন, রাজ্যেশ্বর প্রতিকারে অসমর্থ। যে বাঙ্গালী প্রজা একদিন নিজেদের নির্ব্বাচিত প্রতিনিধিকে সিংহাসনে বসাইয়া দেশে "মাৎস্য ন্যায়" প্রশমিত করিয়াছিল, আজ তাহারা পাশব-ব্যসনে উন্মত্ত, বৈদেশিক আক্রমণের আসন্ন সম্ভাবনায়ও অনুদ্বিগ্ন। যে-রাজ্যের পরাক্রান্ত নৌবাহিনী ক্ষেপণী-উৎক্ষিপ্ত জলধারায় একদিন চন্দ্রমণ্ডলের কলঙ্ক প্রক্ষালনের স্পর্দ্ধা রাখিত, আজ প্রমোদ-তরণীতে প্রমদাগণের

নয়ন-কজ্জলে তাহাদেরই গণ্ড কালিমামণ্ডিত—তাহারা সেই সোহাগেই অচৈতন্য। ভারতের বাহিরে কোথায় কি ঘটিতেছে, ভারতের ভিতর কোথায় কি পরিবর্ত্তন সাধিত হইতেছে, সে সব সংবাদ লওয়া তো দূরের কথা,—নিজেদের ভবিষ্যৎ-ভাবনাও কাহারো মনে স্থান পায় না। দুর্দ্দিন ঘনাইয়া আসিতেছে, সর্ব্বনাশ সমীপবর্ত্তী, কিন্তু রাজ্যে নিত্য উৎসব লাগিয়াই আছে। কবিরা কাব্য রচনা করিতেছেন, সুরচিত বিস্তৃত প্রশস্তি-গাথায় নৃপতির যশের কাহিনী কীর্ত্তিত হইতেছে, সমগ্র দেশ এক কল্পিত শান্তির মৃতকল্প জড়তায় তন্দ্রাচ্ছন্ন। বাঙ্গালীর সৌভাগ্যসূর্য্য তখন ধীরে অস্তাচল-মূলে ঢলিয়া পড়িতেছিল, আর তাহার শেষ রশ্মিটুকু গ্রাস করিবার জন্য এক রণদুর্ম্মদ জাতির বিজয়-বৈজয়ন্তী আপন গৌরবোজ্জ্বল অর্দ্ধচন্দ্র-প্রভায় অলক্ষ্যে বাঙ্গালার সান্ধ্য-গগনে অভ্যুত্থিত হইতেছিল। এমনি দিনেই জয়দেব গোস্বামীর আবির্ভাব, এমনি এক দিনেই সংস্কৃত গীতি-কাব্যের এই অপ্রতিদ্বন্দ্বী কবি বীরভূমের অজয়তীরবর্ত্তী কেন্দুবিল্ব গ্রামে জন্মগ্রহণ করেন।

কবিরাজ গোস্বামী জয়দেব,—বঙ্গেশ্বর লক্ষ্মণসেনের সভাসদ—সম্রাটের পঞ্চরত্নের অন্যতম রত্ন ছিলেন। অনেকে বলেন, শ্রীপাদ সনাতন গোস্বামী নবদ্বীপের নৃপ-সভাদ্বারে নিম্নোক্ত শ্লোকটি ক্ষোদিত দেখিয়াছিলেন—

"গোবর্দ্ধনশ্চ শরণো জয়দেব উমাপতিঃ।
কবিরাজশ্চ রত্নানি পঞ্চৈতে লক্ষ্মণস্য চ॥"

এই শ্লোকে কবি ধোয়ী কবিরাজ আখ্যায় অভিহিত হইয়াছেন। সম্রাট্-সভার পাঁচটি রত্ন—উমাপতিধর, গোবর্দ্ধন, শরণ, ধোয়ী এবং জয়দেব।

প্রত্যুম্নেশ্বর মন্দির-প্রশস্তিতে উমাপতিধরের নাম পাওয়া যায়,—ইনি লক্ষ্মণসেনের সান্ধিবিগ্রহিক ছিলেন। শ্রীমদ্ভাগবতের বৈষ্ণব-তোষণী টীকায় উল্লিখিত আছে,—'শ্রীজয়দেবসহচরেণ মহারাজ-লক্ষ্মণসেনমন্ত্রিবরেণ

উমাপতিধরেণ' ইত্যাদি। শ্রীগীতগোবিন্দের টীকাকার ধৃতিদাসও লিখিয়াছেন—"উমাপতিধরো নামা সান্ধিবিগ্রহিকো"।

গোবর্দ্ধনাচার্য্য তাঁহার আর্য্যাসপ্তশতীর একটি শ্লোকে লিখিয়াছেন—

"সকলকলাঃকল্পয়িতুং প্রভোঃ প্রবন্ধস্য কুমুদবন্ধোশ্চ। সেনকুলতিলক-ভূপতিরেকো রাকাপ্রদোষশ্চ"। প্রবন্ধের (নৃত্যগীতাদি চতুঃষষ্ঠি কলা) এবং কুমুদবন্ধুর (ষোল কলা) সকল কলার সম্পূর্ণতা সাধনে সেনকুলতিলক ভূপতি ও পূর্ণিমার সন্ধ্যাই সমর্থ। অর্থাৎ পূর্ণিমা-প্রদোষে যেমন কুমুদবন্ধু পূর্ণতা সংপ্রাপ্ত হন, সেনরাজের সময় তেমনি পূর্ণাঙ্গ প্রবন্ধসকল সংরচিত হইয়াছিল। পণ্ডিতগণের মতে এই সেনকুলতিলক ভূপতি লক্ষ্মণসেন। দশটীকাবিদ্ আর্ত্তিহর-পুত্র বন্দ্যঘটীয় সর্ব্বানন্দের 'টীকা-সর্ব্বস্বে' গোবর্দ্ধনের এবং গোবর্দ্ধন-প্রণীত উনাদি-বৃত্তির উল্লেখ আছে। ১০৮১ শকাব্দায় এই গ্রন্থ রচিত হয়। বল্লালসেন তখন সম্রাট এবং লক্ষ্মণসেন যুবরাজ। এই গোবর্দ্ধনকেই জয়দেব-কথিত গোবর্দ্ধনাচার্য্য এবং আর্য্যাসপ্তশতীর রচয়িতা বলিয়া মনে হয়।

ধোয়ী কবি স্বরচিত পবনদূত কাব্যে যুবরাজ লক্ষ্মণসেনকেই নায়ক কল্পনা করিয়াছেন। যথা :—

তস্মিন্নেকা কুবলয়বতী নাম গন্ধর্ব্বকন্যা
মন্যে জৈত্রং মৃদুকুসুমতোঽপ্যায়ুধং যা স্মরস্য।
দৃষ্ট্বা দেবং ভুবনবিজয়ে লক্ষ্মণং ক্ষৌণিপালং
বালা সদ্যঃ কুসুমধনুষঃ সংবিধেয়ী বভূব॥ ২॥

(পবনদূত)

জহ্লন-দেবের সুভাষিতাবলীর মধ্যে ধোয়ীর নাম আছে। জহ্লন শকাব্দের দ্বাদশ-শতকে বর্ত্তমান ছিলেন।

লক্ষ্মণসেনের মহাসামন্ত বটুদাসের পুত্র শ্রীধরদাসের সদুক্তিকর্ণামৃত গ্রন্থে 'শরণের' এই শ্লোকটি পাওয়া যায়—

দেবঃ কুপ্যতু বা বিচিন্ত্য বিনয়ং প্রীতোঽস্তু বা মাদৃশৈ-
র্বাঙ্ক্তিঃ প্রভুকীর্ত্তিমপ্রতিহতাং বক্তব্যমেবোচিতম্‌।
সেবাভির্যদি সেনবংশতিলকাদাশাসনীয়াঃ শ্রিয়ঃ
সংকল্পানুবিধায়িনাং সুরতরস্তৎ কেন হার্য্যো মদঃ ॥

'শরণ'—(৩—৫৪—৫)।

সদুক্তিকর্ণামৃত লক্ষ্মণসেনের সময়েই রচিত হইয়াছিল। সুতরাং বলিতে হয়, কবি শরণ সম্রাটের সমসাময়িক এবং শ্লোকের সেনবংশ-তিলক লক্ষ্মণসেনকেই বুঝাইতেছে। ১১২৭ শকাব্দায় সদুক্তিকর্ণামৃত সঙ্কলিত হয়। উপরে উদ্ধৃত সমস্ত প্রমাণের সঙ্গে গীতগোবিন্দের—

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভশুদ্ধিং গিরাং
জানীতে জয়দেব এব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়রচনৈরাচার্য্য গোবর্দ্ধন-
স্পর্দ্ধী কোঽপি ন বিশ্রুতঃ শ্রুতিধরো ধোয়ী কবিক্ষ্মাপতিঃ ॥

এই শ্লোকটি মিলাইয়া লইলে সনাতন গোস্বামীর সাক্ষ্যবাক্যে অবিশ্বাসের কোনো হেতু পাওয়া যায় না।

কেন্দুবিল্বের অনতিদূরে অজয়ের দক্ষিণ তীরে শ্যামারূপার গড় বা সেনপাহাড়ী নামে একটি প্রাচীন দুর্গের ধ্বংসাবশেষ আছে। জনশ্রুতি শুনিয়াছি—তান্ত্রিকসাধনার জন্য বল্লালসেন নাকি এক নীচজাতীয়া পদ্মিনী রমণীকে শক্তিরূপে গ্রহণ করিয়াছিলেন। এই লইয়া পিতাপুত্রে মনোমালিন্য ঘটে এবং লক্ষ্মণসেন কিছু দিনের জন্য সেনপাহাড়ীতে আসিয়া বাস করেন। কুল-পঞ্জিকায় দেখিতে পাই, এই মনোবিবাদ-উপলক্ষে পিতা-পুত্রে কয়েকখানি পত্র-বিনিময় হইয়াছিল। সংস্কৃতের আড়াল থাকিলেও পিতা-পুত্রের মধ্যে যে এ হেন পত্রের আদান-প্রদান চলিতে পারে, আজিকার দিনে এরূপ বিশ্বাস করিতে কাহারো প্রবৃত্তি হইবে কি না

সন্দেহ। কুলগ্রন্থের এই সমস্ত কাহিনীর সত্যতাও বিতর্কের বিষয়। তবে যে কোনো কারণেই হউক, যুবরাজের পক্ষে আপন সামন্ত রাজ্যে শুভাগমন এবং সেই সূত্রে নিকটবর্ত্তী কেন্দুবিল্ববাসী কবির সঙ্গে পরিচয় এমন একটা অসম্ভব ব্যাপার বলিয়া মনে হয় না। রাঢ়ে সেনরাজত্বের বহু নিদর্শন বিদ্যমান আছে। ধোয়ী কবির পবনদূতে যুবরাজের প্রবাস বাসের আবাস-ভূমির নাম বিজয়পুর-জয়স্কন্ধাবার। বর্ণনা পড়িয়া মনে হয়, ত্রিবেণীর অনতিদূরস্থিত কোনো স্থানের নামই পূর্ব্বে বিজয়পুর ছিল। বিজয়পুর নবদ্বীপের নিকটবর্ত্তী কোনো স্থান বা নবদ্বীপের নামান্তরও হইতে পারে। এইরূপ কোনো প্রবাস-বাসে অথবা নবদ্বীপে যুবরাজের সঙ্গে কোথায় কবির প্রথম পরিচয় সংস্থাপিত হইয়াছিল, তাহার নিশ্চিত প্রমাণ পাওয়া যায় না।

প্রবাদকথিত যুবরাজের সেনপাহাড়ীতে আগমনের উল্লেখ পূর্ব্বেই করিয়াছি। সাধারণের কৌতূহল-নিবারণের জন্য নিম্নে বল্লাল ও লক্ষ্মণসেনের পরস্পরকে লিখিত শ্লোক কয়েকটি উদ্ধৃত করিতেছি। লক্ষ্মণসেন লিখিতেছেন—

"শৈত্যং নাম গুণস্তবৈব সহজঃ স্বাভাবিকী স্বচ্ছতা
কিং ব্রূমঃ শুচিতাং ভবন্তি শুচয়ঃ স্পর্শেন যস্যাপরে।
কিঞ্চাতঃ কথয়ামি তে স্তুতিপদং যজ্জীবিনাং জীবনং
ত্বঞ্চেন্নীচপথেন গচ্ছসি পয়ঃ কস্ত্বাং নিষেদ্ধুং ক্ষমঃ॥"

বল্লালের প্রত্যুত্তর—

"তাপো নাপগতস্তৃষা ন চ কৃশা ধৌতা ন ধূলিস্তনো-
ন স্বচ্ছন্দমকারি কন্দকবলং কা নাম কেলী কথা।
দূরোৎক্ষিপ্তকরেণ হস্ত করিণা স্পৃষ্টা ন বা পদ্মিনী
প্রারব্ধো মধুপৈরকারণমহো ঝঙ্কারকোলাহলঃ॥"

লক্ষ্মণসেন পুনরায় লিখিলেন—

"পরীবাদস্তথ্যো ভবতি বিতথো বাপি মহতাং
তথাপ্যেষ প্রায়ো হরতি মহিমানং জনরবঃ।
তুলোত্তীর্ণস্যাপি প্রকটনিহতাশেষতমসো
রবেস্তাদৃক্ তেজো নহি ভবতি কন্যাং গতবতঃ ॥"

বল্লাল পুনরুত্তর দিলেন—

"সুধাংশোর্জাতেয়ং কথমপি কলঙ্কস্য কণিকা
বিধাতুর্দোষোঽয়ং ন চ গুণনিধেস্তস্য কিমপি।
চন্দ্রো নাত্রেঃ পুত্রো ন কিমু হরচূড়ার্চ্চনমণি-
র্ন বা হন্তি ধ্বান্তং জগদুপরি কিংবা ন বসতি ॥"

ঐতিহাসিকগণের মতে সম্রাট লক্ষ্মণসেন ১০৯১ শকাব্দে সিংহাসনে আরোহণ করেন, সুতরাং বলিতে পারা যায়, কবি জয়দেব শকাব্দের একাদশ শতকের শেষভাগে বর্ত্তমান ছিলেন।

কাহারো কাহারো মতে "পৃথ্বীরাজ-রাসো"র মধ্যে জয়দেবের নাম পাওয়া যায়। যথা—

"জয়দেব অঠ্ঠং কবী কব্বি রায়ং
জিনৈ কেবলং কিত্তি গোবিন্দ গায়ং"

পৃথ্বীরাজ ১১১৫ শকাব্দায় সাহাবুদ্দীন ঘোরীর সঙ্গে যুদ্ধে নিহত হন। সুতরাং জয়দেবকে পৃথ্বীরাজ-সভাসদ রাসো-প্রণেতা চাঁদকবির সম-সাময়িক বলিতে হয়। কিন্তু অনেকে বলেন ঐ শ্লোক প্রক্ষিপ্ত।

১১২৭ শকাব্দে সঙ্কলিত সদুক্তিকর্ণামৃতে শ্রীগীতগোবিন্দের—

(১) ১।৫৯।৪। কৃষ্ণভুজঃ ॥

জয়শ্রীবিন্যস্তৈর্মহিত ইব মন্দারকুসুমৈঃ [=গীতগোবিন্দ ১১।৩৪]

(২) ২।৩৭।৪। বাসকসজ্জা ॥

অঙ্গেষ্বাভরণং করোতি বহুশঃ [=গীতগোবিন্দ ৬।১১]॥

(৩) ২।১৩২।৪। রতারম্ভঃ ॥

উন্মীলৎপুলকাঙ্কুরেণ নিবিড়াশ্লেষে নিমেষেণ চ

[=গীতগোবিন্দ ১২।১০] ॥

(৪) ২।১৩৪।৪। বিপরীতরতম্ ॥

মারাঙ্কে রতিকেলি [=গীতগোবিন্দ ১২।১২] ॥

(৫] ২।১৩৭।৫। উষসি প্রিয়দর্শনম্ ॥

অস্যাঃ (তস্যাঃ) পাটলপাণিজাঙ্কিতমুরো [=গীতগোবিন্দ ১২।১৪]

—এই পাঁচটি শ্লোক উদ্ধৃত রহিয়াছে। এতদ্ভিন্ন সদুক্তিকর্ণামৃতে কবি জয়দেব-রচিত নানাবিষয়িনী আরো ছাব্বিশটি শ্লোক পাওয়া গিয়াছে, তন্মধ্যে দুইটি শ্লোক উদ্ধৃত হইল—

[১] ৩।১১।৫। প্রিয় ব্যাখ্যানম্ ॥

লক্ষ্মীকেলিভুজঙ্গ জঙ্গমহরে সংকল্পকল্পদ্রুম
শ্রেয়ঃসাধকসঙ্গ সঙ্গরকলাগাঙ্গেয় বঙ্গপ্রিয়।
গৌড়েন্দ্র প্রতিরাজরাজক সভালংকার কারার্পিত-
প্রত্যর্থিক্ষিতিপাল পালক সতাং দৃষ্টোঽসি তুষ্টা বয়ম্ ॥"

[২] ৩।১৫।৫। দেশাশ্রয়ঃ ॥

ত্বং চোলোল্লোললীলাং কলয়সি কুরুষে কর্ষণং কুন্তলানাং
ত্বং কাঞ্চীমঞ্চনায় প্রভবসি রভসাদঙ্গসঙ্গং করোষি।
ইত্থং রাজেন্দ্র বন্দিস্তুতিভিরুপহিতোৎ-কম্পমেবাস্য দীর্ঘং
নারীণামপ্যরীণাং হৃদয়মুদয়তে ত্বৎপদারাধনায় ॥

দুইটি শ্লোকই মহারাজ লক্ষ্মণসেনের প্রশস্তি।

শ্রীগীতগোবিন্দে লক্ষ্মণসেনের নাম পাওয়া যায় না বলিয়া অনেকে অনুযোগ করেন। কিন্তু বূ্যলার [Buehler] সাহেব নাকি কাশ্মীরের এক গীতগোবিন্দের পুঁথিতে লক্ষ্মণসেনের নাম দেখিয়াছিলেন। বূ্যলার সাহেবের পুঁথিকেও যদি প্রক্ষিপ্ততাবাদে কেহ অবিশ্বাস করেন, উপরের শ্লোক দুইটির প্রতি কৃপাদৃষ্টিপাত করিলেই তাঁহার সন্দেহভঞ্জন হইবে। জয়দেবের সময়ে কে গৌড়েন্দ্র ছিলেন, জয়দেব কাহাকে লক্ষ্য করিয়া এই বিশেষণগুলি প্রয়োগ করিয়াছেন, সব দিকে সামঞ্জস্য রাখিয়া এই প্রশ্নের উত্তর দিতে হইলে বলিতে হয়, উক্ত গৌড়েন্দ্র লক্ষ্মণসেন ভিন্ন অপর কেহ হইতে পারেন না। সেক-শুভোদয়ার মধ্যেও লক্ষ্মণসেনের সমসাময়িকরূপে জয়দেব ও তাঁহার স্ত্রী পদ্মাবতীর উল্লেখ পাওয়া যায়।

জয়দেবের আবির্ভাবের পূর্ব্বেই বৌদ্ধ সহজযানের সাধনতত্ত্ব রাঢ়দেশে বিশেষ জনপ্রিয় হইয়াছিল। এই সহজিয়া সম্প্রদায়ের একটি শাখা শ্রীপাদ নিত্যানন্দের প্রভাবে গৌড়ীয় বৈষ্ণব ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন। কিন্তু তাঁহারা আপনাদের সাধন-পদ্ধতি সম্পূর্ণ পরিত্যাগ করেন নাই। ইঁহারাই বৈষ্ণব সহজিয়া নামে পরিচিত।

কেন জানি না এই সম্প্রদায় কবি জয়দেবকে আপনাদের আদি-গুরু এবং নবরসিকের একজন রসিক বলিয়া সম্মান করিয়া থাকেন। সহজযানের উৎপত্তি সম্বন্ধে মহামহোপাধ্যায় ডক্টর হরপ্রসাদ শাস্ত্রী মহোদয় বলিয়াছিলেন—"বুদ্ধদেবের তিরোধানের অত্যল্প দিন মধ্যেই তাঁহার শিষ্য-প্রশিষ্যগণ দুই ভাগে বিভক্ত হইয়া পড়েন; তাহারই এক-ভাগ নানা শাখা-প্রশাখায় রূপান্তরিত হইয়া কালে সহজযান সম্প্রদায়ে পরিণতি লাভ করে। প্রায় দুই হাজার বৎসর পূর্ব্বে বৌদ্ধদের মধ্যে যে দুইটি দলের সৃষ্টি হইয়াছিল, তাহার একটির নাম মহাস্থবির এবং অপরটির নাম মহাসাঙ্ঘিক। থের-বাদিগণ বলেন বুদ্ধ আগে, তাহার পরে ধর্ম্ম এবং সঙ্ঘ। সাঙ্ঘিক দল বলেন,—না, ধর্ম্ম আগে, বুদ্ধ এবং

সঙ্ঘের স্থান তাহার পরে। লক্ষ্য করিবার বিষয়, বৌদ্ধগণ ধর্ম্মকে নারীরূপে কল্পনা করিয়া থাকেন। শকাব্দের প্রথম শতাব্দীতে নাগার্জ্জুনের নেতৃত্বে মহাসাঙ্ঘিক দলের একাংশ লইয়া মহাযান সম্প্রদায় গঠিত হয়। ইঁহারা প্রজ্ঞা (ধর্ম্ম), উপায় (বুদ্ধ) এবং বোধিসত্ত্বের (সঙ্ঘ) উপাসক। শকাব্দের পাঁচ কি ছয় শতাব্দীতে এই ত্রিদেবতারা, নিত্যবুদ্ধ ও বোধিসত্ত্বরূপে কল্পিত হন। ইহার পর বজ্রযান নামে অন্য এক সম্প্রদায়ের সৃষ্টি হয়। শকাব্দের সপ্তম শতাব্দীতে উড়িষ্যার রাজা ইন্দ্রভূতি—স্বীয় পুত্র পদ্মসম্ভব, কন্যা লক্ষ্মীঙ্করা এবং জামাতা শান্তরক্ষিতের সহযোগিতায়—এই সম্প্রদায়ের প্রবর্ত্তন করেন। ইঁহাদের উপাস্য পদ্ম, বজ্র এবং বোধিসত্ত্ব। ইহারই অন্যতম শাখার নাম সহজযান। রাঢ় দেশের আচার্য্য নাড়পণ্ডিত, পণ্ডিতপত্নী নিগু বা জ্ঞান-ডাকিনী প্রভৃতি এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। শূন্য, বজ্র ও বোধিসত্ত্ব ইঁহাদের উপাস্য। শকাব্দের সপ্তম হইতে অষ্টম শতাব্দীর মধ্যে এই সম্প্রদায়ের সৃষ্টি হইয়াছিল। নরনারীর মিলন-সুখই ইঁহাদের মতে চরম ও পরম সুখ। এই সুখ-সম্ভোগের জন্য দেহতত্ত্ব লইয়া সাধনা করিয়া ইঁহারা বহুবিধ উপায়ে সিদ্ধ হইয়াছিলেন।" শাস্ত্রী মহাশয়ের মতে জয়দেব এই সহজিয়াগণের নিকট বিশেষভাবে ঋণী। সহজিয়াগণ নরনারীর যে মিলন-সুখকে একমাত্র কাম্য বলিয়া গ্রহণ করিয়াছিলেন, জয়দেব শ্রীরাধাকৃষ্ণের মিলনকে সেই সুখের আশ্রয়রূপে বর্ণনাপূর্ব্বক নিজেকে তাহার দর্শকস্বরূপে কল্পনা করিয়াছেন, এবং দেখিয়াই যেন পরিতৃপ্ত হইয়াছেন। এক হিসাবে এই মতবাদ উপেক্ষা করা চলে না। কারণ, বৈষ্ণব ধর্ম্মের মধুর ভজনে সখীভাবের উপাসনা অনেকটা এই ভাবেও ব্যাখ্যাত হইতে পারে। প্রভেদ এইটুকু যে, সখীগণ শুধু দেখিয়াই তৃপ্তি লাভ করেন না, অন্তরঙ্গা সেবিকারূপে যুগলের মিলনানন্দের অংশ-ভাগিনীও হইয়া থাকেন। সখীগণ কর্ম্মহীনা উদাসিনী দর্শিকামাত্র

নহেন, তাঁহারাই এ-মিলনের সাধিকা এবং সাহায্যকারিণী। গীত-গোবিন্দে এই শেষোক্ত ভাবই পরিস্ফুট।

মহামহোপাধ্যায় শাস্ত্রী মহাশয় এই যে সংস্কার বা সমন্বয়ের কথা বলিয়াছেন, সম্রাট্ লক্ষ্মণসেনের সময় যে বাস্তবিকই সেইরূপ একটা চেষ্টা হইয়াছিল, ইতিহাসে তাহার ইঙ্গিত আছে। রাজনীতিজ্ঞানে অদূরদর্শী হইলেও লক্ষ্মণসেনের মন্ত্রিগণ সমাজনীতিতে নিতান্ত অনভিজ্ঞ ছিলেন বলিয়া মনে হয় না। সমাজের দুর্দ্দশা তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল এবং ভবদেব ভট্টের অনুকরণে স্মৃতির অনুশাসনে তাঁহারা তাহার প্রয়োজনানুরূপ প্রতিকার বা সংস্কারসাধনেও বদ্ধপরিকর হইয়াছিলেন।

মৎস্যসূক্ত নামক গ্রন্থখানিতে আমরা এই ভাবের আভাস পাই। কেহ কেহ এই গ্রন্থখানিকে লক্ষ্মণসেনের মন্ত্রী হলায়ুধের প্রণীত বলিয়া মনে করেন, অপর কাহারো কাহারো মতে ইহা একখানি প্রাচীন তন্ত্রগ্রন্থ। মৎস্যসূক্ত প্রাচীন গ্রন্থই হউক আর মন্ত্রী হলায়ুধেরই প্রণীত হউক, এই গ্রন্থখানি যে সেনরাজত্বে একখানি প্রামাণিক গ্রন্থরূপে গৃহীত হইয়াছিল, সে বিষয়ে কোনো সংশয় নাই। এই গ্রন্থে একদিকে যেমন বেদের প্রশংসা আছে, তেমনি অন্যদিকে আবার বীরাচারের অভিমত একজটা, উগ্রতারা, ত্রিপুরা প্রভৃতির পূজাক্রম এবং মন্ত্রোদ্ধার-আদিও গৃহীত হইয়াছে! গ্রন্থে বেদের প্রশংসা আছে, কিন্তু অতি সন্তর্পণে। বৌদ্ধ তন্ত্রানুমোদিত মহাচীনক্রমের তারাসাধন এবং নীলসারস্বতক্রমের মধ্যে সে প্রশংসা যেন একটা সমন্বয়ের ইঙ্গিত করে। মৎস্যসূক্তের তারাস্তব পাঠ করিলে এই বিশ্বাসই দৃঢ়ীভূত হয়।

"জয় জয় তারে দেবি নমস্তে। প্রভবতি ভবতি যদিহ সমস্তে ॥
প্রজ্ঞাপারমিতামিতচরিতে। প্রণতজনানাং দুরিতক্ষয়িতে ॥

এই প্রজ্ঞাই যে বৌদ্ধদের সম্প্রদায়ভেদে তারা, পদ্ম ও শূন্য নামে

অভিহিতা হইয়াছেন পূর্ব্বেই তাহার উল্লেখ করিয়াছি। বৌদ্ধশাস্ত্রে প্রজ্ঞা লোকেশ্বর বুদ্ধের সুতারূপেও কথিতা হইয়াছেন।

সম্রাটের অনুমোদিত এই সমন্বয়ের মধ্য দিয়া সংস্কারের প্রচেষ্টা হয়ত জয়দেবও অনুসরণ করিয়াছিলেন। উদাহরণ স্বরূপ শ্রীগীতগোবিন্দের দশাবতারস্তোত্রের বুদ্ধস্তব উল্লিখিত হইতে পারে। শ্রীমদ্ভাগবতাদি পূরাণে বুদ্ধদেব অবতাররূপে গৃহীত হইয়াছেন। কিন্তু পৌরাণিক মতে তিনি যেন সুর এবং অসুরগণের মোহনার্থেই চীবর-ধারণ ও বেদনিন্দা করিয়াছিলেন। এক সময় প্রায় সারা ভারতের হিন্দুগণের এইরূপই বিশ্বাস ছিল। দুই একটা উদাহরণ দিতেছি।

মহারাষ্ট্রের দ্বিতীয় চালুক্য বংশের রাজা সোমেশ্বরের আদেশে ১১৫১ শকাব্দে 'মানসোল্লাস' নামে একখানি অভিধান সঙ্কলিত হয়। এই গ্রন্থে বুদ্ধের স্তব এইরূপ—

"বুদ্ধরূপে জো দানব সুরা বঞ্চউনি
বেদদূসণ বোল্লউনি মায়া মোহিয়া,
সো দেউ মাঝি পসাউ করউ।"

বুদ্ধরূপে যিনি দানব ও সুরগণকে বঞ্চনা করিবার জন্য বেদ-দূষণ বাক্য বলিয়া (বেদ নিন্দা করিয়া] মায়ায় মোহিত করিয়াছিলেন, সেই দেবতা আমায় অনুগ্রহ করুন।

একটি প্রাচীন স্তোত্রেও ইহার ইঙ্গিত পাওয়া যায় :

"পুরাসুরাংশ্চৈবসুরান্ বিজেতুং
সন্ধারয়ংশ্চীবরচিহ্নবেশম্।
নির্নিন্দ বেদং পশুঘাতনং য—
স্তং বুদ্ধরূপং প্রণতোঽস্মি বিষ্ণোঃ।

কিন্তু জয়দেব লিখিয়াছেন ঃ

> "নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং
> সদয়হৃদয়দর্শিতপশুঘাতং
> কেশবধৃতবুদ্ধশরীর জয় জগদীশ হরে ॥"

ইহাতে সুর, অসুর বা দানব-মোহনের কোনো কথা নাই। বুদ্ধদেবের তিরোভাবের সার্দ্ধসহস্রাধিক বৎসর মধ্যে এমন ভক্তিপূর্ণ ভাষায় কোন হিন্দু বুদ্ধাবতারের তত্ত্ব ব্যক্ত করিয়াছেন কি না সন্দেহ।

হিন্দুধর্ম্মের পুনরুত্থানের দিক হইতে এই প্রসঙ্গে আরো কিছু বলা যাইতে পারে। প্রতিবেশপ্রভাব হইতে পরিত্রাণলাভ আমরা প্রায় অসম্ভব বলিয়াই মনে করি। সমাজ এবং ধর্ম্ম সম্বন্ধে রাঢ় দেশ যদিও চিরস্বাধীন, চিরস্বাতন্ত্র্যপ্রয়াসী, তথাপি দেশবাসীর ধাতুপ্রকৃতির অনুকূলে অবশেষে হিন্দুধর্ম্ম তথা বৈষ্ণব ধর্ম্মই এদেশে প্রাধান্য লাভ করিয়াছিল।

অতি প্রাচীনকাল হইতেই বৌদ্ধধর্ম্মের পাশাপাশি হিন্দুধর্ম্মও এদেশে আবার প্রসার লাভ করিতেছিল। শকাব্দের দ্বিতীয় কি তৃতীয় শতকে গুপ্তরাজগণ যখন মহোদধির উপকণ্ঠস্থিত এই তালীবনশ্যামল দেশ জয় করেন, তাহার পূর্ব্বেই বৈষ্ণব ধর্ম্ম এদেশে প্রসিদ্ধি লাভ করিয়াছিল। তখন লোকে চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তির উপাসনা করিত। গুপ্তরাজগণের সম-সময়ে এদেশে একজন পরাক্রান্ত নরপতি ছিলেন, তাঁহার নাম চন্দ্রবর্ম্মা। বাঁকুড়ার শুশুনিয়া পাহাড়ের লিপিতে তিনি আপনাকে চক্রস্বামী অর্থাৎ বিষ্ণুর উপাসকরূপে পরিচিত করিয়াছেন। তিনি বাঁকুড়ার পোকর্ণা বা পুষ্করণার অধিপতি ছিলেন, এই স্থান এখনো 'পোখরণা' নামে বর্ত্তমান রহিয়াছে। সম্ভবতঃ দিগ্বিজয়ী সম্রাট সমুদ্রগুপ্ত ই হাকে নিহত করিয়া মগধের প্রত্যন্তবর্ত্তী এই প্রদেশ অধিকার করেন। পরবর্ত্তীকালে ষষ্ঠ শকাব্দে রাঢ়ের আর একজন বৈষ্ণব নরপতির নাম

পাওয়া যায়, তিনি পরম ভাগবত মহারাজাধিরাজ বিজয়নাগদেব। কর্ণ-স্ুবর্ণ তাঁহার রাজধানী ছিল।

গৌড়েশ্বর পালরাজগণ যদিও বৌদ্ধ ছিলেন, তথাপি হিন্দুগণের উপরে তাঁহাদের কোনো বিদ্বেষ ভাব ছিল না। অপিচ বৃহস্পতিতুল্য ব্রাহ্মণ মন্ত্রিগণের যজ্ঞশালায় যজ্ঞশেষ শান্তিবারিসেচনে বার বার তাঁহাদের মুকুটমুক্ত মস্তক অভিষিক্ত হইয়াছিল, ইতিহাসে এইরূপই দেখিতে পাই। পালরাজগণের রাজত্বকালে বৈষ্ণবধর্ম্মও অপ্রচলিত ছিল না। সম্রাট্ ১ম মহীপালের তৃতীয় রাজ্যাঙ্কে লোকদত্ত নামক একজন বণিক্ সমতটে একটি নারায়ণমূর্ত্তির প্রতিষ্ঠা করিয়াছিলেন, ইতিহাসে তাহার উল্লেখ আছে। পালরাজগণের পূর্ব্বেই আচার্য্য নাড়পণ্ডিত প্রভৃতি বৌদ্ধ-পণ্ডিতগণ সহজ মতবাদ প্রচার করিয়াছিলেন। কিন্তু পালরাজমন্ত্রিগণের এবং পরবর্ত্তী দুইজন হিন্দুপ্রধানের প্রভাবে তাহা বাধাপ্রাপ্ত হইয়াছিল। ইঁহাদের একজন ছিলেন বৌদ্ধবিদ্বেষী, আর একজম ছিলেন হিন্দু-বৌদ্ধে মিলনপ্রয়াসী। ইহাদের একজন রাঢ়ের দেবগ্রামপ্রতিবদ্ধবালবলভী-ভুজঙ্গ সিদ্ধল গ্রামীণ ভবদেব ভট্ট। আর একজন স্বনামধন্য দিগ্বিজয়ী ভূমিপাল চেদীপতি কর্ণদেব। বৈষ্ণব বর্ম্মরাজগণের নাম পূর্ব্বেই উল্লেখ করিয়াছি, ভবদেব ভট্ট ছিলেন সেই বর্ম্মবংশীয় বঙ্গেশ্বর হরিবর্ম্মদেবের সান্ধি-বিগ্রহিক। শস্ত্র ও শাস্ত্রে তাঁহার সমান দক্ষতা ছিল। রাঢ়ের অধিকাংশ উচ্চ বর্ণের হিন্দুর জন্ম হইতে মরণোত্তর কর্ত্তব্যবিধান আজিও ইঁহারই সঙ্কলিত দশকর্ম্মপদ্ধতি অনুসারে নির্ব্বাহিত হয়। ধর্ম্মমতে আমরা ইঁহাকে বৈষ্ণব বলিয়াই মনে করি। কর্ণদেবের কথাও ইতিহাসপ্রসিদ্ধ। বীরভূমের পাইকোড় গ্রামে আবিষ্কৃত শিলালিপি হইতে জানা যায়, তিনি পরম বৈষ্ণব ছিলেন এবং রাঢ়দেশ কিছুদিন তাঁহার অধীনতাস্বীকারে বাধ্য হইয়াছিল। যুবরাজ বিগ্রহপালের করে স্বীয় কন্যা যৌবনশ্রীকে সমর্পণ করিয়া ইনি বৌদ্ধধর্ম্মানুরত পালসম্রাট্

নয়পালের সঙ্গে বৈবাহিক সম্বন্ধে আবদ্ধ হইয়াছিলেন। বীরভূম পাইকোড়ে ইঁহার অবস্থিতির পরিচয়ও পাওয়া যায়। অনেকে মনে করেন, এই হিন্দু-বৌদ্ধ-মিলনের ফলে ধর্ম্মের মধ্যেও একটা সমন্বয় সাধিত হইয়াছিল। পাইকোড় গ্রামে মৎস্য-মাংস দিয়া গোপালকে ভোগ নিবেদিত হয় এবং শিবপূজায় তুলসীপত্র ব্যবহৃত হইয়া থাকে। হয় তো ইহা ঐরূপ সমন্বয়েরই শেষ নিদর্শন। খুঁজিলে রাঢ় দেশে হিন্দুবৌদ্ধমিলনের এমন বহু নিদর্শন মিলিতে পারে। কিন্তু কবি জয়দেবের প্রসঙ্গে এইরূপ সমন্বয়ের উপর খুব বেশী জোর দেওয়ার আবশ্যকতা আছে বলিয়া মনে হয় না। ইহা ঐতিহাসিক সত্য যে, বাঙ্গালায় তথা ভারতের অপর কোনো কোনো প্রদেশে জয়দেবের বহু পূর্ব্বেই শ্রীরাধাকৃষ্ণের মধুররসাত্মক প্রেমলীলার কথা প্রচারিত হইয়াছিল। তবে ইহা অসম্ভব নহে যে চেদীরাজ কর্ণদেবের সংস্রবে কর্ণাটকগণের সঙ্গে রামানুজ প্রবর্ত্তিত ভক্তিবাদ পরবর্ত্তী কালে রাঢ়ে অনুপ্রবিষ্ট হইয়া (জয়দেবের পূর্ব্বেই) দেশে আর একটি নূতন তরঙ্গের সৃষ্টি করিয়াছিল। মালবরাজ উদয়াদিত্য এবং তৎপুত্র লক্ষদেবের শিলালিপি হইতে জানিতে পারি—"কর্ণাটকগণ চেদীবংশীয় গাঙ্গেয়দেব এবং তৎপুত্র কর্ণদেবের দক্ষিণহস্তস্বরূপ ছিলেন।" সুতরাং কর্ণাটকগণের রাঢ়ে অভিযান অনৈতিহাসিক ব্যাপার নহে। সেনরাজগণও যে কর্ণাটক-দিগের অনুরক্ত ছিলেন, ইতিহাসে তাহার প্রমাণ—"কর্ণাটলক্ষ্মী-লুণ্ঠন-কারীর দণ্ডবিধান করিয়া হেমন্তসেন একাঙ্গবীর-রূপে খ্যাত হইয়া-ছিলেন।" খুব সম্ভব সেনরাজগণও কর্ণাটবংশীয়। কর্ণাটভূমি যে ভক্তিবাদের অন্যতম প্রতিষ্ঠাক্ষেত্র নিম্নোক্ত শ্লোকেও তাহার সমর্থন পাওয়া যায় :

> "উৎপন্না দ্রাবিড়ে ভক্তির্ব্বৃদ্ধিং কর্ণাটকে গতা।
> স্থিতং কিঞ্চিন্মহারাষ্ট্রে গুর্জ্জরে জীর্ণতাং গতা॥"

এই সমস্ত আলোচনা করিয়া মনে হয়, রাঢ়ে হিন্দু তথা বৈষ্ণব-ধর্ম্মের প্রভাবও সেকালে বিশেষ নিষ্প্রভ ছিল না এবং জয়দেবের জীবন সে প্রভায় যথেষ্ট প্রভাবান্বিত হইয়াছিল। এই প্রসঙ্গে স্মরণ রাখিতে হইবে যে, রামানুজ লক্ষ্মীনারায়ণের উপাসক এবং জয়দেব রাধাকৃষ্ণের ভক্ত ছিলেন। উভয়ের মধ্যে পার্থক্য আছে। তবে দাক্ষিণাত্যে রাধানামও অপরিচিত ছিল না। দাক্ষিণাত্য বিল্বমঙ্গলের লীলাভূমি—"শ্রীকৃষ্ণকর্ণামৃতের" জন্মভূমি। রাধাকৃষ্ণের উপাসক নিম্বার্কও দাক্ষিণাত্যবাসী। ইনি প্রায় জয়দেবেরই সমসাময়িক।

প্রবাদ অনুসারে কবি জয়দেব দাক্ষিণাত্যের সঙ্গে প্রত্যক্ষ সম্বন্ধেও সংশ্লিষ্ট ছিলেন। প্রবাদ অনুসারে শ্রীজগন্নাথদেবের নামে উৎসর্গীকৃতা কবিপত্নী পদ্মাবতীর পিত্রালয় ছিল দক্ষিণ দেশে। নৃত্যগীতে নিপুণা এই নারী কি ভগবদ্ভক্তিতে আর কি পাতিব্রত্যে উভয়তই আদর্শস্থানীয়া ছিলেন। কবি তাঁহাকে জীবনাধিক ভালবাসিতেন। সংস্কৃত ভক্তমালে বর্ণিত আছে :

"উভৌ তৌ দম্পতী তত্র একপ্রাণৌ বভূবতুঃ।
নৃত্যন্তৌ চাপি গায়ন্তৌ শ্রীকৃষ্ণার্চ্চনতৎপরৌ ॥"

শকাব্দ পঞ্চদশ শতকের মধ্যভাগে রচিত কোচবিহারের কবি রাম সরস্বতীর জয়দেব কাব্যেও ভক্তমালের এই উক্তির সমর্থন পাওয়া যায় :

জয়দেব মাধবর স্তুতিক বর্ণাবে।
পদ্মাবতী আগন্ত নাচত ভঙ্গিভাবে ॥
কৃষ্ণর গীতক জয়দেবে নিগদতি।
রূপক তালর চেবে নাচে পদ্মাবতী।

প্রবাদবর্ণিত 'স্মরগরলখণ্ডনং' কবিতায় পাদপূরণ-প্রসঙ্গে পদ্মাবতীর সৌভাগ্যকাহিনী আজিও ভক্তের চক্ষে আনন্দাশ্রু সঞ্চার করে।

উড়িষ্যার সঙ্গেও কবির সম্বন্ধ ছিল বলিয়া মনে হয়। সভ্যতার আদান-প্রদানে উড়িষ্যা ও রাঢ় এই দুইটি প্রতিবেশী প্রদেশ চিরকালই ঘনিষ্ঠ সম্বন্ধে আবদ্ধ। বিশেষ, কবির সমসময়েই উড়িষ্যায় একটি অভিনব পরিবর্ত্তন সাধিত হইয়াছিল। বৈষ্ণবধর্ম্মের নব আন্দোলনে উড়িষ্যা তখন টলমল করিতেছে, দেশ-বিদেশের তীর্থযাত্রী উড়িষ্যার পথে যাত্রা সুরু করিয়াছে। উড়িষ্যার সে এক নূতন অভ্যুদয়! শৌর্য্যে, বীর্য্যে, স্থাপত্যে, ভাস্কর্য্যে উড়িষ্যা তখন সারা ভারতের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। পুরীর ভারতবিখ্যাত জগন্নাথ মন্দির এই সময়েই নির্ম্মিত হয়, মহারাজ অনঙ্গভীমদেব ১০৯৬ শকাব্দে এই মন্দির প্রতিষ্ঠা-কার্য্য শেষ করেন। সম্রাট লক্ষ্মণসেনের পিতামহ বিজয়সেনের সঙ্গে উড়িষ্যাপতি চোড়গঙ্গদেবের বিশেষ সখ্য ছিল। সম্রাট বল্লালসেন ও লক্ষ্মণসেনের সহিত উড়িষ্যার সম্বন্ধের কথাও ইতিহাসস্বীকৃত সত্য।

পুণ্যতীর্থপুরীধামের সঙ্গে কবিজীবনের অনেক কাহিনী ওতপ্রোত ভাবে জড়াইয়া আছে। শ্রীজগন্নাথদেবের মন্দিরে জয়দেবের মধুর-কোমল-কান্ত পদাবলী আজিও ত্রিসন্ধ্যা গীত হইয়া থাকে। বিশ্বাস-অবিশ্বাসের কথা বলিতেছি না, সম্ভব-অসম্ভবের বিচার করিতেছি না,—কিন্তু জয়দেবের জীবনী লইয়া নীলাচলের দারুব্রহ্ম বিগ্রহের অনুগ্রহ উপলক্ষে ভক্ত ও ভগবানের রহস্যলীলার যে প্রবাদ রচিত হইয়াছে, তাহা হইতে বুঝিতে পারা যায়, দেশবাসীর দৃষ্টিতে জয়দেব কবি বলিয়াই নহেন, পরন্তু ধার্ম্মিক ও পণ্ডিত, ভক্ত ও সাধক, ভাবুক ও প্রেমিক বলিয়া তিনি চিরপূজ্যরূপে বরণীয় হইয়া আছেন। যতকাল বাঙ্গালী বাঁচিবে, কবি জয়দেব এই পূজার আসনে বাঙ্গালার হৃদয়-মন্দিরে চির প্রতিষ্ঠিত থাকিবেন।

৪

কবি-জীবন

বীরভূমে কেন্দুবিল্ব গ্রাম (১) আজিও বর্ত্তমান আছে। আজিও অজয়ের জল-কলস্বনে শ্রীরাধাগোবিন্দ গাথার বিজয়গীতি প্রতিধ্বনিত হয়। আজিও প্রতি পৌষ-সংক্রান্তিতে প্রায় অর্দ্ধলক্ষাধিক নরনারী কেন্দুবিল্বে সমবেত হইয়া কবির পুণ্য-স্মৃতির উদ্দেশে অন্তরের ভক্তি-পুষ্পাঞ্জলি নিবেদন করেন। বনমালী দাস স্বপ্রণীত "জয়দেব চরিত্রে" লিখিয়াছেন—

"ভিক্ষা মেগে খায় সদা হরিনাম জপে।
হাসে কাঁদে নাচে গায় শিবের মণ্ডপে॥"

কেন্দুবিল্বে সেই কুশেশ্বর শিব আজিও কোনোরূপে আপন অস্তিত্ব বজায় রাখিয়াছেন। এই মন্দিরে অষ্টদলপদ্মাঙ্কিত এক পাষাণ খণ্ড আছে;

(১) কেন্দুবিল্বের বর্ত্তমান নাম জয়দেব-কেন্দুলী। বর্ত্তমানে এই ক্ষুদ্র গ্রামখানিতে, ব্রাহ্মণ, অগ্রদানী, কায়স্থ, সদ্‌গোপ, তাম্বুলী, কামার, নাপিত, ছত্রি, বৈরাগী, শুঁড়ি, কলু, ধোপা, যুগী, বাগ্‌দী, হাড়ি, বাউড়ি প্রভৃতি জাতি বাস করে। লোক-সংখ্যা খুবই কম। গদীর মোহান্ত আছেন। জমিদারী ও অন্যান্য দেবত্র সম্পত্তির আয় মন্দ হইবে না। প্রায় আড়াইশত কি তিনশত বৎসর পূর্ব্বে রাধারমণ ব্রজবাসী নামক জনৈক সাধু শ্রীধাম বৃন্দাবন হইতে তীর্থ-দর্শনে আসিয়া এখানেই অবস্থিতি করেন। কেন্দুবিল্বের "গদী" তাঁহারই প্রতিষ্ঠিত। তিনি বর্দ্ধমান রাজবাটী হইতে বিশেষ সাহায্য প্রাপ্ত হইয়াছিলেন। কেন্দুবিল্বের শ্রীশ্রীরাধাবিনোদ জীউর বর্ত্তমান মন্দির বর্দ্ধমান রাজবাটীর ব্যয়েই ১৬১৪ শকাব্দায় নির্ম্মিত হয়। রাধারমণের পরবর্ত্তী মোহান্তগণের নাম (২) ভরত দাস, (৩) প্যারীলাল, (৪) হীরালাল, (৫) ফুলচাঁদ, (৬) রামগোপাল, (৭) সর্ব্বেশ্বর, (৮) দামোদর। দামোদর ব্রজবাসী আততায়ীর হস্তে নিহত হইলে তাঁহার চেলা শ্রীরাসবিহারী ব্রজবাসী বর্ত্তমান গদীর অধিকার প্রাপ্ত হইয়াছেন। কেন্দুবিল্বের মোহান্তগণ নিম্বার্ক সম্প্রদায়ভুক্ত। কেন্দুবিল্বের দেবত্র সম্পত্তির আয় হইতে সেখানে একটি চতুষ্পাঠী পরিচালিত হইতে পারে। জয়দেবের কেন্দুবিল্বে শ্রীগীতগোবিন্দের পঠন-পাঠনের কোনো ব্যবস্থাই নাই, ইহা অপেক্ষা শোচনীয় অবস্থা আর কি হইতে

অনেকে বলেন এই যন্ত্রে ত্রিপুরাসুন্দরী-মন্ত্র জপ করিয়া জয়দেব সিদ্ধ হইয়াছিলেন। অজয়ের একটি 'ঘাট'কে লোকে আজিও কদম্বখণ্ডীর ঘাট বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে। এই ঘাটের বর্ণনায় বনমালী দাস লিখিয়াছেন—

"অজয়ে তরঙ্গ বহে অতি সুশোভন।
কিনারে পুষ্পের শোভা গন্ধে হরে মন॥"

জয়দেব এই ঘাটেই রাধামাধব বিগ্রহ প্রাপ্ত হইয়াছিলেন। কবি অনেক সময় এই ঘাটে আসিয়া বসিয়া থাকিতেন। প্রবাদ আছে—জয়দেব কেন্দুবিল্বে শ্রীরাধামাধব-বিগ্রহের প্রতিষ্ঠা করেন, এবং বৃন্দাবন যাত্রাকালে সেই বিগ্রহযুগল সঙ্গে লইয়া গিয়াছিলেন। এখন কেন্দুবিল্বে যে বিগ্রহের পূজা হয় তিনি শ্রীরাধাবিনোদ নামে পরিচিত। এই বিগ্রহ পূর্ব্বে শ্যামারূপার গড়ে প্রতিষ্ঠিত ছিলেন। বিনোদ নামে কোনো রাজা এই বিগ্রহের প্রতিষ্ঠাতা। কেন্দুবিল্বের নিকটবর্ত্তী সুগড় গ্রামে এই

পারে? বীরভূমের শাসক পুরুষ অথবা নেতৃস্থানীয় ব্যক্তিগণ যে এ বিষয়ে কোনো চেষ্টা করেন না, ইহাই আরো দুঃখের বিষয়। বর্ত্তমান মোহান্তের সময় কেন্দুলীর অবস্থা শোচনীয় হইয়া উঠিয়াছে।

অজয়ের ভাঙনে কুশেশ্বর শিবলিঙ্গ, এবং অষ্টদল পদ্মাঙ্কিত যন্ত্রসহ সমস্ত মন্দির নিশ্চিহ্ন হইবার উপক্রম ঘটিয়াছিল। পশ্চিমবঙ্গ সরকার তৎপরতার সহিত বিস্তীর্ণ সুদৃঢ় বাঁধ দিয়া সে ভাঙন রোধ করিয়াছেন। এ জন্য আমরা সরকারের নিকট কৃতজ্ঞ। কুশেশ্বরের মন্দির ভাঙিয়া পড়িয়াছে। অবিলম্বে মন্দিরটি নূতন করিয়া গড়িয়া তোলা দরকার। এ বিষয়ে সহৃদয় হিন্দু জনসাধারণ ও কেন্দুবিল্বের মোহান্তের দৃষ্টি আকর্ষণ করিতেছি। অজয়ের বাঁধের জন্য যাঁহারা চেষ্টা করিয়াছিলেন, তন্মধ্যে ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ও বীরভূমের তদানীন্তন সমাহর্ত্তা শ্রীযুক্ত শঙ্করনাথ মৈত্রের নাম উল্লেখযোগ্য।

বগুড়া জেলায় কেন্দুল নামে গ্রাম। গ্রামেই ডাকঘর। ডাকঘরের নাম কেন্দুলী। বর্ত্তমানে ঘর কয়েক হিন্দুর বাস। গ্রাম যে একসময় সমৃদ্ধ ছিল তাহার বহু নিদর্শন পাওয়া যায়। গ্রামের দুই পার্শ্বে দুইটি নদী—পূর্ব্ব প্রান্তের নদীর নাম হারাবতী,

রাজার পরিখা প্রাকার পরিবেষ্টিত একটি ক্ষুদ্র দুর্গের ধ্বংসাবশেষ বিদ্যমান আছে। শ্যামারূপার গড় জন-বসতিহীন জঙ্গলে পরিপূর্ণ হইয়া গেলে এবং অজয় পার হইয়া সেবাইৎগণ নিত্য পূজার জন্য প্রত্যহ শ্যামারূপার গড়ে যাতায়াতে অস্বীকৃত হইলে বর্দ্ধমানের রাজা এই যুগলবিগ্রহ কেন্দুবিল্বের শূন্য মন্দিরে আনিয়া প্রতিষ্ঠিত করেন। বিগ্রহের বর্ত্তমান মন্দির বর্দ্ধমানের মহারাণী নৈরাণী দেবী প্রতিষ্ঠা করিয়াছিলেন, ১৬১৪ শকাব্দায় এই প্রতিষ্ঠা-কার্য্য সম্পন্ন হয়। কেন্দুবিল্বে প্রতিষ্ঠার পর নূতন লোক বিগ্রহের সেবাইৎ নিযুক্ত হন ও সেই সেবাইতের বংশধরেরাই আজিও এই বিগ্রহের সেবা করিতেছেন। ইঁহাদের উপাধি অধিকারী—ইঁহারা রাঢ়ীয় ব্রাহ্মণ। পাহাড়পুরের ধ্বংসস্তূপ হইতে শ্রীরাধাকৃষ্ণমূর্ত্তি আবিষ্কৃত হওয়ার পর ভরসা করি জয়দেবের বিগ্রহপ্রতিষ্ঠা বিষয়ে আর কেহ সন্দেহ প্রকাশ করিবেন না।

দুঃখের বিষয় কেন্দুবিল্ব গ্রামে আধুনিক শিক্ষিত জনসাধারণের

পশ্চিমের নদী তুলসী গঙ্গা। গ্রামে পূর্ব্বে বহু ব্রাহ্মণের বাস ছিল। গ্রামের ভগ্ন মন্দির হইতে কয়েকটি সুন্দর বাসুদেব মূর্ত্তি পাওয়া গিয়াছিল। স্থানীয় মুসলমানেরা দুই একটি মূর্ত্তির অভ্যন্তর হইতে অর্থ প্রাপ্তির আশায় মূর্ত্তি ভাঙ্গিয়া ও পোড়াইয়া ফেলিয়াছে। গ্রামের পশ্চিম দিকে দৈর্ঘ্যে প্রায় ক্রোশ পরিমিত একটি পরিখার চিহ্ন আজিও দেখিতে পাওয়া যায়। প্রাচীরেরও ভগ্নাবশেষ পড়িয়া রহিয়াছে।

গ্রামে প্রবাদ যে, কবি জয়দেব এখানে কিছুদিন বাস করিয়াছিলেন। গ্রামের উত্তর প্রান্তস্থিত প্রায় পঞ্চাশ বাট বিঘা পরিমিত একটি বৃহৎ পুষ্করিণীর নাম জয়দেব ঠাকুরের পুকুর। এখনও হিন্দু মুসলমানে আধি ব্যাধি নিবারণের জন্য জয়দেব ঠাকুরের পুষ্করিণীতে স্নান করে এবং পূজা মানত করে। এই গ্রামে জয়দেবের নামে বৎসরের কোন সময়ে একটা মেলা হইত। প্রায় পঞ্চাশ বৎসর হইতে চলিল মেলা বন্ধ হইয়া গিয়াছে। জয়দেব ঠাকুরের পুষ্করিণীর পাড়ের উপর পূর্ব্বে সপ্তাহে দুই দিন হাট বসিত। আজিও পুষ্করিণীর দক্ষিণ পার্শ্বে কতকটা পতিত জায়গা ও খানিকটা আবাদী জমি দেখাইয়া লোকে বলে এইটাই "জয়দেবের ভিটা"। গ্রামের অপর দুইটি পুষ্করিণীর নাম—শূলপাণি ও সিদ্ধপীঠ। প্রবাদ জয়দেবের অপর দুইজন বন্ধু শূলপাণি ও

কৌতূহল পরিতৃপ্তির কোনো উল্লেখযোগ্য উপাদান পাওয়া যায় না। প্রাচীন গ্রন্থাদির মধ্যেও কবি-জীবনের যে যৎসামান্য উপকরণ আবিষ্কৃত হইয়াছে, এই বৈজ্ঞানিক বিশ্লেষণের দিনে তাহারও কোনো মূল্য আছে বলিয়া মনে হয় না। চক্রদত্ত প্রণীত সংস্কৃত ভক্তমাল, নাভাজীকৃত হিন্দী ভক্তমাল এবং বীরভূমের কবি বনমালী দাসের জয়দেব-চরিত্র প্রভৃতি গ্রন্থে জয়দেবের জীবন-কাহিনী বর্ণিত আছে। জয়দেব-চরিত্র গ্রন্থখানি প্রায় তিনশত বৎসর পূর্ব্বে রচিত। বঙ্গীয় সাহিত্য পরিষৎ ইহা প্রকাশ করিয়াছেন। স্বর্গগত মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এই গ্রন্থসম্বন্ধে ভূমিকায় লিখিয়াছেন—"তিনশত বৎসর পূর্ব্বে বাঙ্গালী ভক্তবৃন্দ, ভক্তচূড়ামণি জয়দেবকে যে ভাবে দেখিতেন উহাতে তাহার পূর্ণ চিত্র আছে। সে-চিত্র ইতিহাস না হইলেও মনোহর, জীবনচরিত না হইলেও উপদেশ-পূর্ণ, ধর্ম্মগ্রন্থ না হইলেও ভক্তিভাবে ভোর।" কিন্তু এ কালের লোক এই সমস্ত আলোচনায় পরিতৃপ্ত হইবেন কি না সন্দেহের বিষয়।

মাধবাচার্য্যের নামানুসারেই পুষ্করিণী দুইটির এইরূপ নাম হইয়াছে। মাধবাচার্য্য সিদ্ধ পুরুষ ছিলেন। তাঁহারই নামে হারাবতীর পূর্ব্বতীরে একটি গ্রাম আজিও মাধাই নগর নামে পরিচিত। গ্রামখানি আজিও হিন্দুপ্রধান এবং গ্রামে অবস্থাপন্ন লোকের বাস। গ্রামে দুই তিন ঘর ব্রাহ্মণ এখনো আছেন। শূলপাণি পুষ্করিণীর পাড়ে একটি ভাঙ্গা মন্দির ও দেবমূর্ত্তির ভগ্নাবশেষ পাওয়া যায়।

কেন্দুলীর দক্ষিণে প্রায় সাত ক্রোশ দূরবর্ত্তী বাগুইল (বগুড়া) গ্রামনিবাসী শ্রীধীরেন্দ্রনাথ বল কর্ত্তৃক এই প্রবাদ ও বিবরণ সংগৃহীত। বেঙ্গল আসাম রেলপথে জয়পুরহাট ষ্টেশনের পূর্ব্বদিকে চারিক্রোশ দূরে কেন্দুল গ্রাম।

ফরিদপুর জেলায় পিঙ্গলা নামে একখানি গ্রাম আছে। এই গ্রামে বাৎস্য-গোত্রীয় কাঞ্জিলাল উপাধিধারী অনেক সম্ভ্রান্ত কুলীন ব্রাহ্মণের বাস। ইঁহাদের পারিবারিক কিংবদন্তী—কবি জয়দেব এই বংশেরই লোক। পূর্ব্বে রাঢ়দেশে বীরভূম জেলায় কেন্দুবিল্ব গ্রামে ইঁহাদের বাস ছিল। নবদ্বীপ মুসলমান কর্ত্তৃক অধিকৃত হইলে ইঁহাদের পূর্ব্বপুরুষ পূর্ব্ববঙ্গে পলাইয়া আসেন। [বীরভূমি, জ্যৈষ্ঠ ১৩৩৫।]

কবির পরিচয় তাঁহার কাব্যে। যে রসে কবির প্রাণ পরিপূর্ণ হইয়া উঠে, যে ভাবে কবির হৃদয় উদ্বেলিত হয়, ভাষায় ও ছন্দে তাহার সম্পূর্ণ অভিব্যক্তি অসম্ভব হইলেও কাব্য সেই রস-ভাবেরই দ্যোতনা মাত্র। মানুষের অন্তরে যে রস-স্বরূপ অধিষ্ঠিত রহিয়াছেন, কাব্য সেই অন্তর দেবতার স্বতঃস্ফূর্ত্ত লীলাবিলাস। সুতরাং কবিকে সত্য করিয়া জানিবার পক্ষে তাঁহার কাব্য-পরিচয়ই যথেষ্ট। রসের বিষয় এবং আশ্রয়, ভাবোদ্দীপনের জন্য পরিকল্পিত দেশ কাল ও ঘটনাবলীর সংস্থান এবং সন্নিবেশ, তদনুসারী ছন্দে-গ্রথিত বাগর্থ-পরম্পরার বিন্যাসভঙ্গী ইত্যাদি বহুবিধ বিচারে নানা দিক্ দিয়া কবির রুচি এবং প্রকৃতির গতি নির্দ্ধারিত হইতে পারে। কিন্তু জনসাধারণের কৌতূহলের সীমা নাই, তাঁহারা কেবল কাব্য আলোচনা করিয়াই পরিতৃপ্ত হইতে চাহেন না অথবা পারেন না। তাঁহারা যেন চাহেন অন্তরে বাহিরে সমগ্র মানুষটিকে জানিতে। অন্তর-দেবতা যাঁহার কাব্যে ধরা দিয়াছেন, সাংসারিক জীবনে, ব্যক্তিগত চরিত্রে মানুষ হিসাবে তিনি কেমন ছিলেন, না জানিতে পারিলে সাধারণে যেন স্বস্তি পান না। আবার উপযুক্ত উপকরণ না পাওয়া গেলেও তাঁহারা ক্ষতি বোধ করেন না। নিজেদের বিশ্বাসের অনুরূপ একটা মনগড়া ছবি খাড়া করিয়াই তৃপ্তিলাভ করেন। এ কৌতূহল ভাল কি মন্দ সে কথা বলিতেছি না, ইহা কবির কাব্যখানিকে বুঝিবার পক্ষে কোনোরূপ সহায়তা করে কিনা সে-কথারও আলোচনা করিতেছি না, আমাদের বলিবার উদ্দেশ্য, এ দেশের ইহাই ছিল সেকালের স্বভাবজাত অভ্যাস।

অবশ্য ইহাও সত্য যে আদর্শের সঙ্গে বাস্তবের মিলন, সংসারে ক্বচিৎ দেখিতে পাওয়া যায়। এই জন্যই আদর্শ যাঁহার বাস্তব-জীবনে মূর্ত্ত হইয়া উঠে, আমরা তাঁহাকে মহাপুরুষ বলিয়া অভিনন্দিত করি। কবিদের এ সম্বন্ধে বিশেষ সুনাম আছে বলিয়া মনে হয় না। সুতরাং

কাব্য ও জীবন মিলাইতে গেলে প্রায়শই হতাশ হইতে হয়। কিন্তু জীবনের সমগ্রতা কাব্যে সুপরিস্ফুট হইয়াছে, আবার সারা কাব্যখানি জীবনে মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে, এ হেন কবি-জীবন সংসারে সর্ব্বত্র সুলভ না হইলেও আমাদের মনে হয় বাঙ্গালায় তাহা দুর্লভ নহে। বাঙ্গালার বৈষ্ণব কবিদের অনেকের জীবন এই ভাবের সুন্দরতর উদাহরণ। কবি জয়দেবের জীবনও ইহার একটি সুন্দরতম দৃষ্টান্তস্থল। যদিও বৈজ্ঞানিক প্রণালীতে লিখিত কবি-জীবনের কোনো ইতিহাস নাই, তথাপি মনে হয় আজ পর্য্যন্ত প্রচলিত প্রবাদ-পরম্পরায় কবি-জীবনের যে একটি সুস্পষ্ট আলেখ্য চিত্রিত রহিয়াছে, তাহা হইতে বুঝিতে পারা যায়, দেশবাসী তাঁহার জীবন এবং কাব্যকে একরূপ অভিন্ন-ভাবেই গ্রহণ করিয়াছিলেন। তাই ভারতের এক অনতিবৃহৎ সম্প্রদায় কবির শ্রীগীতগোবিন্দ কাব্যখানিকে যেমন প্রেমধর্ম্মের সূত্র-গ্রন্থরূপে পূজা করিয়া থাকেন, কবি-জীবনকেও তেমনি সেই সূত্রেরই এক মধুরোজ্জ্বল ভাষ্যস্বরূপে পূজা দান করিতে কুণ্ঠিত হন না। আমরা এই সূত্রানুসরণে দেশপ্রচলিত তথা জয়দেব-চরিত্রে বর্ণিত দুই একটি প্রবাদের উল্লেখ ও তৎসম্বন্ধে আমাদের বক্তব্য বিবৃত করিতেছি।

কবিবিরচিত শ্রীগীতগোবিন্দ হইতে জানিতে পারা যায়, তাঁহার পিতার নাম ভোজদেব, মাতার নাম বামাদেবী, লিপিকর প্রমাদে রাধা বা রামা-দেবী, পত্নীর নাম পদ্মাবতী এবং জন্মভূমির নাম-কেন্দুবিল্ব। কবি পরা-শরাদি প্রিয়বন্ধু-কণ্ঠে শ্রীগীতগোবিন্দের কবিত্ব উপহার অর্পণ করিয়াছেন।

প্রথম সর্গের 'পদ্মাবতী-চরণ-চারণ-চক্রবর্ত্তী' এবং দশম সর্গের 'পদ্মাবতী-রমণ-জয়দেব কবি' এই দুইটি পদাংশ হইতে এবং ভক্ত-মালাদি গ্রন্থ হইতে ও প্রবাদ কাহিনী হইতে প্রতীয়মান হয় যে, পদ্মাবতী কবির পত্নীর নাম। শঙ্কর মিশ্র তাঁহার রসমঞ্জরী টীকায় উভয়ত্র এইরূপই ব্যাখ্যা করিয়াছেন। পূজারী গোস্বামী দশম সর্গোক্ত শ্লোকাংশের টীকায়

'তথা-নাম্নী জয়দেব পত্নী' এইরূপই লিখিয়াছেন। মুম্বই নির্ণয়-সাগর যন্ত্রের সংস্করণে এই দ্বিতীয় পদাংশের ভিন্ন পাঠ ধরা হইয়াছে। 'জয়তি জয়দেব কবি ভারতী ভূষিতম্'। কিন্তু তাহাতে ছন্দ পতন হয়। মেবারের রাণা কুম্ভ 'পদ্মাবতী চরণ চারণ চক্রবর্ত্তী' পদাংশের ব্যক্তিগত ব্যাখ্যার প্রতিবাদ করিয়া পদ্মাবতী অর্থে পদ্মহস্তা লক্ষ্মী লিখিয়াছেন। কবি নারায়ণ দাস তাঁহার সর্ব্বাঙ্গসুন্দরী টীকায় উদ্ধৃত দুইটি পদাংশ এবং একাদশ সর্গোক্ত "বিহিত পদ্মাবতী সুখসমাজে" পদাংশের ব্যাখ্যায় বলিয়াছেন, "তদেব মুখ্যবৃত্ত্যা পদ্মাবতী শব্দো লক্ষ্মীমাচষ্টে ছলা চ্চমৎকার-প্রিয়া-স্মরণ-মিত্যেতদেবাবস্থিতম্ যথা ভারবেঃ সর্গ-সমাপ্তৌ"। সুপ্রাচীন টীকাকার ধৃতিদাস বলিয়াছেন, 'পদ্মাবতী নাম জয়দেবস্য ভার্য্যা'। সুতরাং পদ্মাবতী যে জয়দেবের পত্নীর নাম এবিষয়ে সন্দেহের কোন কারণ নাই।

কবিতায় "কেন্দুবিল্ব সমুদ্র সম্ভব রোহিণী রমণ" এই বিশেষণ দেখিয়া কেহ কেহ বলেন কবির অপর এক পত্নী ছিলেন, তাঁহার নাম রোহিণী, কিন্তু প্রবাদ তাহা সমর্থন করে না। অন্যত্র আছে "জয়তি পদ্মাবতীরমণ জয়দেব কবি", সুতরাং পূর্ব্বোক্ত রোহিণী রমণ নাম কেন্দুবিল্ব সমুদ্রের সঙ্গে উপমার সাদৃশ্য মাত্র বলিয়াই মনে হয়। কেহ কেহ বলেন রোহিণী পদ্মাবতীরই অপর নাম। সহজিয়াগণ বলেন রোহিণী কবির পরকীয়া।

"জয়দেব মহা কবি জগতে পূজিত।
কৃষ্ণ লীলা রস স্বাদু রসেতে ভূষিত॥
পদ্মাবতী সহোদরা রোহিণী নামেতে।
তারে গুরু কৈল (গোসাঞী) রস আস্বাদিতে॥
তার বাক্য অনুসারে সেই সব জানি।
নহিলে জানিব কোথা অতি ক্ষুদ্র প্রাণী॥

তথাহি—'কেন্দুবিল্ব-সমুদ্র-সম্ভব-রোহিণী রমণেন—'

"কেন্দুবিল্ব গ্রাম আমার সমুদ্র সমানা।

সমুদ্র সম্ভব চন্দ্র তৈছে সম জানা ॥
রোহিণী নামেতে হয় চন্দ্রের বনি ত
রোহিণী রমণ আমি হই গুপ্ত কথা ॥

(বীরভূম দেয়াশ গ্রামের 'ক্ষ্যাপামায়ের' আখড়ায় প্রাপ্ত খণ্ডিত পুঁথি)।

বন্ধুবর ডকটর শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় "শ্রীজয়দেব কবি" প্রবন্ধে লিখিয়াছেন :—"গীতগোবিন্দ রচয়িতা কবি শ্রীজয়দেব সংস্কৃত সাহিত্যের অন্যতম প্রধান কবি এবং সংস্কৃত ভাষায় সর্ব্বাপেক্ষা মধুর গীতিকবিতার কবি বলিয়া তিনি সর্ব্ববাদী সম্মতিক্রমে সম্মানিত হইয়া আছেন। সংস্কৃত ভাষায় শ্রেষ্ঠ প্রাচীন কবিগণের নাম উল্লেখ করিতে হইলে সহজেই তাঁহার নাম আসিয়া পড়ে,—অশ্বঘোস, ভাস, কালিদাস, ভর্ত্তৃহরি, ভারবি, ভবভূতি, মাঘ, ক্ষেমেন্দ্র, সোমদেব, বিহ্লন, শ্রীহর্ষ, জয়দেব। বাস্তবিক নিখিল ভারত ব্যাপিয়া যাহাদের যশ বিস্তৃত, সেই শ্রেণীর প্রধান সংস্কৃত কবিদের মধ্যে জয়দেবকে অন্তিম কবি বলিতে হয়। এক মহাকবি কালিদাসের ভারতব্যাপী প্রভাবের সঙ্গেই জয়দেবের প্রভাব তুলিত হইতে পারে। জয়দেবের গীতগোবিন্দ কাব্যখানি কবির পরবর্ত্তী কালের ভারতীয় সাহিত্যে অনেকখানি স্থান অধিকার করিয়া আছে।

মানুষের ধর্ম্ম-জীবনে অনুপ্রেরণা আনিবার সৌভাগ্য ভারতের অল্প সংখ্যক কবির ভাগ্যে ঘটিয়াছিল। ব্যাস ও বাল্মীকি এবং কতকটা কালিদাস ভিন্ন আর কোনও কবি এইভাবে সাহিত্যেতিহাসের দৃঢ় পার্থিব ভূমি হইতে পুরাণ-সুলভ কাহিনীর ও মধ্যযুগের ধর্ম্ম সাধনার গগন-পথে উন্নীত হইতে পারেন নাই।

* * * *

একান্ত মনোহর ও হৃদয়গ্রাহী ভাবে গীতগোবিন্দ-কাব্যে দেব কাহিনী ও প্রেমগাথা ভক্তি-মার্গের সাধনরূপে হিন্দু সাংস্কৃতিক জাগরণের সেবায় মিলিত হয়। গীতগোবিন্দ রচনায় শত বৎসর মধ্যে সুদূর গুজরাটে

পাটন বা অণহিলবাড়া নগরে প্রাপ্ত সংবৎ ১৩৪৮ তারিখের এক সংস্কৃত লেখের মঙ্গলাচরণ শ্লোকরূপে ইহা হইতে একটি শ্লোক উদ্ধৃত হইয়াছিল। বাঙ্গালাদেশে ও উড়িষ্যায় যেমন, তেমনই গুজরাট ও রাজপুতানায় এবং উত্তর পাঞ্জাবের গিরি দেশে ও উত্তর ভারতের বিশাল সমতল ভূভাগে সর্ব্বত্র গীতগোবিন্দ জনপ্রিয় কাব্য হইয়া উঠে।" ("ভারতবর্ষ, শ্রাবণ ১৩৫০)।"

সংস্কৃত সাহিত্যে অপর দুইজন জয়দেবের উল্লেখ পাই। একজন জয়দেব ছন্দ সূত্রের রচয়িতা। হর্ষট আটশত শকাব্দায় ইঁহার গ্রন্থের একটি টীকা প্রণয়ন করিয়াছেন। এবং আলঙ্কারিক অভিনব গুপ্ত (নবম শকাব্দা) ইঁহার নাম উল্লেখ করিয়াছেন। ইনি গীতগোবিন্দ রচয়িতা কবি জয়দেবের পূর্ব্ববর্ত্তী।*

দ্বিতীয় জয়দেব 'প্রসন্ন রাঘব' নাটক ও চন্দ্রালোক অলঙ্কার প্রণেতা। ইঁহার পিতার নাম মহাদেব, মাতার নাম সুমিত্রা। গুরুর নাম হরি মিশ্র, ইঁহার উপাধি ছিল পীযূষবর্ষ। ১১৭৯ শকাব্দায় রচিত কাশ্মীরের কবি জহ্লনের সূক্তিমুক্তাবলী গ্রন্থে প্রসন্ন রাঘবের শ্লোক উদ্ধৃত আছে। ইনি কৌণ্ডিন্য গোত্র সম্ভূত। চন্দ্রালোক অলঙ্কারে ইঁহার পরিচয় এইরূপ—

"পীযূষবর্ষ-প্রভবং চন্দ্রালোক-মনোহরম্।
সদানিধানমাসাদ্য শ্রদ্ধয়া বিবুধামুদাম্॥
জয়ন্তি যাজক—শ্রীমন্মহাদেবাঙ্গজন্মনঃ।
সূক্তপীযূষবর্ষস্য জয়দেবকবের্গিরঃ॥"

ইঁহাকে গীতগোবিন্দ প্রণেতার সমসাময়িক বলিয়া মনে হয়।

---

* বীরভূম বিপ্রটীকরি নিবাসী স্নেহাস্পদ শ্রীমান অমূল্যরতন মুখোপাধ্যায় বিদ্যাবিনোদের পাঠাগারে—মহামহোপাধ্যায় শ্রীজয়দেব মিশ্র বিরচিত 'শব্দপরিচ্ছেদ আলোক' নামে একটি পুঁথি আছে। পুথিখানির পত্রাঙ্ক ১৪৮। ল, সং ৪২৮ পৌষস্যাদি নবমীরবৌ মধরধরা গ্রামে মহা মহা সুপ্রতিষ্ঠ ভট্টাচার্য্য শ্রীবিষ্ণুশর্ম্ম নামাজ্ঞয়া লিখিতং শমিতি।

খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীর শেষের দিকে শিখগুরু অর্জ্জুন সংকলিত গ্রন্থসাহেবে জয়দেব ভণিতাযুক্ত দুইটি কবিতা পাওয়া যায়। এ জয়দেবের কোনো পরিচয় পাওয়া যায় না। কবিতা দুইটি ও তাহার ব্যাখ্যা ডাঃ শ্রীসুনীতিকুমারের প্রবন্ধ হইতে উদ্ধৃত হইল।

১। শ্রীজৈদেব-জীউ কা পদা (রাগ গুজরী)॥

পরমাদি পুরুখ মনোপিমং সতি আদি ভাব-রতং।
পরমদ্ভুতং পরক্রিতিপরং জদি চিন্তিসরব-গতং ॥১॥
রহাউ—
কেবল রাম-নাম মনোরমং বদি অম্রিত-তত-মঈতং।
ন দনোতি জসমরণেন জনম-জরাধি-মরণ-ভইঅং।
ইছসি জমাদি-পরাভয়ং জসু স্বসতি সুক্রিতি ক্রিতং।
ভব-ভূত-ভাব সমব্যিঅং পরমং পরসন্ন মিদং ॥২॥
লোভাদি দ্রিসটি পরগ্রিহং জদি বিধি আচরণং।
তজি সকল দুহক্রিত দুরমতী ভজু চক্রধর-সরণং ॥৩॥
হরি-ভগত নিজ নিহকেবলা রিদ করমণা বচসা।
জোগেন কিং জগেন কিং দানেন কিং তপসা ॥৪॥
গোবিন্দ গোবিন্দেতি জপি নরসকল-সিধি-পদং।
জৈদেব আইউ তস সফুটং ভব-ভূত-সরব-গতং ॥৫॥

এই পদটি E. Trumpp কর্ত্তৃক ১৮৭৯ খৃষ্টাব্দে Munich মুনিক্ নগরের বাভারীয় রাজকীয় বিজ্ঞান-পরিষদের দর্শন-সাহিত্যেতিহাস শাখার কার্য্যবিবরণীতে জরমানভাষায় অনূদিত ও ব্যাখ্যাত হইয়াছিল। ইহার ভাষা বিকৃত সংস্কৃত, কেবল মাঝে মাঝে (বিশেষতঃ শেষ শ্লোকে) ভাষা বা অপভ্রংশের শব্দ দুই চারিটি আছে। পদটি মূলে অপভ্রংশ বা প্রাচীন

বাঙ্গালায় লিখিত হইয়া থাকিতে পারে, পরে ইহার সংস্কৃতীকরণের চেষ্টা হয় ; এই সংস্কৃত রূপান্তরে যে বাঙ্গালাদেশের (অথবা পূর্ব্ব ভারতের) উচ্চারণ অনুসৃত হইয়াছিল, তাহা অনুমিত হয়। অসম্পূর্ণ গুরুমুখী বর্ণমালায় নীত হওয়ার কালে আরও বিকৃতি ঘটে। এই পদের সংস্কৃত ছায়া এইরূপ হইবে—

পরমাদি পুরুষম্ অনুপমং সদ্-আদি-ভাবরতম্।
পরমাদ্ভুতম্ প্রকৃতি পরং যদ্ (=যম্) অচিন্ত্যং সর্ব্বগতম্ ॥১॥
রহা উ (=ধুয়া)—
কেবলং রামনাম মনোরমং বদ অমৃত-তত্ত্বময়ম্।
ন দুনোতি যৎ স্মরণেন জন্ম জরাধি মরণ ভয়ম্ ॥
ইচ্ছসি যমাদিপরাভবং, যশঃ, স্বস্তি, সুকৃত কৃতং
(=সুকৃতং কুরু)
ভবভূত ভাবসমব্যয়ম্ পরমং প্রসন্নম ইদম্ (অথবা
মিদ, মিদু—মুদু=মৃদু ? Trumpp-এর ব্যাখ্যা)।
লোভাদি-দৃষ্টি-পরগৃহং যদ্ অবিধি-আচরণম্।
ত্যজ সকল—দুষ্কৃতং দুর্মতিম্, ভজ চক্রধর-শরণম্ ॥
হরি ভক্তিঃ নিজা নিষ্কেবলা—হৃদা কর্মণা বচসা।
যোগেন কিং, যজ্ঞেন কিং, দানেন কিং [কিং] তপসা ॥
গোবিন্দ গোবিন্দেতি জপ, নর, সকল-সিদ্ধি-পদম্।
জয়দেবঃ আয়াতঃ তস্য স্ফুটম্—ভব-ভূত-সর্ব-গতম্ ॥

পদটির সাধারণ অর্থ গ্রহণে কোনও কঠিনতা নাই, যদিও ভাব ও ভাষা উভয়ের একটা অসামঞ্জস্য স্থলে স্থলে বিদ্যমান। এই ভাবসমূহের অসামঞ্জস্য এবং ভাষার আড়ষ্টতা দেখিয়া এই পদের মূল রূপকে অপভ্রংশ

বা প্রাচীন বাঙ্গালায় রচিত বলিয়া ধরিতে ইচ্ছা হয়। ভাষা এখানে ভাবের সম্পূর্ণ অনুগামী নয়।

২। বাণী জৈদেব জীউকী (রাগ মারূ) ॥

চন্দ সত ভেদিয়া নাদ সত পূরিয়া সূর সত খোড়সা দত্তু কীয়া।
অবল বল তোড়িয়া, অচল চল থপ্পিয়া, অঘড় ঘড়িয়া, তহাঁ আপিউ

মন আদি গুণ আদি বখাণিয়া।
তেরী দুবিধা দ্রিস্‌টি সম্মানিয়া॥ রহাউ॥

অর্ধ-কৌ অরধিয়া, সর্ধি-কৌ সরধিয়া, সলল-কৌ সললি সম্মানি আয়া।
বদতি জৈদেব জৈদেব-কৌ রম্মিয়া, ব্রহ্ম-নির্বাণ লিবলীণ পায়া॥

এই পদটির ভাষা, ঠিক অপভ্রংশ নহে, ইহাকে মিশ্র অপভ্রংশ মিশ্র ভাষা বলা যাইতে পারে; হয় তো ইহা মূলে প্রাচীন বাঙ্গালা ছিল। এখানেও সংস্কৃত (অর্ধ তৎসম) শব্দগুলির বানান প্রাচ্য-ভারতের সংস্কৃত উচ্চারণের অনুসারী। **E. Trumpp** এই পদটির অনুবাদ করেন নাই, তাঁহার অসম্পূর্ণ গ্রন্থ সাহেবের অনুবাদেও ইহা নাই। **Macauliffe**-এর অনুবাদ ও ভাই বিসন সিংহ গ্যানী রচিত পাঞ্জাবী ভাষা "ভগত বাণী" অনুসরণ করিয়া এই পদের বঙ্গানুবাদ দিতেছি—

চন্দ্রকে (অর্থাৎ ঈড়া বা বাম নাসারন্ধ্রকে) সত্ত (অর্থাৎ প্রাণবায়ু) দ্বারা ভেদ করিয়াছি [অর্থাৎ আমি প্রাণায়ামের পূরক করিয়াছি]; সত্ত (অর্থাৎ প্রাণবায়ু) দ্বারা নাদ (অর্থাৎ সুষুম্না অর্থাৎ নাসিকার ভিতর দুই নাসারন্ধ্রের উপরি ভাগের মধ্যস্থ স্থান পূরিয়াছি [অর্থাৎ কুম্ভক-যোগ করিয়াছি]; সত্ত বা প্রাণবায়ুকে সূর (অর্থাৎ সূর্য্য বা পিঙ্গলা নামে দক্ষিণ নাসারন্ধ্র) দ্বারা আমি বাহির করিয়া দিয়াছি

("দত্ত্ব কীয়া"=দত্ত করিয়াছি) [অর্থাৎ আমি রেচক দ্বারা নিঃশ্বাস ত্যাগ করিয়া প্রাণায়াম পূর্ণ করিয়াছি] ষোলবার ("খোড়সা" অর্থাৎ প্রত্যেক পূরক, কুম্ভক ও রেচক কালে ষোড়শবার প্রণব বা ওঁ-কার উচ্চারণ করিয়া এইভাবে প্রাণায়াম করিয়াছি।)

অবল বা বলহীন (যে এই ভঙ্গুর দেহপিণ্ড), ইহার বল ভগ্ন করা হইয়াছে, ("তোড়িয়া"=তোড়া হইয়াছে) ; চল অর্থাৎ চঞ্চল (যে মন, তাহাকে) অচলে (অব্যয় ব্রহ্মে) স্থাপিত করা হইয়াছে ; অঘটিত (মন) কে ঘটিত বা সুগঠিত করা হইয়াছে ; তদনন্তর অমৃত ("আপিউ"= অপ্পিউ=অব্বিউ=অম্বি অউ=অম্বিঅ=অম্বিত=অম্রিত=অমৃত) পীত হইয়াছে ॥

(যে ব্রহ্ম) মনেরও আদিতে এবং (সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন) গুণেরও আদিতে, তাহার ব্যাখ্যান করিয়াছি। তোমার দ্বিবিধা দৃষ্টি (অর্থাৎ ব্রহ্ম ও জীবে ভেদদর্শন) অবলুপ্ত হইয়াছে (সম্মানিয়া—সামাইয়া গিয়াছে, প্রবেশ করিয়াছে, বিলুপ্ত হইয়া গিয়াছে।) ॥ ধুয়া ॥

আরাধ্যকে আরাধিত করা হইয়াছে ; শ্রদ্ধী (বা শ্রদ্ধার পাত্র) কে শ্রদ্ধা করা হইয়াছে ; সলিলকে সলিলে প্রবেশ করানো হইয়াছে (সামানো হইয়াছে)। জয়দেব বলে জয়যুক্ত দেবে (অর্থাৎ পরমেশ্বরে) রমণ করা হইয়াছে ; ব্রহ্মনির্ব্বাণ লইয়া ("লিব"), আমি লীন পাইয়াছি (=লীন হইয়া গিয়াছি) ॥ ২ ॥

জয়দেবের এই বাণী বা ভাষা পদটি হইতেছে যোগমার্গের পদ। খ্রীষ্টীয় ১০০০-এর ওদিকে এবং এদিকে সহস্র বৎসরের অধিক কাল ধরিয়া এই যোগ সাধনার কথায় ভারতীয় সাহিত্য বিশেষ করিয়া আধ্যাত্মিক কথার সাহিত্য ভরপুর। ধর্ম্ম সাধনার পথে ভক্তিমার্গ ও যোগমার্গ এই দুই পথ অপক্ষপাতের সহিত প্রায় সমস্ত সম্প্রদায়েরই উপজীব্য হইয়া উঠিয়াছিল, খ্রীষ্টীয় ১০০০-এর পূর্ব্ব হইতেই। যোগ সাধনার কথা ঊড়া

পিঙ্গলা সুষুম্না ও ব্রহ্ম সাক্ষাৎকার বা ব্রহ্মে লীন হওয়ার কথা সম্প্রদায় নির্ব্বিশেষে প্রায় সমস্ত ব্রাহ্মণ্য ধর্ম্মাবলম্বী ধর্ম্মমতের কথা। যোগমার্গের কথা ওদিকে যেমন মহাযান বৌদ্ধ মতের সহজিয়া সম্প্রদায়ের সাহিত্যের মধ্যে পরিব্যাপ্ত, (প্রাচীন বাঙ্গালা চর্য্যাপদ হইতে ইহা দেখা যায়) তেমনই এদিকে নাথপন্থ প্রভৃতি শৈব সম্প্রদায়ে, কবীর প্রমুখ সন্ত বা নবীন মতের সাধুদের সম্প্রদায়ে, শিখ সম্প্রদায়ে এবং বৈষ্ণবাদি ভক্তিবাদী অন্য সম্প্রদায়েও অল্প বিস্তর প্রবলভাবে বিদ্যমান। জয়দেব পরবর্ত্তীকালের রামাওতী, গৌড়ীয়, বল্লভাচারী প্রভৃতি সাম্প্রদায়িক ধরণের বৈষ্ণব ছিলেন না। তিনি সম্ভবত পঞ্চোপাসক স্মার্ত্ত ব্রাহ্মণই ছিলেন। তাঁহার রচিত পদে পূরক কুম্ভক রেচক সাধন ও ব্রহ্ম নির্ব্বাণ লাভ করার কথা থাকা কিছু বিচিত্র নহে।*

এইবার প্রবাদের উল্লেখ করিতেছি। ১ম প্রবাদ—দক্ষিণদেশীয় এক ব্রাহ্মণ দম্পতী বহুদিন অনপত্য থাকিয়া নিতান্ত সন্তপ্তচিত্তে শ্রীধাম পুরুষোত্তমে আসিয়া শ্রীজগন্নাথদেবের নিকট প্রার্থনা করেন, আমাদের পুত্র জন্মিলে তাহাকে আপনার সেবকরূপে এবং কন্যা জন্মিলে আপনার সেবিকারূপে চিরতরে দান করিব। এই ঘটনার দ্বাদশ বৎসর পরে কন্যা পদ্মাবতীকে লইয়া শ্রীজগন্নাথদেবের করে সমর্পণ মানসে ব্রাহ্মণদম্পতী পুরীধামে উপস্থিত হন। নীলাচলনাথ তাঁহাদিগকে স্বপ্নাদেশ দেন, তোমরা কেন্দুবিল্বে গিয়া আমার অংশস্বরূপ ব্রাহ্মণ জয়দেবের করে কন্যাসম্প্রদান কর। বনমালী দাস লিখিয়াছেন—

জগন্নাথ বলিলেন—

“তাহারে দেখিয়া মনে ঘৃণা না করিবে।
যেমত আমাকে জান তেমতি জানিবে॥”

“সে দান আমিই গ্রহণ করিব, তোমরাও অঋণী হইবে।” ব্রাহ্মণ-

* (ডাঃ সুনীতিকুমারের প্রবন্ধ, ভারতবর্ষ, শ্রাবণ ১৩৫০)

দম্পতী এই আদেশ পাইয়া কেন্দুবিল্বে আসেন এবং জয়দেবের সহিত পদ্মাবতীর বিবাহ হয়।

২য় প্রবাদ—কবির নিত্যকার্য্য ছিল—শ্রীরাধামাধবের পূজার জন্য—

"রাত্রি শেষে উঠি মঙ্গল আরতি করিয়া।
প্রাতঃকালে সুকুসুম আনেন তুলিয়া॥
পদ্মাবতী নানারঙ্গে গাঁথে ফুলহার।
গীতগোবিন্দ রচে প্রভু কৃষ্ণলীলাসার॥

*　　*　　*　　*

প্রহরেক পর্য্যন্ত যায় গ্রন্থের বর্ণনে।
তারপর গঙ্গাতীরে যান গঙ্গাস্নানে॥

স্নানের পর দেবসেবা ও ভোগসমাপনান্তে প্রসাদ গ্রহণ করেন এবং আবার গীতগোবিন্দ লিখিতে বসেন। এইরূপে 'স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং' পর্য্যন্ত লিখিয়া লেখনী থামিয়া গেল। কবির সংশয়—

"কৃষ্ণ চাহে পাদপদ্ম মস্তকে ধরিতে।
কেমনে লিখিব ইহা বিস্ময় এই চিতে॥"

গ্রন্থে ডোর পড়িল, কবি গঙ্গাস্নানে গেলেন। এদিকে ভক্তবৎসল ভগবান্ স্বয়ং জয়দেবরূপে আসিয়া গ্রন্থে নিজের হাতে কবির অভিপ্রেত "দেহি পদপল্লবমুদারম্" লিখিয়া কবিতার পাদপূরণ করিয়া দিলেন। শুধু তাই নয়, পদ্মাবতীর বিশ্বাসের জন্য নিত্য অনুষ্ঠিত দেবসেবাদি নিয়মিত কার্য্য সমাপনপূর্ব্বক ভোজনান্তে শয়ন-গৃহে গিয়া শয্যাগ্রহণ করিলেন। পদ্মাবতী প্রভুর পাদসংবাহনান্তে রন্ধনশালায় আসিয়া প্রসাদান্ন লইয়া আহারে বসিয়াছেন, এমন সময় কবি স্নানের পর গৃহে ফিরিলেন। উভয়েরই বিস্ময়ের অবধি নাই; কথায় কথায় সমস্ত রহস্য প্রকাশ হইয়া পড়িল। তখন—

"এক চিত্তে গ্রন্থপাত খুলিলা ঠাকুর।
অর্দ্ধ কলি ছিল পদ হইয়াছে পূর॥

অৰ্দ্ধ কলি কৈলা পদ জয়দেব সার।
কৃষ্ণ হস্তে "দেহি পদপল্লবমুদার" ॥
পাদপূর্ণ দেখি মনে হইলা প্রত্যয়।
কৃষ্ণ পূর্ণ কৈলা মোর মনের আশয় ॥
শয়নে আছেন প্রভু মনে অভিপ্রায়।
মন্দির ভিতর শীঘ্র দেখিবারে যায় ॥
কৃষ্ণ অঙ্গ পরিমলে পালঙ্ক পূরিল।
মনোহর সুগন্ধেতে নাসিকা মাতিল ॥
শয়নের চিহ্ন সব দেখিল শয্যাতে।
শয্যামাত্র আছে কৃষ্ণ না পায় দেখিতে ॥"

কবি তখন আনন্দে পদ্মাবতীর ভুক্তাবশিষ্ট লইয়া কৃতার্থ হইলেন।

আর প্রবাদের উল্লেখ করিয়া পুঁথি বাড়াইব না। সংস্কৃত এবং হিন্দী ভক্তমালে এইরূপ প্রবাদই সংগৃহীত আছে। সুদূর রাজপুতানায় বসিয়া নাভাজী এই ভাবেরই কথা লিখিয়াছেন। শ্রীমৎ কৃষ্ণদাস বাবাজী নাভাজীর অনুবাদে লিখিতেছেন—

"এবে কহি শ্রীল জয়দেবের চরিত্র।
শ্রবণসুখদ আর পরমপবিত্র ॥
কেন্দুবিল্ব নামে গ্রাম সাগর হইতে।
শ্রীমান্ জয়দেব দ্বিজ হইলা বিদিতে ॥
শ্রীল পুরুষোত্তম মহাকাশ গিয়া।
বন্ধুত্ব করিলা অন্ত পূর্ণচন্দ্র পায়্যা ॥
উভয় প্রণয় বলে ভেট দোঁহে করে।
পুরুষোত্তমচন্দ্র দিলা শ্রীরত্ন সাদরে ॥
জয়দেবচন্দ্র নিজ বন্ধুর চরিত।
বর্ণন করিলা করিয়া মোহিত ॥"

এইবার দেখিব এই সমস্ত প্রবাদের কোনোরূপ অর্থ-সঙ্গতি খুঁজিয়া পাওয়া যায় কি না। প্রবাদে জয়দেবকে জগন্নাথদেবের অংশ বলা হইয়াছে, এখন দেখিতে হইবে জগন্নাথকে বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণের কোন্ ভাবের প্রতীকরূপে গ্রহণ করিয়াছেন। প্রেমাবতার শ্রীচৈতন্যচন্দ্রের শ্রীমুখ-বাক্য—

যবে দেখি জগন্নাথ সুভদ্রা বলাই সাথ
তবে জানি আইনু কুরুক্ষেত্র।
হেরি পদ্মলোচন সফল হইল জীবন
জুড়াইল তনু মন নেত্র ॥

শ্রীজগন্নাথদেবকে দর্শন করিলে বৈষ্ণব হৃদয়ে ভগবদৈশ্বর্য্যের স্মৃতিই জাগরিত হয়। জগন্নাথকে দেখিয়া মনে পড়ে, শ্রীমন্মহাপ্রভু রথাগ্রে নৃত্য করিতে করিতে গাহিতেছেন—(শ্লোকটি প্রাচীন কবি রচিত, কেহ কেহ বলেন শিলাভট্টারিকা ইহার প্রণেত্রী)

"যঃ কৌমারহরঃ স এব হি বরস্তা এব চৈত্রক্ষপা-
স্তে চোন্মীলিতমালতীসুরভয়ঃ প্রৌঢ়াঃ কদম্বানিলাঃ।
সা চৈবাস্মি তথাপি তত্র সুরতব্যাপারলীলাবিধৌ
রেবারোধসি বেতসীতরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে ॥"

মনে পড়ে অন্তরঙ্গ ভক্ত শ্রীরূপ এই শ্লোকের ব্যাখ্যায় একটি শ্লোক রচনা করিয়াছিলেন—

"প্রিয়ঃ সোহয়ং কৃষ্ণঃ সহচরি কুরুক্ষেত্রমিলিত—
স্তথাহং সা রাধা তদিদমুভয়োঃ সঙ্গমসুখম্।
তথাপ্যন্তঃখেলন্মধুরমুরলী পঞ্চমজুষে
মনো মে কালিন্দীপুলিনবিপিনায় স্পৃহয়তি ॥"

শ্রীমদ্ভাগবতে এই কুরুক্ষেত্র-মিলনের বর্ণনা আছে—"সূর্য্যগ্রহণ; তাই তীর্থস্নানের জন্য শ্রীকৃষ্ণ দ্বারকা হইতে কুরুক্ষেত্রে আগমন করিয়াছেন। সঙ্গে উগ্রসেন-বসুদেব-বলদেব-সনাথ পরাক্রান্ত যদুবীরগণ আছেন, জননী দেবকী এবং মহিষী রুক্মিণ্যাদিসহ পুরনারীগণ আছেন। এতদ্ভিন্ন অগণিত করি-তুরগ-পদাতি-পরিবেষ্টিত সংখ্যাভূয়িষ্ঠ সুসজ্জিত স্যন্দন প্রভৃতি লইয়া তিনি রাজোচিত আড়ম্বরেই আসিয়াছেন! আবার সাক্ষাৎ প্রার্থনায় সমাগত ভোজ, মৎস্য, কুরু, পাঞ্চাল প্রভৃতি নরনাথ-বৃন্দ,—তাঁহাদের সঙ্গেও মর্য্যাদার অনুরূপ সৈন্যবাহিনী। সুবিস্তীর্ণ স্যমন্ত-পঞ্চকে যেন তিলধারণের স্থান নাই। সংবাদ শ্রীধাম বৃন্দাবনে পৌছিয়াছে, হৃদয়েশ্বরকে দেখিবার জন্য গোপী-যূথপরিবৃতা শ্রীমতী ভানুনন্দিনী, প্রাণ কানাইকে দেখিবার জন্য শ্রীদামাদি রাখালগণ এবং নয়নপুত্তলী ননী-চোরকে দেখিবার জন্য গোপরাজ নন্দ ও জননী যশোমতি কুরুক্ষেত্রে আসিয়া উপস্থিত হইয়াছেন। কিন্তু শ্রীকৃষ্ণ কোথায়,—ব্রজের সেই নয়নানন্দ! "ইহ হাতী ঘোড়া রথ মনুষ্য গহন" এখানে তো শ্রীকৃষ্ণকে দেখিয়া তৃপ্তি হইতেছে না। শ্রীমতীর মনে পড়িয়া গেল আনন্দের শতস্মৃতিবিজড়িত যমুনার কাল জল, আর তারই তীরে পুষ্পিত নিকুঞ্জবন নীপতরুতল! রাখালগণের নয়নসমক্ষে ভাসিয়া উঠিল,—উন্মুক্ত আকাশ-তলে প্রকৃতির সেই আনন্দকানন, দিগন্তবিস্তৃত শ্যাম-শষ্পক্ষেত্র,—গোষ্ঠভূমি! আর জননী যশোমতির অশ্রুসিক্ত আঁখি খুঁজিতে লাগিল,—ব্রজভূমির নিরালা নিকেতনের কক্ষকুট্টিম! সেই কৃষ্ণ, সেই সাক্ষাৎ, সেই মিলন। কিন্তু দর্শনে সে তৃপ্তি কই, মিলনে সে আনন্দ কই? দেখা হইল, কিন্তু সে দেখায় এ দেখায় পার্থক্য কত! মাধুর্য্যের স্বতঃউচ্ছ্বসিত অমৃতপ্রবাহ,—প্রকৃতির আনন্দনির্ঝর,—গিরিবক্ষ বহিয়া বনপথ ধরিয়া সাবলীল স্বচ্ছন্দ ধারায় যে অবাধ মুক্ত গতিতে ছুটিয়া যায়, কৃত্রিম উদ্যানের মণিমণ্ডিত অববাহিকায় তাহার সে আবেগ, সে

উচ্ছ্বাস, সে লীলায়িত ভঙ্গিমার স্থান কোথায়”? তাই মহাপ্রভু বলিয়াছিলেন—

“যবে দেখি জগন্নাথ সুভদ্রা বলাই সাথ
তবে জানি আইনু কুরুক্ষেত্র”

অর্থাৎ ভগবদুপাসনার দুইটি দিক্ আছে—একটি ঐশ্বর্য্যের অপরটি মাধুর্য্যের। উল্লিখিত প্রথম প্রবাদ আলোচনা করিলে মনে হয়—কবি জয়দেব প্রথম জীবনে ঐশ্বর্য্যের—বিধিমার্গের উপাসক ছিলেন, এবং সেই ভাব হইতে সাধনার ক্রমবিকাশে রাগের পথে তিনি মাধুর্য্যের ব্রজকুঞ্জে প্রবেশলাভ করিয়াছিলেন। অন্ততঃ কবির কাব্য পাঠে তো এইরূপই উপলব্ধি হয়। শ্রীগীতগোবিন্দে ঐশ্বর্য্য হইতে আরম্ভ করিয়া রসের ক্রমপরিপুষ্টিতে কিরূপে মাধুর্য্যের উৎকর্ষ বর্ণিত হইয়াছে এবং সে রসপরিপুষ্টি যে কবি-হৃদয়ের অনুভূতি-প্রত্যক্ষ পরম সত্যের কবিত্ব-ময় বিকাশ, রসজ্ঞ পাঠক মাত্রেই তাহা অবগত আছেন। শ্রীগীত-গোবিন্দের আরম্ভ ভাগে দশাবতার স্তোত্রে এবং ‘শ্রিতকমলাকুচমণ্ডল’ সঙ্গীতটিতে শ্রীকৃষ্ণের এই ঐশ্বর্য্যস্বরূপই প্রকাশিত হইয়াছে। দশাবতার স্তোত্রে শ্রীকৃষ্ণ সর্ব্বাবতারের কেন্দ্ররূপে বর্ণিত হইয়াছেন। কবি বন্দনা করিতেছেন “দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ।” টীকাকার পূজারী গোস্বামী বলিতেছেন—এই দশটি অবতার দশটি রসের অধিষ্ঠাতা, আর সর্ব্ব অবতারের অবতরী শ্রীকৃষ্ণ,—তিনিই সকল রসের আদি অথবা আদিরসের আকর। বৈষ্ণব আলঙ্কারিকের মতে মধুর রস বা আদিরস সকল রসের শ্রেষ্ঠ, এবং শ্রীকৃষ্ণ সেই আদি-রসের মূর্ত্তিমান্ বিগ্রহ। টীকাকার পূজারী গোস্বামীর মতে মৎস্য অবতার বীভৎসরসের, কূর্ম্ম অদ্ভুতরসের, বরাহ ভয়ানকরসের, নৃসিংহ বৎসলরসের, বামন সখ্যরসের, পরশুরাম রৌদ্ররসের, শ্রীরাম করুণরসের, বলরাম হাস্যরসের, বুদ্ধ শান্তরসের এবং কল্কি বীররসের অধিষ্ঠাতৃরূপে

বর্ণিত হইয়াছেন। শ্রীমদ্ভাগবতে দশম স্কন্ধে "মল্লানামশনি" শ্লোকে এই দশটি রসের অধিষ্ঠাতৃত্ব শ্রীকৃষ্ণেই প্রতিষ্ঠিত রহিয়াছে।

শ্রিতকমলাকুচমণ্ডল সঙ্গীতটিও ঐশ্বর্য্যদ্যোতক, কারণ তাহার মধ্যে একবারও শ্রীরাধার নাম উল্লিখিত হয় নাই, আদ্যবন্তে শ্রীর নামই কীর্ত্তিত হইয়াছে। পুত্র, ভ্রাতা, পতি, বন্ধু প্রভৃতি রূপে মানবের আদর্শ-বিগ্রহ শ্রীরামচন্দ্রের এবং তৎপরেই লক্ষ্মীপতির বর্ণনায় কবি বলিতেছেন—

"জনকসুতাকৃতভূষণ জিতদূষণ সমরশমিতদশকণ্ঠ
অভিনবজলধরসুন্দর ধৃতমন্দর শ্রীমুখচন্দ্রচকোর"

হে জানকীকৃত-ভূষণ, দূষণ-বিজয়ি, তুমি সমরে দশাননকে শাসন করিয়াছিলে! হে সুন্দর, সমুদ্রমন্থনকালে মন্দর ধারণ করিয়া তুমিই অমৃতের হেতু হইয়াছিলে। কিন্তু দেবগণকে অমৃত দান করিয়া নিজে সমুদ্র-সম্ভবা লক্ষ্মীকে গ্রহণ করিয়াছ, এবং রমার মুখচন্দ্রেই সেই অমৃতের সন্ধান পাইয়া ঐ মুখামৃতই পান করিতেছ, কিন্তু তাহাতেও তৃপ্ত না হইয়া সেই অমৃতায়মান মুখচন্দ্রকে হৃদয়ে ধারণ করিয়া এখন অভিনব জলধর-রূপে শোভা পাইতেছ।

কবি শ্রীরাধার প্রেমের উৎকর্ষ দেখাইবার জন্য শ্রী ও সীতার প্রসঙ্গে শ্রীকৃষ্ণের নায়কত্বের দুইটি দিক্ প্রদর্শন করিয়াছেন। সীতারামের প্রণয় দাম্পত্য-প্রণয়ের শ্রেষ্ঠ দৃষ্টান্তস্থল, লক্ষ্মী-নারায়ণের প্রণয়কাহিনীও পুরাণ-প্রসিদ্ধ। কিন্তু রাধাকৃষ্ণের প্রণয় আরো গুরু, আরো গাঢ়, আরো মধুর—তাহার তুলনা হয় না। টীকাকার বলিতেছেন—এই সঙ্গীতে ধীরললিত, ধীরশান্ত, ধীরোদ্ধত এবং ধীরোদাত্ত নায়কের লক্ষণ বর্ণিত হইয়াছে। কিন্তু ধীরললিত নায়ক শ্রেষ্ঠ বলিয়া আদি ও অন্তে তিনি শ্রীপতিরূপেই উল্লিখিত হইয়াছেন। শ্রীগীত-গোবিন্দের বর্ণিত বিষয় বাসন্তরাসের সঙ্গে ইহার পার্থক্য সহজেই উপলব্ধি হয়। লক্ষ্মীর রাসে অধিকার ছিল না।

শ্রীমদ্ভাগবত বলেন—সৌন্দর্য্যসম্পদের অধিষ্ঠাত্রী শ্রী দেবীও গোপীপ্রেমের আকাঙ্ক্ষা করিতেন। সুতরাং বুঝিতে পারা যাইতেছে কবি এই দুইটি সঙ্গীতে ঐশ্বর্য্যের পরিপূর্ণ বর্ণনার ক্ষেত্র প্রস্তুত করিয়া লইয়াছেন—এইবার ধীরে মাধুর্য্যের রাজ্যে অগ্রসর হইবেন। কারণ শ্রীকৃষ্ণ কেবল ধীরললিতই নহেন, তাহাতে নায়কের সকল গুণই বর্ত্তমান আছে, তিনিই সকল নায়কের শিরোভূষণ, শ্রীমতী রাধাঠাকুরাণী নায়িকাকুল-শিরোমণি। শ্রী শব্দে রাধা অর্থ ধরিয়া বৈষ্ণবাচার্য্যগণ এই পদের অনুরূপ অর্থ করিয়া থাকেন। পূজারী গোস্বামীর টীকা দ্রষ্টব্য।

২য় প্রবাদ হইতেও আমাদের পূর্ব্বোক্ত অনুমানই সমর্থিত হয়। কবি 'দেহি পদপল্লবমুদারম্' লিখিতে কুণ্ঠিত হইয়াছিলেন। শ্রীমতীর পাদপদ্ম তিনি কিরূপে শ্রীকৃষ্ণের মস্তকে অর্পণ করাইবেন এই সঙ্কোচে তাঁহার হৃদয় দ্বিধাদ্বন্দ্বে আন্দোলিত হইয়াছিল। শ্রীভগবানের ঐশ্বর্য্যের ভাব তিনি তখনো ভুলিতে পারেন নাই, পারিলে তাঁহার মনে এরূপ সন্দেহের অবকাশই আসিত না। সংশয় জাগিয়াছিল—কারণ জীবন ও কাব্য তাঁহার অঙ্গাঙ্গিভাবে জড়িত ছিল। সাধনার পথে তিনি যেমন কুঞ্জের পর কুঞ্জ অতিক্রম করিতেছিলেন, সাধনালব্ধ সত্যগুলিও তেমনি তাঁহার কাব্যে অভিব্যক্ত হইতেছিল। অবশেষে তাঁহার গভীরতর আর্ত্তিতে আকৃষ্ট হইয়া সাধনার ধন একদিন স্বয়ং আসিয়া জীবনের সকল সন্দেহ ভঞ্জন করিয়া দিয়াছিলেন।

কবি জয়দেব আপন দাম্পত্যপ্রেমের মধ্য দিয়া মানব-ভালবাসার শ্রেষ্ঠ, সার্থক ও সুন্দরতম পরিণতিরূপেই ভগবৎপ্রেম লাভ করিয়াছিলেন। পদ্মাবতীর প্রেমই তাঁহাকে অপ্রাকৃত কান্তাপ্রেমের প্রকৃত আস্বাদ দান করিয়াছিল। প্রবাদের মতে সাক্ষাদ্দর্শনের পরিবর্ত্তে তাই পদ্মাবতীর মধ্য দিয়াই তিনি সেই চির-রসময় পরমপ্রেম-স্বরূপের দিব্য অনুভূতি লাভ করিয়াছিলেন। আবার পদ্মাবতীর পতিপ্রেম এমনি প্রগাঢ়, এতই পবিত্র,

এমনি নিষ্ঠাপূর্ণ যে ভগবান্ তাঁহাকে জয়দেবরূপেই দর্শন দিয়া তাঁহার নারীত্বের সাধনাকে সার্থক করিয়াছিলেন। পতিপরায়ণা পতিরূপেই জগৎ-পতিকে লাভ করিয়া ধন্যা হইয়াছিলেন। কবিজীবনের এই সাধনার ইতিহাস তাঁহার দেশবাসী জানিতেন, বুঝিতেন বলিয়াই কবি তাঁহাদের নিকট জগন্নাথদেবের অংশরূপে পূজা প্রাপ্ত হইয়াছিলেন। আজিও বাঙ্গালার বহু নরনারী কবিকে সেই চক্ষেই দেখিয়া থাকেন।

শ্রীগীতগোবিন্দ আলোচনা করিয়া পরকীয়াভাবের পরিস্ফুট স্বরূপ উপলব্ধ হয় না। নয়ন সমক্ষে ভাসিয়া উঠে একটি আপন ভোলা প্রণয়ি-দম্পতির মধুময় চিত্র। সে চিত্র মর্ত্ত্যের নহে, সে চিত্র জীবনের নিবিড়তর অনুভূতির সুন্দরতম বর্ণবিন্যাসে কবি-কল্পলোকের কান্ত-আলোকে সত্য-সৌন্দর্য্যে সদা-সমুজ্জ্বল। কবিবিরচিত এই গোবিন্দ-সঙ্গীত পড়িতে পড়িতে হৃদয়ে অজয়তীরবর্ত্তী একটি নিরালা নিকুঞ্জের সুস্পষ্ট প্রতিবিম্ব প্রতিভাত হইয়া উঠে। কুঞ্জের অপূর্ব্ব সৌন্দর্য্যের মাঝে দেখিতে পাই প্রেম-মাতোয়ারা কবিদম্পতি—জয়দেব ও পদ্মাবতী। অনুরাগ, অভিমান, বিরহ, মিলনের অপরূপ ঘাতপ্রতিঘাতে দম্পতিজীবন প্রণয়লীলার মধুময় ভঙ্গিমায় নিত্য নবরঙ্গে তরঙ্গায়িত হইয়া উঠিতেছে, আর সেই লহরীমালা শ্রীগীতগোবিন্দের ছন্দে শ্লোকে লীলায়িত হইতেছে, আকার পরিগ্রহ করিতেছে।

কিন্তু পরক্ষণেই চাহিয়া দেখি কোথায় অজয়—এ যে কালিন্দী! পদ্মাবতীর নয়নকজ্জলে জল কখন কাল হইয়া গিয়াছে। কেন্দুবিল্ব কোথায়—এতো বৃন্দাবন! জয়দেব-সরস্বতীর মধুর কোমলকান্ত পদাবলী এতো নয়,—এ যে সেই ভুবনমোহন শ্রবণ মনোরসায়ন সুধাসুমধুর মুরলীনিঃস্বন! কবি-দম্পতিকে কোথায় হারাইয়া ফেলি—দেখি কুঞ্জে কুঞ্জে শ্রীরাধাকৃষ্ণের অপ্রাকৃত লীলাভিনয়! দেখিতে দেখিতে অশ্রুতে নয়ন ভরিয়া উঠে, দৃষ্টি নিষ্প্রভ হইয়া যায়। মনে হয় মেঘে আকাশ ছাইয়া ফেলিয়াছে, তমাল তরুনিকরে শ্যামায়মান বনভূমি ধীরে ধীরে গাঢ়

হইতে গাঢ়তর এক স্নিগ্ধ কৃষ্ণতায় আত্মগোপন করিতেছে,—আর সেই সৌগন্ধেভরা অন্ধকার বনপথে কে যেন গাহিয়া ফিরিতেছে—

"* * নন্দনিদেশতশ্চলিতয়োঃপ্রত্যধ্বকুঞ্জদ্রুমং
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃকেলয়ঃ"

৫

কাব্য কথা

অপ্রাকৃত প্রেম, অপরিসীম করুণা, অমানুষী প্রতিভা, অসাধারণ শাস্ত্রার্থজ্ঞান, অমায়িক চরিত্রমাধুর্য্য, অলৌকিক রূপ,—অপরূপ লাবণ্য-বল্লরীর লীলায়িত বন্ধনে বন্দী হইয়া একদিন বাঙ্গালায় মূর্ত্তি পরিগ্রহ করিয়াছিল। কিঞ্চিদধিক সার্দ্ধ চারিশত বৎসর পূর্ব্বে বসন্তের এক পূর্ণিমাপ্রদোষে বাঙ্গালীর জাতীয়-জীবনকে ধন্য করিয়া তাহার ভাগ্যাকাশে মূর্ত্ত প্রেমবিগ্রহ শ্রীগৌরাঙ্গচন্দ্র উদিত হইয়াছিলেন। সে প্রেম, সে করুণা, সে বিনয়, সে তেজ,সে কোমলতা, সে দার্ঢ্য, যে কোনো জাতির সহস্রাব্দের ইতিহাসে বারেকের জন্যও একাধারে সম্মিলিত হইলে জাতি কৃতার্থ হইয়া যায়। চৈতন্যচন্দ্রের পবিত্র জীবনকথা—বাঙালীর এই দিব্যাবদান—জগতের ইতিহাসের এক গৌরবান্বিত অধ্যায়।

স্নেহময়ী স্থবিরা জননী, প্রেমময়ী যুবতী ভার্য্যা, অনুরক্ত নবদ্বীপবাসী স্বজন,—সকলের মায়াডোর ছিন্ন করিয়া চব্বিশ বৎসর বয়সে শ্রীগৌরাঙ্গদেব সন্ন্যাস গ্রহণ করেন। পরবর্ত্তী ছয় বৎসরকাল তীর্থ পর্য্যটনাদিতে অতিবাহিত হয়, অবশিষ্ট দ্বাদশ বৎসরকাল তিনি পুরীধামে অবস্থিতি করিয়াছিলেন। পুরুষোত্তমে রাজগুরু কাশীমিশ্রের আবাস বাটীর যে ক্ষুদ্র

কক্ষ তাঁহার বাসের জন্য নির্দ্দিষ্ট হইয়াছিল সাধারণতঃ তাহা গম্ভীরা নামে পরিচিত। এই আদর্শ সন্ন্যাসীর নীলাচলবাসের প্রাত্যহিক জীবনের অন্যতম নিত্যকর্ম্ম ছিল—

"চণ্ডিদাস বিদ্যাপতি রায়ের নাটক গীতি
কর্ণামৃত শ্রীগীতগোবিন্দ
স্বরূপ রামানন্দ সনে মহাপ্রভু রাত্রি দিনে
গায় শুনে পরম আনন্দ ॥"

চণ্ডিদাস ও বিদ্যাপতির পদাবলী, রায় রামানন্দের জগন্নাথবল্লভ নাটক, বিল্বমঙ্গলের কৃষ্ণকর্ণামৃত এবং কবি জয়দেবের গীতগোবিন্দ গ্রন্থ শ্রীমন্মহাপ্রভুর নিত্য পাঠ্য ছিল। তিনি শ্রীপাদ স্বরূপ-দামোদর এবং রায় রামানন্দের সঙ্গে গম্ভীরার গুপ্তকক্ষে এই গ্রন্থগুলি আলোচনা করিতেন —আস্বাদন করিতেন। শ্রীপাদ স্বরূপ-দামোদরের রসজ্ঞতা সম্বন্ধে প্রসিদ্ধি আছে যে তিনি দেখিয়া না দিলে, অনুমোদন না করিলে মহাপ্রভু কোনো গ্রন্থ পাঠ করিতেন না! রামানন্দ রায়ও বৈষ্ণব জগতে তত্ত্বজ্ঞানী, নিষ্ঠাবান্ সুরসিক ভক্ত বলিয়া পরিচিত। শ্রীগীতগোবিন্দ আলোচনার পূর্ব্বে আমাদের এই কথা কয়টি মনে রাখা আবশ্যক।

আমরা শ্রীমন্মহাপ্রভু, শ্রীপাদ স্বরূপ-দামোদর ও শ্রীযুক্ত রামানন্দ রায়ের দোহাই পাড়িয়া কাহারো মুখ বন্ধ করিতে চাহিতেছি না। মাত্র স্মরণ করাইয়া দিতে চাহি যে এ জগতে অধিকার ভেদ বলিয়া একটা কথা আছে, অধিকারী না হইলে কাহারো কোনো বিষয়ে হস্তক্ষেপ করা উচিত নহে। আবার অধিকার জন্মিলেই যে হঠাৎ একটা কিছু করিয়া বসিতে হইবে এমনও কোনো কথা নাই। অগ্রসর হইবার পূর্ব্বে সে সম্বন্ধে পূর্ব্ববর্ত্তিগণ কোনো পন্থা নির্দ্দেশ করিয়া গিয়াছেন কি না অনুসন্ধান লওয়া উচিত। আমাদের বিশ্বাস কাব্যালোচনারও অধিকার অর্জ্জন করিতে হয়। বিশেষতঃ শ্রীগীতগোবিন্দের ন্যায় কাব্যের—ভারতের এক সুবৃহৎ সম্প্রদায়

যে কাব্যকে প্রেমধর্ম্মের সূত্রগ্রন্থরূপে পূজা করেন—এ হেন কাব্যের আলোচনা করিবার পূর্ব্বে একবার অতীতের প্রতি দৃষ্টি দেওয়া নিতান্ত আবশ্যক। অন্ততঃ মতপ্রকাশের পূর্ব্বে এই সম্বন্ধীয় দায়িত্বের কথাটাও ভাবিয়া দেখা কর্ত্তব্য। ধর্ম্ম কখনো মিথ্যাকে ধরিয়া গড়িয়া উঠিতে পারে না। তাহার দুই চারিটি বাহ্য আচার-ব্যবহারের কথা অবশ্য ধর্ত্তব্যের মধ্যে নহে। কিন্তু মূলে প্রত্যেক ধর্ম্মই সত্যোপেত, সে সত্যের স্বরূপ বুঝিতে হইলে—আদি-দ্রষ্টার দৃষ্টিভঙ্গীকে এবং তাহার পরবর্ত্তী আচার্য্যগণের অনুভূতির ধারাকে উপেক্ষা করিলে চলিবে না। সত্য যাহা তাহা চিরন্তন, তাহা বিশ্বজনীন, কিন্তু দেশ কাল পাত্র ভেদে তাহার প্রকাশের ভঙ্গী ও বিকাশের ধারা বৈচিত্র্যপূর্ণ ও রহস্যময়। সে রহস্যের মর্ম্মোদ্ভেদ করিতে হইলে তত্ত্বান্বেষীকে সম্প্রদায়ের ভূমিতে আসিয়া দাঁড়াইতেই হইবে। এতদ্ভিন্ন সাধারণ ভাবেও কি প্রাচীন কি আধুনিক যে কোনো কাব্য-আলোচনার জন্য সাধনা ও শক্তির প্রয়োজনীয়তা অস্বীকার করাযায় না। নূতন কিছু বলার একটা মোহ থাকিতে পারে, কিন্তু তাহার নূতনত্ব কয়দিন থাকে তাহাই ভাবিবার কথা। হৃদয় এবং মনের যে বিশেষ অবস্থা, যে প্রসন্নোজ্জ্বল চিত্ততা কাব্য-আলোচনার পক্ষে অনুকূল, সমালোচক হইলেই তাহার অধিকারী হওয়া যায় না। রস এবং ভাব আস্বাদনের বস্তু, অনুভবগম্য। এই আস্বাদন, এই অনুভব, সকলের সৌভাগ্যে ঘটে না। দাক্ষিণাত্যের গোদাবরীতীরে সাধ্যসাধন-নির্ণয়ে রসজ্ঞতা ও দার্শনিকতার, কবিত্ব ও ভাবুকতার অপূর্ব্ব নিকষে শ্রীগীতগোবিন্দের যে পরীক্ষা হইয়া গিয়াছে, ইহার প্রকৃত মূল্য নির্দ্ধারণে আমরা তাহাই যথেষ্ট বলিয়া মনে করি।

জয়দেব গোস্বামী নিজেও এই অধিকারবাদের কথা তুলিয়াছেন। তিনি বলিয়াছেন—

"যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতূহলম্।

মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীম্ ।”

অর্থাৎ যদি হরিস্মরণে মন সরস করিতে চাও, যদি তাঁহার বিলাস-কলা জানিবার কৌতুহল থাকে, তবে জয়দেব বাণী মধুর-কোমলকান্ত পদাবলী শ্রবণ কর।

শ্লোকে যেমন অধিকার ভেদের কথা আছে, তেমনই অধিকারীর কর্ত্তব্যের—আচরণেরও ইঙ্গিত আছে। নবাঙ্গ ভক্তির প্রথম তিনটির প্রতিই কবির বিশেষ লক্ষ্য ছিল। এই শ্লোকে শ্রবণ ও স্মরণের প্রাধান্য দেওয়া হইয়াছে, এবং শ্রীগীতগোবিন্দে কীর্ত্তনের কথাও আছে। কবি বলিয়াছেন এই সঙ্গীত কৃষ্ণার্পিত চিত্ত ভক্তগণের কণ্ঠতটে অবিরাম অধিষ্ঠিত থাকুক। সমগ্র গীতগোবিন্দ আলোচনা করিয়া মনে হয় ধ্যানে ধ্রুবাস্মৃতিই তাঁহার চরম এবং পরম কাম্য ছিল।

অনেকে বলেন কাব্য কোনো উদ্দেশ্যমূলক হইতেই পারে না। আমরা এই মতবাদ ঠিকমত বুঝিতে পারি না। আনন্দ দান কবির মুখ্য উদ্দেশ্য ইহা নিশ্চিত, কিন্তু সেই আনন্দদানের জন্য কবি যে পথ গ্রহণ করিবেন, তাহা যে কোনো উদ্দেশ্যমূলক হইতে পারিবে না এমন কিছু নিশ্চয়তা আছে কি? কবি যে দেশে এবং সমাজে জন্মগ্রহণ করিয়া থাকেন, সেই দেশের এবং সমাজের লোককে আনন্দদানই তাঁহার কাব্য-রচনার মুখ্য উদ্দেশ্য বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে। অবশ্য নিরবধি-কাল এবং বিপুলা পৃথিবীর আনুগত্যও যে তিনি স্মরণে রাখেন না, এমন কথা আমরা বলি না। আমাদের বলিবার কথা এই যে বর্ত্তমানও কবির উপেক্ষার বস্তু নহে। যাঁহারা ভবিষ্যতের মুখ চাহিয়াই কাব্য লিখিয়া থাকেন, বর্ত্তমানে তাঁহাদেরও উৎসাহদাতা অন্ততঃ দুই চারি জনেরও অভাব হয় না। কালের অগ্রবর্ত্তী এইরূপ অতি অল্পসংখ্যক লোকও না থাকিলে আলোকলতার মত কোনো কাব্যেরই সৃষ্টি হইতে

পারে না। এইজন্যই কোনো কাব্যের বিচার করিতে হইলে কবির কাল অর্থাৎ তাঁহার পারিপার্শ্বিককে উপেক্ষা করা চলে না। অতীতের ঐতিহ্য এবং বর্ত্তমান প্রতিবেশের আবেষ্টন দুই-ই কবির উপর সমান প্রভাব বিস্তার করে। সুতরাং তিনি কোন্ শ্রেণীর লোককে আনন্দ দিবার জন্য কোন্ পথ অবলম্বন করিয়াছেন তাহারও বিচার করিতে হয়। জাতির জীবন-সঙ্গীতের ঐক্যতানে কণ্ঠ মিলাইয়া কোনো উচ্চতর গ্রামে সুর বাঁধিয়া দেওয়াও কবির কার্য্য। সাময়িক ভাবের উপর কাব্যের প্রতিষ্ঠা করিয়া যে কবি সমাজকে উচ্চতম আদর্শ দান করেন তিনিও পূজা পাইবার যোগ্য।

শ্রীরাধাকৃষ্ণকে কেবল কাব্যের নায়িকা ও নায়করূপেই নহে, নিজের উপাস্য ও পরদেবতারূপে গ্রহণ পূর্ব্বক কবি জয়দেব এই যে এক নূতন পথের প্রবর্ত্তন করিয়াছিলেন, ইহার প্রেরণা তিনি যেখান হইতে বা যাঁহার নিকট হইতেই পাইয়া থাকুন, মূলে নিশ্চিত ইহার একটা উদ্দেশ্য ছিল। কবির সময়ে দেশের অধিকাংশ নরনারীর মানসিক অবস্থাসম্বন্ধে সেকশুভোদয়া প্রভৃতি গ্রন্থ হইতে জানিতে পারি—প্রকাশ্য দিবালোকে নদীয়ার রাজপথ তখন বারাঙ্গনাগণের নূপুরনিক্কণে ধ্বনিত হইত। সুরধুনীর পুলিন-পরিসর নাগরনাগরীগণের কামকথা-সংলাপে মুখরিত থাকিত। সুতরাং বুঝিতে পারা যায় ইন্দ্রিয়বিলাসের এই সর্ব্বনাশিনী আসক্তি হইতে, অতি ইহসর্ব্বস্ববাদের এই ক্লেদসিক্ত ভোগভুজগীর বিষ-নিঃশ্বাস হইতে মুক্তিদানের আশাতেই দেশে তিনি ঐ নূতন সঙ্গীতের ধ্বনি তুলিয়াছিলেন। মনে করিয়াছিলেন নাগিনী তাঁহার গানে ভুলিয়া ফণা গুটাইয়া আপন পাতাল পুরীতে প্রস্থান করিবে, আর তাহার কলুষিত বিষ দংশন হইতে পরিত্রাণ পাইয়া এই কান্ত-কোমল-মধুর পদাবলীর অমৃতধারা পানে বাঙ্গালী নর-নারী চির অমরতা লাভে ধন্য হইবে। শ্রীগীতগোবিন্দে প্রত্যেক গানের শেষে কবি এই উদ্দেশ্যই ব্যক্ত

করিয়াছেন। প্রথম সর্গেই কবি বলিতেছেন—শ্রীজয়দেবভণিতমিদমুদয়তি হরিচরণ-স্মৃতিসারম্। সরস-বসন্তসময়বনবর্ণনমনুগতমদনবিকারম্। কবি সরস বসন্তে বনানী-সৌন্দর্য্যের বর্ণনা করিয়াছেন, অনুগত মদন বিকারের কথাও বিস্মৃত হন নাই। কিন্তু সে সমস্তই "উদয়তি হরিচরণস্মৃতিসারং" —তাঁহাকেই স্মরণ করাইয়া দিবার জন্য যিনি বিশ্বশরণ! অখিলের নিখিল সৌন্দর্য্য যাঁহার অঙ্গদ্যুতি, প্রকৃতির রূপে যদি তাঁহারই স্মৃতি জাগরিত করিয়া না দিবে, বিশ্বের মাঝে বিশ্বেশ্বরের অনুভূতি বিকশিত করিয়া না তুলিবে, তবে সে সৌন্দর্য্যের সার্থকতা কোথায়? সৌন্দর্য্যে হৃদয় উল্লসিত হইয়াছে, মন চঞ্চল হইয়া উঠিয়াছে, ইহাকে বিকার বলিতে পার; ভাবমাত্রেই তো বিকার,—"নির্ব্বিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথম-বিক্রিয়া"—কিন্তু এ বিকার তাঁহারই জন্য যিনি "সাক্ষাৎমন্মথমন্মথঃ।" কামনা বটে, তবে রূপে রসে গানে গন্ধে বিশ্বে বিলসিত বিশ্বেশ্বরেরই সেবা করিবার কামনা। ইহাই রস-স্বরূপের উপাসনা, আনন্দময়ের আরাধনা, ভাবগ্রাহীর ভাবনা। গীতগোবিন্দকে যাঁহারা অশ্লীল বলেন তাঁহাদিগকে কবির সময়ের দেশের পূর্ব্বোক্ত অবস্থা স্মরণ করিতে বলি। আরো বলি যে তাঁহাদের কাছে যাহা অশ্লীল, অপর বহু জনের কাছে তাহাই পরম পবিত্ররূপে প্রতিভাত হইয়াছে। তদ্ভিন্ন শ্লীল-অশ্লীলতার বিচার করিতে হইলে একথাটাও মনে রাখা আবশ্যক যে অশ্লীলতাই এ কাব্যের প্রেরণা আনে নাই। যে বিশিষ্ট প্রেরণা কবিকে কাব্যপ্রণয়নে উদ্বুদ্ধ করিয়াছে, তাহার প্রকাশ ভঙ্গীকে যদিই বা কোন স্থানে অশ্লীল বলিয়া মনে হয়, তাহা ধর্ত্তব্যের মধ্যে নহে। কেহ কেহ সম্ভোগের কথা তুলিয়া বলেন ভগবানের আবার সম্ভোগ বর্ণনা কেন? আমরা বলি এটা একটা প্রাচীন প্রথা। কালিদাস হরপার্ব্বতীকে জগতের জনকজননীরূপে বন্দনা করিয়া তাঁহাদেরও তো সম্ভোগের বর্ণনা দিয়াছেন। প্রাকৃত হউক আর অপ্রাকৃত হউক নায়ক নায়িকার কথা বলিতে হইলেই সে কালের অনেক কবি সম্ভোগ-

বর্ণনা না করাকে কাব্যের একটা অঙ্গহানি বলিয়াই মনে করিতেন। আমাদের মনে হয় কবির উদ্দেশ্য যদি অসৎ না হয়, তাহা হইলে এই সম্ভোগবর্ণনাকেও দূষণীয় বলা শুধু অসঙ্গত নহে, অন্যায়। কবি জয়দেবের উদ্দেশ্য যে সৎ ও মহৎ ছিল সে বিষয়ে সন্দেহ করিবার কোনো কারণ নাই। সঙ্গীতের শেষ চরণে ভণিতায় তাঁহার ব্যাকুল প্রার্থনা এবং সর্গশেষে আশীর্ব্বচনে মানব সমাজের কল্যাণ কামনায় তাঁহার আকুল আগ্রহ দেখিয়াও কি অনুমান করা যায় না, যে এই সৌন্দর্য্যোপাসক কবি কত বড় উচ্চ মন এবং কত পবিত্র উদার হৃদয় লইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন ?

অনেকে বলেন শ্রীগীতগোবিন্দের গান কয়েকটি মাত্র জয়দেব রচনা করিয়াছিলেন, অপরাপর শ্লোকগুলি পরে কেহ যোগ করিয়া দিয়াছে। এ অনুমানের কারণ শ্লোকগুলি কটমট এবং কয়েকটি পুনরুক্তিদোষ-দুষ্ট। কিন্তু ইহারই উপর নির্ভর করিয়া এতবড় কথা যাঁহারা বলেন, তাঁহারা পণ্ডিত হইলেও আমরা তাঁহাদের কথায় আস্থা স্থাপন করিতে পারি না। আমাদের অবিশ্বাসের প্রথম কারণ, প্রত্যেক টীকাকারই সমস্ত শ্লোকের ব্যাখ্যা করিয়াছেন। দ্বিতীয় কারণ, শ্লোকগুলি কটমট নহে। কবি জয়দেব প্রস্তাবনায় যে সন্দর্ভ-শুদ্ধির কথা বলিয়াছেন, শ্লোকগুলির রচনায় তাঁহার সে প্রতিজ্ঞা সার্থকতা লাভ করিয়াছে। তিনি অতি কৌশলে শার্দ্দূলবিক্রীড়িত, উপেন্দ্রবজ্রা, শিখরিণী, পুষ্পিতাগ্রা ইত্যাদি ছন্দে নানাবিধ শ্লোক রচনা করিয়া দেখাইয়াছেন যে কোনো রীতির রচনাতেই তিনি অসমর্থ নহেন।

তৃতীয় কারণ, গানগুলির যোগসূত্র হিসাবে বর্ণিত বিষয়কে পরিস্ফুট করিবার জন্য এই সমস্ত শ্লোকের সম্পূর্ণ আবশ্যকতা ছিল। সে কালের গানের পদ্ধতির সঙ্গে যাঁহাদের পরিচয় আছে, তাঁহারাই জানেন এই ধরণের শ্লোকে বক্তব্য বিষয়ের বিবৃতি এবং পারম্পর্য্যরক্ষা তখনকার

দিনের গানের একটা প্রধান অঙ্গ। আজিও কবি, মনসামঙ্গল, রামায়ণ, ধর্ম্মমঙ্গল, চণ্ডীমঙ্গল, কীর্ত্তন, শিবায়ন প্রভৃতি গানে এই প্রথাই প্রচলিত আছে। পুনরুক্তিদোষ দুই একটি শ্লোকে আছে বটে কিন্তু তাহা অতি সামান্য। চতুর্থ কারণ, এই সমস্ত শ্লোকে বিশ্বাস অনুযায়ী শ্রীরাধাকৃষ্ণসম্বন্ধে কবি আপন মত অতি সুস্পষ্ট ও বিশদভাবে ব্যক্ত করিয়া গিয়াছেন। এ কালের সুপ্রতিষ্ঠিত বৈষ্ণবমতবাদের সঙ্গে কবির কোনো কোনো সিদ্ধান্তের মিল দেখিয়া তাঁহার গৌরব লাঘবের জন্য শ্লোকগুলিকে প্রক্ষিপ্ত বলায় বক্তার গৌরব বৃদ্ধি হয় না। অনেকেই জানেন গৌড়ীয় বৈষ্ণবধর্ম্মের কয়েকটি সিদ্ধান্ত শ্রীজয়দেব হইতে গৃহীত হইয়াছে, এবং বৈষ্ণবগণ শ্রীগীতগোবিন্দ গ্রন্থখানিকে শ্রীমদ্ভাগবতের কবিত্বময় ভাষ্য বলিয়াই মনে করেন।

পঞ্চম কারণ, যে কোনো গ্রন্থকার গীতগোবিন্দ হইতে উদাহরণ সংগ্রহ করিয়াছেন, তিনি এই শ্লোকগুলিই উদ্ধৃত করিয়াছেন, কোনো গ্রন্থেই গানগুলি উদ্ধৃত হয় নাই। সদুক্তিকর্ণামৃতে গীতগোবিন্দের পাঁচটি শ্লোক পাওয়া যায় পূর্ব্বেই তাহার উল্লেখ করিয়াছি। সদুক্তিকর্ণামৃত লক্ষ্মণসেনের সময়ে সংকলিত হইয়াছিল। সুতরাং শ্রীগীতগোবিন্দের সমস্ত শ্লোকই যে জয়দেব বিরচিত, সে বিষয়ে সংশয়ের কোন অবকাশ নাই।

কেহ কেহ বলেন, জয়দেবের গানগুলি প্রথমে দেশীয় ভাষায় রচিত হয়, পরে কেহ সংস্কৃত করিয়া লইয়াছে। এই সন্দেহের কারণ "পদাবলী" শব্দটি সংস্কৃত নহে। এই শব্দটি কবি যদি দেশীয় ভাষা হইতে গ্রহণ করিয়া থাকেন, তাহার জন্য সমগ্র গানগুলি কেন দেশীয় ভাষার গণ্ডীভুক্ত হইবে, এ যুক্তি বুঝিতে পারা যায় না। হইতে পারে কবি দেশীয় ও সংস্কৃত উভয় ভাষাতেই পণ্ডিত ছিলেন, সুতরাং তাঁহার রচিত সংস্কৃত গানে দেশীয় ভাষার কিছু প্রভাব পড়িয়াছে। মোটের উপর এই

সমস্ত মত অতিরিক্ত পাণ্ডিত্যের নেতিবাদের ঔদ্ধত্য ভিন্ন অপর কিছু নহে।

এই বিষয়ে সুরসিক এবং সুপণ্ডিত অধ্যাপক বন্ধুবর ডক্টর শ্রীযুক্ত সুশীলকুমার দের লিখিত মন্তব্য উদ্ধৃত করিতেছি।

"শুধু ভাব বা কথাবস্তুর দিক হইতে দেখিলে জয়দেবের গীতগোবিন্দে বিশেষ নূতনত্ব আছে বলিয়া মনে হইবে না। পূর্ব্বরাগ হইতে মিলন পর্য্যন্ত প্রেমের যাহা কিছু ভাব ও লীলা তাহার সরস চিত্র পূর্ব্বগামী সংস্কৃত সাহিত্যে প্রচুর পরিমাণে রহিয়াছে। জয়দেব তাঁহার কাব্যে এমন কোন বিচিত্র ভাব বা অবস্থার বর্ণনা করেন নাই, যাহা পূর্ব্ববর্ত্তী কবিগণের কাব্যে বর্ণিত হয় নাই। রাধাকৃষ্ণের বিলাস লীলাও সংস্কৃত কাব্যে নূতন নহে। কিন্তু মূল বিষয়টি অথবা ইহার আনুষঙ্গিক ভাবরাজি পুরাণকার বা প্রাচীন কবিগণের নিকট হইতে নিপুণভাবে আহৃত হইলেও জয়দেবের কাব্যের রসরূপটি তাঁহার নিজস্ব। কেবলমাত্র ভাব বা প্রতিপাদ্য বিষয়ে তাঁহার রচনার উৎকর্ষ নহে। এ সকল চিরাগত ভাব বা সর্ব্বসাধারণ বিষয়টিকে তিনি যে বিশিষ্ট আকার ও ভঙ্গিমা দিয়াছেন তাহাই তাঁহার কাব্যের বৈশিষ্ট্য। ইহা সত্য যে জয়দেবের কাব্যের বহিরঙ্গ রূপটিই সর্ব্বাগ্রে চক্ষে প্রতিভাত হয়। ইহার শব্দ অর্থ ভাষা ছন্দ, এক কথায় গঠন শিল্পের চমৎকারিতা পাঠকের মনকে সহসা চমকিত ও আনন্দিত করিয়া তোলে, ভাব গ্রহণের অপেক্ষাও রাখে না। কিন্তু ইহার অন্তর্গত ভাব ও বহিরঙ্গ-রূপ এই উভয়েরই সমষ্টি বা সমগ্রতা লইয়াই কবির কাব্য-প্রতিভার বিকাশ। ইহাকেই আমরা তাঁহার কাব্যের ভঙ্গিমা বা রস রূপ বলিতেছি।

শুধু শিল্পী হিসাবে জয়দেবের কৃতিত্ব এত অসাধারণ যে অনেক সময় তাঁহার শিল্পনৈপুণ্যকে তাঁহার কবি প্রতিভার সর্ব্বস্ব বলিয়া ধরা কিছু অস্বাভাবিক নহে। কবিকল্পনার প্রাচুর্য্যের সহিত প্রকৃত শিল্পীর সংযম

বা অর্থের পরস্পর সাপেক্ষ সার্থকতা, শব্দময় আলেখ্য লিখনে দক্ষতা, ধ্বনি বৈচিত্র্য, ছন্দঃস্বাচ্ছন্দ্য, পদলালিত্য ও গীতি মাধুর্য্য তাঁহার কাব্যকে একটি অপূর্ব্ব সৌন্দর্য্যে মণ্ডিত করিয়াছে। জয়দেবের কাব্যকলায় বৈচিত্র্য-লীলার স্ফূর্ত্তি ও চমৎকারিত্ব থাকিলেও সামর্থ্যের স্বেচ্ছাচার বা প্রাগল্‌ভ্য নাই, শিল্পনৈপুণ্যের সূক্ষ্মতা থাকিলেও অনর্থক আড়ম্বর বা কৃত্রিমতা নাই ; ইহার কান্ত কোমলতা ও স্বচ্ছন্দ গতি পাঠকের মনকে তন্ময় করিয়া দেয়। শব্দসম্পদে সংস্কৃত সাহিত্য সমৃদ্ধিশালী ; প্রাচীন কবিগণ যে অদ্ভুত শব্দবিন্যাস নৈপুণ্য দেখাইয়াছেন, তাহা কেবল সংস্কৃতের মত ভাষায় সম্ভবপর হইয়াছে। সংস্কৃত শব্দমাত্র-পরম্পরার যে অন্তর্লীন সৌন্দর্য্য ও মাধুর্য্য তাহার সহজ সুনিপুণ প্রয়োগে এতাদৃশ সংস্কৃত কাব্য সাহিত্যেও জয়দেবের মত শিল্পী কবি দুর্লভ। গীতগোবিন্দের অর্থগৌরব পৃথক বস্তু নহে, ইহা ইহার শব্দ-সৌন্দর্য্য ও ছন্দলালিত্য হইতে আপনি আসিয়াছে। কিন্তু নিখুঁত বহিরঙ্গ কারিগরীই জয়দেবের কাব্যসৃষ্টির সর্ব্বস্ব নহে, ও শুধু নিপুণ শিল্পী বলিয়া অভিহিত করিলেই তাঁহার কবি প্রতিভার সম্পূর্ণ পরিচয় দেওয়া হয় না। কারণ জয়দেবের এই স্বভাবসিদ্ধ শিল্প নৈপুণ্য তাঁহার ভাব ও কল্পনার অঙ্গমাত্র। তাঁহার ছন্দ ও শব্দ, বিষয় বস্তুর অনুগামী ; বাহির হইতে আরোপিত নহে, কেন্দ্রগত ভাব হইতে আপনি বিকশিত। জয়দেব সৌন্দর্য্য বিলাসী কবি, যে ধ্যান ও গীতি তাঁহার আত্মগত অনুভব ও প্রীতির রঙ্গে সুন্দর ও মধুর হইয়া তাঁহার কবি হৃদয়ে প্রতিভাত হইয়াছে, তাহাকে তিনি সম্পৃক্ত বাগর্থ পরম্পরায় অনুরূপ সুন্দর ও মধুর রূপ দিয়াছেন।

কারণ জয়দেব তাঁহার গীতগোবিন্দে কেবল তাঁহার ইষ্টদেবতার অপ্রাকৃত লীলা বর্ণন অথবা প্রাচীন কবিগণের মত প্রাকৃত প্রেম গাথা রচনা করেন নাই ; এই প্রেম ও লীলা যেরূপে তাঁহার অনুভূতির আলোকে ও কল্পনা দর্পণে প্রতিফলিত হইয়াছিল, সেই অপরূপ

রূপটি তিনি চিত্রে ও গানে ফুটাইয়া তুলিয়াছেন। সেই জন্যই তাঁহার রচনায় অপ্রাকৃতের সহিত প্রাকৃত, ভক্তির সহিত প্রীতি, কল্পনার সহিত অনুভূতি একাকারে মিশিয়া গিয়াছে। রাধাকৃষ্ণের যে চিরন্তন প্রেমলীলা তাঁহার প্রতিপাদ্য বিষয় তাহা শুধু কাহিনী মাত্র নহে, তাঁহার ও তাঁহার শ্রোতৃবর্গের নিকট তাহা বাস্তব জগতের বিচিত্র রূপে ও রসে প্রত্যক্ষ মূর্ত্তি ধারণ করিয়াছিল। সেইজন্য কবি শুধু ধ্যান ধারণার নিত্য বৃন্দাবন সৃষ্টি করেন নাই। তাহাকে কবি মানসের সুখ দুঃখ আকাঙ্ক্ষা ও অনুভূতির রসে অভিষিক্ত করিয়া অপূর্ব্ব বাস্তব সুষমায় মণ্ডিত করিয়াছেন। প্রাকৃত প্রেমলীলার প্রতিচ্ছবি রূপে অপ্রাকৃত বৃন্দাবন লীলা মানবোচিত ভাব ও ভাষায় উজ্জ্বল ও গীতিময় শব্দচিত্র পরম্পরায় সর্ব্ব সাধারণের অধিগম্য হইয়াছে। এই বাস্তব ও কল্পনার সংযোগ অতীন্দ্রিয় ও ইন্দ্রিয়গত ভাবের মিশ্রণই গীতগোবিন্দের অন্তর্গত কাব্য বস্তু। আদিরসের মত মানব হৃদয়ের একটি নিগূঢ় মধুর ও শক্তিশালী বৃত্তিকে ধর্ম্মসাধনার অঙ্গীভূত করিয়া অপরূপ দেবলীলাকে সুপরিচিত মানবলীলার যে নির্দ্দিষ্টরূপে চিত্রিত করা হইয়াছে, তাহা কেবল কৃষ্ণ লীলার মাধুর্য্য পিপাসু ভক্তের আদরের সামগ্রী নহে, কাব্যরস পিপাসু রসিক মাত্রেরই হৃদয়গ্রাহী। এখানে মর্ত্ত্য প্রেমের মধ্য দিয়াই অমর্ত্ত্য প্রেমের সাক্ষাৎকার হইয়াছে; "কবি মানব প্রেমের শ্রেষ্ঠ সার্থক ও সুন্দরতম পরিণতিরূপে" (ভূমিকা—৫৪পৃঃ) পরম রসময় ভগবৎ প্রেমের আস্বাদন লাভ করিয়াছেন। আপনার কামনার মধ্যেই আপনার সাধনাকে কবি পূর্ণাঙ্গ করিয়াছেন! সেইজন্য শুধু ধর্ম্মগ্রন্থ হিসাবে নহে কাব্যগ্রন্থ হিসাবেও গীতগোবিন্দের উৎকর্ষ। কবিহৃদয়ের একান্ত ও বাস্তব অনুভূতি, কবির অবাস্তব প্রেম ও সৌন্দর্য্য কল্পনাকে বাস্তব করিয়া তুলিয়াছে; সুতরাং পরোক্ষভাবে রাধাকৃষ্ণের অপ্রাকৃত বিলাস লীলা বর্ণিত হইলেও, প্রত্যক্ষভাবে ইহা "কবিজীবনের নিগূঢ়তম সুখ দুঃখের বর্ণবিন্যাসে ও সত্য সৌন্দর্য্যে সমুজ্জ্বল"

(ভূমিকা—৫২ পৃঃ)। সম্পাদক মহাশয়ও দেখাইয়াছেন যে কবির রাধা শুধু তাঁহার কল্পনা রূপিণী নহেন, তাঁহার জীবনের সমস্ত অনুভূতি ও প্রীতির বাস্তব লক্ষ্মী! এখানে মানবী হইতে দেবীকে পৃথক করা যায় না। পরিপূর্ণ প্রেম ও সৌন্দর্য্যের আদর্শকে কবি জীবনের কোন বিশিষ্ট বিগ্রহের মধ্যে অনুভব করিয়া, কল্পনালোকের অপরিমেয়তাকে জীবনের পরিমিত গণ্ডীর মধ্যে, অপার্থিবকে পার্থিব রূপ ও রসের সীমানায় লাভ করিতে চাহিয়াছেন। কারণ সকল প্রকৃত কবির মত তিনি বুঝিয়াছিলেন যে ইন্দ্রিয়গ্রাহ্য ক্ষুদ্র অনুভূতির উপরই অতীন্দ্রিয় জগতের বৃহত্তর শাশ্বত সত্য প্রতিষ্ঠিত। এই জন্য তাঁহার কাব্যের রসরূপটি সম্পূর্ণ কল্পনামূলক নহে, যিনি বাহির ভুবনে ও কায়া সৌন্দর্য্যে তাঁহার বাহুপাশে ধরা দিয়াছেন, তিনিই তাঁহার গানের আড়ালে ও ছায়া সৌন্দর্য্যে কল্পনারূপিণী হইয়া সাড়া দিয়াছেন। ভাব ও বস্তুর, স্বপ্ন ও সত্যের, অন্তর ও বাহিরের, বাস্তব ও অবাস্তবের এই স্পষ্ট ও অপূর্ব্ব সংমিশ্রণই গীতগোবিন্দ কাব্যের অন্তর্গত কাব্য-প্রেরণার মূলে রহিয়াছে। যদি গীতিপ্রাণতা ও আত্মগত ভাবনার দ্বারা বহির্গত জগৎকে আত্মসাৎ করা গীতি-কবিতার মূল লক্ষণ হয়, তবে জয়দেবের পদাবলীগুলি প্রকৃত গীতি-কবিতার উৎকৃষ্ট নিদর্শন।

এই হিসাবে বলা যাইতে পারে যে, জয়দেবের কাব্যে সংস্কৃত গীতি-কবিতার চরম উৎকর্ষ সাধিত হইয়াছিল। তথাপি ইহাতে লক্ষ্য করিবার বিষয় যে, জয়দেবের রচনাকে প্রাচীন সংস্কৃত-গীতি কবিতার কোনও বিশিষ্ট পর্য্যায়ে নিশ্চিতরূপে অন্তর্ভুক্ত করা যায় না। পূর্ব্বতন সংস্কৃত কাব্যের ভাষা, ভাব ও ছন্দ গ্রহণ করিলেও, প্রকৃতপক্ষে জয়দেব তাহাদিগকে নূতন প্রকারে ও ভঙ্গীতে প্রয়োগ করিয়াছেন; এবং তাঁহার সমস্ত কাব্যটিকে বাহির ওভিতর হইতে যে নূতন ও বিচিত্র রূপ দিয়াছেন, তাহা পূর্ব্ববর্ত্তী সংস্কৃত কাব্যের সম্পূর্ণ অনুযায়ী নহে,—বরং সম-সাময়িক

নবোদিত দেশীয় ভাষা ও সাহিত্যের অধিকতর অনুরূপ। বাহ্যতঃ নাটকের কিঞ্চিৎ আবরণ থাকিলেও জয়দেবের রচনা গীতিপ্রাণ ও গীতিসর্ব্বস্ব; ইহার গীতগোবিন্দ এই নামটিই তাহার নিদর্শন। কিন্তু মেঘদূত প্রভৃতি প্রাচীনতর গীতি-কবিতার সহিত ইহার সাদৃশ্য অতি অল্প। সর্গ বিভাগ হইতে উহাকে ঠিক কাব্য বলিয়াও ধরা যায় না। কারণ সর্গবদ্ধ কাব্যের বিশিষ্ট লক্ষণগুলি ইহাতে নাই বলিলেও চলে। অন্য দিকে আবার গীতগোবিন্দকে ঠিক দেশীয় গীতিনাট্য শ্রেণীর রচনাও বলা যায় না। ভাব প্রবণতায় ও গীতিবাহুল্যে দেশীয় গীতাভিনয়ের সহিত সাদৃশ্য থাকিলেও প্রাচীন কৃষ্ণ যাত্রাদির সহিত ইহার যথেষ্ট পার্থক্যও রহিয়াছে। ইহার নাট্যবস্তু যৎসামান্য, এবং যাত্রাদির মত ইহা সাময়িক প্রেরণায় রচিত হইয়াছিল বলিয়া মনে হয় না। উৎসবাদিতে জনসাধারণের চিত্তবিনোদনের জন্য লিখিত ও ব্যবহৃত হইলেও ইহা নিপুণ শিল্পীর স্বেচ্ছাকৃত লিপি-কুশলতায় সমৃদ্ধিশালী; রাগবহুল, প্রাঞ্জল ও স্বচ্ছন্দ হইলেও ইহার রচনা নিখুঁত ও নিপুণ শিল্পের পরিচায়ক। ইহার দ্বাদশ সর্গে কৃষ্ণ, রাধা ও সখীর উক্তিগুলি গীতের আকারে সজ্জিত হইয়াছে, এবং প্রাকৃতানুযায়ী মাত্রাচ্ছন্দে রচিত এই গেয় পদগুলিই ইহার সর্ব্বস্ব; কিন্তু এই গানগুলি শুধু গীতি-মাধুর্য্যে নহে, শিল্প-চাতুর্য্যেও মনোগ্রাহী। আবার এই গান বা গীতি-কবিতার সঙ্গে আখ্যান বস্তু, বর্ণনা, কথোপকথন, এবং পদাবলীগুলির যোগসূত্র হিসাবে সংস্কৃত ছন্দে রচিত শ্লোকাবলীও পরস্পরের সঙ্গে অঙ্গাঙ্গি ভাবে জড়িত। ইহার উপর কাব্য-স্মৃতি বিজড়িত যমুনার তটপ্রান্তে, কথনো মেঘ মেদুর বরষার নব সমারোহে, কথনো বা নব-বসন্তের সুরভি সৌন্দর্য্যে, বৃন্দাবনের না হউক, বাঙ্গালা দেশের তমাল শ্যামল বনভূমি যে অপূর্ব্ব শ্রী ধারণ করিত, সেই প্রাকৃতিক সৌন্দর্য্যের ছায়াও জয়দেবের কান্ত-কোমল-পদাবলীর মাধুর্য্য-রস-সিক্ত ভাব-রাজির সহিত বিচিত্রভাবে মিশিয়া গিয়াছে। ভাব ও

কল্পনার সহিত প্রকৃতির এই উৎসব সমারোহের মধ্যে মধুর রসের দেবতা শ্রীকৃষ্ণের অপার্থিব বিরহ মিলনের কাহিনী শব্দ-ঝঙ্কারে, ছন্দ-হিল্লোলে অপূর্ব্ব ভঙ্গিমায় ও কবি-মানসের পার্থিব অনুভূতির বিচিত্র ধারায় অভিষিক্ত হইয়া সমস্ত কাব্যটিকে একটি নূতন রূপ দান করিয়াছে। তৎ-কালীন সংস্কৃত ও দেশীয় সাহিত্যের যাহা কিছু মধুর ও সুন্দর উপাদান, তাহা গীতগোবিন্দে স্থান লাভ করিয়াছে; কিন্তু এই রচনার মধ্যে জয়দেবের কবি প্রতিভার যে সৃষ্টি বৈচিত্র্য ও শক্তিময় স্বাতন্ত্র্য রহিয়াছে, তাহা ইহাকে সংস্কৃত বা দেশীয় কাব্য-সাহিত্যের গতানুগতিক ধারা হইতে সম্পূর্ণ পৃথক করিয়া রাখিয়াছে।

বাস্তবিক এই সকল আলোচনা করিলে মনে হয়, ভাব ও রূপ এই দুই দিক্ হইতেই তৎকালীন কাব্য-সাহিত্যে গীতগোবিন্দ একটি নূতন পদ্ধতির প্রবর্ত্তন করিয়াছিল। এই পদ্ধতি সম্পূর্ণ দেশীয় বলা যায় না, কিন্তু সম্পূর্ণ সংস্কৃতও নহে। তথাপি গীতগোবিন্দের কোন কোন সমালোচক মনে করেন যে সংস্কৃতের ছাপ থাকিলেও, এই কাব্য প্রথমতঃ দেশী ভাষায় রচিত হইয়াছিল। সংস্কৃত ছন্দে রচিত বর্ণনামূলক শ্লোকগুলি ছাড়িয়া দিলে, যে রাগমূলক পদাবলী গীতগোবিন্দের শ্রেষ্ঠ সম্পদ, সেগুলি নামমাত্র সংস্কৃত ভাষা ও ছন্দে রচিত হইলেও, এই ভাষা ও ছন্দের ভঙ্গী যতটা প্রাকৃত বা দেশী ভাষা ও ছন্দের অনুযায়ী ততটা সংস্কৃতের নহে। পদাবলী শব্দটিও যে অর্থে ব্যবহৃত হইয়াছে, তাহাও সংস্কৃত নহে। গীত-গোবিন্দে সংস্কৃত অলঙ্কার ও শব্দার্থ গৌরব সর্ব্বত্র রক্ষিত হইয়াছে সত্য, কিন্তু পদাবলীতে প্রযুক্ত ভাষার রচনা পদ্ধতি সংস্কৃত-কাব্যের অনুরূপ নহে, বরং এই স্বচ্ছ ও সহজ গেয়-পদগুলি দেশীয় গানের পদ্ধতিই অনুসরণ করিয়াছে। এমন কি অতি অল্প চেষ্টায় অনেক পদ যে সংস্কৃত হইতে প্রাকৃত এবং প্রাকৃত হইতে সংস্কৃতে পরিণত করা যাইতে পারে তাহা দেখান কঠিন নহে। প্রাকৃত পৈঙ্গলে উদাহৃত পাদাকুলক প্রভৃতি যে সকল

মাত্রাছন্দ ইহাতে প্রযুক্ত হইয়াছে, তাহাও প্রাকৃত বা অপভ্রংশ কবিতার আত্মীয়, সংস্কৃতের নহে। সংস্কৃত-ছন্দে অন্ত্যানুপ্রাস আছে কিন্তু পাদান্ত মিল বা (rhyme) নাই; গীতগোবিন্দের সমস্ত পদাবলী অপভ্রংশ কবিতার মত মিলযুক্ত। পদাবলীর রচনার ধরণও ভিন্ন। সংস্কৃত কবিতা সাধারণতঃ পাদচতুষ্টয় সমন্বিত এক একটি Stanza-য় পর্য্যবসিত; এবং এইরূপ শ্লোকের সমষ্টি লইয়াই কাব্য। এই শ্লোকগুলি কখনও সম্বদ্ধ, কখনও অসম্বদ্ধ; কিন্তু এক একটি শ্লোক প্রায়ই সম্পূর্ণ ভাবের জ্ঞাপক। পদাবলীর প্রকৃতি সম্পূর্ণ বিভিন্ন। এগুলিকে ব্যষ্টিভাবে লইলে সম্পূর্ণ অর্থ গ্রহণ করা যায় না। গানের মত পৃথকরূপে বিভিন্ন ভাবের প্রকাশক হইলেও এগুলিকে সমষ্টি ভাবেই ধরিতে হইবে এবং অন্তে নিবিষ্ট refrain বা ধ্রুব পদই ইহার ভাব পরম্পরার যোগসূত্র। পদাবলীর এই ধরণটি দেশীয় গানের প্রথাই অবলম্বন করিয়াছে। শুধু তাহাই নহে, পদাবলীর ছন্দগুলি পরবর্ত্তী বাঙ্গালা ছন্দের মূলস্বরূপ বলিয়া মাত্রাছন্দ হইলেও এগুলির ধ্বনি বৈচিত্র্য যে অতি সহজেই আধুনিক অক্ষর বৃত্ত বাঙ্গালা ছন্দে রক্ষা করা যায়, তাহা শ্রীযুক্ত কালিদাস রায় তাঁহার গীতগোবিন্দের অনুবাদের অনেক স্থলেই দেখাইয়াছেন। এইরূপ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় জয়দেব ব্যবহৃত ষোড়শ মাত্রাযুক্ত পাদাকুলক-ছন্দকে বিশ্লেষণ করিয়া দেশীয় চতুর্দ্দশ অক্ষরযুক্ত পয়ারের উদ্ভব দেখাইয়াছেন। রবীন্দ্রনাথও

বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচি কৌমুদী

এই ছন্দধ্বনির অনুকরণে—

একদা যবে অঙ্গ ধরি ফিরিতে নব ভুবনে

এইরূপ অপূর্ব্ব বাঙ্গালা ছন্দের অবতারণা করিয়াছেন। গীতগোবিন্দে এই পদাবলী ভিন্ন যে সকল সংস্কৃত ছন্দের শ্লোক দেখা যায়, সেগুলির সন্নিবেশও দেশীয় গীত-সাহিত্যের ধারা অনুসরণ করিয়াছে; কারণ

এই ধরণের সংস্কৃত শ্লোকে বক্তব্য বিষয়ের বিবৃতি ও পারম্পর্য রক্ষা কৃষ্ণকীর্ত্তনাদিতেও দেখা যায়, এবং দেশীয় গানের ইহা একটি বিশিষ্ট পদ্ধতি।

এই সকল কারণে Piscuel প্রমুখ পণ্ডিতগণ অনুমান করেন যে, গীতগোবিন্দ প্রথমে জনসাধারণের জন্য কোন প্রাকৃত বা অপভ্রংশ ভাষায় জয়দেব কর্তৃক রচিত হইয়াছিল, পরে সংস্কৃতাভিমানী পাঠকদিগের জন্য কোন পণ্ডিত বা পণ্ডিতমণ্ডলী কর্ত্তৃক সংস্কৃতে অনূদিত হইয়া বর্ত্তমান আকার ধারণ করিয়াছে। সম্পাদক মহাশয় এই মতবাদ স্বীকার করেন নাই। কিন্তু তিনি ইহাকে অতিরিক্ত পাণ্ডিত্যের নেতিবাদের ঔদ্ধত্য বলিয়া কেবল দু'একটি কথায় এই প্রসঙ্গের উল্লেখমাত্র করিয়াছেন।

এই বিষয়ের বিস্তৃত আলোচনা করিবার স্থান আমাদের নাই, কিন্তু আমাদের মনে হয় যে এই মতবাদের কোন সন্তোষজনক ভিত্তি নাই। জয়দেবের কাব্য যে প্রথমে সংস্কৃত ভিন্ন অন্য কোন ভাষায় রচিত ও পরে সংস্কৃতে ভাষান্তরিত হইয়াছিল, তাহার কোন প্রবাদ বা প্রমাণ পাওয়া যায় না। ইহা সত্য যে গীতগোবিন্দের বর্ণনামূলক সংস্কৃত শ্লোকগুলি সম-সাময়িক শ্রীধরদাস সঙ্কলিত সদুক্তিকর্ণামৃতে ও কাশ্মীরক বল্লভদেব সংগৃহীত সুভাষিতাবলিতে উদ্ধৃত হইয়াছে, ইহার গেয় পদাবলী হইতে একটিও উদ্ধৃত হয় নাই। কিন্তু ইহা হইতে এ সম্বন্ধে কিছুই প্রমাণিত হয় না। এমন হইতে পারে যে, পদাবলী উদ্ধৃত হয় নাই, তাহার কারণ এগুলিতে সংস্কৃত শ্লোকাপেক্ষা পদাধিক্য রহিয়াছে, এবং এগুলি দেশীয় ভাব, ভাষা ও ভঙ্গীর অনুকরণে রচিত ধ্রুবপদ সমন্বিত গান বলিয়া সংস্কৃত শ্লোকের সুভাষিত সংগ্রহে স্থান পায় নাই।

জয়দেব-কাব্যের আদিমরূপ নির্ণয় করিতে হইলে একথা মনে রাখিতে হইবে যে, গীতগোবিন্দ যে সময় রচিত হইয়াছিল, সে সময় প্রাচীন সংস্কৃত ভাষা ও সাহিত্যের প্রায় শেষ অবস্থা বা অবনতির যুগ, এবং অপভ্রংশ বা

দেশীয় ভাষা ও সাহিত্যের অভ্যুদয়ের কাল। সেইজন্য এই পরিবর্ত্তন যুগে এক শ্রেণীর রচনা দেখিতে পাওয়া যায়, যাহা পুরাতন সংস্কৃত কাব্যের নিয়ম নিগড়ের দ্বারা সম্পূর্ণ নিয়ন্ত্রিত নহে, অথচ নূতন দেশীয় সাহিত্যের পূর্ণ স্বাধীনতাও লাভ করে নাই। ইহা দেশীয় ভাষা ও সাহিত্যের উপর সংস্কৃতের প্রভাবের ফল নহে; বরং সংস্কৃতের উপর দেশীয় ভাষা ও সাহিত্যের প্রভাবের নিদর্শন। কারণ এই সময় হইতেই গীতগোবিন্দ ভিন্ন অন্যত্রও দেখিতে পাওয়া যায় যে, দেশীয় ভাষা ও সাহিত্যের অভ্যুত্থানের সঙ্গে সঙ্গে ও তাহারই অনিবার্য্য প্রভাবে, প্রাচীন সংস্কৃত ভাষা ও সাহিত্যের গতি ও প্রকৃতির যথেষ্ট পরিবর্ত্তন হইতেছিল। নবোদিত ও জনসাধারণের মধ্যে ক্রমশঃ বিস্তৃত দেশীয় ভাষা ও সাহিত্যের আদর্শকে আত্মসাৎ করিয়া প্রাচীন সংস্কৃত ভাষা ও সাহিত্যকে পুনরুজ্জীবিত ও নূতনরূপে গঠিত করিবার একটি প্রচেষ্টা সর্ব্বত্র দেখা যাইতেছিল। আমাদের মনে হয়, জয়দেবের গীতগোবিন্দ এই নূতন প্রচেষ্টার একটি উৎকৃষ্ট উদাহরণ। দেশীয় গানের আদর্শে রচিত হইলেও গীতগোবিন্দের গানকে ঠিক দেশীয় গান বলা যায় না। দেশীয় ভাষার পদ্ধতি ও ভঙ্গী, দেশীয় সাহিত্যের গীতিবাহুল্য ও ভাবপ্রবণতা ক্রমশঃ সংস্কৃতে রচিত কাব্যে ও নাটকে আসিয়া পড়িতেছিল; গীতগোবিন্দেও তাহাই দেখা যায়। কিন্তু ইহার অলঙ্কার বহুল ও পরিণত রচনা-কৌশল সংস্কৃতের অনুযায়ী, প্রাকৃতের নহে। যে যমক ও অনুপ্রাসাদির নিপুণ প্রয়োগ ইহার সংস্কৃত শব্দ ও বর্ণবিন্যাসে পাওয়া যায়, তাহা ব্যঞ্জনবর্ণ বিরল প্রাকৃত বা অপভ্রংশ রচনায় এই পরিমাণে সম্ভবপর নহে। সুতরাং যদি ইহা প্রথমে প্রাকৃত বা অপভ্রংশে রচিত হইয়া থাকে, তাহা হইলে ধরিতে হইবে এই শব্দালঙ্কারগুলির প্রাচুর্য্য প্রথম রচনায় ছিল না। পরে সংস্কৃতে ভাষান্তরিত হইবার সময় ইহাদের সন্নিবেশ হইয়াছে। কিন্তু গীতগোবিন্দ যে এরূপ কৃত্রিম উপায়ে প্রস্তুত রচনা, তাহা কোন সাহিত্যরসজ্ঞ পাঠক বিশ্বাস

করিবেন না। কারণ ইহার শব্দ বর্ণের বিন্যাস কৌশল ও অলঙ্কার সন্নিবেশ বাহির হইতে আরোপিত ব্যাপার নহে, ইহার রচনা পদ্ধতির স্বাভাবিক অঙ্গ। কাব্য হিসাবে ইহার ভাব ও রচনার যে অচ্ছেদ্য ঐক্য ও সমগ্রতা রহিয়াছে, তাহা ভাষান্তরিত মাত্র রচনায় সম্ভব বলিয়া কোনও কাব্য-রসিক স্বীকার করিবেন না। এখানে সংস্কৃত রচনা নৈপুণ্য শুধু দেশীয় গানের প্রভাব স্বীকার করিয়া দেশীয় ধরণের গান বা পদাবলী রচনা করিয়াছে; দেশীয় গানকে কেবল সংস্কৃতে অক্ষরানুযায়ী অনুবাদ করে নাই। যেরূপ পরিবর্ত্তন যুগের কথা আমরা উপরে বলিতেছিলাম, সেইরূপ যুগেই এই শ্রেণীর অনিয়ত রচনা সম্ভব হইয়াছিল—যে সকল রচনা পূর্ণমাত্রায় সংস্কৃত নহে, কিন্তু পূর্ণমাত্রায় দেশীয়ও নহে; ভাষান্তরের প্রসঙ্গই উত্থাপিত হয় না। তৎকালীন সংস্কৃত সাহিত্যে গীতগোবিন্দ এই শ্রেণীর একমাত্র রচনা নহে। গুজরাতের কবি রামকৃষ্ণ রচিত গোপাল কেলিচন্দ্রিকা নাটক গ্রন্থেও গীতগোবিন্দের অনুরূপ পদাবলী দৃষ্ট হয়; এই রচনাটি নামে নাটক হইলেও সংস্কৃত নাটকের লক্ষণাক্রান্ত নহে, বরং পুরাতন দেশীয় যাত্রার প্রভাবে ইহাতে নাট্যকলা ও প্রকৃত নাট্যবস্তুর অভাব, গানের আধিক্য ও ভাবপ্রবণতার প্রতি সুস্পষ্ট পক্ষপাত দেখা যায়। আমি অন্যত্র দেখাইতে চেষ্টা করিয়াছি যে, সংস্কৃত মহানাটকও এইরূপ সহজভাষায় ও প্রাকৃত যাত্রার অনুকরণে রচিত; কিন্তু ইহা বোধ হয় কিঞ্চিৎ পূর্ব্ববর্ত্তী রচনা এবং ইহাতে পদাবলী নাই। পরবর্ত্তী সময়ের আনন্দলতিকা, নন্দিঘোষবিজয়, চিত্রযজ্ঞ প্রভৃতি নাটক নামধেয় রচনাগুলিও বোধ হয় এই ধারারই অনুসরণ করিয়াছে। বিদ্যাপতির পূর্ব্ববর্ত্তী মৈথিল কবি উমাপতি শর্ম্মার সংস্কৃত পারিজাতহরণ নাটকে মৈথিল ভাষায় রচিত পদাবলীর সমাবেশ রহিয়াছে, এবং ইহা লক্ষ্য করিবার বিষয় যে এই মৈথিল গানগুলি সংস্কৃতে ভাষান্তরিত হয় নাই। নেপালে আবিষ্কৃত হরিশ্চন্দ্র নৃত্যও এই ধরণের মিশ্র রচনা। ইহাতে সন্দেহ নাই যে পদাবলী এই শব্দটি দেশীয় ভাষা হইতে গৃহীত,

এবং ইহা দেশীয় প্রভাবের সুস্পষ্ট পরিচায়ক ; কিন্তু গীতগোবিন্দের পদাবলী যদি প্রথমে দেশীয় ভাষায় লিখিত হইয়া থাকে তবে পারিজাত-হরণের পদাবলীর মত সেগুলির সেই আদিম আকারে থাকিয়া যাওয়াই সম্ভব ছিল, সংস্কৃতে ভাষান্তরিত হইবার কোন যুক্তিসিদ্ধ কারণ পাওয়া যায় না। পদাবলীর দেশীয় ছন্দ অনুযায়ী ছন্দবৈচিত্র্য ও পদান্ত মিলও উল্লিখিত সাময়িক পরিবেষ্টনের প্রভাবে দেশীয় গান হইতে সংস্কৃত গানে অবলম্বিত হইয়াছিল, ইহা দেশীয় গানে সংস্কৃত অনুবাদের চিহ্ন নহে। এমন কি পদাবলী ভিন্ন সংস্কৃত শ্লোকগুলির সন্নিবেশ প্রথাও এইরূপ শ্রীকৃষ্ণকীর্ত্তনাদির মত দেশীয় গান হইতে গৃহীত।

(ভারতবর্ষ আশ্বিন, ১৩৩৯, মৎ-সম্পাদিত শ্রীগীতগোবিন্দের সমালোচনা)।

আমরা জয়দেব রচিত সদুক্তিকর্ণামৃত-সংগৃহীত শ্লোকগুলি ভূমিকার শেষে উদ্ধৃত করিয়া দিয়াছি। জয়দেব যে কত বড় শক্তিমান্ কবি ছিলেন, সর্ব্ববিষয়িণী রচনায় কেমন সুদক্ষ ছিলেন, শ্লোকগুলি পাঠ করিলেই তাহা হৃদয়ঙ্গম হইবে। এতদিন যাঁহারা জয়দেবকে মধুর কোমল-কান্ত পদাবলীর রচয়িতা বলিয়াই জানিতেন, এখন তাঁহারা বুঝিতে পারিবেন—এই কবি সত্যই কবিরাজ-রাজ। শ্রীগীতগোবিন্দের মধ্যেও শার্দ্দূলবিক্রীড়িত, উপেন্দ্রবজ্রা, পুষ্পিতাগ্রা, স্রগ্ধরা প্রভৃতি বিবিধ ছন্দে রচিত শ্লোকগুলি হইতে কবির প্রতিভার পরিচয় পাওয়া যায়। সাধারণ পাঠক গানের মাধুর্য্যে তন্ময় হইয়া শ্লোকগুলির রসাস্বাদে অবসর করিয়া উঠিতে পারেন না। আস্বাদনের অনুরোধে নিম্নে দুই একটি শ্লোক উদ্ধৃত করিয়া দিলাম। সখী শ্রীরাধাকে অভিসারের জন্য বলিতেছেন—

তদ্বামেক্ষণ সমং সমগ্রমধুনা তিগ্মাংশুরস্তং গতো
গোবিন্দস্য মনোরথেন চ সমং প্রাপ্তং তমঃ সান্দ্রতাম্।

কোকানাং করুণ-স্বনেন সদৃশী দীর্ঘা মদভ্যর্থনা
তন্মুগ্ধে বিফলং বিলম্বনমসৌ রম্যোঽভিসারক্ষণঃ ॥

শ্রীকৃষ্ণের বংশীরবের বর্ণনায় কবিত্বের আর একটি দিক্ সুপ্রকাশিত হইয়াছে,

অন্তর্মোহন মৌলিঘূর্ণন চলন্মন্দার বিশ্রংসন
স্তব্ধাকর্ষণ দৃষ্টি হর্ষণ মহামন্ত্রঃ কুরঙ্গীদৃশাম্।
দৃপ্যদ্দানব দূয়মান দিবিষদ্দুর্বার দুঃখাপদাং
ভ্রংশঃ কংসরিপোর্ব্যপোহয়তু বঃ শ্রেয়াংসি বংশীরবঃ ॥

কবি গোপীবক্ষ-আলিঙ্গনদক্ষ শ্রীকৃষ্ণের সদা চঞ্চল যে বাহু যুগলের বর্ণনায় স্বীয় রসজ্ঞতার পরিচয় দিয়াছেন, সেই বাহুদ্বয়ের জয় প্রার্থনা করিয়াই বলিতেছেন—

জয়শ্রীবিন্যস্তৈর্মহিত ইব মন্দারকুসুমৈঃ
স্বয়ং সিন্দূরেণ দ্বিপরণমুদা মুদ্রিত ইব।
ভুজাপীড়-ক্রীড়াহত-কুবলয়াপীড়-করিণঃ
প্রকীর্ণাসৃগ্বিন্দুর্জয়তি ভুজদণ্ডো মুরজিতঃ ॥

এমন কত উদ্ধার করিব। পাঠক প্রসন্ন মনে শ্রীগীতগোবিন্দ পাঠ করুন, আপনিও কৃতার্থ হইবেন, আমরাও ধন্য হইব।

বন্ধুবর ডক্টর শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁহার প্রবন্ধে বলিয়াছেন—

"শকাব্দা-পঞ্চদশ শতকে নাভাজীদাস ভক্তমালগ্রন্থে ব্রজভাষা-নিবদ্ধ-পদে জয়দেবের যে প্রশস্তি গাহিয়াছেন, তাহা সুন্দর ও সার্থক।

জয়দেব কবিনৃপ চক্কবৈ খণ্ড মণ্ডলেশ্বর আনি কবি ॥
প্রচুর ভয়োতিহুঁ লোক গীতগোবিন্দ উজাগর।

কোককাব্য নবরস সরস শৃঙ্গার কৌ আগর ॥
অষ্টপদী অভ্যাস করৈ, তিহি বুদ্ধি বঢ়াবৈ।
রাধারমণ প্রসন্ন সুনত হাঁ নিশ্চৈ আবৈ ॥
সন্ত সরোরুহ খণ্ড কৌ পদুমাবতি সুখ জনক রবি।
জয়দেব কবি নৃপ চক্কবৈ খণ্ড মণ্ডলেশ্বর আনি কবি ॥

কবি জয়দেব হইতেছেন চক্রবর্ত্তী রাজা, অন্য কবিগণ খণ্ড মণ্ডলেশ্বর (=ক্ষুদ্র রাজ্য খণ্ডের প্রভু মাত্র)। তিনলোকে গীতগোবিন্দ প্রচুরভাবে উজ্জ্বল (উজ্জাগর) হইয়াছে। (ইহা) কোকশাস্ত্র (কামশাস্ত্র) কাব্য, নবরস ও সরস শৃঙ্গারের আগার স্বরূপ। যে (গীতগোবিন্দের) অষ্টপদী (=গীত) অভ্যাস করে তাহার বুদ্ধি বৃদ্ধি প্রাপ্ত হয়। শ্রীরাধারমণ প্রসন্ন হইয়া শুনেন, তিনি নিশ্চয় সেখানে আগমন করেন। সন্ত (ভক্ত) রূপ কমলদলের পক্ষে (তিনি) পদ্মাবতী সুখজনক রবি। কবি জয়দেব চক্রবর্ত্তী রাজা, অন্য কবিগণ খণ্ড মণ্ডলেশ্বর মাত্র।" (ভারতবর্ষ, শ্রাবণ, ১৩৫০)।

৬

শ্রীগীতগোবিন্দে গীত

ভারতীয় সঙ্গীত বেদ-সম্ভূত। সঙ্গীত রত্নাকর (খ্রীষ্টীয় ১৪শ শতাব্দী) গ্রন্থের টীকাকার কল্লিনাথও বলিয়াছেন—

সামবেদাদিদং গীতং সংজগ্রাহ পিতামহঃ।

ঋক্, সাম, যজুঃ ও অথর্ব্ব এই চারি বেদ হইতে পিতামহ ব্রহ্মা সাঙ্গীতিক

উপাদান অন্বেষণ অর্থাৎ সংগ্রহ করিয়া পঞ্চম-বেদরূপ মার্গ-দেশী-সঙ্গীতের প্রচার করিলেন।

সংক্ষেপে বলিতে গেলে 'মার্গ' ও 'দেশী' ভেদে ভারতীয় সঙ্গীতের দুই রূপ। ইহাদের আগে গন্ধর্ব্বজাতিদের অতিপ্রিয় 'গান্ধর্ব্ব' সঙ্গীত ভারতে প্রচলিত ছিল। গান্ধর্ব্ব-সঙ্গীতের প্রচলন লুপ্তপ্রায় হইলে মার্গ-সঙ্গীতই বিস্তার লাভ করে। গান্ধর্ব্ব ও মার্গ-দেশী এই তিন শ্রেণীর সঙ্গীতের মূলই বেদ। আচার্য্য ভরত, মতঙ্গ প্রভৃতি সঙ্গীত-বিশেষজ্ঞগণ মার্গ এবং দেশী সঙ্গীতেরই অনুশীলক ও প্রচারক ছিলেন। ইঁহারা ব্রহ্মার নিকট হইতেই শিক্ষা প্রাপ্ত হন। আচার্য্য মতঙ্গ স্বপ্রণীত 'বৃহদ্দেশী' গ্রন্থে বলিয়াছেন—

আলাপাদি সন্নিবদ্ধো যঃ স মার্গঃ প্রকীর্ত্তিতঃ।
আলাপাদি-বিহীনস্তু স চ দেশী প্রকীর্ত্তিতঃ॥

আলাপাদি বিধিসম্মত ও বিভিন্ন ধাতু বা পদসমন্বিত যে সঙ্গীত তার নাম 'মার্গ' এবং যাহাতে ঐ সকল আলাপাদি বিধি নাই, যাহা স্বচ্ছন্দে মনের আনন্দে সর্ব্বসাধারণ কর্ত্তৃক গীত হয় তাহার নাম 'দেশী'। 'মার্গ' অর্থে অন্বেষণ, বৈদিক ও গান্ধর্ব্ব-সঙ্গীতবিদ্ ব্রহ্মা চারিবেদ হইতে অন্বেষণ বা আহরণ করিয়া বিশুদ্ধ 'মার্গ'-সঙ্গীতের সৃষ্টি ও প্রচলন করেন। শার্ঙ্গদেব তাঁহার 'সঙ্গীত-রত্নাকর' গ্রন্থে ব্রহ্মা-কর্ত্তৃক চতুর্ব্বেদ হইতে সঙ্গীতাহরণ ও ভরতাদি মুনিগণকে তাহা দানের কথা বলিয়া গিয়াছেন। সেজন্য ভারতীয় সঙ্গীত বেদ-সম্ভূত ও বেদের মতোই অপৌরুষেয়। কল্লিনাথও তাঁহার টীকায় স্পষ্টাক্ষরে এই কথা স্বীকার করিয়াছেন।

বেদে নানারূপ বাদ্যযন্ত্রের উল্লেখ আছে ; সেই সমস্ত যন্ত্র সহযোগে ঋষিগণ যে সকল বেদমন্ত্র গান করিতেন, সেই গানই'সাম'নামে পরিচিত। কল্লিনাথ বৈদিক অশ্বমেধযজ্ঞে বীণাবাদক ও গায়ক ব্রাহ্মণের কথা উল্লেখ

করিয়াছেন। সংহিতা ও পুরাণাদি কথিত গাথা, গান, উদ্‌গান, স্তোম, সাম-সঙ্গীতেরই প্রতিশব্দ। বৈদিক যুগের গায়কগণ সম্প্রদায় ভেদে কেহ কেহ চারি স্বর, কেহ পাঁচ, কেহ ছয়, কেহ বা সপ্ত স্বরই ব্যবহার করিতেন। সে কালে সপ্ত স্বরের নাম ছিল ক্রুষ্ট, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, মন্দ্র ও অতিস্বার্য্য। আচার্য্য সায়ন প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম এইরূপ নামকরণ করিয়াছেন। কিন্তু সায়নের বহু পূর্ব্ববর্ত্তী নারদ তাঁহার শিক্ষাগ্রন্থে—

ষড়্জশ্চ ঋষভশ্চ গান্ধারো মধ্যমস্তথা।
পঞ্চমো ধৈবতশ্চৈব নিষাদঃ সপ্তমঃ স্বরঃ॥

ষড়্জাদি সপ্তস্বরের ক্রম নির্দ্দেশ করিয়াছেন। নারদ প্রথমকে মধ্যম, দ্বিতীয়কে গান্ধার, তৃতীয়কে ঋষভ, চতুর্থকে ষড়্জ, মন্দ্রকে ধৈবত, অতিস্বার্য্যকে নিষাদ ও ক্রুষ্টকে পঞ্চম ("যঃ সামগানাং প্রথমঃ স বেণোর্মধ্যমঃ স্বরঃ") নামে অভিহিত করিয়াছিলেন। সায়ন অবশ্য প্রথমকে ধৈবত ইত্যাদি বলিয়াছেন। সঙ্গীতাচার্য্যগণের মধ্যে সদাশিব, ব্রহ্মা, নারদ, ভরত, কশ্যপ, মতঙ্গ, যাষ্টিক, শার্দ্দূল, কোহল, দত্তিল বা দন্তিন প্রভৃতির নাম উল্লেখযোগ্য। নাট্যসূত্রকার ভরত কতকাল পূর্ব্বে আবির্ভূত হইয়াছিলেন সঠিক জানিবার উপায় নাই। আধুনিক পণ্ডিতগণ যাহাই বলুন, আচার্য্য পরম্পরা গণনায় তাঁহাকে তিন হাজার বৎসরেরও পূর্ব্ববর্ত্তী বলিয়া মনে হয়। তিনি নাট্যসূত্রে নারদের উল্লেখ করিয়াছেন।

আচার্য্য ভরত বলিয়াছেন—

গান্ধর্ব্বমেতৎ কথিতং ময়াহি
পূর্ব্বং যদুক্তং ত্বিহ নারদেন।
কুর্য্যাদ্ য এবং মনুজঃ প্রয়োগং
সম্মানমগ্র্যং কুশলেষু গচ্ছেৎ॥

ভরত নারদীয় গান্ধর্ব্বের সংগ্রাহক, ইহা হইতেই প্রমাণিত হয় নারদ ভরতেরও বহু পূর্ব্ববর্ত্তী। আচার্য্যগণের মুখে শুনিয়াছি, অতীতকালে নারদীয়-গান্ধর্ব্ব-সম্প্রদায়ের সঙ্গে যাহারা সঙ্গত করিত, সেই বাদকদল "স্বাতি" নামে পরিচিত ছিল। এই নারদই শ্রীমদ্ভাগবতোক্ত হরিপরিচর্য্যাবিধিমূলক ক্রিয়াযোগ প্রণয়ন করিয়াছিলেন। নারদ প্রণীত সঙ্গীত শাস্ত্রই পরবর্ত্তীকালে শিক্ষা সংগ্রহ নামে অভিহিত হয়।

বরোদা হইতে প্রকাশিত "সঙ্গীতমকরন্দ" গ্রন্থ কিছু কম প্রায় দুই হাজার বৎসর পূর্ব্বে সঙ্কলিত হয়। এই গ্রন্থের প্রণেতাও নারদ নামে পরিচিত। ইনি অর্ব্বাচীন আচার্য্যগণের অন্যতম। ভারতীয় সঙ্গীতের তথ্য ও তত্ত্ব সম্বন্ধে সঙ্গীতমকরন্দ প্রামাণিক গ্রন্থ। মাঝখানে প্রায় হাজার বৎসরের ব্যবধান, ইতিমধ্যে আবির্ভূত আচার্য্যগণ ও টীকা-ভাষ্য প্রণেতৃগণ সঙ্গীতের যে প্রতিরূপ গঠন করিয়াছিলেন, বাঙ্গালী কবি জয়দেবের শ্রীগীতগোবিন্দে তাহার সমুজ্জ্বল চিত্র অঙ্কিত রহিয়াছে।

কাহারো কাহারো মতে কবি জয়দেবের কিছু পূর্ব্বে সম্রাট্ বল্লালসেনের সময় লোচনাচার্য্য তাঁহার 'রাগতরঙ্গিণী' সঙ্কলন করেন। রাগতরঙ্গিণীতে যেমন বল্লালের নাম যুক্ত শকাব্দা জ্ঞাপক শ্লোক আছে, তেমনই আবার তাহাতে মুসলমানী রাগ ও মৈথিল কবি বিদ্যাপতির রচিত পদাবলী উদ্ধৃত রহিয়াছে। এক পক্ষ বলেন শ্লোকটি প্রক্ষিপ্ত, অপর পক্ষ বলেন মুসলমানী রাগের নাম ও বিদ্যাপতির পদ পরবর্ত্তী কালের যোজনা। লোচনের রাগ-তরঙ্গিণীতে উল্লিখিত রাগমালার সঙ্গে শ্রীগীতগোবিন্দের রাগ কয়েকটির ঐক্য দেখিতে পাওয়া যায়।

শ্রীগীতগোবিন্দ সঙ্গীত-শিক্ষার গ্রন্থ নহে। কিন্তু সঙ্গীত-সাহিত্যেও ইহা যুগান্তর প্রবর্ত্তন করিয়াছে। সঙ্গীতাচার্য্যগণের মতে কবি জয়দেব সঙ্গীতে বিশেষজ্ঞ ছিলেন। 'সেকশুভোদয়া' ও সংস্কৃত 'ভক্তমাল' প্রভৃতি গ্রন্থে তাহার পরিচয় আছে। কি গায়ক, কি বৈষ্ণব উভয় সম্প্রদায়েরই দৃঢ়

বিশ্বাস, কবি নিজেই শ্রীগীতগোবিন্দের সঙ্গীত মালায় রাগ ও তালের যোজনা করিয়াছিলেন। শ্রীগীতগোবিন্দ-গানে রাগ ও তালের সেই ধারা আজিও অব্যাহত আছে। কবির জীবৎকালে এবং তাঁহার তিরোধানের অত্যল্প কালের মধ্যেই শ্রীগীতগোবিন্দের খ্যাতি সারা ভারতে প্রসার লাভ করিয়াছিল। মাত্র কবি, পণ্ডিত, রসিক, ভক্তগণই নহে, ভারতের সঙ্গীতজ্ঞগণও এই গ্রন্থখানিকে পরম সমাদরে গ্রহণ করিয়াছিলেন। ভারতীয় সঙ্গীতের ইতিহাসে কবি জয়দেবের নাম চিরস্মরণীয় হইয়া আছে।

ভারতীয় সঙ্গীতজ্ঞগণ আচার্য্য পরম্পরায় জয়দেবের নাম শ্রদ্ধা সহকারে উচ্চারণ করিয়া থাকেন। নৃত্যগীতে নিপুণা বলিয়া কবি-পত্নী পদ্মাবতীর নাম সগৌরবে উল্লিখিত হয়। জয়দেব পদ্মাবতীকে লইয়া এ বিষয়ে দুই একটি গল্পও প্রচলিত আছে। সেকশুভোদয়ার গল্পটি এইরূপ—

"সম্রাট্ লক্ষ্মণ সেনের সভায় একদিন একজন গুণী আসিয়া বলিলেন—আমার নাম বুড়ণ মিশ্র। সঙ্গীত এবং বিবিধ শাস্ত্রে আমার সমান পাণ্ডিত্য। আমি উড়িষ্যা জয় করিয়া রাজা কপিলেন্দ্র দেবের নিকট হইতে জয়পত্র লইয়া আসিয়াছি। সেক জলালউদ্দীন সম্রাট্ সভায় উপস্থিত ছিলেন। তিনি বুড়ণ মিশ্রের কথায় বলিলেন, একটা রাগ আলাপ করুন তো শুনি। মিশ্র পঠমঞ্জরী রাগ আলাপ করিলেন; অমনি নিকটবর্ত্তী অশ্বত্থবৃক্ষের পাতাগুলি সব ঝরিয়া পড়িল। লোকে ধন্য ধন্য করিয়া উঠিল। বাজনা বাজিতে লাগিল, সম্রাট্ জয়পত্র দিতে উদ্যত হইলেন। পদ্মাবতী গঙ্গাস্নানে যাইতেছিলেন, বাজনা শুনিয়া সভায় আসিয়া বলিলেন, আমি এবং আমার স্বামী বর্ত্তমান থাকিতে সঙ্গীতে জয়পত্র লইবে কে? আপনারা আমার স্বামীকে সংবাদ দিউন। সেক বলিলেন, তাঁহার কথা পরে হইবে, এখন আপনিই একটা রাগ আলাপ করুন। সেকের অনুরোধে পদ্মাবতী গান্ধার রাগ আলাপ

করিলেন, গঙ্গায় যত নৌকা নোঙ্গর করা ছিল, সব উজানে বহিল। সকলেই বলিল, কি আশ্চর্য্য, গাছ তো তবু সজীব, মিশ্রের গানে তাহার পাতা ঝরিয়াছে। আর এ যে নির্জ্জীব নৌকা উজান বহিয়া চলিয়া গেল। সেক বলিলেন—আপনাদের দুই জনের মধ্যে কে জিতিয়াছেন, শাস্ত্র বিচারে তাহা নির্দ্ধারিত হউক। মিশ্র বলিলেন—আমি স্ত্রীলোকের সঙ্গে বিচার করিতে চাহি না। এ রাজ্যে দেখিতেছি পুরুষেরা মূর্খ। এই কথা শুনিয়া পদ্মাবতী দাসী পাঠাইয়া দিলেন। সংবাদ পাইয়া কবি জয়দেব আসিয়া সভায় উপস্থিত হইলেন।

আদ্যোপান্ত শুনিয়া জয়দেব বলিলেন, গাছের পাতা ঝরিয়া পড়িল এ আর আশ্চর্য্য কি? বসন্তকালে গাছের পাতা তো আপনি ঝরিয়া পড়ে। সেক বলিলেন, তা পড়ে, কিন্তু একদিনে একসঙ্গেই তো সব পাতা ঝরিয়া পড়ে না। উত্তরে জয়দেব বলিলেন, আচ্ছা, ঐ গাছটায় নূতন পাতা যাহাতে গজায়, মিশ্র তাহার ব্যবস্থা করুন। মিশ্র বলিলেন, আমি পারিব না। সেক কবিকে বলিলেন, আপনি পারেন? জয়দেব বলিলেন, পারি। এই বলিয়া তিনি বসন্ত রাগ আলাপ করিলেন, অমনি গাছটি নূতন কচি পাতায় ভরিয়া উঠিল। মিশ্র পরাজয় স্বীকার করিলেন, সভায় জয়দেবের খুব প্রশংসা হইল।" সেকশুভোদয়া প্রায় পাঁচশত বৎসর পূর্ব্বে রচিত হইয়াছে।

জয়দেবের প্রায় সমকালেই শার্ঙ্গদেব 'সঙ্গীতরত্নাকর' রচনা করেন। সঙ্গীতরত্নাকরের টীকাকার সিংহভূপাল ১৪৪৬—১৪৬৫ খ্রীষ্টীয় শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। শার্ঙ্গদেবের পিতামহ কাশ্মীর হইতে দাক্ষিণাত্যের দৌলতাবাদে গিয়া বাস করেন। পরবর্ত্তী সঙ্গীতাচার্য্যগণ সকলেই রত্নাকরের প্রামাণিকতা স্বীকার করিয়াছেন। শার্ঙ্গদেব মার্গ-সঙ্গীতকে গান্ধর্ব্বগানের পর্য্যায়ভুক্ত করিয়াছেন। তিনি বলিয়াছেন—

গান্ধর্ব্বগানমিত্যস্ত ভবেদ্দ্বয়মুদীরিতম্।

অনাদিসংপ্রদায়ং যদ্ গান্ধর্ব্বৈঃ সংপ্রযুজ্যতে ॥

আচার্য্য ভরতও বলিয়াছেন—

গান্ধর্ব্বমিতি বিজ্ঞেয়ং স্বরতালপদাশ্রয়ম্।
গন্ধর্ব্বাণামিদং যস্মাৎ তস্মাৎ গান্ধর্ব্বমুচ্যতে ॥

অবশ্য বর্ত্তমান মার্গগান গান্ধর্ব্ব-গান কিনা ইহা লইয়া মতভেদ আছে। তবে শার্ঙ্গদেব তাঁহার রত্নাকরে উল্লেখ করিয়াছেন যাহাকে পূর্ব্বে গান্ধর্ব্ব বলিত তাহাই আধুনিক মার্গ-সঙ্গীত নামে পরিচিত।

কবি জয়দেব গান্ধর্ব্বকলা বলিয়া নিজ সঙ্গীতের পরিচয় দিয়াছেন।

যদ্ গান্ধর্ব্বকলাসু কৌশলমনুধ্যানঞ্চ যদ্ বৈষ্ণবং
যচ্ছৃঙ্গারবিবেক-তত্ত্বমপি যৎ কাব্যেষু লীলায়িতম্।
তৎ সর্ব্বং জয়দেব-পণ্ডিত-কবেঃ কৃষ্ণৈকতানাত্মনঃ
সানন্দাঃ পরিশোধয়ন্তু সুধিয়ঃ শ্রীগীতগোবিন্দতঃ ॥

কোন কোন পণ্ডিত শ্রীগীতগোবিন্দের মধ্যে দেশী ভাষা ও দেশী সঙ্গীতের প্রভাব লক্ষ্য করিয়া থাকেন। সঙ্গীতরত্নাকরের অন্যতম টীকাকার কল্লিনাথ দেশী-সঙ্গীতের ব্যাখ্যায় বলিয়াছেন, "দেশিত্বংচ তত্তদ্দেশ-মনুজ-মনোরঞ্জনৈকফলত্বেন কামাচারপ্রবর্ত্তিতম্।" শ্রীগীত-গোবিন্দের সঙ্গীতনিচয় মার্গসঙ্গীতের লক্ষণাক্রান্ত হইলেও বহুকাল ধরিয়া সর্ব্ব-মনুজ-মনোরঞ্জনে সার্থকতা লাভ করিয়াছে। সঙ্গীতজ্ঞ কবি জয়দেবের গোবিন্দ-সঙ্গীতের এই মহিমা চিরকাল অক্ষুণ্ন থাকিবে।

৭

শ্রীগীতগোবিন্দে প্রবন্ধ সঙ্গীত

কবি জয়দেব আপন রচনাকে "প্রবন্ধ" সঙ্গীত বলিয়াছেন। "শ্রীবাসুদেব রতিকেলি কথা সমেত মেতং করোতি জয়দেব কবিঃ প্রবন্ধম্" ॥ (২য় শ্লোক) প্রবন্ধ গীত নিবদ্ধ গীতের অন্তর্ভুক্ত। নিবদ্ধ অর্থাৎ ধাতু বদ্ধ গান। নিবদ্ধ তিন প্রকার—শুদ্ধ, ছায়ালগ ও ক্ষুদ্র ; অথবা শুদ্ধ, সালগ, সঙ্কীর্ণ, কিম্বা প্রবন্ধ, বস্তু, রূপক। প্রবন্ধ গান শুদ্ধ নামেও পরিচিত। শুদ্ধ বা প্রবন্ধ গানের চারি ধাতু ও ছয়টি অঙ্গ। ধাতু অর্থাৎ অবয়ব বা বিভাগের নাম—উদগ্রাহক, মেলাপক, ধ্রুব ও আভোগ। যাঁহারা পঞ্চ ধাতুর কথা বলেন—তাঁহারা ধ্রুব ও আভোগের মধ্যে একটি অংশের নাম দেন অন্তরা। অঙ্গ ছয়টি—স্বর, বিরুদ, পদ, তেন, পাঠ, তাল। স্বর—স-রি-গ-ম, ইত্যাদি আলাপ। বিরুদ প্রশংসা বা গুণ বাচক। পদ অর্থাৎ কথা, যাহা অর্থ প্রকাশ করে। সঙ্গীতের সমস্ত অংশই পদ। তেন মঙ্গল বাচক শব্দ। পাঠ বাদ্যের বোল। তাল পরিমিত সময়ে যতি বা বিরাম।

শুদ্ধ প্রবন্ধ গীত পঞ্চ জাতিতে বিভক্ত। মেদিনী, নন্দিনী, দীপনী, পাবনী ও তারাবলী। স্বর বিরুদয়াদি ছয় অঙ্গ যুক্ত গান মেদিনী, স্বর, পদ, তেন, পাঠ, তাল এই পঞ্চাঙ্গ যুক্ত গান নন্দিনী, স্বর পদ তেন ও তাল যুক্ত গান দীপনী, স্বর, পদ, তাল যুক্ত গান পাবনী এবং পদ ও তালযুক্ত গান তারাবলী। শ্রীগীতগোবিন্দের গান পঞ্চ ধাতু ও ছয় অঙ্গ যুক্ত মেদিনী জাতির অন্তর্ভুক্ত।

শ্রীমান্ রাজ্যেশ্বর মিত্র জয়দেবের গানকে ছায়ালগ বা সালগ সূড়

শ্রেণীর প্রবন্ধ বলিয়াছেন। এই প্রবন্ধের সাতটি গীতের নাম—ধ্রুব, মণ্ঠ, প্রতিমণ্ঠ, নিঃসারুক, অড্ড, রাস ও একতালী। তাঁহার মতে জয়দেব এই সব গানের রীতি অবলম্বন করিয়াই গীতগোবিন্দের প্রবন্ধগুলি রচনা করিয়াছিলেন। তিনি এই গানকে ক্ষুদ্র গীতও বলিয়াছেন। কিন্তু ছায়ালগ বা সালগ এবং ক্ষুদ্র, সঙ্কীর্ণ বা রূপক গান এক শ্রেণীর অন্তর্গত নহে। তিনশত বৎসর পূর্ব্বে কেহ যদি শ্রীগীতগোবিন্দের গানকে ক্ষুদ্রগীতি বলিয়া থাকেন তিনি নিশ্চয়ই ভুল করিয়াছেন।

খ্রীষ্টীয় পঞ্চদশ শতকের মধ্যভাগে (১৪৩৩ খ্রীঃ) রাণা কুম্ভ মেবারের সিংহাসনে আরোহণ করেন। জয়দেবের গীতগোবিন্দের রসিক প্রিয়া টীকা রাণা কুম্ভের নামে চলিতেছে। রাণা বহু রসজ্ঞ পণ্ডিতের সাহায্যে এই টীকা সঙ্কলন করিয়াছিলেন। গীতগোবিন্দের গানে তিনি জয়দেব প্রদত্ত সুর ও তালের পরিবর্ত্তে নূতন নূতন সুর ও তাল সংযোগ করিয়াছিলেন। শ্রীমান্ মিত্র এ বিষয়ে বিস্তৃত আলোচনা করিয়াছেন। আমরা সংক্ষেপে কিছু কিছু উল্লেখ করিতেছি।

জয়দেব প্রযুক্ত রাগের নাম—মালব, গুর্জ্জরী, বসন্ত, রামকিরি, কর্ণাট, দেশবড়ারি, গোণ্ডকিরি, ভৈরবী ও বিভাস। কুম্ভকর্ণ যে সব রাগ প্রয়োগ করিয়াছেন—মধ্যমাদি, ললিত, বসন্ত, গুর্জ্জরী, ধানসী, ভৈরব, গোণ্ডকৃতি, দেশাখ্য, মালবশ্রী, কেদার, মালব গৌরক স্থান গোণ্ড, শ্রী, মহ্লার, বরাটিকা, মেঘ, ভদ্রাবৎ, ধোরনী, নন্দ নট, দেবশাল। এই রাগগুলিও জয়দেবের সময়ে বর্ত্তমান ছিল। জয়দেব প্রযুক্ত তাল—রূপক, নিঃসারুক, যতি, একতালী, অষ্টতালী। কুম্ভ ব্যবহার করিয়াছেন——আদি ঝম্পা, বর্ণযতি, প্রতিমণ্ঠ, নিঃসারুক, অড্ড, মণ্ঠ, রূপক প্রতি, ত্রিপুটক, দ্বিতীয়, তৃতীয়, পঞ্চ জয় মঙ্গল, বিজয়ানন্দ এবং জয়শ্রী, সমস্তই শাস্ত্রানুমোদিত তাল।

মহারাণা কুম্ভ প্রণীত রসিকপ্রিয়া টীকায় শ্রীগীতগোবিন্দের

চব্বিশটি গানের যে নাম পাওয়া যায়, নিম্নে তাহা উল্লেখ করিলাম। এই নামগুলি অকারণ দেওয়া হয় নাই। কি কারণে এই নামকরণ করা হইয়াছে—মহারাণার সঙ্গীতরাজ গ্রন্থে তাহার বিস্তৃত বিবরণ আছে।

(১) প্রলয় পয়োধিজলে	দশাবতার-কীর্ত্তি ধবল
(২) শ্রিত কমলাকুচমণ্ডল	হরি বিজয় মঙ্গলাচার
(৩) ললিত লবঙ্গলতা	মাধব মহোৎসব কমলাকর
(৪) চন্দন চর্চ্চিত	সামোদ দামোদর ভ্রমর পদ
(৫) সঞ্চর সুধামধুর	মধু রিপু রত্ন কণ্ঠিকা
(৬) নিভৃত নিকুঞ্জ গৃহং	অক্লেশ কেশব কুঞ্জর তিলক
(৭) মাময়িং চলিতা	মুগ্ধ মধুসূদন হংসক্রীড়
(৮) নিন্দতি যন্দন	হরিবল্লভ অশোক পল্লব
(৯) স্তন বিনিহিত	স্নিগ্ধ মধুসূদন রাসাবলয়
(১০) বহতি মলয় সমীরে	হরি সমুদয় গরুড় পদ
(১১) রতি সুখসারে	হরিসারণ কদলীপত্র
(১২) পশ্যতি দিশি দিশি	ধন্য বৈকুণ্ঠ কুঙ্কুম
(১৩) কথিত সময়েঽপি	স্নিগ্ধ মধুসূদন রাসাবলয়
(১৪) স্মর সমরোচিত	হরি রমিত চম্পক শেখর
(১৫) সমুদিত মদনে	হরি মন্মথ তিলক
(১৬) অনিল তরল কুবলয়	নারায়ণ মদনায়াশ
(১৭) রজনী জনিত	লক্ষ্মীপতি রত্নাবলী
(১৮) হরি রভিসরতি	অমন্দ মুকুন্দ
(১৯) বদসি যদি কিঞ্চিদপি	চতুর চতুর্ভুজ রাগরাজি চন্দ্রোদ্যত
(২০) বিরচিত চাটুবচন	শ্রীহরিতাল রাজি জলধর বিলসিত
(২১) মঞ্জুতর কুঞ্জতল	তাল রাগার্ণব মুরারি মঙ্গল কুসুম

(২২) রাধা বদন বিলোকন	সানন্দ গোবিন্দ রাগশ্রেণী কুসুমাভরণ
(২৩) কিশলয় শয়ন তলে	মধুরিপু মোদ বিদ্যাধর লীলা
(২৪) কুরু যদুনন্দন	শ্রীসুপ্রীত পীতাম্বর তাল শ্রেণী

মহারাণা শ্রীগীতগোবিন্দের শ্লোকগুলিতেও রাগ তাল যোজনা করিয়াছেন এবং তাহারও প্রত্যেকটির পৃথক নাম আছে। যেমন প্রত্যূহঃ পুলকাঙ্কুরেণ এই প্রবন্ধের নাম স্মরতারম্ভ চন্দ্রহাস, দোর্ভ্যাং সংযমিতঃ শ্লোকের নাম কামিনী হাস, বামাঙ্কে শ্লোকের নাম পৌরুষ প্রেম বিলাস, তস্যাঃ পটল পানিজাঙ্কিত মুরো শ্লোকের নাম কামাদ্ভুতাভিনব মৃগাঙ্ক লেখা ইত্যাদি।

মহারাণা এক এক রাগ ও তালে বিবিধ যন্ত্রেরও ব্যবহার করিতেন। যেমন নিঃসারক তালে পটহ, ঢক্কা, মর্দ্দল ও ত্রিবলী। একতালী তালে ঢক্কলি, ত্রিবলী, দুন্দুভি ও ঘট ইত্যাদি। তিনি এই সঙ্গে শঙ্খ, বিবিধ বংশী, কহলী, তুণ্ডকিনী ও শৃঙ্গ প্রভৃতি বাদ্যেরও যোগ সাধন করিয়াছিলেন। কুম্ভ গৌরব করিয়া বলিয়াছেন—

> যদি কৌতুকিনো গানে সঙ্গীতে চাতুরী যদি।
> রসিকা কুম্ভকর্ণস্য শৃণ্বন্তু বুধ সত্তমাঃ॥

মহারাণা শ্রীগীতগোবিন্দের কয়েকটি গানে বহুরাগ তালের সমাবেশ করিয়াছেন। উদাহরণ স্বরূপ রাধাবদন বিলোকন গানটির উল্লেখ করিতেছি। কুম্ভ এই প্রবন্ধের নাম দিয়াছেন সানন্দ গোবিন্দ রাগ শ্রেণী কুসুমাভরণ। কুম্ভ এই গানের প্রত্যেক কলিতেই এক একটি রাগ ও এক একটি তালকে ব্যবহার করিয়াছেন। আরম্ভ ধ্রুব হইতে, শেষও হইয়াছে ধ্রুব পদে। এইজন্য ষোলটি পদে সতেরটি রাগ পাওয়া যাইতেছে।

			রাগ	তাল
(১)	ধ্রুব	হরি মেকরসং	নট্ট	দ্রুত পাঠক
(২)	পদ	রাধাবদন বিলোকন	কেদার	রূপক
(৩)	ধ্রুব	হরিমেকরসং	শ্রী	দ্রুতমণ্ঠক
(৪)	পদ	হারমমলতর	স্থান গৌড়	প্রতিভাস
(৫)	ধ্রুব	হরিমেকরসং	ধোরণী	দ্রুতাল (দ্বিতাল)
(৬)	পদ	শ্যামল মৃদুল	মালব	ত্রিপুট
(৭)	ধ্রুব	হরিমেকরসং	বরাটী	দ্রুত মণ্ঠক
(৮)	পদ	তরল দৃগঞ্চল	মেঘ	ত্রিপুট
(৯)	ধ্রুব	হরিমেকরসং	মালবশ্রী	রূপক
(১০)	পদ	বদন কমল	দেবশাখ	দ্রুত মণ্ঠক
(১১)	ধ্রুব	হরি মেকরসং	গৌণ্ডকৃতি	রূপক
(১২)	পদ	শশি কিরণ	ভৈরবী	দ্রুত মণ্ঠক
(১৩)	ধ্রুব	হরি মেকরসং	ধন্নাসিকা	রূপক
(১৪)	পদ	বিপুল পুলকভব	বসন্ত	দ্রুত প্রতি মণ্ঠক
(১৫)	ধ্রুব	হরি মেকরসং	গুর্জ্জরী	রূপক
(১৬)	পদ	শ্রীজয়দেব	মহল্লার	প্রতিভাস
(১৭)	ধ্রুব	হরি মেকরসং	ললিত	রূপক

সাহিত্য পরিষৎ পত্রিকা, পঞ্চষষ্টিতম বর্ষ
শ্রীরাজ্যেশ্বর মিত্র লিখিত মহারাজ কুম্ভকর্ণ পরিকল্পিত
শ্রীগীতগোবিন্দ প্রবন্ধ

গানের বিষয় বস্তুর সঙ্গে শ্রীগীতগোবিন্দে রাগাদির সম্বন্ধ কি বলিতে পারি না। তবে শ্রীগীতগোবিন্দে যেন এইরূপ সম্বন্ধের একটা সুস্পষ্ট আভাষ পাওয়া যায়। সঙ্গীতের অন্তর্নিহিত ভাবের উপর লক্ষ্য

রাখিয়াই জয়দেব রাগ নির্ব্বাচন করিয়াছিলেন, এইরূপ অনুমানের কারণ আছে। সঙ্গীতশাস্ত্রে রাগের ধ্যান বর্ণিত হইয়াছে। এই বর্ণনায় মত-ভেদ থাকিলেও মূলগত ঐক্যের অভাব নাই। শ্রীগীতগোবিন্দের প্রাচীন টীকাকার ধৃতিদাস হইতে পূজারীগোস্বামী পর্য্যন্ত জয়দেব গৃহীত রাগমালার যে ধ্যানের উল্লেখ করিয়াছেন, তাহার সঙ্গে কবি বর্ণিত সঙ্গীতের বিষয় বস্তুর অতি সুন্দর ভাবসাম্য দেখিয়া বিস্মিত হইতে হয়। দুই একটি উদাহরণ দিতেছি।

চতুর্থ সর্গে সখী শ্রীকৃষ্ণের নিকট গিয়া শ্রীরাধার বিরহ-কৃশতার বর্ণনা করিতেছেন। গানটি দেশাখ রাগে গেয়।

দেশাখ [দেবশাখ বা দেওশাখ] রাগের রূপ—

আস্ফোটনাবিষ্কৃত লোমহর্ষো
নিবদ্ধ-সন্নাহ-বিশাল-বাহুঃ।
প্রাংশু-প্রচণ্ড-দ্যুতিরিন্দুগৌরো
দেশাখ রাগঃ কিল মল্লমূর্ত্তিঃ॥

অভিপ্রায়—বিরহ যেন এইরূপ মল্লমূর্ত্তিতে আসিয়া প্রচণ্ড উৎপীড়নে শ্রীরাধার তনুদেহকে ক্ষীণ হইতে ক্ষীণতর করিয়া তুলিয়াছে।

৫ম সর্গে বিরহ-ব্যথিত বনমালীর বর্ণনায় সখী শ্রীরাধার করুণাকর্ষণের প্রয়াস পাইতেছেন। গানটির রাগ দেশ-বরাড়ী। দেশ-বরাড়ীর ধ্যান—

বিনোদয়ন্তী দয়িতং সুকেশী
সুকঙ্কণা চামর-চালনেন।
কর্ণে দধানা সুরপুষ্পগুচ্ছম্
বরাঙ্গনেয়ং কথিতা বরাড়ী॥

এই রাগের রূপ যেন শ্রীরাধাকেও দয়িত-বিনোদনের প্রেরণা দিতেছে।

৫ম সর্গের প্রসিদ্ধ গান—"রতি সুখ সারে" গুর্জ্জরী-রাগে গাহিতে হইবে। গুর্জ্জরীর ধ্যান—

শ্যামা সুকেশী মলয়দ্রুমাণাং
মৃদুল্লসৎ-পল্লবতল্প-যাতা।

শ্রীরাধাকে অভিসারে উদ্বুদ্ধ করিতে ইহার উপযোগিতা অবশ্য স্বীকার্য্য। ৬ষ্ঠ সর্গে সখী শ্রীকৃষ্ণের নিকট গিয়া শ্রীরাধার বিরহ-তন্ময়তার কথা বলিয়া যেমন শ্রীকৃষ্ণের সহানুভূতি উদ্রেকের চেষ্টা করিতেছেন, তেমনই শ্রীরাধার অন্তর্নিহিত আনুরক্তির ইঙ্গিতে লালসার সঙ্গে ভরসাও জাগাইতেছেন। ষষ্ঠ সর্গের

'পশ্যতি দিশি দিশি রহসি ভবন্তম্'

এই গানের রাগ গোণ্ডকিরী।

গোণ্ডকিরীর ধ্যান—

রতোৎসুকা কান্ত-পথপ্রতীক্ষণং
সম্পাদয়ন্তী মৃদু-পুষ্প-তল্পা।
ইতস্ততঃ প্রেরিত-দৃষ্টিবার্ত্তা
শ্যামা তনুর্গোণ্ডকিরী প্রদিষ্টা॥

শ্রীগীতগোবিন্দের প্রতি সঙ্গীতের সঙ্গে রাগের যে এইরূপ ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে, একমাত্র সুশিক্ষিত সঙ্গীতনিপুণ কলাবিৎই তাহা প্রকাশ করিতে পারেন।

শ্রীগীতগোবিন্দে গীত*

(শ্রীসুরেশচন্দ্র চক্রবর্ত্তী সঙ্গীত-শাস্ত্রী লিখিত)

অনির্ব্বচনীয় কাব্য-সুষমার স্রষ্টা, গৌড়ীয় বৈষ্ণবের প্রবর্ত্তিত রাধাকৃষ্ণ লীলাতত্ত্বের সর্ব্বপ্রথম নিপুণ প্রদর্শক এবং বৈষ্ণব-সাধক রূপে জয়দেব সে যুগে সমগ্র ভারতেই এক বিশিষ্ট স্থান অধিকার করেছিলেন। তাঁর রচিত গীতগোবিন্দের ওপর শতাধিক টীকা রচিত হয়েছে। গীতগোবিন্দের গানে যে সব রাগ-রাগিণী বা তালের উল্লেখ আছে, তাদের নিয়েও দু'চারটি শাস্ত্রীয় কথা বিভিন্ন টীকাকার উল্লেখ করেছেন, কিন্তু সে সব রাগের বা তালের বিশ্লেষণ আজ অবধি কেউ করেন নি।

কথিত আছে, সুদূর মহারাষ্ট্রে ও দক্ষিণ-ভারতে এখনো জয়দেবের গীত প্রচলিত আছে। মহারাষ্ট্রের জয়দেবগীতির কিছু নমুনা একবার শুনেওছি,—সুর নিজেদের মনগড়া মনে হয়েছিল, তালগুলিও ছিল প্রচলিত উচ্চাংগ সংগীতের বিভিন্ন তাল। একবার খবর পাওয়া গেল—পুরীর জগন্নাথ মন্দিরে বিশেষ বিশেষ দিনে দেবদাসীদের কণ্ঠে গীতগোবিন্দ গীত হয়। ছলে বলে কৌশলে সাধারণের পক্ষে শোনা নিষেধ থাকা সত্ত্বেও এই গান একবার শুনতে পেয়েছি। শুনে, উড়িষ্যার পাড়াগেঁয়ে 'উড়িষ্যি' গানের সংগে এর সাংগীতিক রূপের কোন প্রভেদই আমি বুঝতে পারিনি। তবে এইটুকু নিঃসংশয়ে বুঝেছি যে, এ গান যাঁরা শোনেন নি তাঁরাই জয়দেবের গীত শোনবার সৌভাগ্য থেকে বঞ্চিত হয়েছেন, এটা একেবারেই ঠিক কথা নয়।

কিছুদিন আগে, বিষ্ণুদিগম্বরের জনৈক শিষ্য গীতগোবিন্দের গানের স্বরলিপি প্রকাশ করেছেন। কিন্তু তার সুর তাল সবই স্বরলিপিকারের নিজের কল্পিত,—তার সংগে মূল-গ্রন্থের উল্লিখিত রাগ বা তালের কোন সম্পর্ক নেই।

---

* ফাল্গুন ১৩৫৮ সন, "বিশ্ববাণী" হইতে উদ্ধৃত।

বাংলার উচ্চাংগ কীর্ত্তনগায়কদের মধ্যে জয়দেবের কোন কোন পদ গাইবার পদ্ধতি প্রচলিত আছে। তবে কীর্ত্তনিয়াগণ রাগ সম্বন্ধে তেমন সচেতন নন, যদিও কোন কোন পদের তাল যথাযথ বজায় রাখবার প্রতি কোন কোন গায়ক যত্নবান। কোন কোন কীর্ত্তনগায়ক রাগ-রাগিণী সম্বন্ধে কথাও বলেন, কিন্তু রাগের স্বর রূপের কথা জিজ্ঞাসা ক'রে তাদের কাছ থেকে কোন সন্তোষজনক উত্তর পাওয়া যায় না।

আজকাল আমরা যাকে 'উচ্চাংগ-কীর্ত্তন' বলি তার আরম্ভ হয়েছিল খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীর শেষে। সুতরাং এই কীর্ত্তনের স্বররূপ বিশ্লেষণ ক'রে জয়দেবের আমলের রাগ-রাগিণী বুঝবার চেষ্টা করা বৃথা। কারণ খ্রীষ্টীয় দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দীর মধ্যে রাগ-রাগিণীর রূপের যথেষ্ট পরিবর্ত্তন ঘটেছিল, এর সাক্ষী সেই আমলের লিখিত বহু সংখ্যক সংগীত-গ্রন্থ।

গানের রূপকে ধরে রাখবার যে সব উপায় আছে তাদের মধ্যে প্রথম বা উত্তম উপায় হচ্ছে—গান শুনে শুনে শিক্ষা করা, দ্বিতীয় বা মধ্যম উপায় হচ্ছে—স্বরলিপি দেখে শেখা, আর তৃতীয় বা অধম উপায়—গানের মধ্যে কি কি স্বর লাগে তার বিবরণ পড়ে বা শুনে বুঝতে চেষ্টা করা। প্রাচীন সামবেদ গান যদি মুখে মুখে শিখে কোন সম্প্রদায় পুরুষানুক্রমে রক্ষাও করে থাকেন তা হলেও তা মোটেই নির্ভরযোগ্য হয় না, এইজন্য যে, মুখে মুখে শিখতে গিয়ে ধীরে ধীরে রাগের এবং গীতরীতির মধ্যে গুরুতর পরিবর্ত্তন আসে,—এর প্রমাণ ধ্রুপদ খেয়ালের বেলায়ই যথেষ্ট পাওয়া যায়। কিন্তু প্রাচীন কোন গানেরই স্বরলিপি আমাদের দেশে রক্ষিত হয়নি।

সুতরাং তৃতীয় বা অধম উপায়কে অবলম্বন ক'রেই প্রাচীন গীতের রাগরূপ বুঝতে চেষ্টা করতে হবে। এতে রাগের পরিবেশনভঙ্গী বুঝা যাবে না সত্য, তবে গীতে উল্লিখিত রাগ কি কি স্বরে রচিত হয়েছিল

এবং তার সংগে এখনকার প্রচলিত গীতের স্বরূপ কতটা পরিমাণে মিলে বা মিলে না, তার মোটামুটি পরিচয় পাওয়া যাবে।

গীতগোবিন্দে মোট চব্বিশখানি গান আছে। এই সব গানে সবশুদ্ধ বারটি রাগ আর পাঁচটি তালের উল্লেখ আছে। এখানে এদের একটা তালিকা দিচ্ছি ঃ—

গানের ক্রমিক সংখ্যা	রাগ	তাল
১।	মালবগৌড়	রূপক
২।	গুর্জ্জরী	নিঃসার
৩।	বসন্ত	যতি
৪।	রামকিরি	যতি
৫।	গুর্জ্জরী	যতি
৬।	মালবগৌড়	একতালী
৭।	গুর্জ্জরী	যতি
৮।	কর্ণাট	একতালী
৯।	দেশাখ	একতালী
১০।	দেশবরাড়ী	রূপক
১১।	গুর্জ্জরী	একতালী
১২।	গোণ্ডকিরী	রূপক
১৩।	মালব	যতি
১৪।	বসন্ত	যতি
১৫।	গুর্জ্জরী	একতালী
১৬।	দেশবরাড়ী	রূপক
১৭।	ভৈরবী	যতি
১৮।	রামকিরী	যতি

গানের ক্রমিক সংখ্যা	রাগ	তাল
১৯।	দেশবরাড়ী	অষ্টতাল
২০।	বসন্ত	যতি
২১।	দেশবরাড়ী	রূপক
২২।	বরাড়ী	রূপক
২৩।	বিভাস	একতালী
২৪।	রামকিরী	যতি

এই তালিকা থেকে কি কি রাগে এবং কি কি তালে কতগুলি করে গান আছে তা সহজেই বুঝতে পারা যায়। আলোচনার সুবিধার জন্য এখানে এই দুটি বিবরণ পৃথকভাবে দেওয়া হল—

রাগ অনুসারে গীত সংখ্যা—

	রাগের নাম	গীত সংখ্যা
১।	গুর্জ্জরী	৫
২।	দেশবরাড়ী	৪
৩।	বসন্ত	৩
৪।	রামকিরী	৩
৫।	মালবগৌড়	২
৬।	কর্ণাট	১
৭।	দেশাখ	১
৮।	গোণ্ডকিরী	১
৯।	মালব	১
১০।	ভৈরবী	১
১১।	বরাড়ী	১
১২।	বিভাস	১

তাল অনুসারে গীত সংখ্যা—

	তালের নাম	গীত সংখ্যা
১।	যতি	১০ বা ১১
২।	একতালী	৬ বা ৪
৩।	রূপক	৬
৪।	নিঃসার	১
৫।	অষ্টতাল	১

গীতগোবিন্দের কোন কোন সংস্করণে কর্ণাটের বদলে কেদার রাগ, আর অষ্টমসংখ্যক গানে একতালীর বদলে যতি তালের উল্লেখ দেখা যায়।

উল্লিখিত তালগুলির যে মাত্রাবিভাগ প্রাচীন শাস্ত্রে লিখিত আছে সে সব আজ অবধি কীর্ত্তনগানে প্রায় অবিকৃত অবস্থায় খোলবাদনে ব্যবহৃত হয়। কাজেই তালের দিক দিয়ে গীতগোবিন্দের গানগুলির মূল আদর্শ অনুসরণ করা বিশেষ শক্ত নয়।

কিন্তু মুস্কিলের ব্যাপার দাঁড়িয়েছে গীতের রাগরূপ নিয়ে। আগেই বলা হয়েছে, এ বিষয়ে অধম উপায় অবলম্বন করা ছাড়া আর কিছু করবার নেই। সে উপায়টি হচ্ছে জয়দেবের আমলের বা তাঁর অব্যবহিত পূর্ব্বের বা পরের যুগের লিখিত সংগীতশাস্ত্রে বর্ণিত রাগরূপ। সে রকম দুখানি মাত্র গ্রন্থ ধ্বংসের হাত থেকে রক্ষা পেয়ে এখনো টিকে আছে—একখানি 'সংগীতরত্নাকর' ও অপরখানি 'রাগতরংগিণী'। নানা কারণে সংগীত-রত্নাকরের রাগবর্ণনা আমাদের কাছে দুর্ব্বোধ্যই হয়ে আছে। কাজেই রাগতরংগিণীর আশ্রয় নেওয়া ছাড়া গত্যন্তর নেই। এই গ্রন্থের রচয়িতা লোচন কবি বাঙালী ছিলেন, এই কারণে এঁর বর্ণিত রাগরূপ জয়দেবের গানের রাগের পক্ষে নির্ভরযোগ্যও হতে পারে। তবে তরংগিণীর

রাগবর্ণনা অনেক বিষয়ে একটু বেশী পরিমাণে সংক্ষিপ্ত। সেই সংক্ষেপ-জনিত দুর্ব্বোধ্যতাকে কতকটা দূর করেছেন লোচনের অনুসরণকারী শাস্ত্রকার হৃদয়নারায়ণ। আমরা লোচন কবির রাগতরংগিণী আর পণ্ডিত হৃদয়নারায়ণের হৃদয়প্রকাশ ও হৃদয়কৌতুকের সাহায্যে গীতগোবিন্দের রাগগুলি যথাসম্ভব বুঝতে চেষ্টা করব।

[রাগের স্বররূপের উল্লেখ করতে গিয়ে যেখানে যেখানে স্বরের প্রয়োগ করা হয়েছে সেই সেইখানে পাঠক, স র গ ম প ধ ন-কে যথাক্রমে শুদ্ধ সা রে গা মা পা ধা ও নি এবং ঋ জ্ঞ হ্ম দ ণ-কে যথাক্রমে বিকৃত রে গা মা ধা ও নি বুঝবেন। তারা ও উদারার চিহ্ন যথাক্রমে স্বরের মাথায় রেফ্ আর নীচে হসন্ত।]

১। গুর্জ্জরী—লোচন কবির মতে, গৌরীসংস্থানের রাগ। বর্ত্তমান যুগে গৌরীসংস্থান বলতে ভৈরব ঠাট বুঝায় অর্থাৎ এর রেখাব ধৈবত কোমল। হৃদয়কৌতুকে গুর্জ্জরীর স্বরূপ—"স গ প দ র্স। র্স দ প গ ঋ স।"

২। দেশবড়ারী—লোচন কবি বা হৃদয়নারায়ণ এই রাগের উল্লেখ করেন নি। অধিকাংশ প্রাচীন গ্রন্থে দেশবরাড়ীর বর্ণনা নেই, যদিও এর ছবি পাওয়া গিয়েছে।

৩। বসন্ত—বাসন্তী গৌরীসংস্থানের অর্থাৎ ভৈরব ঠাটের রাগ বলে রাগতরংগিণীতে বর্ণিত আছে। হৃদয়কৌতুকে এর রূপ—"র্স ম র্স ন র্স। ন দ প ম গ ধ স।"

৪। রামকিরী—তরংগিণীর মতে, রামকিরীও আমাদের ভৈরবী ঠাটের রাগ। স্বররূপ হৃদয়ের মতে, "স গ প দ র্স। ন দ প, গ ম গ ঋ স।"

৫। মালবগৌড়—এটিও আমাদের ভৈরব ঠাটে প্রাচীন আমলে গাওয়া হত। হৃদয় পণ্ডিত মালব এবং গৌড় দুটি আলাদা রাগকেই

আমাদের ভৈরব ঠাটের রাগ বলে উল্লেখ করেছেন। এখনো দক্ষিণ ভারতে মালবগৌড় বা মালবগৌল আমাদের ভৈরব ঠাটের সদৃশ। গীতগোবিন্দের কোন এক সংস্করণে মালবগৌড়ের পরিবর্তে গৌড়মালব লিখিত আছে,—একে ভিন্ন রাগ মনে করবার কারণ নেই।

৬। কর্ণাট—লোচনের মতে কর্ণাটের যে বর্ণনা করা হয়েছে, তা আমাদের এখনকার খাম্বাজ ঠাটের অনুরূপ—অর্থাৎ এতে নিখাদ স্বরটি কোমল আর বাকী সব স্বর শুদ্ধ। 'কৌতুকে' কর্ণাটের রূপ এই—"স গ ম ম গ র স। ন্ স র স র গ র স। স স স স র স ন্ স স স র স। ণ ধ প ম ম ম প ম প ধ ণ র্স ধ ণ প ম ম গ র স।"

৭। দেশাখ—দেশাখ মেঘসংস্থানের রাগ, অর্থাৎ এতে যে স্বরগুলি ব্যবহৃত হত, তা আমাদের এখনকার বৃন্দাবনী সারং-এর অনুরূপ। তবে সারং-এর মত এর গান্ধার বর্জিত স্বর ছিল না। কৌতুকের মতে এর স্বর—"স র ম প ম র্স ণ প ম। প র গ ম র স।"

৮। গোণ্ডকিরী—গৌরীসংস্থানের রাগ। 'কৌতুক'-বর্ণিত স্বররূপ —"স ঋ, ঋ ম, ম প, প র্স, র্স র্স ন দ প ম ম ঋ স স, ঋ ম ঋ স।" নিখাদ স্বরটিকে উপেক্ষা করলে গোণ্ডকিরীর এই বর্ণনা এখনকার আমলের গুনকিরীর সংগে প্রায় মিলে যায়।

৯। মালব—মালব গৌরীসংস্থান বা ভৈরব ঠাটের রাগ বলে লোচন কবি উল্লেখ করেছেন। হৃদয় পণ্ডিত এই রাগের স্বররূপ দিয়েছেন এইভাবে—"স গ ম দ প র্স, ঋ র্স ন দ প। স ম গ ঋ স ন্ স।"

১০। ভৈরবী—লোচন-বর্ণিত ভৈরবী মেল আর এখনকার কাফী ঠাট একই। লোচনের সময় ভৈরবীতে কেউ কেউ কোমল ধৈবতও ব্যবহার করতেন, কিন্তু লোচন বলেছেন, তাতে সৌন্দর্য্যের হানিই হয়।

১১। বরাড়ী—এই রাগের উল্লেখ রাগতরংগিণীতে নেই। সংগীত-পারিজাতে নানা রকমের বরাড়ীর বর্ণনা আছে, কিন্তু পারিজাত অনেক

পরবর্ত্তীযুগের রচনা। প্রাচীন গ্রন্থের বরাড়ী আমাদের এখনকার তোড়ী ঠাটের সদৃশ ছিল।

১২। বিভাস—এই রাগও লোচনের মতে, আমাদের ভৈরব ঠাটের অন্তর্গত। হৃদয়কৌতুকে প দ ন র্স ন দ প ম গ ঋ স-বিন্যাসে এর বর্ণনা করা হয়েছে। আবার হৃদয়প্রকাশের মতে, এর রূপ—"স গ প দ র্স। দ প গ ঋ গ ঋ স।" মধ্যম নিখাদ-বর্জ্জিত এই দ্বিতীয় রূপটি বিভাসের গানে আজকালও পাওয়া যায়। তবে মনে হয় হৃদয়কৌতুকের বিভাসই প্রাচীনতর।

গীতগোবিন্দের কোন কোন সংস্করণে কর্ণাটের বদলে কেদারার উল্লেখ আছে একথা আগেই উল্লেখ করেছি। কেদারের বর্ণনায় লোচন কবি যা বলেছেন তা আমাদের এখনকার বিলাবল ঠাটের অনুরূপ, অর্থাৎ এর সব স্বরই শুদ্ধ।

গীতগোবিন্দের রাগ-রাগিণীর আসল রূপ কি ছিল, ওপরের বিবরণ থেকে তা স্পষ্ট বোঝা গেল, এমন কথা বলা যায় না। তবে আজকাল এই সব গানে যে সব সুরের নক্সা পাওয়া যায়, সেগুলিতে এই বিবরণে বর্ণিত শুদ্ধ বা কোমল স্বর অনুসারে সাধন করে নিলে আমরা যে জয়দেবের কল্পিত সুরের খানিকটা অনুসরণ করতে পারব, এতে সন্দেহ করবার কারণ নেই।

এই উপলক্ষে তখনকার দিনের বাঙালীর কাছে কি কি ধরণের সুর ভাল লাগত তার একটা মোটামুটি হিসাব ঠিক করা যেতে পারে। গীতগোবিন্দের দ্বাদশটি রাগের মধ্যে দশটির বর্ণনা রাগতরংগিণীতে পাওয়া গেল। এদের মধ্যে আবার সাতটিই গৌরীসংস্থানের অর্থাৎ আমাদের ভৈরব ঠাটের অন্তর্গত। ভৈরব ঠাটের প্রতি জয়দেবের এই পক্ষপাতিত্বকে আমরা সে আমলের বাঙালী শ্রোতৃসাধারণেরই পক্ষপাতিত্ব ব'লে ধ'রে নিতে পারি। এই শ্রেণীর রাগগুলি প্রাতঃকালের পক্ষেই বেশী

উপযোগী। ব্যবহারিক ক্ষেত্রে গীতগোবিন্দের গান সকালবেলাতেই অধিকাংশ স্থলে গাওয়া হ'ত কি না কে জানে ?

যে পাঁচটি তালে গীতগোবিন্দের চব্বিশখানি গান বাঁধা হয়েছিল, তাদের একটি হচ্ছে অষ্টতাল। অষ্টতাল আসলে আটটি বিভিন্ন তালের সমাবেশ। "বদসি যদি কিঞ্চিদপি" গানখানি এখনো কোন কোন কীর্ত্তনীয়ার মুখে অষ্টতালেই গাইতে শোনা যায়। অষ্টতালের অন্তর্গত আটটি বিভিন্ন তালের নাম—আড়, দোজ, জ্যোতি (বা যতি), চন্দ্রশেখর, গঞ্জন, পঞ্চ, রূপক ও সম। পরীক্ষা করে দেখা গিয়েছে, সংগীতশাস্ত্রে এই সব তালের যে লক্ষণ বর্ণিত আছে কীর্ত্তনের আসরে তা অপরিচিত হয়ে পড়েনি। অষ্টতাল ছাড়া সে আমলে এগারটি তালে রচিত 'রুদ্রতাল,' চারিটি তালে গঠিত 'ব্রহ্মতাল', ছয়টি তাল সমবায়ে রচিত 'ইন্দ্রতাল', চৌদ্দটি বিভিন্ন তাল পর পর সাজিয়ে গঠিত 'চতুর্দ্দশতাল' ইত্যাদি তালফেরতার প্রচলন ছিল। আজকাল সামান্য দু' একটি তাল জোড়া লাগিয়ে যাঁরা তালফেরতা গান, তাঁরা প্রাচীনদের ক্ষমতার কথা একবার ভেবে দেখতে পারেন।

৯

শ্রীগীতগোবিন্দে গোবিন্দ

মহাভারতে, পুরাণে, বিশেষ করিয়া শ্রীমদ্‌ভাগবতে যে গোবিন্দ-লীলা বর্ণিত হইয়াছে, কবি জয়দেব শ্রীগীতগোবিন্দে সেই গোবিন্দের লীলাই বর্ণনা করিয়াছেন। লীলাপুরুষোত্তম শ্রীগোবিন্দই তাঁহার প্রেয়সী-শ্রেষ্ঠা শ্রীরাধার সঙ্গে শ্রীগীতগোবিন্দের আদ্যবস্তে কীর্ত্তিত হইয়াছেন। জয়দেব

দশাবতার স্তোত্রে এই গোবিন্দকেই—"দশাকৃতি-কৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ" বলিয়া বন্দনা করিয়াছেন।

বৈষ্ণবাচার্য্যগণ শ্রীগীতগোবিন্দ গ্রন্থখানিকে শাস্ত্রের মতই প্রামাণ্য মনে করিতেন। শ্রীপাদ রূপ ভক্তিরসামৃত সিন্ধুর দক্ষিণ বিভাগ প্রথম লহরীতে "অবতারাবলী বীজ অবতরী নিগদ্যতে" ইহার প্রমাণস্বরূপ জয়দেবের "বেদানুদ্ধরতে" শ্লোক উদ্ধৃত করিয়াছেন। রায় রামানন্দের উক্তিও এই সঙ্গে স্মরণীয়। সুতরাং শ্রীগীতগোবিন্দে গোবিন্দ সদা বর্ত্তমান।

এতদ্দেশে পুরাণোক্ত কৃষ্ণ লীলার দুইটি ধারা দেখিতে পাওয়া যায়। শ্রীমদ্‌ভাগবত, বিষ্ণুপুরাণ, খিলহরিবংশ একই পর্য্যায়ভুক্ত। দ্বিতীয় ধারায় ব্রহ্মবৈবর্ত্তপুরাণের উল্লেখ করিতে পারি। পদ্মপুরাণে এই দুইটি ধারায় সমন্বয় সাধিত হইয়াছে। শ্রীমদ্‌ভাগবত গৌড়ীয় বৈষ্ণবগণের সর্ব্বশ্রেষ্ঠ প্রামাণিক গ্রন্থ। উপাসনা কাণ্ডে তাঁহারা পদ্মপুরাণকেও গ্রহণ করিয়াছেন। ব্রহ্মবৈবর্ত্তপুরাণও বৈষ্ণব সম্প্রদায়ের বিশেষ আদরণীয়।

জয়দেবের বর্ণনীয় বিষয় বাসন্ত রাস। এই রাস শারদীয় রাসের অব্যবহিত পরেই অনুষ্ঠিত হয় নাই। শ্রীগীতগোবিন্দ পাঠে মনে হয় ইন্দ্রপ্রস্থ হইতে বৃন্দাবনে আসিয়া শ্রীকৃষ্ণ এই লীলার অনুষ্ঠান করিয়াছিলেন। পদ্মপুরাণে যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের পর শ্রীকৃষ্ণের ইন্দ্রপ্রস্থ হইতে বৃন্দাবনে আগমনের বিবরণ পাওয়া যায়। শ্রীমদ্‌ভাগবতেও ইহার সংক্ষিপ্ত উল্লেখ আছে—

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্ মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটি-প্রতিমঃ ক্ষণো ভবে-
দ্রবিং বিনাক্ষ্ণোরিব ন স্তবাচ্যুত॥ (১ম স্কন্ধ)

হে কমল নয়ন, তুমি যখন আমাদিগকে পরিত্যাগ করিয়া বন্ধুদর্শন

মানসে ইন্দ্রপ্রস্থে ও মথুরা মণ্ডলে গমন করিয়াছিলে, সে সময় আমরা প্রতিক্ষণকে কোটি অব্দ বলিয়া মনে করিতাম। হে অচ্যুত, সূর্য্য না থাকিলে চক্ষুর যে দশা হয়, তোমাকে না দেখিয়া আমাদেরও সেইরূপ দুর্দ্দশা হইয়াছিল।

যুধিষ্ঠিরের অশ্বমেধ যজ্ঞ সমাপনের পর শ্রীকৃষ্ণ দ্বারকায় প্রত্যাগমন করিলে দ্বারকাবাসিগণ বর্ত্তমান ও অতীত দিনের শ্রীকৃষ্ণ বিরহ স্মরণ করিয়া এই কথা বলিয়াছিলেন। যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের পর দন্তবক্র বধের জন্য শ্রীকৃষ্ণ যখন ব্রজমণ্ডলে গমন করেন, উদ্ধৃত শ্লোকে তাহারই ইঙ্গিত রহিয়াছে। টীকাকারগণ কুরু অর্থে পাণ্ডব ও মধু অর্থে মথুরা-মণ্ডলস্থ ব্রজবাসিগণকে লক্ষ্য করিয়াছেন। জরাসন্ধের অত্যাচার হইতে রক্ষার জন্য শ্রীকৃষ্ণ মথুরাবাসিগণকে দ্বারকায় লইয়া গিয়াছিলেন। মধুপুরী তখন জনশূন্য। সুতরাং মথুরামণ্ডলস্থ সুহৃদ্ বলিতে ব্রজবাসি-গণকেই উদ্দেশ করা হইয়াছে।

পদ্মপুরাণ পাতালখণ্ড ৪৫ অধ্যায়ে বর্ণিত আছে—

অত্র শিশুপালং নিহতং শ্রুত্বা দন্তবক্রঃ কৃষ্ণেন যোদ্ধুং মথুরামাজগাম। কৃষ্ণস্তু তচ্ছ্রুত্বা রথমারুহ্য তেন সহ যোদ্ধুং মথুরামাযযৌ।

অথ তং হত্বা যমুনামুত্তীর্য্য নন্দব্রজং গত্বা পিতরাবভি-বাদ্যাশ্বাস্য তাভ্যামালিঙ্গিতঃ সকল-গোপ-বৃদ্ধান্ পরিষজ্য তানাশ্বাস্য বহুবস্ত্রাভরণাদিভিস্তত্রস্থান্ সর্ব্বান্ সন্তর্পয়ামাস।

কালিন্দ্যাঃ পুলিনে রম্যে পুণ্যবৃক্ষসমাকীর্ণে গোপস্ত্রীভি-রহর্নিশং ক্রীড়াসুখেন ত্রিরাত্রং তত্র সমুবাস। তত্র স্থলে নন্দগোপাদয়ঃসর্ব্বেজনাঃপুত্রদারসহিতাঃ পশুপক্ষিমৃগাদয়োঽপি

বাসুদেব-প্রসাদেন দিব্যরূপধরা বিমানসমারূঢ়াঃ পরমং বৈকুণ্ঠ-লোক-মবাপুঃ।

শ্রীকৃষ্ণস্তু নন্দগোপব্রজৌকসাং সর্ব্বেষাং নিরাময়ং স্বরূপং দত্ত্বা দেবী-দেবগণৈস্তূয়মানঃ শ্রীমতীং দ্বারবতীং বিবেশ॥

"এখানে শিশুপাল নিহত হইয়াছে শুনিয়া দন্তবক্র কৃষ্ণের সহিত যুদ্ধ করিবার জন্য মথুরায় আগমন করিল। শ্রীকৃষ্ণও তাহা শুনিয়া রথে আরোহণ পূর্ব্বক তাহার সহিত যুদ্ধ করিবার বাসনায় মথুরায় উপস্থিত হইলেন। তথায় দন্তবক্রকে নিধন করিয়া যমুনা পার হইয়া নন্দ ব্রজে গমন করতঃ পিতামাতাকে অভিবাদন করিলেন ও আশ্বাস দিলেন এবং পিতামাতার আলিঙ্গন পাইয়া সমুদয় গোপবৃদ্ধদিগকে স্বয়ং আলিঙ্গন করিয়া তাহাদিগকেও আশ্বাস প্রদান করতঃ অসংখ্য বস্ত্রাভরণাদি প্রদানে তথাকার সকলকে পরিতৃপ্ত করিলেন। নানা জাতীয় পুণ্যপাদপে পরিপূর্ণ যমুনার রমণীয় পুলিনে গোপিকাদিগের সহিত দিবসত্রয় অনুক্ষণ বিহার করিলেন। পরে তাঁহারই অনুগ্রহে নন্দ প্রভৃতি গোপজনেরা স্ত্রী-পুত্রাদির সহিত—এমন কি তত্রত্য পশুপক্ষী মৃগাদিরও সহিত দিব্যরূপ ধারণ পূর্ব্বক দিব্য বিমানে আরোহণ করতঃ শ্রেষ্ঠ বৈকুণ্ঠধামে গমন করিলেন। শ্রীকৃষ্ণ মথুরামণ্ডলে নন্দ প্রভৃতি ব্রজবাসিগণকে এইরূপ অবিনশ্বর স্বীয় পদ প্রদান করিয়া দেবগণ ও দেবীগণ কর্ত্তৃক সংস্তুত হইয়া শ্রীমতী দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন"। (বঙ্গবাসী প্রকাশিত সংস্করণের অনুবাদ)

শিশুপাল হত হইয়াছিল ইন্দ্রপ্রস্থে—যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে। দন্তবক্র প্রতিশোধ গ্রহণ মানসে জরাসন্ধের নীতি গ্রহণ করিয়া মথুরা-বাসিগণের পরিবর্ত্তে ব্রজবাসিগণের উপর অত্যাচারের উদ্দেশ্যে মথুরা-মণ্ডলে আসিয়াছিল। শ্রীকৃষ্ণ তাহা বুঝিতে পারিয়া তৎপূর্ব্বেই তাহাকে বধ করেন। যেখানে দন্তবক্র নিহত হয়, ঐ স্থান এখন দাতিহা নামে

পরিচিত। পূর্ব্বে যে ভাগবতোক্ত শ্লোক উদ্ধৃত করিয়াছি, তাহা দন্তবক্র বধের পর দ্বারকাপ্রত্যাগত শ্রীকৃষ্ণের কথা স্মরণ করিয়া যুধিষ্ঠিরের অশ্বমেধ সমাপনান্তে দ্বারকা সমাগত শ্রীকৃষ্ণের প্রতি দ্বারকাবাসিগণের অভিনন্দন। সুতরাং শ্রীকৃষ্ণ যে পুনরায় ব্রজে আসিয়াছিলেন এবং রাসের অনুষ্ঠান করিয়াছিলেন, এ কথা পুরাণ-সম্মত। পূজারী গোস্বামীর টীকায় এ প্রসঙ্গের উল্লেখ রহিয়াছে।

শ্রীগীতগোবিন্দের ৫ম সর্গের সমাপ্তি শ্লোকে "কংসধ্বংসন-ধূমকেতু" এই পদে এবং ১০ম সর্গের সমাপ্তি শ্লোকে কুবলয়াপীড় বধের উল্লেখে জয়দেব প্রথম বৃন্দাবনলীলার পরবর্ত্তী রাসানুষ্ঠানেরই ইঙ্গিত করিয়াছেন। ইহার সুস্পষ্ট প্রমাণ রহিয়াছে শ্রীগীতগোবিন্দের দ্বিতীয় সর্গের দ্বিতীয় পদে। শ্রীরাধা বলিতেছেন—

> **সখি হে কেশি-মথনমুদারম্।**
> **রময় ময়া সহ মদনমনোরথ-ভাবিতয়া সবিকারম্॥**

আমার সঙ্গে বিলাস কামনায় যিনি সদা লালায়িত, সখী সেই উদার কেশিমথনের সঙ্গে আমার মিলন করাইয়া দাও। বৃন্দাবনে কেশি নিধনেই অসুর সংহার লীলার পরিসমাপ্তি। হয়তো বৃন্দাবন লীলারও সেই শেষ!

শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধের পঁয়তাল্লিশ অধ্যায়ের—

> **"নাস্মত্তো যুবয়োস্তাত নিত্যোৎকণ্ঠিতয়োরপি"**

শ্লোকের লঘুতোষণী টীকায় শ্রীকৃষ্ণের বর্ষক্রম বিচারে লীলার পৌর্ব্বাপর্য্য নির্ণীত রহিয়াছে।

শ্রীকৃষ্ণের এক বৎসর বয়স পূর্ণ হইলে তৃণাবর্ত্ত বধ। তৃতীয় বর্ষারম্ভে কার্ত্তিকে দামোদর লীলা। কিয়দ্দিবস পরে বৃন্দাবনে প্রবেশ। দুই তিন

মাস পর বৎসচারণারম্ভ। বৎস, বক, ব্যোমাসুর বধ। চতুর্থের আরম্ভে শরৎকালে অঘাসুর বধ, পুলিন ভোজন ও ব্রহ্মা কর্তৃক গোবৎস হরণ। পঞ্চমারম্ভে পৌগণ্ড প্রকাশ। পঞ্চম বৎসরে কার্ত্তিক শুক্লাষ্টমীতে গোচারণারম্ভ। পঞ্চমের নিদাঘে কালীয় দমন, ষষ্ঠে গোচারণ কৌতুক। সপ্তমারম্ভে কৈশোর প্রবেশ। পক্ক তালাবসরে ধেনুক বধ। সেই দিন সন্ধ্যায় শ্রীমতী গোপীগণের প্রথম ভাবাভিব্যক্তি। (শ্রীমদ্ভাগবতে ধেনুকবধ পূর্ব্বে এবং কালীয়দমন পরে বর্ণিত হইয়াছে। কালীয়দমন দিনে শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগের প্রকাশ। শ্রীপাদ শুকদেব গোস্বামী ভাবাবেশে গোপীগণের পূর্ব্বরাগই প্রথমে বর্ণনা করিয়াছেন। অলঙ্কার শাস্ত্রও "আদৌ পূর্ব্বস্ত্রিয়ো রাগা" বর্ণনের নির্দ্দেশ দিয়াছেন।) সপ্তমের নিদাঘে প্রলম্ব বধ। অষ্টমে আশ্বিনে বেণুগীত। কার্ত্তিকে গোবর্দ্ধন ধারণ। কার্ত্তিক শুক্লা একাদশীতে গোবিন্দাভিষেক। দ্বাদশীতে বরুণলোকে গমন। পূর্ণিমায় ব্রহ্ম হ্রদাবগাহন। হেমন্তে বস্ত্রহরণ।

নিদাঘে যজ্ঞপত্নী প্রসাদ, নবমের শরতে রাসলীলা। শিবচতুর্দ্দশীতে অম্বিকা বনযাত্রা। ফাল্গুনে শঙ্খচূড় বধ। দশমে স্বৈর লীলা। একাদশ বর্ষের চৈত্রপৌর্ণমাসীতে অরিষ্ট বধ। দ্বাদশের গৌণ ফাল্গুন দ্বাদশীতে কেশিবধ। তৎপর দিনই মথুরা গমন এবং চতুর্দ্দশীতে কংসবধ। দ্বাদশ পূর্ণ হয় নাই, তাই শ্রীশুকদেব বলিয়াছেন—

"একাদশ-সমাস্তত্র গূঢ়ার্চ্চিঃ সবলোঽবসৎ ॥"

একাদশ বৎসর কয়েকমাস শ্রীবৃন্দাবনে স্থিতি, অতঃপর মথুরা যাত্রা, মাথুর লীলা।

পদাবলীর মধ্যেও দ্বারকা হইতে বৃন্দাবনে পুনরায় গমনের কথা আছে—

দ্বারকা বৈভব লীলা প্রকটন করি।
দন্তবক্র বধ শেষে আইলা মধুপুরী ॥

মথুরা দক্ষিণ দ্বারে দন্তবক্র নাশি।
ব্রজপুরে উদয় করিলা ব্রজশশী॥
জয় জয় রব ব্রজে আনন্দ হিল্লোল।
শৃঙ্গ বেণু তুরী ভেরী দুন্দুভির রোল॥
বেদজ্ঞ ব্রাহ্মণে করে উচ্চ বেদধ্বনি।
সুখে হুলাহুলী দেয় ব্রজের রমণী॥
সখাগণ সঙ্গে নাচে শ্রীমধুমঙ্গল।
নাচয়ে ময়ুর গায় কোকিল সকল॥
এ উদ্ধব দাসে ভণে শ্রীরাধারমণ।
রাস রসে মত্ত হইলা লৈয়া গোপীগণ॥

শ্রীমদ্ভাগবতে শারদরাসের বর্ণনা আছে, তাহাতে বাসন্ত রাস নাই। ব্রহ্মবৈবর্তপুরাণে বাসন্তরাসের বর্ণনা আছে, শারদরাস নাই। পদ্মপুরাণ বসন্ত শরৎ দুই কালেই রাসের কথা বলিয়াছেন। কবি জয়দেব ব্রহ্মবৈবর্ত্ত ও পদ্মপুরাণের অনুসরণ করিয়াছেন।

শ্রীমদ্ভাগবতে, বিষ্ণুপুরাণে ও হরিবংশে গোবিন্দাভিষেকের কথা আছে। গোবর্দ্ধন ধারণের পর ইন্দ্র ও গোমাতা সুরভি শ্রীকৃষ্ণকে যথাবিধি অভিষিক্ত ও গোবিন্দ নামে অভিহিত করেন। পুরাণ মতে ইন্দ্র তাঁহাকে উপেন্দ্ররূপে বরণ করিয়াছিলেন।

কংস কারাগারে বসুদেব-দেবকীর পূর্ব্ব পরিচয় প্রদান প্রসঙ্গে শ্রীকৃষ্ণ বলিয়াছেন "এক যুগে তোমরা সুতপা ও পৃশ্নী ছিলে। দ্বিতীয় বার কশ্যপ ও অদিতি হইয়াছ। এবার বসুদেব ও দেবকী। প্রতিবারই আমি তোমাদের পুত্ররূপে আবির্ভূত হই, এবারও হইয়াছি।" প্রথম পৃশ্নীগর্ভ, দ্বিতীয় বামন, তৃতীয় কৃষ্ণ। শ্রীকৃষ্ণই যে বামনরূপে অবতীর্ণ হইয়াছিলেন, ইন্দ্র কর্ত্তৃক এই স্বীকৃতিই উপেন্দ্র নামের অন্যতম রহস্য। কবি জয়দেবও

ইএই গোবিন্দাভিষেকের ইঙ্গিত দিয়াছেন। শ্রীগীতগোবিন্দের চতুর্থ সর্গে "এতাবত্যতনুজ্বরে" শ্লোকের অন্তে "উপেন্দ্র বজ্রা" এই শ্লিষ্ট শব্দ লক্ষণীয়। ছন্দটি "উপেন্দ্র বজ্রা" ; কিন্তু "ওহে উপেন্দ্র, তুমি বজ্র অপেক্ষাও দারুণ"— শ্লোকের এই অর্থই সুসঙ্গত। শ্রীগীতগোবিন্দে যাঁহারা গোবিন্দের অনুসন্ধান করেন, তাঁহারা এই শ্লোকটি ও চতুর্থ সর্গের সমাপ্তি শ্লোক পাঠ করিবেন। পূর্ব্বশ্লোকে "উপেন্দ্র" নাম ও সমাপ্তি শ্লোকে গোবর্দ্ধন ধারণ তথা গোবিন্দাভিষেকের সঙ্কেত বিশেষ অর্থপূর্ণ; জয়দেব পুরাণের অমর্য্যাদা করেন নাই। সুতরাং শ্রীগীতগোবিন্দে গোবিন্দের অস্তিত্বে সন্দেহের অবকাশ কোথায়? অতীত বৃন্দাবন লীলার পরিচায়ক গোবর্দ্ধন ধারণের শ্লোকটি উদ্ধৃত করিতেছি ঃ

বৃষ্টি-ব্যাকুলগোকুলাবনরসাদুদ্ধৃত্য গোবর্দ্ধনং
বিভ্রদ্বল্লব বল্লভাভিরধিকা নন্দাচ্চিরং চুম্বিতঃ।
দর্পেণৈব তদর্পিতাধর তটী সিন্দূর মুদ্রাঙ্কিতো
বাহুর্গোপতনোস্তনোতু ভবতাং শ্রেয়াংসি কংসদ্বিষঃ॥

(চতুর্থ সর্গ, সমাপ্তি শ্লোক)

ইহার পরে বসন্তরাস।

শ্রীকৃষ্ণ প্রসঙ্গ

কবি জয়দেব শ্রীগীতগোবিন্দে শ্রীকৃষ্ণকে স্বয়ং ভগবান রূপেই গ্রহণ করিয়াছেন। দশাবতার স্তোত্রে তিনি বলিয়াছেন—"দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ"। শ্রীকৃষ্ণকে তিনি কোথাও বলিয়াছেন বাসুদেব, কোথাও বলিয়াছেন দেবকীনন্দন, কোথাও বলিয়াছেন নন্দনন্দন। শ্রীগীতগোবিন্দে হরিনাম, গোবিন্দনাম, কৃষ্ণনাম বহুবার কীর্ত্তিত হইয়াছে। যেমন ঐশ্বর্য্যবর্ণনায়, তেমনই মাধুর্য্যবর্ণনায় কবি শ্রীভগবানের অসমোর্দ্ধ স্বরূপই প্রকাশ করিয়াছেন। শ্রীগীতগোবিন্দ পাঠে মনে হয় জয়দেবের বহুপূর্ব্বেই শ্রীনন্দনন্দন যশোদা দুলাল বাঙ্গালায় সুপ্রতিষ্ঠিত হইয়াছিলেন।

শ্রীকৃষ্ণই ব্রহ্ম, আত্মা এবং ভগবান—এই তিন নামে পরিচিত। গীতায় তিনি নিজ মুখেই বলিয়াছেন "ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহং"। বিষ্ণুপুরাণ বলিয়াছেন "বৃহত্ত্বাৎ বৃংহণত্বাচ্চ তদ্‌ব্রহ্ম পরমং বিদুঃ" (১।১২।৫৭)। যিনি নিজে বৃহৎ অর্থাৎ যাহা অপেক্ষা বৃহৎ আর নাই, এবং যিনি বৃহৎ করিতে পারেন অর্থাৎ যাঁহার বৃহৎ করিবার শক্তি আছে—"বৃংহতি এবং বৃংহয়তি"—তিনিই ব্রহ্ম। তিনি সর্ব্বজ্ঞ, সর্ব্ব শক্তিমান। তিনি অনন্ত শক্তির আধার। অখিল জগতের আত্মারূপে তিনিই সুপ্রতিষ্ঠিত। তিনি সগুণ ও নির্গুণ, তিনি সর্ব্বগ, অনন্ত, বিভু। শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান, কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।

তিনি সচ্চিদানন্দ, স্বপ্রকাশ এবং জ্ঞান স্বরূপ। "অদ্বয় জ্ঞানতত্ত্ব ব্রজে ব্রজেন্দ্র নন্দন"। শ্রীকৃষ্ণ রসস্বরূপ, আস্বাদ্য ও আস্বাদক। তিনিই

আশ্রয়তত্ত্ব। দ্বিভুজ মুরলীধর, শ্যামসুন্দর, নরাকৃতি পরব্রহ্ম, লীলাময়, লীলাপুরুষোত্তম বিগ্রহ। ছান্দোগ্য উপনিষদে ব্রহ্মকে শ্যাম বলা হইয়াছে। সৌন্দর্য্য-মাধুর্য্যে তিনি সর্ব্বচিত্তাকর্ষক, আত্মপর্য্যন্ত সর্ব্বচিত্তহর। শ্রীকৃষ্ণ বিরুদ্ধ ধর্ম্মাশ্রয় এবং অপার করুণাময়। "রসিক শেখর কৃষ্ণ পরমকরুণ"। ইঁহাকে উদ্দেশ করিয়াই শ্বেতাশ্বতর উপনিষদ্ বলিয়াছেন—

তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং
তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্।
পতিং পতীনাং পরমং পরস্তাৎ
বিদাম দেবং ভুবনেশমীড্যম্॥

মহাভারতে, পুরাণে, তন্ত্রে সর্ব্বত্রই কৃষ্ণের কথা। তিনি ঐতিহাসিক পুরুষ, কালগণনায় প্রায় পাঁচ হাজার বৎসর পূর্ব্বে দ্বাপরে কংস-কারাগারে দেবকী-বসুদেবের পুত্ররূপে এবং গোকুলে নন্দ-যশোদার আত্মজরূপে অবতীর্ণ হইয়াছিলেন। এই নন্দাত্মজই সর্ব্বাবতারের আকর। জয়দেব ইঁহার লীলা কথাই কীর্ত্তন করিয়াছেন।

কতকাল পূর্ব্বে বাঙ্গালায় কৃষ্ণ-কথা তথা গোপী-কথা প্রচারিত হইয়াছিল, কেহ বলিতে পারে না। আমার মনে হয় স্মরণাতীত কাল হইতেই বাঙ্গালায় শ্রীরাধাকৃষ্ণোপাসনা প্রচলিত রহিয়াছে।

বিষ্ণু পূজার পরিচয়—শকাব্দের পঞ্চম শতকে বগুড়া জেলার বালী গ্রামে গোবিন্দ-স্বামীর মন্দির প্রতিষ্ঠিত হয়। দামোদরপুর তাম্রশাসনে হিমবচ্ছিকরে শ্বেত বরাহ স্বামী ও কোকামুখ স্বামী বিষ্ণু প্রতিষ্ঠার উল্লেখ আছে। (৫ম শকাব্দা) ত্রিপুরা জেলার গুণাইঘর শাসনে প্রত্যুম্নেশ্বর বিষ্ণুর নাম পাওয়া যায় (৬ষ্ঠ শকাব্দা)। ইহারই কিছু পরে ত্রিপুরা অঞ্চলে অনন্ত নারায়ণ প্রতিষ্ঠার পরিচয় পাই। (লোকনাথ তাম্রশাসন) কৈলান

শাসনে নরপতি ধারণ রাত পরম বৈষ্ণব ও পুরুষোত্তম ভক্তরূপে পরিচিত হইয়াছেন। পোখরণা ও পাহাড়পুরের কথা এখন ইতিহাস প্রসিদ্ধ। পাল ও সেনরাজগণের সময়ে এদেশে বহু বিষ্ণুমূর্ত্তি প্রতিষ্ঠিত ও পূজাপ্রাপ্ত হইয়াছিলেন। সম্রাট নারায়ণ পালদেবের মহামন্ত্রী গুড়ব মিশ্র গরুড় স্তম্ভ স্থাপন করিয়াছিলেন।

ভারতের নানাস্থানে আবিষ্কৃত শিলালিপি, প্রস্তর মূর্ত্তি ও গ্রন্থাদিতে শ্রীকৃষ্ণপ্রসঙ্গের উল্লেখ পাওয়া যায়। আসামের মহারাজ হর্জ্জরবর্ম্মদেবের পুত্র বনমালবর্ম্মদেবের তাম্রশাসনের শ্লোক (শকাব্দের অষ্টম শতক)

গোপীজনানন্দিত মানসস্য
দ্বেষ্যেব বিষ্ণোঃ পরিহৃত্য বক্ষঃ।
নিঃশেষ-রামাজন-দেহসংস্থ
মাদায় সৌন্দর্য্যমিহাজগাম॥

শকাব্দের অষ্টম শতকের মধ্যভাগে কাশ্মীররাজ জয়াপীড়ের মন্ত্রী ভট্ট দামোদর কুট্টনীমতম গ্রন্থে লিখিয়াছেন—"**কাংক্ষন্তি স্ম মুরারিং ষোড়শ গোপী সহস্রাণি**"। লিখিয়াছেন—"**গোবিন্দ গোপদারেষু**"।

বঙ্গের বর্ম্মরাজগণ কৃষ্ণকে কুলাধিদেবতারূপে বন্দনা করিয়াছেন। এই বন্দনীয় পুরুষ কৃষ্ণই যে অংশসহ অবতার গ্রহণে ভূভার হরণ করিয়াছিলেন, তিনিই যে গোপীজনবল্লভ এবং মহাভারতের সূত্রধার, ভোজবর্ম্মদেবের বেলাবো তাম্রশাসনের নান্দীশ্লোকে তাহার সুস্পষ্ট উল্লেখ আছে (শকাব্দের নবম শতক):

সোঽপীহ গোপীশতকেলিকারঃ
কৃষ্ণো মহাভারতসূত্রধারঃ।

অর্ঘ্যঃ পুমানংশকৃতাবতারঃ
প্রাদুর্বভূবোদ্ধৃত-ভূমিভারঃ ॥

কলিকাল-বাল্মীকি সন্ধ্যাকর নন্দী স্বপ্রণীত রামচরিতে শ্লিষ্টপদে কৃষ্ণ ও শিবের বন্দনা করিয়াছেন (শকাব্দা দশম শতক) :

শ্রীঃ শ্রয়তি যস্যকণ্ঠং কৃষ্ণং তং বিভ্রতং ভুজেনাগম্ ।
দধতং কং দাম জটালম্বং শশিখণ্ডনমণ্ডনং বন্দে ॥

সে কালের বহু উচ্চ শ্রেণীর বাঙ্গালী বালগোপালের উপাসক ছিলেন। বন্দ্যঘটীয় সর্ব্বানন্দের টীকাসর্ব্বস্বের প্রথম শ্লোকে ইহার ইঙ্গিত পাওয়া যায় (শকাব্দের একাদশ শতক) :

বর্হিণ বর্হাপীড়ঃ সুষিরপরো বালবল্লবো গোষ্ঠে ।
মেদুর-মুদির-শ্যামল রুচিরব্যাদেষ গোবিন্দঃ ॥

আচার্য্য নিম্বার্কের সমসাময়িক লক্ষ্মণ দেশিকাচার্য্য সারদাতিলক তন্ত্রে (২য় খণ্ড ১৭ পটল ৮৯ শ্লোক) শ্রীকৃষ্ণের ধ্যান লিপিবদ্ধ করিয়াছেন—

ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদার-কৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরং ।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোপালসংঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদন পরং দিব্যাঙ্গভূষং ভজে ॥

বহু পুরাণে কৃষ্ণ কথা বর্ণিত হইয়াছে। পুরাণে বিষ্ণুর বহুবিধ

মূর্ত্তির বর্ণনা আছে। প্রায় দেড় হাজার বৎসরের পুরাতন বরাহমিহিরের বৃহৎসংহিতাগ্রন্থের আঠার অধ্যায়ে প্রতিমালক্ষণ নির্ণয় ব্যপদেশে দ্বিভুজ, চতুর্ভুজ, অষ্টভুজ বিষ্ণুর এবং বলদেবের মূর্ত্তি-পরিচয় পাওয়া যাইতেছে। বৃহৎসংহিতায় কৃষ্ণ-বলরাম যুগলের মূর্ত্তি নির্ম্মাণ প্রণালী এইরূপ—

"একানংশা কার্য্যা দেবী বলদেবকৃষ্ণয়োর্মধ্যে"।

কৃষ্ণ ও বলদেবের মধ্যে একানংশা দেবীকে রাখিতে হইবে। পুরীধামের জগন্নাথ-বলরামের মূর্ত্তি ভারতবিখ্যাত। মধ্যস্থিতা দেবী সুভদ্রা নামে পরিচিতা। বলা বাহুল্য, ইনি একানংশা। ইনি বিষ্ণুর অনুজা, নন্দগোপ কন্যা, সাক্ষাৎ যোগমায়া। কিন্তু জগন্নাথ ক্ষেত্রের একানংশা মূর্ত্তি বৃহৎসংহিতার মতানুসারে নির্ম্মিতা নহে। বরাহমিহির একানংশাকে দ্বিভুজা, চতুর্ভুজা অথবা অষ্টভুজা করিতে বলিয়াছেন। দ্বিভুজা দেবীর বামকর কটিসংস্থিত এবং দক্ষিণকর পদ্মযুক্ত হইবে। পুরীর সুভদ্রা দ্বিভুজা, কিন্তু কটিসংস্থিতকরা ও পদ্মহস্তা নহেন।

দক্ষিণের বাদামী গুহায় গোপ পরিবৃত শ্রীকৃষ্ণমূর্ত্তি ক্ষোদিত রহিয়াছে। প্রায় ষোলশতবৎসর পূর্ব্বে বাদামী গুহার শিলাচিত্রগুলি উৎকীর্ণ হইয়াছিল। বাদামীর পর পূর্ব্ব ভারতে বাঙ্গালার বগুড়া জেলায়, পাহাড়পুরের উল্লেখ করিতে হয়। পাহাড়পুর স্তূপ খননকালে ইহার মধ্য হইতে গুপ্তযুগের একখানি তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে। এই তাম্রশাসনের প্রমাণ মতে স্তূপের নির্ম্মাণ বা অলঙ্করণ-কাল প্রায় দেড় হাজার বৎসরের পূর্ব্ববর্ত্তী বলিয়া নির্দ্দিষ্ট করা যায়। স্তূপটি বহু-ভূমিক, ইহার নিম্নতম তলে—ভূগর্ভ মধ্যে অবস্থিত অংশে কতকগুলি চিত্রিত প্রস্তর ফলক পাওয়া গিয়াছে। এই সকল শিলাচিত্রের মধ্যে যমুনা, বলরাম প্রভৃতির মূর্ত্তি, শ্রীকৃষ্ণের যমলার্জ্জুন ভঙ্গ প্রভৃতি কৃষ্ণলীলার

শিলাচিত্র, এবং তন্মধ্যস্থিত অনিন্দ্যসুন্দর রাধাকৃষ্ণের যুগল মূর্ত্তি উল্লেখ-যোগ্য। মূর্ত্তিগুলি দেখিলেই গুপ্তযুগের সমুন্নত শিলাশিল্পের মধুরোজ্জ্বল মহিমমণ্ডিত সৌন্দর্য্য-স্বপ্ন স্মৃতিপথে সমুদিত হয়।

দাক্ষিণাত্যের মহাবলীপুরে শ্রীকৃষ্ণের গোবর্দ্ধনধারণের বিরাট চিত্র যাঁহারা দেখিয়াছেন, তাঁহারাই বিস্ময়ে মস্তক অবনত করিয়াছেন। সুনিপুণ ভাস্কর্য্যের কোন্ পরিণতস্তরে অন্তরের কল্পনাকে এইরূপে পাষাণে প্রতিষ্ঠিত করা সম্ভবপর হইয়াছিল, অভিজ্ঞগণই তাহা বলিতে পারেন। মহাবলীপুরের মূর্ত্তিগোষ্ঠীতে শ্রীকৃষ্ণের সঙ্গে গোপ গোপী বলরাম ও ধেনু বৎসাদির চিত্রও ক্ষোদিত রহিয়াছে। তন্মধ্যে শ্রীকৃষ্ণের বামপার্শ্বে সখীর অঙ্গে অঙ্গ হেলাইয়া যে গোপী দাঁড়াইয়া রহিয়াছেন, বন্ধুবর অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁহাকে শ্রীরাধা বলিয়া মত প্রকাশ করিয়াছেন। এই গোপী মূর্ত্তির ভঙ্গিমায় ও মুখশ্রীতে যে প্রণয়-প্রগাঢ় হৃদয়ের আশঙ্কা-কম্পিত আবেশ, যে বিস্মিত-গৌরবের স্মিত-সোহাগ আকার পরিগ্রহ করিয়াছে, তাহা কৃষ্ণের সর্ব্বার্থসাধিকা প্রিয়তমা রাধিকা ভিন্ন অন্য গোপীতে থাকিবার কথা নহে। সুতরাং বন্ধুবর সুনীতিকুমারের মত সমর্থন করিয়া বলিতে পারা যায় মহাবলীপুরে আমরা রাধাকৃষ্ণের যুগল মূর্ত্তির দ্বিতীয় পর্য্যায়ের সঙ্গে পরিচিত হইয়াছি।

গয়া জিলায় বরাবর পর্ব্বতে মৌর্য্যবংশীয় নরপতি অশোকের খনিত গুহায় মৌখরীরাজ ঈশান বর্ম্মার বংশধর অনন্ত বর্ম্মা কয়েকটি দেবকার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন। লোমশ ঋষি গুহায় উৎকীর্ণ লিপি হইতে জানিতে পারা যায় ইনি তথায় একটি কৃষ্ণ মূর্ত্তির প্রতিষ্ঠা করেন। অপর লিপি হইতে গোপী গুহায় কাত্যায়নীদেবীর প্রতিষ্ঠা এবং তাঁহার পূজার জন্য একখানি গ্রাম দানের কথাও অবগত হওয়া যায়। গোপী গুহা, শ্রীকৃষ্ণ মূর্ত্তি ও কাত্যায়নী দেবী,—সমস্ত মিলাইয়া দেখিলে শ্রীমদ্ভাগবত কথিত কৃষ্ণ-পতি-লাভাকাঙ্ক্ষিণী গোপীগণের কাত্যায়নী অর্চ্চনার চিত্রই

স্মরণে জাগরিত হয়। অনন্ত বর্ম্মা প্রায় চৌদ্দশত বৎসর পূর্ব্বে বর্ত্তমান ছিলেন।

মধ্যভারত খাজুরাহোর মন্দির গাত্রে শ্রীকৃষ্ণের পুতনা মোক্ষণ লীলাদির সঙ্গে রাধাকৃষ্ণের যুগল মূর্ত্তির একটি শিলা ফলক দেখিয়া আসিয়াছি। খাজুরাহোর মন্দিরগুলির নির্ম্মাণ তেরশত বৎসর পূর্ব্বে সুরু হইয়াছিল। ওয়ালটেয়ারের সমীপবর্ত্তী প্রসিদ্ধ সীমাচলের নৃসিংহ মন্দির গাত্রে দেখিয়াছি কৃষ্ণলীলার অপরাপর চিত্রের সঙ্গে গোপীলীলার চিত্রও ক্ষোদিত আছে। বাঙ্গালার ত্রিবেণীতীরে নারায়ণ অথবা শ্রীকৃষ্ণের একটি মন্দির ছিল। মন্দিরের ধ্বংসাবশেষ লইয়া মসজেদ প্রস্তুত হইয়াছিল। স্বর্গগত ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় মসজেদ গাত্র হইতে তৃণাবর্ত্তবধ, যমলার্জ্জুন ভঙ্গ প্রভৃতি পুরাণোক্ত কৃষ্ণলীলা-চিত্র-ক্ষোদিত কয়েকটি শিলাফলক আবিষ্কার করিয়াছিলেন। এই মন্দিরের কথা পবন-দূতের নিম্নোক্ত শ্লোকে উল্লিখিত আছে—

তস্মিন্ সেনান্বয় নৃপতিনা দেবরাজ্যাভিষিক্তো।
দেবঃ সুহ্মে বসতি কমলা কেলিকারো মুরারিঃ॥

শ্রীরাধাকৃষ্ণ লীলা কথার ঐতিহাসিক প্রসঙ্গ বিশেষরূপে আলোচিত হইয়াছে বলিয়া মনে হয় না। বেদ, পুরাণ ও তন্ত্রের এবং সমগ্র ভারতের প্রাচীন সাহিত্যের অনুসন্ধানও আশানুরূপ হয় নাই। তথাপি উপরিস্থিত সংক্ষিপ্ত আলোচনায় প্রতীয়মান হইবে স্মরণাতীতকাল হইতেই ভারতে শ্রীরাধাকৃষ্ণের পূজা ও উপাসনা পদ্ধতি প্রচলিত রহিয়াছে।

১১

শ্রীরাধা প্রসঙ্গ

শ্রীরাধাকৃষ্ণ লীলাকথার আলোচনা করিতে গিয়া অনেকেই বলিয়া থাকেন শ্রীমদ্ভাগবতে রাধার নাম পাওয়া যায় না, অতএব অতি অর্ব্বাচীন কালেই তাঁহার আবির্ভাব ঘটিয়াছে। বর্ত্তমানে এই মত মূল্যহীন প্রতিপন্ন হইয়াছে। কিন্তু শ্রীমদ্ভাগবতে কেন রাধার নাম উল্লিখিত হয় নাই, আজিও সে রহস্যের মর্ম্ম অনুদ্‌ঘাটিতই রহিয়া গিয়াছে। আর মাত্র শ্রীমদ্ভাগবত কেন, বৈষ্ণবগণের আদরণীয় গ্রন্থ ব্রহ্ম সংহিতা—এমন কি শ্রুতি নামে পরিচিতা শ্রীগোপালতাপনীতেও রাধার নাম পাওয়া যায় না। শ্রীমদ্ভাগবত কোন গোপীর নামই উল্লেখ করেন নাই। ব্রহ্ম-সংহিতায় মন্ত্র-বিচারে গোপীজন শব্দের উল্লেখমাত্র আছে। গোপালতাপনীতে শ্রেষ্ঠা গাপীর নাম গান্ধর্ব্বী। বৈষ্ণবগণের মতে গান্ধর্ব্বীই শ্রীরাধা। এদিকে পদ্মপুরাণ, ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, মৎস্যপুরাণ, স্কন্দপুরাণ, দেবীভাগবত প্রভৃতি পুরাণে এবং রাধাতন্ত্র প্রভৃতি তন্ত্রে রাধার নাম, রাধাকৃষ্ণের লীলাকথা এবং উপাসনা-পদ্ধতি প্রভৃতি পাওয়া যাইতেছে। এরূপক্ষেত্রে উত্তর-ভারত, দক্ষিণ-ভারতের প্রশ্নও অবান্তর। কারণ দক্ষিণ ভারতে প্রণীত বহু প্রাচীন গ্রন্থে রাধার নাম রহিয়াছে। দাক্ষিণাত্যে আবির্ভূত আচার্য্য নিম্বার্ক কিঞ্চিন্ন্যূন প্রায় সহস্র বৎসর পূর্ব্বে রাধাকৃষ্ণের উপাসনা প্রবর্ত্তন করেন। এই সম্প্রদায়-প্রবর্ত্তক আচার্য্য যে, কোন সুপ্রাচীন প্রামাণিক পুরাণাদি গ্রন্থ হইতে আপন উপাসনা পদ্ধতি গ্রহণ করিয়াছিলেন, সে বিষয়ে সন্দেহ করা চলে না। কারণ সে সময় দাক্ষিণাত্যে রামানুজের প্রবল প্রভাব, এবং তিনি লক্ষ্মী-নারায়ণের উপাসক ছিলেন। নিম্বার্কাচার্য্য

অশাস্ত্রীয় কিছু প্রতিষ্ঠার প্রয়াস পাইলে পণ্ডিতগণ নিশ্চয়ই তাহা মানিয়া লইতেন না। আরপূর্ব্ব ভারতে যে দেড় হাজার বৎসর পূর্ব্বে রাধাকৃষ্ণ যুগল মূর্ত্তির পূজা প্রচলিত ছিল, বগুড়া জিলার পাহাড়পুর স্তূপ হইতে তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। বাদামী গুহায় এবং দাক্ষিণাত্যের মহাবলী-পুরের গিরিগাত্রে ক্ষোদিত মূর্ত্তি-গোষ্ঠীতে, খাজুরাহো, সীমাচল প্রভৃতি স্থানের মন্দির গাত্রের মূর্ত্তি সমূহে এবং বিভিন্ন স্থানে আবিষ্কৃত শিলা-লেখোদ্ধৃত শ্লোকে অবিসংবাদিত রূপে প্রমাণিত হইয়াছে যে, রাধাকৃষ্ণ উপাসনা বহু প্রাচীনকালে সারা ভারতবর্ষেই প্রচলিত ছিল।

ঋগ্বেদে সুস্পষ্টরূপে রাধা ও রাধস শব্দের উল্লেখ আছে।

ঋগ্বেদ ২২ সূক্ত ৭।৮ ঋক।

বিভক্তারং হবামহে বসোশ্চিত্রস্য রাধসঃ। সবিতারং নৃচক্ষুসং। সখায় আ নিষীদত সবিতা স্তোম্যোতু নঃ দাতা রাধাংসি শুম্ভতি॥

ধনের বিভাগ কর্ত্তা নরলোকের চক্ষু স্বরূপ বিচিত্র ও রম্য সবিতাকে আহ্বান করি। আমাদিগকে ধন প্রদান করিবার জন্য সবিতা শোভা পাইতেছেন। সখাগণ সমাগত হও। আমরা তাঁহার স্তব করি, কৃপা প্রার্থনা করি।

ঋগ্বেদ সংহিতার ৮ম মণ্ডল ৪৫ সূক্ত ২৪ ঋক্ হইতেও রাধা ও গোপী শব্দের ইঙ্গিত পাওয়া যায়।

"ইহত্বা গোপরীণসামহে মদন্তু রাধসে সরো গৌরো যথাপিব"

অথর্ব্ববেদে (১৯।৭।৩) বিশাখা নক্ষত্রের অপর নাম রাধা।

"রাধে বিশাখে সুহবানুরাধা জ্যেষ্ঠা সুনক্ষত্রমরিষ্ট মূলম্"

তৈত্তিরীয় ব্রাহ্মণে বিশাখাদ্বয়কে—(রাধা ও অনুরাধা) নক্ষত্রগণের অধিপত্নী ও ভুবনের শ্রেষ্ঠা গোপী বলা হইয়াছে।

"নক্ষত্রাণামধিপত্নী বিশাখে। শ্রেষ্ঠাবিন্দ্রাগ্নী ভুবনস্থ গোপৌ"॥ (৩।১।১।১১)

অপর কোন বেদ বা ব্রাহ্মণে বিশাখা নক্ষত্রের রাধা নাম পাওয়া যায় কিনা জানি না, কিন্তু তাহার পরের নক্ষত্রের অনুরাধা নাম দেখিয়া অনুমিত হয় বিশাখার রাধা নামকরণের পরে অনুরাধা নাম স্থিরীকৃত হইয়াছিল। স্বর্গগত যোগেশচন্দ্র বিদ্যানিধি মহাশয়ের মতে প্রায় তেত্রিশ শত বৎসর পূর্ব্বে বেদাঙ্গ জ্যোতিষ সঙ্কলিত হয়, এবং তৈত্তিরীয় ব্রাহ্মণের রচনা কাল প্রায় সাড়ে চারি হাজার বৎসর। স্বর্গগত ডাঃ একেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের মতে যাজুস্ জ্যোতিষের সপ্তম শ্লোক হইতে বেদাঙ্গ জ্যোতিষের রচনা কাল প্রায় তিন হাজার বৎসর পূর্ব্বে বলিয়া মনে হয়। তাহারও পূর্ব্বে মহাবিষুব সংক্রান্তি যখন কৃত্তিকা নক্ষত্রের নিকটস্থ ছিল, সেই সময়েই প্রায় চারি-হাজার পাঁচশত বৎসর পূর্ব্বে বৈদিক পণ্ডিতগণ সমুদয় নক্ষত্রের সহিত পরিচিত হইয়াছিলেন। অনেকের মতে ঋক্ ও অথর্ব্ব বেদের রাধা নাম তৈত্তিরীয় ব্রাহ্মণের গোপী শব্দের সহিত মিলিত হইয়া পরবর্ত্তী পুরাণ কথায় স্থান পাইয়াছে।

'অমরকোষ' অভিধানে বিশাখা নক্ষত্রের নাম রাধা, বৈশাখ মাসের নাম মাধব, রাধা।

রাধা বৈশাখ মাচষ্টে রাধা গোপাঙ্গনামপি।

রাধ্ ধাতুর অর্থ সফলকাম হওয়া, সম্পূর্ণ হওয়া, সিদ্ধ হওয়া, আরাধনা করা, পূজা করা। রাধা শব্দ দান, অনুগ্রহ, শুদ্ধি অর্থেও ব্যবহৃত হয়। এতদ্ভিন্ন অংশ গ্রহণ করা, প্রস্তুত করা, এমন কি ধ্বংস করা অর্থেও রাধ্ ধাতুর প্রয়োগ দেখিতে পাওয়া যায়। আমাদের মতে পূজা, আরাধনা,

প্রীতি, সিদ্ধি, সাফল্য, সম্পূর্ণতা, দান, অনুগ্রহ, শুদ্ধি এই সমস্ত অর্থই শ্রীমদ্ভাগবত রাসপঞ্চাধ্যায়ের নিম্নের শ্লোকটিতে পাওয়া যায়—

অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যা মানয়দ্রহঃ॥

এই শ্লোকেই রাধা নামের মূল রহিয়াছে।

পদ্মপুরাণে শ্রীরাধা এবং তাঁহার ললিতা, বিশাখা আদি সখীর নাম পাওয়া যায়। পদ্মপুরাণে শ্রীরাধার প্রতিদ্বন্দ্বিনী যুথেশ্বরী চন্দ্রাবলীরও নাম আছে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে রাধারই অপর নাম চন্দ্রাবলী।

স্কন্দপুরাণ দ্বারকা মাহাত্ম্যে ললিতা, শ্যামলা, ধন্যা, বিশাখা, রাধা, শৈব্যা, পদ্মা ও ভদ্রার নাম আছে। ইঁহারা ব্রজে সমাগত উদ্ধবের নিকট শ্রীকৃষ্ণের উদ্দেশে তিরস্কার বাক্য প্রয়োগ করিতেছেন।

স্কন্দপুরাণের মতে গোপীগণ দ্বারকায় গিয়াছিলেন। আমার মনে হয় শ্রীপাদ রূপ গোস্বামী এই দ্বারকা-মাহাত্ম্য হইতে তাঁহার ললিতমাধব নাটকের কথঞ্চিৎ উপাদান সংগ্রহ করিয়াছিলেন।

স্কন্দপুরাণ প্রভাসখণ্ডে প্রভাসক্ষেত্র মাহাত্ম্যে ষোড়শ গোপীর নাম লম্বিনী, চন্দ্রিকা, কান্তা, ক্রূরা, মহোদরা, ভীষণা, নন্দিনী, অশোকা, সুপর্ণা, বিমলা, অক্ষয়া, সুভদা, শোভনা, পুণ্যা ও মালিনী। স্কন্দপুরাণ বলিতেছেন কৃষ্ণ চন্দ্ররূপী, ষোড়শ গোপী তাঁহার কলা-স্বরূপিণী, তন্মধ্যে সম্পূর্ণ মণ্ডলা মালিনীই প্রধানা। এই মালিনী রাধারই অপর নাম।

সংস্কৃত সাহিত্যে দাক্ষিণাত্যের কবি ভাসের নাম সুপরিচিত। ইনি প্রায় দুই হাজার বৎসর পূর্ব্বে বর্ত্তমান ছিলেন। ভাসের "বালচরিতে" গোপীগণের বর্ণনা—

এতাঃ প্রফুল্ল কমলোৎপল বক্ত্র নেত্রা
গোপাঙ্গনা কনক চম্পক পুষ্প গৌরাঃ।
নানা বিরাগ বসনা মধুর প্রলাপাঃ
ক্রীড়ন্তি বন্য কুসুমাকুল কেশহস্তাঃ।

বালচরিতে দামোদর গোপীগণকে বলিতেছেন—

"ঘোষ সুন্দরি, বনমালে, চন্দ্ররেখে, মৃগাক্ষি—ঘোষাবাসস্থানুরূপোঽয়ং হল্লীষক নৃত্যবন্ধ উপযুজ্যতাম্।" (বালচরিত ৩য় অঙ্ক) শ্রীপাদ শ্রীজীব তাঁহার বৃহৎ ক্রমসন্দর্ভ টীকায় হল্লীষক বর্ণনায় লিখিয়াছেন—

নর্ত্তকীভিরনেকাভির্মণ্ডলে বিচরিষ্ণুভিঃ।
যত্রৈকো নৃত্যতি নট স্তদ্বৈ হল্লীষকং বিদুঃ॥
তদেবেদং তালবন্ধ-গতি-ভেদেন ভূয়সা।
রাসঃ স্যান্ন স নাকেঽপি বর্ত্ততে কিং পুনর্ভুবি॥

মণ্ডলাকারে নৃত্যপরায়ণা অসংখ্য নর্ত্তকীর মধ্যে যদি কোন নট নৃত্য করে, তাহা হইলে সেই নৃত্যকে হল্লীষক নৃত্য বলা যায়। এই হল্লীষক নৃত্য যদি বিবিধ তালবন্ধ এবং বহুবিধ গতি সমন্বিত হয়, তবে সেই নৃত্যই রাসনৃত্য নামে অভিহিত হইতে পারে। এই রাসনৃত্য স্বর্গেও দুর্লভ, মর্ত্ত্যের কথা তো বহু দূরে। হরিবংশে হল্লীষকের উল্লেখ আছে।

ভাস কবির প্রায় সম-সময়েই আনুমানিক দুই সহস্র বৎসর পূর্ব্বে বা কিছু পরে গাথাসপ্তশতী সঙ্কলিত হইয়াছিল। বিষ্ণুপুরাণে দাক্ষিণাত্যে অন্ধ্রভৃত্য-বংশীয় হাল নরপতির নাম পাওয়া যায়। নরপতি হালের সঙ্কলিত গাথাসপ্তশতী গ্রন্থে শ্রীরাধার (রাই), কৃষ্ণের (কানু), শ্রীকৃষ্ণ-জননী যশোদা দেবীর ও গোপীগণের কথা আছে।

অজ্জবি বালো দামোঅরো ত্তি ইঅ জপ্পিঅই জসোআএ।
কণ্হ-মুহ-পেসিঅচ্ছং নিহুঅং হসিঅং বঅ বহূহিং॥

শ্লোকটির সংস্কৃতরূপ—

অদ্যাপি বালো দামোদর ইতি ইহ জল্প্যতে যশোদয়া।
কৃষ্ণ-মুখ-প্রোষিতাক্ষং নিভৃতং হসিতং ব্রজবধূভিঃ॥

হালসপ্তশতীর অপর একটি শ্লোক—

মুহ মারুএণ তং কণ্হ গোরঅং রাহিআএ অবণেন্তো।
এদাণং বল্লবীণং অণ্ণাণং বি গোরঅং হরসি॥

শ্লোকটির সংস্কৃতরূপ—

মুখমারুতেন ত্বং কৃষ্ণ গোরজো রাধিকায়া অপনয়ন্।
এতাসাং বল্লবীনামন্যাসামপি গৌরবং হরসি॥

কৃষ্ণ তুমি মুখমারুত দ্বারা (ফুৎকার দিয়া) রাধিকার মুখ মণ্ডললিপ্ত গোখুরধূলি অপনোদন ছলে [রাধিকার মুখ চুম্বন করিয়া] অন্যা গোপীগণের গৌরব হরণ করিলে। এই কবিতার রচনা কৌশল, কবিতায় বর্ণিত রাধাকৃষ্ণ প্রেমের প্রগাঢ়তা এবং কৃষ্ণপ্রিয়াগণের মধ্যে রাধার শ্রেষ্ঠতা,—শ্রীমহাপ্রভুর সমকালে রচিত বৈষ্ণব কবিতার সঙ্গেই তুলিত হইতে পারে।

শ্রীপাদ রূপ গোস্বামীর উজ্জ্বলনীলমণি গ্রন্থে গাথাসপ্তশতী ধৃত একটি শ্লোক আছে। শ্লোকটি গাথাসপ্তশতীর অধুনাতন কোন সংস্করণে, অথবা কোন হস্তলিখিত পুঁথিতে পাওয়া যায় না। শ্রীরূপ নিশ্চয় তৎকালের

কোন প্রামাণিক পুঁথি হইতে শ্লোকটি উদ্ধার করিয়াছিলেন। শ্লোকটি এই—(মুখ্যসম্ভোগ)

লীলাহি তুলিঅ সেলো রক্খউ বো রাহিআত্থনপ্ ফংসো।
হরিণা পঢ়ম-সমাগম-সজ্ঝস বেবল্লিদো হত্থো॥

এই শ্লোকের অনুরূপ একটি শ্লোক সদুক্তিকর্ণামৃতের মধ্যে পাওয়া যায়।

যো লীলয়া গোকুল গোপনায় গোবর্দ্ধনং ভূধরমুদ্দধার।
স্বিন্নঃ সকম্পঃ স বভূব রাধা-পয়োধর স্পর্শনেন॥

"দক্ষিণ ও পশ্চিম ভারতের ভক্তি সাহিত্য" গ্রন্থে ডকটর শ্রীমান্ বিষ্ণুপদ ভট্টাচার্য্য দক্ষিণ ভারতে ভক্তি ধর্ম্মের আলোচনা প্রসঙ্গে উল্লেখ করিয়াছেন—(৫৬-৫৭ পৃঃ) খ্রীষ্টীয় দ্বিতীয় শতকে রচিত সুপ্রসিদ্ধ আখ্যান কাব্য 'চিলপ্পধিকারম' এর মূল কাহিনী গড়িয়া উঠিয়াছে—নায়ক নায়িকার ত্রিভুজ সমস্যা লইয়া। কন্নগি কোবলন মাধধী—ভালোবাসিয়া ইহারা কেহই সুখী হইতে পারিল না। এই বেদনা মধুর প্রেম কাব্যখানির একটি সর্গে প্রসঙ্গ ক্রমে কৃষ্ণ কাহিনীর কিছুটা আভাস পাওয়া যায়। ব্যাপারটা এইরূপ—কন্নগি কোবলন মাদুরায় আসিয়া আশ্রয় লইয়াছে একটি গোপপল্লীতে। দম্পতির জীবনে সেটি ছিল ভয়ঙ্কর দিন। কোবলন স্ত্রীকে কুটিরে রাখিয়া অর্থের সন্ধানে শহরে বাহির হইল, আর ফিরিয়া আসিল না। আসিল তাহার মৃত্যু সংবাদ। অতি প্রভাতেই গোপপল্লীতে এই আসন্ন নিদারুণ ঘটনার অশুভ ছায়াপাত হয়। দুগ্ধ হইতে দৈ উৎপন্ন না হওয়া, ধেনুগুলির অশ্রুপাত প্রভৃতি নানা অপশকুন দূর করিবার জন্য প্রধানা গোপী সকলকে ডাকিয়া বলিল সেই

'কুরবৈ কুত্ত,' অর্থাৎ কুরবৈ নামক নৃত্য বিশেষের অনুষ্ঠান করিতে, যাহা এক কালে মারবন কৃষ্ণ প্রদর্শন করিয়াছিলেন গোপ কন্যা নাপ্পিন্নৈকে লইয়া। গোপীদের এই কুরবৈ নৃত্যের দ্বারাই সমস্ত অমঙ্গল দূরীভূত হইবে বলিয়া তাহাদের বিশ্বাস এবং এই কারণে সর্গটির নাম রাখা হইয়াছে "আয়চ্চিয়র কুরবৈ" অর্থাৎ গোপীনৃত্য।** গোপীদের নৃত্য গীতের মধ্যে কৃষ্ণের যে স্তুতি করা হইয়াছে তাহার কয়েকটি পঙক্তি এইরূপ—কৃষ্ণের কীর্ত্তিকথা যে কানে শোনে নাই, সেই কান কি কান? যে চোখ তাহাকে দেখে নাই, সেই চোখ কি চোখ? যে রসনা নারায়ণের নামোচ্চারণ করে নাই, সেই জিহ্বা কি জিহ্বা?

মহাকবি কালিদাস প্রায় দেড় হাজার বৎসর পূর্ব্বে বর্ত্তমান ছিলেন। মেঘদূতে তিনি "**বর্হেণেব স্ফুরিত রুচিণা গোপবেশস্য বিষ্ণোঃ**" উপমাচ্ছলে গোপবেশ বিষ্ণুর উল্লেখ করিয়াছেন। রঘুবংশে ইন্দুমতী স্বয়ংবরে তিনি যেভাবে বৃন্দাবন-সৌন্দর্য্যের বর্ণনা করিয়াছেন, তাহাতে মনে হয়, শ্লোক রচনার সময় সুমধুর ব্রজবনের পুণ্য স্মৃতি কবিচিত্তকে চঞ্চল করিয়াছিল। মথুরাধিপতিকে দেখাইয়া সুনন্দা ইন্দুমতীকে বলিতেছেন—

সম্ভাব্য ভর্ত্তার মমুং যুবানং মৃদু প্রবালোত্তর পুষ্পশয্যে।
বৃন্দাবনে চৈত্ররথাদনূনে নির্ব্বিশ্যতাং সুন্দরি যৌবন শ্রীঃ॥
অথাস্যচাম্ভঃ পৃষতোক্ষিতানি শৈলেয় গন্ধীনি শিলাতলানি।
কলাপিনাং প্রাবৃষি পশ্য নৃত্যং কান্তাসু গোবর্দ্ধন কন্দরাসু॥৫১॥

পুষ্পবাণবিলাস যদি এই কবির রচনা হয়, তাহা হইলে তিনি যে গোপী কথার অনুরক্ত ছিলেন, এ কথাও অনুমান করা চলে:

শ্রীমদ্‌গোপবধূ স্বয়ংগ্রহ পরিষঙ্গেষু তুঙ্গস্তন
ব্যামর্দ্দাদ্‌ গলিতেঽপি চন্দনরজস্যঙ্গে বহন্‌ সৌরভম্‌।

কশ্চিচ্চর্জ্জাগরজাতরাগ-নয়নদ্বন্দ্বঃ প্রভাতে শ্রিয়ং
বিভ্রৎ কামপি বেণুনাদ রসিকো জারাগ্রণীঃ পাতু বঃ ॥

পঞ্চতন্ত্রে বর্ণিত আছে, এক তন্তুবায় পুত্র কৃষ্ণ সাজিয়া স্বীয় সূত্রধর বন্ধুর সাহায্যে কাষ্ঠ নির্ম্মিত গরুড়ে আরোহণ পূর্ব্বক কোন রাজ-অন্তঃপুরে প্রবেশ করিয়াছিল, এবং প্রণয়িনী রাজকন্যাকে বলিয়াছিল—

"সুভগে, সত্যমবিহিতং ভবত্যাপরং কিন্তু রাধা নাম
মে ভার্য্যা গোপকুল প্রসূতা প্রথম মাসীৎ।

পঞ্চতন্ত্র প্রায় দেড় হাজার বৎসর পূর্ব্বে প্রণীত হইয়াছিল।

প্রায় বারশত বৎসর পূর্ব্বে ভট্টনারায়ণ তাঁহার বেণীসংহার নাটকের মঙ্গলাচরণ শ্লোকে "শ্রীহরিচরণয়োরঞ্জলিরয়ং" অর্পণ পূর্ব্বক প্রার্থনা করিয়াছেন—

কালিন্দ্যাঃ পুলিনেষু কেলিকুপিতামুৎসৃজ্য রাসে রসং
গচ্ছন্তী মনুগচ্ছতোঽশ্রু-কলুষাং কংসদ্বিষো রাধিকাম্।
তৎপাদ প্রতিমা নিষেবিত পদস্যোদ্ভূত রোমোদ্গতে
রক্ষুণ্ণোঽনুনয়ঃ প্রসন্ন দয়িতা দৃষ্টস্য বঃ পাতু সঃ ॥

কেলিকুপিতা রাধা রাসমণ্ডল ত্যাগ করিয়া কালিন্দী পুলিন হইতে প্রস্থান করিতেছেন, অনুগমন করিতে গিয়া কংসারি কৃষ্ণ শ্রীরাধার পদচিহ্নের উপর পদার্পণ করিয়া রোমাঞ্চিত হইতেছেন, এই সংক্ষিপ্ত চিত্র শ্রীগীতগোবিন্দের কথাই স্মরণ করাইয়া দেয়। সকল গোপীর প্রতি সমান প্রণয় দেখিয়া শ্রীগীতগোবিন্দের রাধা রাসমণ্ডল ত্যাগ করিয়াছেন। কংসারি শ্রীকৃষ্ণ অন্যা গোপাঙ্গনাগণকে পরিত্যাগ পূর্ব্বক শ্রীরাধার অনুসন্ধান

করিতেছেন, শ্রীরাধার পদধারণ করিয়া মান ভাঙ্গাইতেছেন। ইহাই শ্রীগীতগোবিন্দের প্রধান বর্ণনীয় বিষয়। ইহা হইতে অনুমিত হয় শ্রীরাধার রাসমণ্ডল ত্যাগের কোন পৌরাণিক মূল ছিল, এবং এই রাসলীলা কংস বধের পর কোন সময়ে অনুষ্ঠিত হইয়াছিল। ভট্টনারায়ণও কৃষ্ণকে "কংসদ্বিষো" বলিয়া বিশেষিত করিয়াছেন।

সহস্রাধিক বৎসর পূর্ব্বে সঙ্কলিত নেপালে প্রাপ্ত "কবীন্দ্রবচন-সমুচ্চয়ে" রাধার নাম আছে।

* * ধেনু দুগ্ধ কলসা নাদায় গোপ্যোগৃহং
দুগ্ধে বষ্কয়িণী কুলে পুনরিয়ং রাধা শনৈর্যাস্যতি।
ইত্যস্য ব্যপদেশ গুপ্ত হৃদয়ঃ কুর্ব্বন্ বিবিক্তং ব্রজং।
দেবঃ কারণ নন্দসূনুরশিবং কৃষ্ণঃ সমুষ্ণাতু বঃ॥

গো দুগ্ধের কলস লইয়া গোপীগণ গৃহে যাও। বষ্কয়িণী (প্রথম প্রসূতা গাভী) গুলি দোহনের পর রাধাও যাইতেছেন। এই ছলে হৃদয়ের ভাব গোপন রাখিয়া যিনি গোষ্ঠ ভূমি জনশূন্য করিয়াছিলেন, দেব জগৎকারণ সেই নন্দনন্দন তোমাদের অমঙ্গল দূর করুন।

কবি ক্ষেমেন্দ্রের দশাবতার চরিতে রাধার কথা পাওয়া যায়—

ইত্যভূন্মদনোদ্দাম যৌবনে কালিয়দ্বিষঃ।
গোপাঙ্গনানাং সংরম্ভ গর্ভোপালম্ভ বিভ্রমাঃ॥
প্রীত্যৈ বভূব কৃষ্ণস্য শ্যামা নিচয় চুম্বিনঃ।
জাতী মধুকরস্যেব রাধৈবাধিকবল্লভা॥

* প্রায় সহস্রাব্দ পূর্ব্বে সঙ্কলিত কাশ্মীরের খ্যাতনামা আলঙ্কারিক

আনন্দবর্দ্ধনের 'ধ্বন্যালোক' গ্রন্থে উদ্ধৃত পূর্ব্ববর্ত্তী কবি রচিত দুইটি শ্লোকে শ্রীরাধা-কৃষ্ণের লীলা কথা আছে :

তেষাং গোপবধূ বিলাস সুহৃদাং রাধা রহঃ সাক্ষিণাং
ক্ষেমং ভদ্র কলিন্দশৈলতনয়াতীরে লতাবেশ্মনাম্।
বিচ্ছিন্নে স্মরতল্প-কল্পন মৃদুচ্ছেদোপযোগেহধুনা
তে জানে জরঠীভবন্তি বিগলন্নীলত্বিষঃ পল্লবাঃ॥

টীকাকার অভিনব গুপ্তের মতে এই শ্লোকে দ্বারকা সমাগত কোন বার্ত্তাবাহককে শ্রীকৃষ্ণ জিজ্ঞাসা করিতেছেন,"হে ভদ্র, গোপবধূগণের বিলাস সুহৃদ্ রাধার নির্জ্জন-কেলির সাক্ষিস্বরূপ কালিন্দীতীরবর্ত্তী লতাকুঞ্জ-গুলির কুশল তো? (পরে নিজেই যেন স্বগতোক্তি করিতেছেন) কুশলই বা কি করিয়া বলিব, আমি তো বুঝিতেছি কন্দর্পশয়ন রচনার জন্য নীল তমালের কিশলয় চয়নের প্রয়োজন অধুনা নাই। সুতরাং সেগুলি শুকাইয়া ঝরিয়া পড়িতেছে।"

দ্বিতীয় শ্লোকটি এই—

দুরারাধা রাধা সুভগ যদনেনাপি মৃজত
স্তবৈতৎ প্রাণেশাঘনজঘনেনাশ্রু পতিতম্।
কঠোর স্ত্রী চেত স্তদলমুপচারৈর্বিরমহে
ক্রিয়াৎ কল্যাণং বো হরিরনুনয়েষ্বেব মুদিতঃ॥

এই সমস্ত আলোচনায় বুঝিতে পারা যায়, প্রায় আড়াই হাজার বৎসর পুর্ব্বে রাধাকৃষ্ণের লীলা-কথা সারা ভারতে পরিব্যাপ্ত ছিল। গাথাসপ্তশতীর প্রাকৃত ভাষায় সঙ্কলিত শ্লোক হইতে লীলার জনপ্রিয়তা অনুমান করিতে পারি।

আচার্য্য নিম্বার্কের "বেদান্ত দশশ্লোকী" গ্রন্থে নিম্নের শ্লোকটি পাওয়া যায়। নিম্বার্ক রাধাকৃষ্ণের উপাসনার অন্যতম প্রবর্ত্তক।

অঙ্গেতু বামে বৃষভানুজাং মুদা বিরাজমানা মনুরূপ সৌভগাম্।
সখী সহস্রৈঃ পরিসেবিতাং সদা স্মরেম দেবীং সকলেষ্টকামদাম্॥

কবি বিল্বমঙ্গলের শ্রীকৃষ্ণকর্ণামৃতের নাম সুপরিচিত। বিল্বমঙ্গল দাক্ষিণাত্যের কবি। শ্রীমন্ মহাপ্রভু দাক্ষিণাত্য হইতে কৃষ্ণকর্ণামৃতের প্রতিলিপি সংগ্রহ করিয়া আনেন। কৃষ্ণকর্ণামৃত রাধাকৃষ্ণ লীলা কথায় ওতঃপ্রোত। বিল্বমঙ্গলের অপর নাম লীলাশুক। কাহারো কাহারো মতে বিল্বমঙ্গল নামে তিনজন সাধক ছিলেন। কিন্তু কেরলের প্রাচ্যবিদ্যাবিদ্ সুকবি পরমেশ্বর আয়ারের মতে বিল্বমঙ্গল নামে একজন সাধকই বর্ত্তমান ছিলেন। ইঁহার জন্মস্থান মালাবারের ত্রিপ্পা রাঙ্গোদ পল্লী। কৃষ্ণকর্ণামৃত ভিন্ন বিল্বমঙ্গল নামাঙ্কিত "কলাবধ কাব্য", "হরি কুমারী স্তোত্র," "বালকৃষ্ণ স্তোত্র," "ভাবনা-মুকুর" এবং ব্যাকরণ সংক্রান্ত অপর কয়েকখানি গ্রন্থ আবিষ্কৃত হইয়াছে। বিল্বমঙ্গল ও নিম্বার্ক প্রায় সম-সাময়িক। শ্রীরাধা-তত্ত্বই বিল্বমঙ্গলের পূর্ব্ববর্ত্তী কবি জয়দেবের বৈশিষ্ট্য।

১২

শ্রীরাধাতত্ত্ব

শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী শ্রীচৈতন্যচরিতামৃতে রাধাপ্রেমের উৎকর্ষ বর্ণনায় প্রসঙ্গত নিম্নের বিবরণটি লিপিবদ্ধ করিয়াছেন। শ্রীচৈতন্যদেব তীর্থ পর্য্যটনে দাক্ষিণাত্যে গিয়া রঙ্গক্ষেত্রে "শ্রী" সম্প্রদায় [রামানুজ সম্প্রদায়]-ভুক্ত বেঙ্কটভট্ট নামক বৈষ্ণবের আতিথ্য গ্রহণ করিয়াছিলেন। তাঁহার সঙ্গে শ্রীমহাপ্রভুর নিম্নোক্তরূপ কথোপকথন হইয়াছিল। কবিরাজ গোস্বামী বর্ণনা করিতেছেন—

শ্রীবৈষ্ণব ভট্ট সেবে লক্ষ্মীনারায়ণ।
তাঁর ভক্তি দেখি প্রভুর তুষ্ট হৈলা মন॥
নিরন্তর তাঁর সঙ্গে হৈল সখ্যভাব
হাস্য পরিহাস দোঁহে সখ্যের স্বভাব॥
প্রভু কহে ভট্ট তোমার লক্ষ্মী ঠাকুরাণী।
কান্তবক্ষস্থিতা পতিব্রতা শিরোমণি॥
আমার ঠাকুর কৃষ্ণ গোপ আচরণ।
সাধ্বী হইয়া কেন চাহে তাঁহার সঙ্গম॥
এই লাগি সুখ ভোগ ছাড়ি চিরকাল।
ব্রত নিয়ম করি তপ করিল অপার॥

শ্রীমদ্ভাগবতে ইহার প্রমাণ আছে—

দশম স্কন্ধ ষোড়শ অধ্যায় ষট্‌ত্রিংশ শ্লোক—

কস্যানুভাবোঽস্য ন দেব বিদ্মহে
তবাঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারঃ।
যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপো
বিহায় কামান্ সুচিরং ধৃতব্রতা ॥

নাগপত্নীগণ বলিতেছেন, "হে দেব, যে চরণরেণুর স্পর্শলালসায় লক্ষ্মীদেবীও সর্ব্বকামনা ত্যাগ করিয়া তপস্যা করিয়াছিলেন, কোন্ সুকৃতির বলে আজ কালীয় তোমার সেই পদ প্রাপ্ত হইল ?"

"ভট্ট কহে কৃষ্ণ নারায়ণ একই স্বরূপ।
কৃষ্ণেতে অধিক লীলা বৈদগ্ধ্যাদি রূপ ॥
তাঁর স্পর্শে নাহি যায় পাতিব্রত্য ধর্ম্ম।
কৌতুকে লক্ষ্মী চাহেন কৃষ্ণের সঙ্গম ॥

* * * *

কৃষ্ণসঙ্গে পাতিব্রত্য ধর্ম্ম নহে নাশ।
অধিক লাভ পাইয়ে আর রাসবিলাস ॥
বিনোদিনী লক্ষ্মীর হয় কৃষ্ণে অভিলাষ।
ইহাতে কি দোষ কেন কর পরিহাস ॥
প্রভু কহে দোষ নাহি ইহা আমি জানি।
রাস না পাইল লক্ষ্মী শাস্ত্রে ইহা শুনি ॥
লক্ষ্মী কেলি না পাইল কি ইহার কারণ।
তপ করি কৈছে কৃষ্ণ পাইল শ্রুতিগণ ॥
শ্রুতি পায় লক্ষ্মী না পায় কি ইহার কারণ।
ভট্ট কহে ইহা প্রবেশিতে নারে মোর মন ॥
আমি জীব ক্ষুদ্রবুদ্ধি সহজে অস্থির।

ঈশ্বরের লীলা কোটি সমুদ্র গম্ভীর ॥
তুমি সে সাক্ষাৎ কৃষ্ণ জান নিজ মর্ম্ম।
যারে জানাও সেই জানে তোমার লীলা মর্ম্ম ॥
প্রভু কহে কৃষ্ণের এক স্বভাব লক্ষণ।
স্বমাধুর্য্যে সর্ব্ব চিত্ত করে আকর্ষণ ॥
ব্রজ লোকের ভাবে পাইয়ে তাঁহার চরণ।
তাঁরে ঈশ্বর করি নাহি জানে ব্রজজন ॥
কেহ তাঁরে পুত্র জ্ঞানে উদূখলে বাঁধে।
কেহ সখা জ্ঞানে জিনি চড়ে তার কাঁধে ॥
ব্রজেন্দ্রনন্দন তাঁরে জানে ব্রজজন।
ঐশ্বর্য্য জ্ঞান নাহি নিজ সম্বন্ধ মনন ॥
ব্রজ লোকের ভাবে যেই করয়ে ভজন।
সেই ব্রজে পায় শুদ্ধ ব্রজেন্দ্রনন্দন ॥

* * * *

শ্রুতিগণ গোপীগণের অনুগত হইয়া।
ব্রজেশ্বরীসুত ভজে গোপীভাব পাইয়া ॥
বাহ্যান্তরে গোপীদেহ ব্রজে যবে পাইল।
সেই দেহে কৃষ্ণ সঙ্গে রাসক্রীড়া কৈল ॥
গোপ জাতি কৃষ্ণ গোপী প্রেয়সী তাঁহার।
দেবী বা অন্য স্ত্রী কৃষ্ণ না করে অঙ্গীকার ॥
লক্ষ্মী চাহে সেই দেহে কৃষ্ণের সঙ্গম।
গোপী রাগানুগা হয়ে না কৈল ভজন ॥
অন্য দেহে না পাইয়ে রাসবিলাস।
অতএব নায়ং শ্লোকে কহে বেদব্যাস ॥”

ইহা হইতেই বুঝিতে পারা যাইবে যে, আচার্য্য রামানুজ প্রভৃতির সঙ্গে জয়দেবের পার্থক্য কোথায়। কিন্তু রাসলীলা শ্রীমদ্ভাগবতেও আছে। জয়দেবের বৈশিষ্ট্য বুঝিতে হইলে বাসন্তরাস-প্রসঙ্গ ও রায় রামানন্দ কথিত রাধাতত্ত্বের আলোচনা করিতে হইবে। শ্রীকৃষ্ণদাস কবিরাজ মহাশয় শ্রীমন্‌মহাপ্রভু ও রায় রামানন্দ-সংবাদে রাধাতত্ত্ব বর্ণনা করিয়াছেন।

প্রেমাবতার শ্রীমন্মহাপ্রভু তীর্থ পর্য্যটনে গিয়াছেন, দাক্ষিণাত্যে গোদাবরী স্নানে গিয়া রায় রামানন্দের সঙ্গে সাক্ষাৎ হইয়াছে। পরস্পর পরিচয়ের পর বিদ্যানগরে এক ব্রাহ্মণের গৃহে মহাপ্রভু আতিথ্য গ্রহণ করিয়াছেন, সায়াহ্নে রায় রামানন্দ আসিয়া তাঁহার পাদ বন্দনা করিলেন—

নমস্কার কৈল রায় প্রভু কৈলা আলিঙ্গনে।
দুইজনে কৃষ্ণকথা বসি রহঃ স্থানে॥
প্রভু কহে পড় শ্লোক সাধ্যের নির্ণয়।
রায় কহে স্বধর্ম্মাচরণে বিষ্ণুভক্তি হয়॥

মহাপ্রভু রামানন্দ রায়কে জিজ্ঞাসা করিলেন জীবের সাধ্য কি? অর্থাৎ মানবের চরম লক্ষ্য কি এবং কোন্ সাধনে তাহা পাওয়া যায়। রায় উত্তর দিলেন স্বধর্ম্মাচরণ 'সাধন' এবং বিষ্ণুভক্তিই তাহার সাধ্য।

প্রভু কহে এহো বাহ্য আগে কহ আর।
রায় কহে কৃষ্ণে কর্ম্মার্পণ সাধ্য সার॥

মহাপ্রভু বলিলেন ইহা বাহিরের কথা, ইহা গৌণ সাধন। বলিতে পার, ইহা সাক্ষাৎ সম্বন্ধে কৃষ্ণভজন না হইলেও তাহার বাধক নহে, কিন্তু তথাপি ইহা বাহিরের কথা। রায় তখন উত্তর দিলেন কৃষ্ণে কর্ম্মফল

সমর্পণই জীবের সাধ্যসার। আমি কর্ত্তা নহি, কর্ত্তা সেই ভগবান্, আমি তাঁহার অধীন, সুতরাং আমার যাহা কিছু কর্ম্ম শ্রীভগবানই তাহার ফলভোক্তা। শ্রীচৈতন্যদেব বলিলেন ইহাও বাহিরের কথা, পরের কথা বল।

প্রভু কহে এহো বাহ্য আগে কহ আর।
রায় কহে স্বধর্ম্ম ত্যাগ এই সাধ্য সার॥

রায় বলিলেন স্বধর্ম্ম ত্যাগই মানবের সাধ্য। ইহা সেই গীতারই মহাবাণী—

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥

ভগবান্ বলিতেছেন—তোমার তো কোনো ধর্ম্ম নাই, তুমি যাহাকে ধর্ম্ম মনে করিতেছ, সে তো প্রকৃতিরই ধর্ম্ম, সংসারে যাহা কিছু সব প্রকৃতিই করিতেছে। তুমি সর্ব্বধর্ম্মাতীত আমারই পরা-প্রকৃতি, সুতরাং পাপ পুণ্য সুখ দুঃখ সর্ব্ব-দ্বন্দ্বাতীত হইয়া আমারই শরণাপন্ন হও, তোমার সকল ভার আমিই গ্রহণ করিব। কায়মনোবাক্যে একবার বল, তুমি আমার—তোমাকে সকল পাপ হইতে মুক্ত করিব। মহাপ্রভু ইহাকেও বাহিরের কথা বলিতেছেন, কারণ ইহার মধ্যে ফলশ্রুতি রহিয়াছে। "আমি তোমাকে সর্ব্বপাপ হইতে মুক্ত করিব"—ইহা প্রলোভন মনে হইতে পারে। কর্ম্ম করিয়া ফল সমর্পণ নহে, কর্ম্ম পর্য্যন্ত সাক্ষাৎভাবে কৃষ্ণে সমর্পণ করিয়া কৃষ্ণ প্রীতিতে কর্ম্মের আচরণ করিতে হইবে। ইহাতে ধর্ম্মাধর্ম্ম-বোধের স্থান নাই। তাই রায় তখন জ্ঞানমিশ্রা ভক্তির কথা বলিলেন—

প্রভু কহে এহো বাহ্য আগে কহ আর।
রায় কহে জ্ঞান মিশ্রা ভক্তি সাধ্যসার ॥

জ্ঞানী ভক্ত যিনি ভগবানকেই সংসারের সার বলিয়া মানিয়াছেন, তিনি শ্রীভগবান্ ভিন্ন আর কাহাকেও চান না, আর কিছুই চান না। তখন আর তাঁহাকে "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য" বলিয়া ডাকিতে হয় না, তিনি আপনা আপনি ভগবচ্চরণ গ্রহণ করেন—

"ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥"

বহু জন্মের সাধনায় মানুষ এই ভাব প্রাপ্ত হন, সর্ব্বভূতে তিনি বাসুদেবকেই দর্শন করেন।

প্রভু কহে এহো বাহ্য আগে কহ আর।
রায় কহে জ্ঞানশূন্যা ভক্তি সাধ্য সার ॥

জ্ঞান অর্থে এখানে ভগবানের ঐশ্বর্য্যজ্ঞান। জ্ঞানশূন্যা ভক্তি অর্থাৎ কেবল ভগবানের জন্যই ভগবানকে ভক্তি।

প্রভু কহে এহো হয় আগে কহ আর।
রায় কহে প্রেম ভক্তি সর্ব্ব সাধ্য সার ॥

প্রভু বলিলেন ইহা হয়। অর্থাৎ এতক্ষণ পর্য্যন্ত তুমি যাহা বলিতেছিলে তাহাতে যেন মানবের আমিত্বের পরিণামচিন্তা, আমিত্বের মঙ্গলচিন্তা অতি সূক্ষ্মভাবে অনুস্যূত ছিল। এই জ্ঞানশূন্যা ভক্তিতে তাহার লেশ নাই, ভগবানের জন্যই ভগবানের সেবা, ইহাই সাক্ষাৎ সম্বন্ধে প্রকৃত

ভগবদ্ভজন। সুতরাং ইহাকে স্বীকার করিয়া লইলাম। তথাপি তাহার পরে কি, জিজ্ঞাসা করিতেছি। রায় তখন প্রেমভক্তির কথা তুলিলেন। ভগবানকে সুখী করিব, তাঁহার প্রীতিসম্পাদন করিব, ইহাই প্রেমের আকাঙ্ক্ষা। ইহার পূর্ব্ব পর্য্যন্ত যে স্তর, আমরা তাহারই নাম দিয়াছি— 'তস্যৈবাহং', 'আমি তাঁহারই' (আমি তোমার)। এখন হইতে "মমৈ-বাসৌ", "সে আমার, তুমি আমার" এই স্তর আরম্ভ হইল।

প্রভু কহে এহো হয় আগে কহ আর।
রায় কহে দাস্যপ্রেম সর্ব্বসাধ্য সার॥

তুমি আমার প্রভু, আমি তোমার সেবক। তোমার বহু সেবক থাকিতে পারে,—কিন্তু আমার মনে হয়, আমি সেবা না করিলে তোমার সেবাই হয় না। আমার মত করিয়া কই আর তো কেহ তোমার পরিচর্য্যা করিতে পারে না। কোথায় যেন ত্রুটি থাকিয়া যায়। ভগবানের প্রতি দাসের এই যে ভাব ইহাই দাস্যপ্রেম। রায় ইহাকেই মানবের সাধ্য বলিয়া নির্দ্দেশ করিলেন।

প্রভু কহে এহো হয় আগে কহ আর।
রায় কহে সখ্যপ্রেম সর্ব্বসাধ্য সার॥

মহাপ্রভু বলিলেন পরের কথা বল। রায় বলিলেন সখ্যপ্রেমই সাধ্য। সখা বনের ফল খাইতে খাইতে মিষ্ট লাগিলে দশন দষ্ট, লালাক্লিন্ন উচ্ছিষ্ট ফল আনিয়া কৃষ্ণের মুখে তুলিয়া দিয়া বলে, কানাই খাও, ভারি মিষ্ট। মিষ্ট কিছু যেন নিজেদের খাইতে নাই, কানাইকে না খাওয়াইলে যেন তৃপ্তি হয় না। আবার সম্ভ্রম জ্ঞানও কিছুমাত্র নাই। খেলায় হারিয়া কৃষ্ণকে যেমন কাঁধে চড়ায়, খেলায় হারাইয়া দিয়া তেমনি কাঁধে চড়িয়াও বসে।

বলে—"তুমি কোন বড় লোক তুমি আমি সম।" সখ্যপ্রেমে ব্রজরাখাল-গণই আদর্শ।

প্রভু কহে এহোত্তম আগে কহ আর।
রায় কহে বাৎসল্য প্রেম সর্ব্বসাধ্য সার॥

মহাপ্রভু সখ্যপ্রেমকে উত্তম বলিয়া পুনরায় প্রশ্ন করিলেন। রায় বাৎসল্য প্রেমের কথা বলিলেন।

ভাগ্যবতী যশোদা তো জানিতেন না, কে তাঁহার ঘরে আসিয়া ধরা দিয়াছে, কে তাঁহাকে মা বলিয়া কৃতার্থ করিয়াছে। নন্দ কি জানিতেন, কে এই বালক তাঁহাকে পিতা বলিয়া সম্বোধন করে, কে এই শিশু তাঁহার পায়ের বাধা (পাদুকা) মাথায় তুলিয়া তৃণ কুশাঙ্কুর পায়ে দলিয়া কণ্টকাকীর্ণ বন্ধুর বনপথে গো-পালের পশ্চাতে পশ্চাতে ঘুরিয়া বেড়ায়। গোপাল-গত প্রাণ নন্দ মহারাজ সঙ্গসুখ লালসায় গোপালকে গোষ্ঠে লইয়া যাইতে চাহেন। মায়ের কিন্তু মন মানে না, কত রাগ, কত অভিমান। শেষে যখন নিতান্তই ছাড়িয়া দিতে হয়—কপালে গোময়ের টিপ কাটিয়া দিয়া "রক্ষা বাঁধিয়া"কত রকমে সাবধান করিয়া গোষ্ঠে পাঠান! আঁচলের খুঁটে নবনী বাঁধিয়া দিয়া বলেন "ক্ষুধার সময় যেন খেলায় মাতিয়া ভুলিয়া থাকিও না, এতটুকুও দেরী করিও না,এই নবনী রহিল খাইও। দূর বনপথে যাইও না, রৌদ্রে ঘুরিয়া বেড়াইও না, কাছে কাছে থাকিও,যেন ঘরে বসিয়া তোমার বাঁশীর স্বর শুনিতে পাই"। কৃষ্ণকে দেখিবার জন্য বলরামকে মিনতি করেন, রাখালগণকে কাকুতি করেন। মাতৃস্নেহ সর্ব্বত্রই সমান, কিন্তু যশোদা-জননীর মত স্নেহময়ী বুঝি আর কোথাও দেখি নাই। যশোদা মায়ের মত মা বুঝি জগতে আর কোনো দেশে পাওয়া যায় না।

প্রভু কহে এহোত্তম আগে কহ আর।
রায় কহে কান্তাভাব সর্ব্বসাধ্য সার॥

মহাপ্রভু বাৎসল্যপ্রেমকে উত্তম বলিয়া প্রশ্ন করিলেন—আগে কহ। রায় বলিলেন কান্তাপ্রেমই মানবের সাধ্য। তিনি শ্রীমদ্ভাগবত হইতে প্রমাণ উদ্ধৃত করিলেন—

"নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ
স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ।
রাসোৎসবেঽস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠ
লব্ধাশিষাং য উদগাদ্ ব্রজবল্লবীনাম্॥ (১০।৪৭।৬০)

ভক্তপ্রবর উদ্ধব বলিতেছেন—রাসোৎসবে শ্রীকৃষ্ণের ভুজদণ্ডে আলিঙ্গিতা, লব্ধকামা ব্রজসুন্দরীগণ যে প্রসাদ লাভ করিয়াছিলেন, পদ্মিনী সুর ললনাগণের শ্রেষ্ঠা নারায়ণবক্ষঃস্থলস্থিতা লক্ষ্মীদেবীও তাহা প্রাপ্ত হন নাই। এই গোপীভাবই সাধনার তৃতীয়াবস্থা। একমাত্র গোপীগণই বলিতে পারেন—"স ত্বেবাহং" আমি সেই, তুমিই আমি। ইহা অহংগ্রহ নহে। রাসে কৃষ্ণহারা গোপীগণে ইহা প্রত্যক্ষীভূত হইয়াছে। রায় বলিলেন—

কৃষ্ণপ্রাপ্তির উপায় বহুবিধ হয়।
কৃষ্ণপ্রাপ্তির তারতম্য বহুত আছয়॥
কিন্তু যার যেই রস সেই সর্ব্বোত্তম।
তটস্থ হয়ে বিচারিলে আছে তরতম॥

*　　*　　*

পূর্ব্ব পূর্ব্ব রসের গুণ পরে পরে হয়।
এক দুই গণনে পঞ্চ পর্য্যন্ত বাঢ়য়॥
গুণাধিক্যে স্বাদাধিক্য বাড়ে প্রতি রসে।
শান্ত দাস্য-সখ্য বাৎসল্যের গুণ মধুরেতে বৈসে॥

আকাশাদির গুণ যেন পর পর ভূতে।
এক দুই গণনে বাড়ে পঞ্চ পৃথিবীতে॥
পরিপূর্ণ কৃষ্ণপ্রাপ্তি এই প্রেমা হৈতে।
এই প্রেমার বশ কৃষ্ণ কহে ভাগবতে॥

* * *

কৃষ্ণের প্রতিজ্ঞা দৃঢ় সর্ব্বকালে আছে।
যে যৈছে ভজে কৃষ্ণ তারে ভজে তৈছে॥
এই প্রেমের অনুরূপ না পারে ভজিতে।
অতএব ঋণী হয় কহে ভাগবতে॥
যদ্যপি কৃষ্ণ সৌন্দর্য্য মাধুর্য্যের ধুর্য্য।
ব্রজদেবীর সঙ্গে তাঁর বাড়য়ে মাধুর্য্য॥
প্রভু কহে এই সাধ্যাবধি সুনিশ্চয়।
কৃপা করি কহ যদি আগে কিছু হয়॥
রায় কহে ইহার আগে পুছে হেন জনে।
এতদিন নাহি জানি আছয়ে ভুবনে॥
ইহার মধ্যে রাধার প্রেম সাধ্যশিরোমণি।
যাঁহার মহিমা সর্ব্বশাস্ত্রেতে বাখানি॥

মহাপ্রভুর জিজ্ঞাসার নিবৃত্তি নাই, তিনি বলিলেন—

প্রভু কহে আগে কহ শুনিতে পাই সুখে।
অপূর্ব্ব অমৃত নদী বহে তোমার মুখে॥
চুরি করি রাধাকে লইল গোপীগণের ডরে।
অন্যাপেক্ষা হৈলে প্রেমের গাঢ়তা না স্ফুরে॥
রাধা লাগি গোপীরে যদি সাক্ষাৎ করে ত্যাগ।
তবে জানি রাধায় কৃষ্ণের গাঢ় অনুরাগ॥

রায় কহে তাহা শুন প্রেমের মহিমা।
ত্রিজগতে রাধাপ্রেমের নাহিক উপমা॥
গোপীগণের রাসনৃত্য মণ্ডলী ছাড়িয়া।
রাধা চাহি বনে ফিরেন বিলাপ করিয়া॥

মহাপ্রভু বলিলেন, রায় তুমি বলিলে রাধার প্রেম সাধ্যশিরোমণি। কথাটা বুঝাইয়া বল। তোমার কথা শুনিয়া বড় আনন্দ হইতেছে, মনে হইতেছে, তোমার মুখে অপূর্ব্ব অমৃতের প্রবাহ বহিতেছে। রাধার প্রেম যদি সাধ্যশিরোমণি হয়, তবে ভাগবতে যে দেখিলাম তিনি অন্যান্য গোপীগণকে লুকাইয়া গোপনে শ্রীমতীকে লইয়া রাসমণ্ডল ত্যাগ করিয়াছেন। অবশ্য পরে আবার এতটুকু অভিমানের গন্ধ পাইয়া তাঁহার নিকট হইতেও পলাইয়াছিলেন, সে কথা এখন থাক। কিন্তু এই যে গোপীগণের ভয়, এই যে অন্যাপেক্ষা, ইহাকে তো প্রেমের গাঢ়তা বলা যায় না। এমন যদি দেখিতাম যে রাধার জন্য সাক্ষাৎভাবে তিনি গোপীদিগকে ত্যাগ করিয়াছেন, তাহা হইলে বুঝিতাম রাধার প্রেম সাধ্যশিরোমণি। তুমি আমাকে বুঝাইয়া দাও। রায় বলিলেন, প্রভু ইহার প্রমাণ আছে। সত্য—রাধার প্রেমই সাধ্যশিরোমণি। ভগবান্ রাধার জন্য সাক্ষাৎ ভাবেই গোপীদের ত্যাগ করিয়াছিলেন। এই বলিয়া তিনি কবি জয়দেবের শ্রীগীতগোবিন্দ হইতে শ্লোক উদ্ধৃত করিয়া শুনাইলেন। এখানে এই কথাটি স্মরণ রাখা উচিত যে, শ্রীমদ্ভাগবতে যে রহস্য গুপ্ত ছিল, শ্রীগীতগোবিন্দে তাহা প্রকাশিত ও বিকশিত হইয়াছে। রামানন্দ রায়ের মতে কবি জয়দেব এখানে শ্রীমদ্ভাগবত অপেক্ষা শ্রীগীতগোবিন্দে রাধাপ্রেমের উৎকর্ষ দেখাইয়াছেন। রায় এখানে জয়দেবের অনুভূতি লইয়া বিচারে অগ্রসর হইয়াছেন—

ইতস্ততস্তামনুসৃত্য রাধিকা মনঙ্গবাণব্রণখিন্নমানসঃ।
কৃতানুতাপঃ স কলিন্দনন্দিনী-তটান্তকুঞ্জে বিষসাদ মাধবঃ॥
(গীতগোবিন্দ ৩।২)

অনঙ্গবাণে খিন্নমনা হইয়া অনুতপ্ত মাধব শ্রীরাধার অন্বেষণ করিতে করিতে যমুনার তটান্তবর্ত্তী কুঞ্জে বিষাদিত হইয়াছিলেন। ইহার পূর্ব্বেই তিনি গোপীমণ্ডলীকে ত্যাগ করিয়া আসিয়াছেন :

কংসারিরপি সংসারবাসনাবদ্ধশৃঙ্খলাম্।
রাধামাধায় হৃদয়ে তত্যাজ ব্রজসুন্দরীঃ॥
(গীতগোবিন্দ ৩।২)

আপনাকে সংসারবাসনায় বাঁধিবার শৃঙ্খল যে শ্রীরাধা, কংসারি তাঁহাকেই হৃদয়ে রাখিয়া ব্রজসুন্দরীগণকে ত্যাগ করিলেন। (কংস আত্মসুখ, কামবাঞ্ছা, তাহার অরি যে শ্রীকৃষ্ণ,—তিনি আপন সম্যক বাসনার সারভূতা যে শ্রীরাধা—তাঁহারই কথা চিন্তা করিতে করিতে ব্রজসুন্দরী-গণকে ত্যাগ করিলেন)। শ্রীরাধার এই যে মহিমা, এই মহিমার কথা ইতিপূর্ব্বে এমন সুস্পষ্ট ভাষায় আর কেহ বলেন নাই। এই শ্রীরাধা-মিলিত শ্রীকৃষ্ণই যে অখিল জগতের উপাস্য, এই শ্রীরাধা-কৃষ্ণ-কুঞ্জ-সেবাই যে জীবজগতের চরম ও পরমতম সাধ্য, একথাও এমন সুন্দর করিয়া কেহ প্রকাশ করেন নাই। কবি জয়দেবের পূর্ব্বে কুঞ্জে মিলিত শ্রীরাধা-কৃষ্ণের এমন উচ্চ মধুর জয়ধ্বনিও আর কাহারো কান্ত কোমল কণ্ঠে উচ্চারিত হয় নাই। (শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোক দ্রষ্টব্য)।

এই তত্ত্বের জন্যই শ্রীগীতগোবিন্দের গৌরব। ইহাই কবি জয়দেবের বৈশিষ্ট্য। তাই শ্রীগীতগোবিন্দ শ্রীমদ্ভাগবতের কবিত্বময় ভাষ্য, বৈষ্ণব-ধর্ম্মের অন্যতম সূত্রগ্রন্থ।

রায় বলিলেন—

এই দুই শ্লোকের অর্থ বিচারিলে জানি।
বিচারিলে উঠে যেন অমৃতের খনি ॥
শতকোটি গোপী সঙ্গে রাস বিলাস।
তার মধ্যে এক মূর্ত্তি রহে রাধা পাশ ॥
সাধারণ প্রেম দেখি সর্ব্বত্র সমতা।
রাধার কুটিল প্রেম হইল বামতা ॥
ক্রোধ করি রাস ছাড়ি গেলা মান করি।
তাঁরে না দেখিয়া ইহাঁ ব্যাকুল হৈলা হরি ॥
সম্যক্ বাসনা কৃষ্ণের ইচ্ছা রাসলীলা।
রাসলীলা বাসনাতে রাধিকা শৃঙ্খলা ॥
তাঁহা বিনা রাসলীলা নাহি ভায় চিতে।
মণ্ডলী ছাড়িয়া গেলা রাধা অন্বেষিতে ॥
ইতস্ততঃ ভ্রমি কাঁহা রাধা না পাইয়া।
বিষাদ করেন কামবাণে খিন্ন হইয়া ॥
শত কোটি গোপীতে নহে কাম নির্ব্বাপণ।
ইহা হইতে অনুমানি শ্রীরাধিকার গুণ ॥
প্রভু কহে যাঁহা লাগি আইলাম তোমা স্থানে
সেই সব রসতত্ত্ব বস্তু হইল জ্ঞানে ॥
এবে সে জানিল সেব্য সাধ্যের নির্ণয়।
আগে আর কিছু শুনিবারে মন হয় ॥
কৃষ্ণের স্বরূপ কহ রাধার স্বরূপ।
রস কোন্ তত্ত্ব প্রেম কোন্ তত্ত্ব রূপ ॥

রায় সংক্ষেপে শ্রীকৃষ্ণতত্ত্ব বর্ণনা করিয়া রাধাতত্ত্ব সম্বন্ধে বলিলেন—

কৃষ্ণকে আহ্লাদে তাতে নাম আহ্লাদিনী।
সেই শক্তি দ্বারে সুখ আস্বাদে আপনি॥
সুখরূপ কৃষ্ণ করে সুখ আস্বাদন।
ভক্তগণে সুখ দিতে হ্লাদিনী কারণ॥
হ্লাদিনীর সার অংশ প্রেম তার নাম।
আনন্দ চিন্ময় রস প্রেমের আখ্যান॥
প্রেমের পরম সার মহাভাব জানি।
সেই মহাভাবরূপা রাধা ঠাকুরাণী॥
প্রেমের স্বরূপ দেহ প্রেমে বিভাবিত।
কৃষ্ণের প্রেয়সী শ্রেষ্ঠা জগতে বিদিত॥
সেই মহাভাব হয় চিন্তামণি সার।
কৃষ্ণবাঞ্ছা পূর্ণ করে এই কার্য্য তাঁর॥
মহাভাব চিন্তামণি রাধার স্বরূপ।
ললিতাদি সখী তাঁর কায়ব্যূহরূপ॥
রাধা প্রতি কৃষ্ণ স্নেহ সুগন্ধি উদ্বর্ত্তন।
তাতে অতি সুগন্ধি দেহ উজ্জ্বল বরণ॥
কারুণ্যামৃত ধারায় স্নান প্রথম।
তারুণ্যামৃত ধারায় স্নান মধ্যম॥
লাবণ্যামৃত ধারায় তদুপরি স্নান।
নিজ লজ্জা শ্যাম পট্ট শাটী পরিধান॥
কৃষ্ণঅনুরাগরক্ত দ্বিতীয় বসন।
প্রণয় মান কঞ্চুলিকায় বক্ষ আচ্ছাদন॥
সৌন্দর্য্য কুঙ্কুম্ সখী প্রণয় চন্দন।
স্মিত কান্তি কর্পূরে অঙ্গ বিলেপন॥
কৃষ্ণের উজ্জ্বল রস মৃগমদ ভর।

সেই মৃগমদে বিচিত্রিত কলেবর ॥
প্রচ্ছন্ন মান বাম্য ধম্মিল্ল বিন্যাস।
ধীরাধীরাত্ব গুণ অঙ্গে পটবাস ॥
রাগ তাম্বূলরাগে অধর উজ্জ্বল।
প্রেম কৌটিল্য নেত্রযুগলে কজ্জ্বল ॥
সুদীপ্ত সাত্ত্বিকভাব হর্ষাদি সঞ্চারি।
এই সব ভাব ভূষণ সব অঙ্গ ভরি ॥
কিলকিঞ্চিতাদি ভাব বিংশতি ভূষিত।
গুণশ্রেণী পুষ্পমালা সর্ব্বাঙ্গ পূরিত ॥
সৌভাগ্য তিলক চারু ললাটে উজ্জ্বল।
প্রেমবৈচিত্ত্য রত্ন হৃদয়ে তরল ॥
মধ্য বয়ঃস্থিতি সখী স্কন্ধে করন্যাস।
কৃষ্ণলীলা মনোবৃত্তি সখী আশ পাশ ॥
নিজাঙ্গ সৌরভালয়ে গর্ব্ব পর্য্যঙ্ক।
তাতে বসি আছে সদা চিন্তে কৃষ্ণসঙ্গ ॥
কৃষ্ণনাম গুণ যশ অবতংস কানে।
কৃষ্ণনাম গুণ যশ প্রবাহ বচনে ॥
কৃষ্ণকে করায় শ্যাম মধুরস পান।
নিরন্তর পূর্ণ করে কৃষ্ণের সর্ব্ব কাম ॥
কৃষ্ণের বিশুদ্ধ প্রেম রত্নের আকর।
অনুপম গুণগণে পূর্ণ কলেবর ॥
যাঁহার সৌভাগ্যগুণ বাঞ্ছে সত্য-ভামা ॥
যাঁর ঠাঞী কলা বিলাস শিখে ব্রজরামা ॥
যাঁর সৌন্দর্য্যাদি গুণ বাঞ্ছে লক্ষ্মী পার্ব্বতী।
যাঁর পাতিব্রত্য ধর্ম্ম বাঞ্ছে অরুন্ধতী ॥

যাঁর সদ্‌গুণগণের কৃষ্ণ না পান পার।
তাঁর গুণ গণিবে কেমনে জীব ছার॥

অলঙ্কার শাস্ত্রের বিচারেও রাধাপ্রেমের উৎকর্ষ প্রমাণিত হয়। বৈষ্ণব আলঙ্কারিকগণ বলেন—প্রেম—ক্রমান্বয়ে স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব এবং মহাভাবে উল্লসিত হন। উজ্জ্বলনীলমণিকার বলেন—

সর্ব্বথা ধ্বংসরহিতং সত্যপি ধ্বংসকারণে।
যদ্ভাব বন্ধনং যূনোঃ স প্রেমা পরিকীর্ত্তিতঃ॥

ইহাকেই কবিরাজ গোস্বামী আনন্দচিন্ময়রস নামে অভিহিত করিয়াছেন। ইহাই প্রেম।

স্নেহের অর্থ—প্রেমের উৎকর্ষ, প্রেম উপলব্ধির উৎকর্ষ—

আরুহ্য পরমাং কাষ্ঠাং প্রেমা চিদ্দীপদীপনম্।
হৃদয়ং দ্রাবয়ন্নেষ স্নেহ ইত্যভিধীয়তে॥

আদরাধিক্যে এই স্নেহের নাম ঘৃতস্নেহ, মদীয়া রতির যে স্নেহ তাহাকে মধুস্নেহ বলে।

স্নেহের পরিণত অবস্থাকে মান বলে—

স্নেহস্তূৎকৃষ্টতা-ব্যাপ্ত্যা মাধুর্য্যমানয়ন্নবম্।
যো ধারয়ত্যদাক্ষিণ্যং স মান ইতি কীর্ত্ত্যতে॥

স্নেহের স্বভাব হৃদয়কে বিগলিত করে, সেই দ্রবীভূত প্রাণ যখন নিত্য নব মাধুর্য্যে উল্লসিত হয় এবং তাহাকে গোপন করিবার জন্য অদাক্ষিণ্য অর্থাৎ বাম্য অবলম্বন করে, তখনই তাহাকে মান বলা যাইতে পারে।

মান যখন বিশ্রম্ভ দান করে, তখনই তাহা প্রণয়ে পরিণত হয়।—সম্ভ্রম হীনতা এবং বিশ্বাস, ইহাই প্রণয়ের স্বরূপ। বিনয়যুক্ত বিশ্রম্ভ মৈত্র আর ভয়হীন বিশ্রম্ভ সখ্য নামে অভিহিত হয়। এই প্রণয় যখন প্রিয়তমের জন্য আপনার সকল দুঃখকেই সুখ বলিয়া মানে, তখনই তাহার নাম হয় রাগ। ব্রজগোপীগণের প্রেমই রাগাত্মক প্রেম। রাগ যখন নিতুই নূতন হয়, এই রাগের পথে প্রিয়তম যখন নিতুই নবরূপে অনুভূত হন, তখন রসশাস্ত্রকারগণ তাহাকে অনুরাগ বলিয়া অভিহিত করেন। অনুরাগেরই চরম অবস্থা ভাব।

অনুরাগঃ স্বসংবেদ্যদশাং প্রাপ্য প্রকাশিতঃ।
যাবদাশ্রয়বৃত্তিশ্চেদ্ ভাব ইত্যভিধীয়তে॥

অনুরাগ সকল বৃত্তির আশ্রয়রূপে সুবিকশিত হইয়া স্বসংবেদ্য দশা প্রাপ্ত হইলে অর্থাৎ আপনার মধ্যে আপনি সার্থকতা প্রাপ্ত হইলে ভাব সংজ্ঞা লাভ করে। এই ভাবেরই পরম কাষ্ঠার নাম মহাভাব। কবিরাজ গোস্বামী পূর্ব্বোক্ত পদ্যে এই মহাভাবস্বরূপিণীরই বর্ণনা করিয়াছেন। মহাভাবের দুইরূপ ভেদ আছে—রূঢ় ও অধিরূঢ়। মহাভাবের অভিব্যক্তি ব্রজদেবীগণ ভিন্ন অন্যত্র দৃষ্ট হয় না। শ্রীরাধিকার কায়ব্যূহ স্বরূপা সখীগণ রূঢ় মহাভাবের অধিষ্ঠাত্রী। অধিরূঢ় মহাভাব একমাত্র শ্রীমতীতেই দৃষ্ট হয়। অধিরূঢ় মহাভাব দ্বিবিধ। শ্রীরাধা যখন বিরহে ব্যাকুলা তখন এই অধিরূঢ় মহাভাবের নাম মোদন বা মোহন। মোহন অবস্থাভেদে দিব্যোন্মাদ নামে কথিত হয়। মাদন মহাভাব বিরহের অতীত। কবিরাজ গোস্বামী বলিয়াছেন—

সাধন ভক্তি হইতে হয় রতির উদয়।
রতি গাঢ় হইলে তারে প্রেম নাম কয়॥

এই রতি প্রেম হইতে ক্রম-পরিপুষ্টিতে মহাভাবে সুবিকশিত হইয়া যে অনবচ্ছিন্ন মিলনানন্দে স্ফূর্তি প্রাপ্ত হন, তাহাই মাদন। শ্রীমতী রাধিকার ইহাই স্বরূপ, তিনিই এই মহাভাবের একাধীশ্বরী।

বৈষ্ণব আলঙ্কারিকগণের রাধাতত্ত্ব আলোচনার এই যে সংক্ষিপ্ত ধারা, এই ধারায় কবিরাজ গোস্বামীর পূর্ব্বোক্ত কবিতাটির আলোচনা করিতে হইবে। তিনি এই কবিতাটিতে শ্রীরাধার স্বরূপ ব্যাখ্যা করিতে গিয়া সঙ্গে সঙ্গে মানবকে তাহার জীবনের একটি ক্রমবিকাশের পথ দেখাইয়া গিয়াছেন। রায় রামানন্দ যেমন সাধ্য-সাধন নির্ণয়ে মানবকে রাধার প্রেম সাধ্যশিরোমণি বলিয়া উপদেশ করিয়া গেলেন, তেমনি কবিরাজ গোস্বামীও সে প্রেম আস্বাদনের একটি ধারাবাহিকতা নির্দ্দেশ করিয়া দিলেন। অবশ্য মানবের পক্ষে মহাভাবের অনুভব অসম্ভব ব্যাপার। তথাপি বৈষ্ণব সাধকগণ ভাব পর্য্যন্ত আস্বাদনের প্রণালী নির্দ্দেশ করিয়া গিয়াছেন। চরিতামৃতেই তাহার সন্ধান পাওয়া যায়।

শ্রীকৃষ্ণোপাসনা সৌন্দর্য্যের উপাসনা, রসস্বরূপের ভাবনা। শ্রীগীত-গোবিন্দ তাহার অন্যতম কাব্য এবং জয়দেব তাহার একজন শ্রেষ্ঠ কবি। যিনি নিখিল সৌন্দর্য্যের আধার, অখিলরসামৃত-মূর্ত্তি, সেই শ্রীভগবানের আরাধনা করিতে হইলে নিজেকেও সুন্দর হইতে হইবে। নিজের অন্তর বাহির সৌন্দর্য্যমণ্ডিত করিতে হইবে। এই মণ্ডনের সজ্জা বৃন্দা-বনের পথে অফুরন্ত। পথের যাত্রী যৌবন, পাথেয় চিত্তশুদ্ধি। পথপ্রদর্শক জয়দেবাদি কৃষ্ণভক্ত সজ্জনগণ। পথে বাহির হইবার পূর্ব্বে ভক্তগণের চরণধূলি মস্তকে গ্রহণ করিয়া আসুন—যাঁহার জীবনভাষ্য আমাদিগকে এই বৃন্দাবনের বার্ত্তা শুনাইয়াছে, পতিতপাবন শ্রীনিত্যানন্দ সহ সেই শ্রীগৌরাঙ্গদেবকে বন্দনা করি—

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দৌ সহোদিতৌ।
গৌড়োদয়ে পুষ্পবন্তৌ চিত্রৌ শন্দৌ তমোনুদৌ॥

১৩

কংসারির সংসার

কংসারিরপি সংসারবাসনাবদ্ধশৃঙ্খলাম্।
রাধামাধায় হৃদয়ে তত্যাজ ব্রজসুন্দরীঃ॥ ১ ॥

ইতস্ততস্তামনুসৃত্য রাধিকামনঙ্গবাণব্রণক্ষিন্নমানসঃ।
কৃতানুতাপঃ স কলিন্দনন্দিনী তটান্তকুঞ্জে বিষসাদ মাধবঃ॥২॥

(৩য় সর্গ)

কবি জয়দেব রচিত এই শ্লোক উদ্ধৃত করিয়া শ্রীরায় রামানন্দ শ্রীমন্‌মহাপ্রভুকে বলিয়াছেন—

এই দুই শ্লোকের অর্থ বিচারিলে জানি।
বিচারিলে উঠে যেন অমৃতের খনি॥

(শ্রীচৈতন্য চরিতামৃত, মধ্যলীলা)

"এই দুই শ্লোকের অর্থ বিচার করিলে জানিতে পারা যায়, বিচার করিলে অমৃতের আকরের সন্ধান পাওয়া যায়।" আমার বিচারের সামর্থ্য না থাকিলেও শ্লোক দুইটির আলোচনা করিতে বাধা নাই। কংসারির সংসারে প্রবেশাধিকার লাভই পঞ্চম পুরুষার্থ। আমরা কংসের সংসারের অধিবাসী। সুতরাং তাহার কথাই অগ্রে বলিতেছি।

পিতা উগ্রসেনকে বন্দী করিয়া কংস রাজসিংহাসনে সমাসীন হইয়াছে। দেবকী তাহার ভগিনী, নিতান্তই নিকট সম্পর্ক। দেবকীর বিবাহে কংস অন্যতম কর্ম্মকর্ত্তারূপে প্রধান ভূমিকা গ্রহণ করিয়াছে। আনন্দের আতিশয্যে নববধূর পতিগৃহে যাত্রাকালে রথরজ্জু গ্রহণপূর্ব্বক বেত্রহস্তে নিজেই সারথীরূপে রথ চালনা করিতেছে। দেবকপ্রদত্ত বহুমূল্য যৌতুক-সম্ভার লইয়া শত শত দাস-দাসী রথের অনুগমন করিয়াছে। সুসজ্জিত অশ্ব হস্তী রথে রাজপথ নব শোভায় সুশোভিত হইয়াছে। পরিষ্কৃত পরিচ্ছদ পরিহিত অগণিত নরনারী শোভাযাত্রার সঙ্গে সঙ্গে চলিতেছে। গায়ক-গায়িকা, নর্ত্তক-নর্ত্তকী বাদ্যের তালে তালে গাহিতেছে নাচিতেছে। উৎসবমুখর মথুরানগরীর আনন্দ হিল্লোলিত রাজপথে কংসচালিত রথ বসুদেব ও দেবকীকে বহন করিয়া ধীরে ধীরে অগ্রসর হইতেছে। অকস্মাৎ কংস শুনিল, কে যেন কঠোর কণ্ঠে বলিয়া উঠিল—"মূর্খ, তুমি যাহাকে পতিগৃহে লইয়া যাইতেছ, তাহার অষ্টম গর্ভ তোমাকে নিহত করিবে"। যেমন এই কথা শুনিল, অমনি দেবকীর কেশাকর্ষণপূর্ব্বক নিষ্কাসিত তরবারী হস্তে কংস তাহাকে হত্যা করিতে উদ্যত হইল।

এই কংস! কংসের পরিচয়ের পক্ষে এই একটিমাত্র ঘটনাই যথেষ্ট। অগণিত নরনারীর মধ্য হইতে কথাটা কে বলিল, কথাটা সত্য কি মিথ্যা, আত্মীয় বিচ্ছেদের জন্য ইহা কোন শত্রুর রটনা কিনা, কোন অনুসন্ধানের প্রয়োজন হইল না। যাহাকে ভালবাসিয়া কত বহুমূল্য উপায়ন উপহার অর্পণ করিয়াছে, যাহাকে পতিগৃহে লইয়া যাইবার জন্য রাজমর্য্যাদা ভুলিয়া নিজেই সারথীর আসনে বসিয়াছে। অভিনব সংসার প্রবেশ পথে কত আশা কত আকাঙ্ক্ষা লইয়া যে সংসারজ্ঞানহীনা সরলা কিশোরী এক আনন্দ-মিশ্রিত আশঙ্কা-কম্পিত বক্ষে স্বামীর অনুগামিনী হইয়াছে; ন্যায়, নীতি, লজ্জা, ধর্ম্ম, দয়া, স্নেহ, প্রীতি, মমতা সমস্ত বিসর্জ্জন দিয়া মুহূর্ত্তের ব্যবধানে কংস তাহাকেই হত্যা করিতে উদ্যত

হইল। এই কংস! আজ নয়, কাল নয়, দেবকী নিজে নহে, বধ করিবে দেবকীর অষ্টম গর্ভ! কবে সন্তান হইবে, আদৌ সন্তান হইবে কিনা কে জানে; এখনই দেবকীকে বধ করিতে হইবে। দেবকীকে বধ করিলেই যেন কংসকে আর মরিতে হইবে না। মৃত্যু তরণের অন্য পথ কংস জানে না। কংস জানে আমার জন্যই জগৎ, আমি জগতের জন্য নহি। এই ভীষণ আত্ম-পরায়ণতাই কংস!

সাম-দান ভেদ অবলম্বনে বসুদেব কংসকে কত বুঝাইয়াছেন, শেষে দেবকী গর্ভপ্রসূত সদ্যোজাত সন্তান সমর্পণের প্রতিশ্রুতি দিয়া আপাততঃ পরিত্রাণ পাইয়াছেন। কংস শিশুহত্যা করিয়াছে, বসুদেব দেবকীকে শৃঙ্খলাবদ্ধ করিয়াছে, কিন্তু কই মৃত্যুর হাত হইতে তো নিষ্কৃতি পায় নাই। অত্যাচারীর অন্তক তাহার অত্যাচারের মধ্যেই, প্রাকার-পরিবেষ্টিত, সশস্ত্র প্রহরী-পরিবৃত রুদ্ধদ্বার কারা-কক্ষেই, আবির্ভূত হইয়াছেন। শৃঙ্খলাবদ্ধ দম্পতি সকল বন্ধনের মুক্তিদাতাকে কোলে পাইয়াছেন।

গোকুল হইতে আনীতা মহামায়াকে বধ করিতে গিয়া কংস প্রথম জানিতে পারিল, তাহার অন্তক জন্মগ্রহণ করিয়াছেন। মহামায়া কর্ত্তৃক তিরস্কৃত হইয়া কংস বসুদেব দেবকীর বন্ধন মুক্ত করিয়াছে, অনেক মিষ্ট কথা বলিয়া শাস্ত্রের দোহাই দিয়া তত্ত্বকথা শুনাইয়া ক্ষমা প্রার্থনা করিয়াছে। আবার পরদিন প্রভাতেই মন্ত্রীদের সঙ্গে পরামর্শপূর্ব্বক মথুরা ও তাহার সন্নিহিত স্থানের দশদিবস পূর্ব্বজাত শিশুদের হত্যা, গো-ব্রাহ্মণ হিংসা প্রভৃতির সংকল্প গ্রহণ করিয়াছে। কংসের আচরণ দেখিয়াই শ্রীশুকদেব উচ্চকণ্ঠে উচ্চারণ করিয়াছেন—

> আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশীষ এব চ।
> হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ॥
>
> (শ্রীমদ্ভাগবত ১০।৪।৪৬)

মহতের মর্য্যাদা লঙ্ঘন করিলে মানবের আয়ুঃ, শ্রী, যশ, ধর্ম্ম, ধর্ম্মাদিসাধ্য স্বর্গাদিলোক এবং সকল সাধনের মূলীভূত কল্যাণ বিনষ্ট হইয়া যায়।

কংস বলিয়াছে আমার পিতা উগ্রসেন নয়, দ্রুমিল নামক এক দানব আমার পিতা। (খিল হরিবংশ) একথা সত্য হইলেও, কংস উগ্রসেনের ক্ষেত্রজ পুত্র হইলেও কংসের মধ্যে উগ্রসেনের প্রভাব সুস্পষ্টরূপেই পরিলক্ষিত হয়। দ্বারকার যাদবকুমারগণ অত্যন্ত উদ্ধত হইয়া উঠিয়াছেন। তাঁহারা জানিতেন মুনি ঋষিগণ, এমন কি নিতান্ত দরিদ্র ব্রাহ্মণগণ আসিলেও শ্রীকৃষ্ণ কিরূপ শ্রদ্ধা ভক্তির সঙ্গে তাঁহাদের অভ্যর্থনা করেন, তাঁহাদের পূজা করেন। তথাপি মহর্ষি দেবর্ষিগণ দ্বারকায় আসিলে ইঁহারা তাঁহাদিগকে নানারূপে উত্ত্যক্ত করিতেন। একদিন বিশ্বামিত্র, দুর্ব্বাসা প্রভৃতি দ্বারকায় আগমন করিলে দুর্ব্বিনীত যদুকুমারগণ জাম্ববতী তনয় সাম্বকে স্ত্রী বেশে সাজাইয়া মুনিগণকে জিজ্ঞাসা করিলেন—"পুত্রকামা এই ললনার প্রসবকাল উপস্থিত, ইনি পুত্র অথবা কন্যা প্রসব করিবেন, আপনারা আজ্ঞা করুন। মুনিগণ বলিলেন—

জনয়িষ্যতি বো মন্দা মুষলং কুলনাশনং।

(১১।১।১৫)

কুমারগণ সাম্বের উদর দেশের বস্ত্র অপসারণ করিয়া দেখিলেন এক লৌহময় মুষল বিদ্যমান রহিয়াছে। তাঁহারা মুষল হস্তে যাদবরাজ উগ্রসেনের নিকট উপস্থিত হইলেন। উগ্রসেন সমস্ত বৃত্তান্ত শুনিয়া সেই মুষল চূর্ণ করতঃ তাহার অবশিষ্টাংশ সহ সেই চূর্ণ সমুদ্র জলে নিক্ষেপ করিতে বলিলেন। ভগবান শ্রীকৃষ্ণ দ্বারকায় বর্ত্তমান রহিয়াছেন, উগ্রসেন তাঁহাকে কোন কথা জিজ্ঞাসা করা প্রয়োজন মনে করিলেন না। মতিচ্ছন্ন যদুকুমারগণও কৃষ্ণের নিকট উপস্থিত হইয়া এই সর্ব্বনাশের কথা নিবেদন করেন নাই। স্থূলবুদ্ধি উগ্রসেন মুষল চূর্ণ করিবার আদেশ দিয়াই

নিশ্চিন্ত রহিলেন। এই মহতী বিনষ্টির প্রতিকারের অপর কোন চেষ্টাই করিলেন না। ভাবিলেন মুষলকে নষ্ট করিতে পারিলেই যাদবগণ মৃত্যুর হাত হইতে পরিত্রাণ পাইবে। ফলে মুষল হইতেই যদুবংশ নির্ব্বংশ হইল। সমুদ্র তরঙ্গাভিঘাতে বালুবেলায় অনুপ্রবিষ্ট মুষল চূর্ণ হইতে এমন এক মরণ-সঙ্গী তৃণরাজির উদ্ভব ঘটিল, যাহার স্পর্শমাত্র অস্ত্রশস্ত্রে অজেয় বিষম সমরবিজয়ী পরাক্রান্ত যদুবীরগণ নিমেষে ধ্বংস হইয়া গেল।

কংসের সংসার দেখিলাম। এইবার আচার্য্যগণের পদাঙ্ক অনুসরণ পূর্ব্বক কংসারির সংসারের কথা বলিতেছি। কংসারির সংসার শ্রীবৃন্দাবন। শ্রীবৃন্দাবনে—

চিন্তামণিময় ভূমি রত্নের ভবন।
চিন্তামণিগণ দাসী চরণভূষণ॥

জল অমৃত, তরুলতা কল্পতরু এবং কল্পলতা। কিন্তু নরনারী পত্রপুষ্প ভিন্ন অন্য কিছু প্রার্থনা করেন না। অসংখ্য কামধেনু বনে বনে ভ্রমণ করিতেছে, দুগ্ধ ভিন্ন অন্য কিছু কেহ চাহেন না। সেখানে গমন নটন লীলা, বচন সঙ্গীত কলা। মধুর বংশীই প্রিয়সখীর কার্য্য সম্পাদন করে। লীলা পুরুষোত্তম বিগ্রহ কৃষ্ণধনে ধনী এই বৃন্দাবনের নরনারী, তরুলতা, তৃণ-গুল্ম, পশু-পক্ষী, কীট-পতঙ্গ সকলেই কৃষ্ণসেবার, কৃষ্ণের সুখের জন্য উন্মুখ। কাহারো অবচেতনের অন্তস্তলেও আত্ম-সুখের লেশমাত্র স্থান পায় না। এই সংসারের অধিষ্ঠাত্রী শ্রীমতী রাধিকা।

জীব যেমন বাসনাবশে জন্মগ্রহণ করে, রসিক-শেখর পরম করুণ শ্রীভগবানও তেমনই রসাস্বাদন ও লোক-কল্যাণের নিমিত্তই আবির্ভূত হন। হ্লাদিনীর সহায়তা ভিন্ন এই বাসনা পূর্ণ হয় না। মহাভাব স্বরূপিণী শ্রীরাধিকাই হ্লাদিনীর ঘনীভূত বিগ্রহ। শ্রীকৃষ্ণ আশ্রিতাশ্রয়, শ্রীধাম বৃন্দাবনকে অসুরের উপদ্রব হইতে রক্ষা করিয়া তাহার পরিচয়

দিয়াছেন। তিনি জগদাশ্রয়—মৃত্তিকাভক্ষণ-লীলায়, বদনে ব্রহ্মাণ্ড দেখাইয়া, এমন কি ব্রজমণ্ডলসহ আপনাকেও আপনার মধ্যে রাখিয়া তাহা প্রমাণিত করিয়াছেন। আর তিনিই যে পরমাশ্রয় শ্রীরাসলীলায় তাহারই চরম ও পরম উদাহরণ প্রদর্শন পূর্ব্বক—

যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততম্।
যস্মিন্ স্থিতঃ ন দুঃখেন গুরুনাপি বিচাল্যতে।

আপন শ্রীমুখনিঃসৃত এই মহাবাণীকে সার্থক করিয়া তুলিয়াছেন। তাই কবিরাজ গোস্বামী বলিয়াছেন—

সম্যক্ বাসনা কৃষ্ণের ইচ্ছা রাসলীলা।
রাসলীলা বাসনাতে রাধিকা শৃঙ্খলা॥

১৪

শ্রীমদ্ভাগবত এবং শ্রীগীতগোবিন্দ

অধুনা কৃষ্ণকথা লইয়া আলোচনা বাড়িয়াছে, স্বর্গগত বঙ্কিমচন্দ্র যে ধারার প্রবর্ত্তন করিয়াছিলেন, আলোচনার গতি প্রায় সেই ধারাতেই চলিয়াছে। পরিবর্ত্তন যাহা ঘটিয়াছে, তাহা আবরণের—মূলতঃ মনোবৃত্তি বোধ হয় একই আছে। কেহ বলেন কৃষ্ণ-কথার যাহা প্রধান কথা, সেই রাসের কথা কাম-কথারই নামান্তর। এই দল বিষ্ণু-পুরাণ, ভাগবত, পদ্মপুরাণ, ব্রহ্মবৈবর্ত্ত ইত্যাদি পুরাণ হইতে বচন তুলিয়া কামায়নের ক্রমবিকাশের ইতরবিশেষ আলোচনা করেন। অপর

একদলের মতে কৃষ্ণকথার মধ্যমণি যে রাধাভাব, এ ভাব বেশীদিনের পুরাণো নহে ; শ্রীমহাপ্রভু রায় রামানন্দের নিকট শিখিয়া এই সেদিন রাধাভাবের কথা প্রচার করিয়া গিয়াছেন। যাঁহারা এই সব কথা বলেন, তাঁহারা সমাজে শিক্ষিত বলিয়া পরিচিত। ইঁহাদের কথায় সাধারণ পাঠকের বুদ্ধি-ভেদের আশঙ্কা আছে।

কৃষ্ণকথার আলোচনা করিতে হইলে প্রাচীন আচার্য্যগোষ্ঠীর অনুসরণ আবশ্যক। মানিয়া লইবার জন্য নহে, আলোচনার সুবিধার জন্যই অন্তত জানিয়া লওয়া প্রয়োজন, যে তাঁহারা কোন্ পথে এই রহস্যের মর্ম্মোদ্ভেদ করিয়াছেন। এই পথে যাঁহাদের পদাঙ্ক সর্ব্বাপেক্ষা সুস্পষ্ট এবং সমুজ্জ্বল, যাঁহারা আমাদের সর্ব্বাপেক্ষা সুপরিচিত এবং অধিকতর নিকট-বর্ত্তী, তাঁহাদের মধ্যে প্রেমাবতার শ্রীচৈতন্যচন্দ্রের নাম সর্ব্বাগ্রে উল্লেখ-যোগ্য। শ্রীপাদ স্বরূপ দামোদর রাধা-ভাবদ্যুতি-সুবলিত তনু বলিয়া শ্রীচৈতন্যদেবকে প্রণাম করিয়াছেন। এবং তাঁহার অবতার গ্রহণের মূল প্রয়োজনরূপে যে তিন বাঞ্ছার উল্লেখ করিয়াছেন, তন্মধ্যে শ্রীরাধার প্রণয় মহিমাই প্রথম ও প্রধান গণ্য হইয়াছে। সুতরাং শ্রীমন্ মহাপ্রভুর রায় রামানন্দের নিকট রাধাভাব শিক্ষার কোন অর্থই হয় না। আপত্তি উঠিতে পারে, শ্রীমহাপ্রভুর মতবাদ লইয়া শ্রীমদ্‌ভাগবতের বিচার চলিবে না। শ্রীমদ্ভাগবতের মর্ম্ম বুঝিতে হইলে গ্রন্থের অভ্যন্তরেই তাহার সূত্রানুসন্ধান করিতে হইবে। অর্থাৎ শ্রীমন্ মহাপ্রভু ও তাঁহার মতানুবর্ত্তী আচার্য্যগণ রাধাভাব ও গোপীভাবের যে ব্যাখ্যা করিয়াছেন, শ্রীমদ্‌ভাগবতের মধ্যে তাহার কতটুকু সমর্থন পাওয়া যায়, সর্ব্ব প্রথম তাহাই দেখিতে হইবে। এই আপত্তি মানিয়া লইতে হইলে আমা-দিগকে কবি জয়দেবের শরণ গ্রহণ করিতে হয়।

এই প্রসঙ্গে একটি কথা মনে রাখা আবশ্যক। জগতে এমন অনেক ঘটনা আছে, যাহা নিত্য ঘটে। আমরা তাহার কারণ জানি না, অনেক

ঘটনায় আমাদের দৃষ্টিও আকৃষ্ট হয় না। ঋষিগণ সেই ঘটনার প্রতি আকৃষ্ট হন, তাহার কারণ নির্ণয় করেন, ঋষি দৃষ্টিতে কার্য্য কারণের তত্ত্ব আবিষ্কৃত হয়। চিরকাল বৃক্ষের বৃন্তচ্যুত ফল মাটিতেই পড়ে। আর্য্যভট্ট দেখিলেন, কারণ নির্ণয় করিলেন, বলিলেন,—"গুরুত্বাৎ পতনং", গুরুত্বই পতনের কারণ। বহুদিন পরে পশ্চিমের অপর একজন ঋষি গুরুত্বেরও কারণ আবিষ্কার করিলেন, 'মাধ্যাকর্ষণ'।

সূর্য্য চন্দ্রের গ্রহণ আবহমান কাল হইতেই আছে। দেবীপুরাণ ও আচার্য্য বরাহমিহির বলিলেন পৃথিবী ও চন্দ্রের ছায়াই ইহার কারণ। গ্রহণও ছিল, পৃথিবী ও চন্দ্রের ছায়াও ছিল। পুরাণকার ও বরাহ-মিহির তাহার হেতু বিনিশ্চয় করিলেন মাত্র।

রাধাকৃষ্ণ লীলা নিত্য। অনাদিকাল ধরিয়া সে লীলার বিরাম নাই। শ্রীমদ্‌ভাগবতাদি পুরাণে সে লীলা বর্ণিত আছে। শ্রীমন্ মহাপ্রভু এবং তাঁহার চরণানুবর্ত্তী আচার্য্যগণ সেই লীলার অন্তর্নিহিত তত্ত্বের আবিষ্কারক মাত্র। কার্য্য দেখিয়া তাঁহারা কারণ নির্ণয় করিয়াছেন। সেই তত্ত্ব শ্রীমদ্‌ভাগবতাদি পুরাণের মধ্যে—পুরাণ বর্ণিত লীলার মধ্যে না থাকিলে তাঁহারা নিশ্চয়ই তাহা আবিষ্কার করিতে পারিতেন না। সুতরাং শ্রীমন্ মহাপ্রভু বা তাঁহার মতানুবর্ত্তিগণের ব্যাখ্যার আলোকে ভাগবতের বা জয়দেবের শ্রীকৃষ্ণলীলার আলোচনা চলিবে না, এ কথা যাঁহারা বলেন, তাঁহারা যুক্তিযুক্ত কথা বলেন না। শ্রীচৈতন্য চরিতামৃতে গোপীভাব, সখীভাব ও রাধাভাবের যে ব্যাখ্যা দেখিতে পাই, সমস্তই শ্রীমদ্ভাগবতাদি পুরাণ ও শ্রীগীতগোবিন্দের উপর প্রতিষ্ঠিত। গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায় শ্রীগীতগোবিন্দ গ্রন্থখানিকে শ্রীমন্ মহাপ্রভুর প্রেমধর্ম্মের অন্যতম সূত্রগ্রন্থ রূপে, শ্রীমদ্ভাগবতের কবিত্বময় ভাষ্য রূপেই গ্রহণ করিয়াছেন। এই জন্যই আমরা শ্রীমদ্ভাগবতের সঙ্গে শ্রীগীতগোবিন্দের সম্বন্ধ নির্ণয়ে প্রয়াস পাইয়াছি। শ্রীমদ্ভাগবত এবং

শ্রীগীতগোবিন্দ উভয় গ্রন্থেই রাস লীলা বর্ণিত আছে—শারদরাস ও বাসন্তরাস। সংক্ষেপে উভয় লীলার পার্থক্য আলোচনা করিতেছি।

শারদ রাসে কাত্যায়ণী ব্রত-পরায়ণা কুমারীগণের কামনা পূর্ণ করাই শ্রীকৃষ্ণের প্রধান উদ্দেশ্য ছিল। এই ব্রত-পরায়ণা কুমারীগণ—শ্রুতিচরী ও ঋষিচরী গোপীগণ কাত্যায়ণী দেবীর নিকট নন্দগোপ নন্দনকে পতিরূপে পাইবার কামনা করিয়াছিলেন। ইহাদের মধ্যে শ্রীরাধিকা অথবা তাঁহার যূথভুক্তা কোন গোপী ছিলেন না। অবশ্য ব্রত সাঙ্গ দিবসে আমন্ত্রিতা হইয়া তাঁহারা যমুনা পুলিনে গিয়াছিলেন এবং তাঁহাদের বস্ত্রও অপহৃত হইয়াছিল।

ব্রতপরায়ণা কুমারীগণ সকলে মিলিয়া শ্রীকৃষ্ণকেই পতিরূপে কামনা করিয়াছিলেন। রাসের রাত্রিতে বেণু গীতে মুগ্ধা তাঁহারা অভিসারকালে কিন্তু কেহ কাহারো অনুসন্ধান করেন নাই। কৃষ্ণ প্রাপ্তির সম্ভাবনায় তাঁহারা সকলেই আত্মবিস্মৃত হইয়াছিলেন। তাঁহাদের সৌভাগ্যকে সম্পূর্ণ করিবার জন্য কৃষ্ণ তাঁহাদিগকে ত্যাগ করিয়াছিলেন। এবং তাঁহাদের পথ প্রদর্শনের জন্যই সকলের মধ্য হইতে পৃথক করিয়া শ্রীমতী রাধাকে পথের মাঝখানে একাকী রাখিয়া গিয়াছিলেন। যুগল পদাঙ্ক অনুসরণ করিতে করিতে গোপীগণ শ্রীমতীর সঙ্গ লাভ করেন এবং তাঁহারই কৃপায় শ্রীকৃষ্ণ সঙ্গ প্রাপ্ত হন। রাসমণ্ডলে কৃষ্ণ সকলকেই সন্তুষ্ট করিয়াছিলেন। কৃষ্ণ-সঙ্গ লাভে সকলেই পরিতৃপ্তা হইয়াছিলেন। ইহাই শারদ রাস।

বাসন্তরাস কিন্তু অন্যরূপ। এই লীলায় শ্রীরাধা সম্যক সচেতন রহিয়াছেন। এইজন্যই মাত্র শ্রীকৃষ্ণকে পাইয়াই তাঁহার তৃপ্তি নাই। শ্রীকৃষ্ণ তাঁহারই, একমাত্র তিনিই শ্রীকৃষ্ণ হৃদয়ের অধিশ্বরী, এ সম্বন্ধে তাঁহার মনে কোন সংশয় নাই। শ্রীকৃষ্ণকে তিনি একা পাইতে চাহেন না। কিন্তু তিনি দান না করিলে শ্রীকৃষ্ণ কেন অন্যের হইবেন, কিরূপে অন্যের নিকট যাইবেন, এ কথা তিনি বুঝিতে পারেন না। এই অভি-

মানেই তিনি কৃষ্ণের প্রেয়সী শ্রেষ্ঠা। গোদাবরীতীরে রায় রামানন্দ শ্রীমন্ মহাপ্রভুর নিকট এই ইঙ্গিতই করিয়াছিলেন। বলিয়াছিলেন—

"যাঁর পাতিব্রত্য ধর্ম্ম বাঞ্ছে অরুন্ধতী"

পাতিব্রত্যে অরুন্ধতীর কি কিছু ন্যূনতা ছিল? রায় রামানন্দ বলিতেছেন—ছিল। সতী শিরোমণি অরুন্ধতী জানিতেন বশিষ্ঠ তাঁহার সর্ব্বস্ব, কিন্তু তিনিও যে বশিষ্ঠের সর্ব্বস্ব এ অভিমান তাঁহার ছিল না। শ্রীমতীর এই অভিমান ছিল বলিয়াই বাসন্তরাসে তিনি রাস মণ্ডল ত্যাগ করিয়াছিলেন। বাসন্তরাসে শ্রীরাধাকে হারাইয়া শ্রীকৃষ্ণের বিরহ এক অপূর্ব্ব বস্তু। কবি জয়দেব এই অভিমান, এই অপূর্ব্বতার উজ্জ্বল আলেখ্য অঙ্কিত করিয়াছেন। এই আলেখ্যই বাসন্তরাস।

কবি জয়দেব যে শ্রীমদ্ভাগবতের সঙ্গে পরিচিত ছিলেন, উভয় গ্রন্থের শ্রীশ্রীরাসলীলার বর্ণনাতেও তাহার প্রমাণ পাওয়া যায়। শ্রীমদ্ভাগবতের বর্ণনা—(রাসের পঞ্চমাধ্যায়)

কাচিৎ সমং মুকুন্দেন স্বরজাতিরমিশ্রিতা।
উন্নিন্যে পূজিতা তেন প্রীয়তা সাধু সাধ্বিতি ॥৯॥
তদেব ধ্রুব মুন্নিন্যে তস্যৈ মানঞ্চ বহ্বদাৎ ॥১০॥

ষাড়জী, আর্ষভী, গান্ধারী, মধ্যমা, পঞ্চমী, ধৈবতী ও নৈষাদী এই সপ্ত স্বরালাপের নাম জাতি। কোন গোপী ভগবান শ্রীকৃষ্ণের সঙ্গে এই স্বরজাতির আলাপ করিতে লাগিলেন। উহা অমিশ্রিত অর্থাৎ বিশুদ্ধ হওয়ায় শ্রীকৃষ্ণ সাধু সাধু বলিয়া ঐ গোপীর প্রশংসা করিলেন। ঐ গোপী আবার ঐ অমিশ্র স্বরজাতি ধ্রুব তালের সঙ্গে গান করায় ভগবান্ অধিকতর প্রীত হইলেন এবং তাঁহাকে বহু মানে সম্মানিত করিলেন।

শ্রীগীতগোবিন্দের বর্ণনা—

পীনপয়োধরভারভরেণ হরিং পরিরভ্যসরাগং।
গোপবধূরনুগায়তি কাচিদুদঞ্চিত-পঞ্চম-রাগম্‌॥

কোন গোপবধূ অনুরাগে পীনপয়োধর ভারে আলিঙ্গন করিয়া শ্রীকৃষ্ণের সঙ্গে উন্নীত পঞ্চম রাগে গান করিতে লাগিলেন।

শ্রীমদ্‌ভাগবতের সঙ্গে শ্রীগীতগোবিন্দের আরো ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে।

বাগ্‌দেবতা চরিতচিত্রিতচিত্ত-সদ্মা
পদ্মাবতী-চরণ-চারণ-চক্রবর্ত্তী।
শ্রীবাসুদেব-রতি-কেলি-কথা-সমেত-
মেতং করোতি জয়দেবকবিঃ প্রবন্ধম্‌॥

এই শ্লোকটির সঙ্গে তুলনীয়—(শ্রীমদ্ভাগবত ১ম স্কন্ধ, ৫ম অধ্যায়) দেবর্ষি নারদ বেদব্যাসকে বলিতেছেন—

তদ্বাগ্‌ বিসর্গো জনতাঘ-বিপ্লবো
যস্মিন্‌ প্রতিশ্লোকমবদ্ধবত্যপি।
নামান্যনন্তস্য যশোঽঙ্কিতানি যৎ
শৃণ্বন্তি, গায়ন্তি, গৃণন্তি সাধবঃ॥

সেই বাক্যই জনগণের পাপ প্লাবন বিদূরিত করে, যাহার প্রতি শ্লোকে ভগবান অনন্তের নাম যশ অঙ্কিত থাকে। শব্দালঙ্কারাদির অপ-প্রয়োগ সত্ত্বেও সাধুগণ তাহাই শ্রবণ, গান ও গ্রহণ করিয়া থাকেন।

এই শ্লোক স্মরণ করিয়াই জয়দেব লিখিয়াছেন—আমার মনোমন্দির

তো বাক্‌দেবতার চরিত্র চিত্রিত। অর্থাৎ আমার চিত্তপটে তো বাক্‌দেবতা সর্ব্বদা অধিষ্ঠিতা। সুতরাং আমার রচিত (অনন্তের নাম যশাঙ্কিত) এই বাসুদেবরতিকেলিকথা নিশ্চয়ই সকলের আদরণীয় হইবে। বাক্যের অপপ্রয়োগ ঘটিলেও আশঙ্কার কোন কারণ নাই। এইজন্যই, কবি সন্দর্ভ শুদ্ধির কথাও বলিয়াছেন।

ব্রহ্মভূত প্রসন্নাত্মা পরমভাগবত শ্রীশুকদেব আসন্ন-মৃত্যু সম্রাট্ পরীক্ষিৎকে যে বাসুদেবকথায় রতি জন্য অভিনন্দিত করিয়াছিলেন, জয়দেব যে সেই বাসুদেবেরই রতিকেলিকথা বর্ণনা করিতেছেন, "বাগ্‌দেবতা" শ্লোকে তাহারই সুস্পষ্ট প্রতিশ্রুতি রহিয়াছে।

শ্রীশুকদেব বলিয়াছিলেন—

সম্যগ্ব্যবসিতা বুদ্ধিস্তব রাজর্ষি-সত্তম।
বাসুদেব-কথায়াং তে যজ্জাতা নৈষ্ঠিকী রতিঃ॥

শ্রীশুকদেবের বাসুদেব-কথার সারাংশ হইল শ্রীশ্রীরাসলীলা। জয়দেব সেই রাসের কথা—শ্রীবাসুদেবের রতিকেলি-কথাই বর্ণনা করিয়াছেন।

শ্রীমদ্ভাগবতে রাসের যে বর্ণনা আছে তাহা সংক্ষেপে এইরূপ—

শ্রীভগবান্ কাত্যায়ণীব্রতপরা নন্দব্রজের কুমারীগণকে যে প্রতিশ্রুতি দিয়াছিলেন, সেই প্রতিশ্রুত-রাত্রি সমাগতা হইলে তিনি বেণু গানে তাঁহাদিগকে আহ্বান করিলেন। গোপীগণ সকল চেষ্টা পরিত্যাগ পূর্ব্বক একে অন্যের অলক্ষিতে প্রিয়তমের সাক্ষাতে উপস্থিত হইলেন। শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে গৃহে ফিরিবার জন্য বহু প্রকারে বুঝাইলেন, কুলকামিনীগণের পক্ষে ঔপপত্য যে স্বর্গবিঘ্নকর, তুচ্ছ, দুঃখদায়ক, ভয়াবহ ও সর্ব্ববিনিন্দিত তাহাও পুনঃপুন বলিলেন। কিন্তু গোপীগণের অবিচলা রতি তাঁহাকে বশীভূত করিল। সেই অদ্বয়জ্ঞানতত্ত্ব আত্মারাম স্বয়ং ভগবান তাঁহাদিগকে অঙ্গীকার করিলেন।

গোপীগণ এই ত্রিলোকদুর্ল্লভ সৌভাগ্যলাভে মানিনী হইলে ভগবান্ তাঁহাদের সৌভাগ্য-গর্ব্ব ও অভিমান দর্শন করিয়া অন্তর্হিত হইলেন। যে গোপকন্যাগণ আপন আপন মনোরথ অন্যকে জানিবার সুযোগ না দিয়া পরস্পরের অলক্ষিতেই বনে আগমন করিয়াছিলেন, এখন কৃষ্ণ-বিরহে তাঁহারাই একত্রে মিলিয়া একই দুঃখে অভিভূত হইয়া একই লক্ষ্যে বনে বনে প্রিয় দয়িতের অনুসন্ধান করিতে লাগিলেন। গোপীগণ কিছুদূর গিয়া চরণ-চিহ্ন দেখিয়া বুঝিতে পারিলেন, শ্রীকৃষ্ণ একাকী অন্তর্হিত হন নাই ; অপর কোন ভাগ্যবতীকে লইয়াই নির্জ্জনে পলাইয়া আসিয়াছেন। আরো কিছুদূর গিয়া সেই শ্রীকৃষ্ণসঙ্গিনীরও দর্শন মিলিল। তিনিও কৃষ্ণহারা হইয়া বিলাপ করিতেছিলেন। গোপীগণ তাঁহার পূর্ব্ব-সৌভাগ্যের পর বর্ত্তমান অবস্থার কারণ জিজ্ঞাসায় জানিতে পারিলেন যে, তাঁহাদের মত নায়িকাসুলভ মানই তাঁহাকে এই অবস্থায় পাতিত করিয়াছে। তখন সকলে মিলিয়া যতক্ষণ জ্যোৎস্না রহিল, ততক্ষণ বনে বনে কৃষ্ণানুসন্ধান করিলেন, পরে যমুনাতীরে সমবেত হইয়া কৃষ্ণের আগমন প্রতীক্ষায় কৃষ্ণকথা কীর্ত্তন করিতে লাগিলেন। গোপীগণের বিলাপে এবং ক্রন্দনে আকৃষ্ট হইয়া ভগবান তাঁহাদের মধ্যে আবির্ভূত হইলেন। অতঃপর মহারাসের অনুষ্ঠান হইয়াছিল।

শ্রীমদ্ভাগবত শারদরাসের বর্ণনা করিয়াছেন। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বাসন্তরাস বর্ণিত হইয়াছে। পদ্মপুরাণ শরৎ ও বসন্ত দুই কালেই রাসের উল্লেখ করিয়াছেন। পুরাণকথিত রাসলীলা পাঠকালে মনে রাখিতে হইবে যে, আচার্য্যগণ গোপীগণের প্রেমকেই কাম নামে অভিহিত করিয়াছেন। উদ্ধবাদি পরমজ্ঞানী ও তত্ত্বজ্ঞ কৃষ্ণভক্তগণ এই কামেরই কামনা করিতেন। পুরাণকারগণ যখন কামের আবরণে এই প্রেমেরই বর্ণনা করিয়াছেন, তখন মূল উদ্দেশ্য মনে না রাখিয়া আমাদের ভাষাগত বা বর্ণনাগত খুঁটিনাটির বিচার করিতে যাওয়া ধৃষ্টতা বলিয়াই মনে হয়।

প্রাচীনগণের মুখে শুনিয়াছি—হিন্দুর দৃষ্টিতে বেদ প্রভু, পুরাণ ও তন্ত্র মিত্র এবং কাব্য প্রেয়সী। প্রভু বিধি-নিষেধের নির্দ্দেশ দেন, মিত্র হিতবাক্য বলেন, সৎপথে পরিচালিত করেন, সুপরামর্শ দেন। প্রেয়সী কখনো মিষ্ট কথায় তুষ্ট করেন, কখনো তিরস্কার করেন, কখনো কথা না কহিয়া, দেখা না দিয়া নিজে সহিয়া দুঃখ বরণের তপস্যায় দয়িতকে সংযত করেন। প্রেয়সীর প্রেমের মাধুর্য্য, আত্ম-ত্যাগের ঔদার্য্য এক অভিনব রসের খেলায় প্রিয়তমকে আপনার করিয়া লয়। শ্রীমদ্ভাগবতে প্রভু, মিত্র ও প্রিয়া—তিনেরই সাক্ষাৎকার পাই। প্রায় কাব্যই আদিরস প্রধান। আদিরসের দুই ভাগ—বিপ্রলম্ভ ও সম্ভোগ। বিপ্রলম্ভ ও সম্ভোগের আবার মোটামুটি চারিটি ভাগ আছে। শ্রীমদ্ভাগবতেও এই বিভাগ পরিত্যক্ত হয় নাই। ভাগবতেও বিপ্রলম্ভ রস বর্ণনায় রাধাকৃষ্ণের পূর্ব্বরাগ আছে, প্রেমবৈচিত্ত্য ও করুণাখ্য বিপ্রলম্ভ আছে, নায়কের প্রবাস আছে। কিন্তু মানের পালা নাই বলিলেও অত্যুক্তি হয় না। অথচ রসপুষ্টির পক্ষে মান অত্যাবশ্যকীয় অঙ্গ। শ্রীমদ্ভাগবতে গোপীগণের কাহাকেও মান করিতে দেখিলাম না। রাসে ভগবানের অন্তর্দ্ধানেও কাহারো মানের উদ্রেক হইল না। বরং তাঁহার জন্য গোপীগণ করুণ বিলাপে বৃন্দাবনের বনভূমিকেও শোকাকুল করিয়া তুলিলেন। শ্রীকৃষ্ণের পুনরাবির্ভাবে একজনমাত্র গোপীর আকার ইঙ্গিতে মানের অতি সামান্য লক্ষণই চকিতের মত দৃষ্টি আকর্ষণ করে। শ্রীমদ্ভাগবত খুব সংক্ষেপেই সেই চিত্রের আভাস দিয়া গিয়াছেন। ভাগবত বলিতেছেন—"শ্রীকৃষ্ণ আবির্ভূত হইলে কোন গোপী তাঁহার করযুগল ধারণ করিলেন, কেহ আপন স্কন্ধের উপর তাঁহার হস্ত স্থাপন করিলেন। কোন গোপী তাঁহার চর্ব্বিত তাম্বুল অঞ্জলি পাতিয়া গ্রহণ করিলেন, কেহ তাঁহার চরণ-কমল স্বীয় বক্ষঃস্থলে রক্ষা করিলেন।" ইহা মানিনীর লক্ষণ নহে। ভাগবত মাত্র একজন গোপীর বিষয়ে বলিয়াছেন—"কেহ নিজ ওষ্ঠাধর দংশন-

পূর্ব্বক শ্রীকৃষ্ণের দিকে কটাক্ষ নিক্ষেপ করিতে লাগিলেন"। এই সংক্ষিপ্ত চিত্রে মানিনীর সাক্ষাৎ পাই। আচার্য্যগণ লক্ষণ দেখিয়া স্থির করিয়াছেন—ইনিই শ্রীরাধা। পূর্ব্বোক্ত চিত্র ভিন্ন ভাগবতে মানের আর কোন বালাই নাই। শ্রীগীতগোবিন্দ ভাগবতের এই অভাব পূর্ণ করিয়াছেন।

বেণীসংহারে, ধ্বন্যালোকে, দশাবতারচরিতে মানিনী রাধার সাক্ষাৎ পাই। কবিগণ নমস্কার, আশীর্ব্বাদ ও মঙ্গলাচরণ উপলক্ষে কৃষ্ণানুনয়-সেবিতা মানিনী রাধার উল্লেখে জগতের কল্যাণ কামনা করিয়াছেন। সুতরাং বুঝা যাইতেছে রসিক ভক্ত ও সহৃদয় সমাজে বহুদিন হইতে রাধা-প্রেমের মহিমা স্বীকৃত হইয়া আসিতেছে। কিন্তু কবি জয়দেবের ন্যায় একখানি সম্পূর্ণ কাব্যে অপর কেহ রাধাপ্রেমের তেমন উজ্জ্বল চিত্র আঁকিয়াছেন কিনা সন্দেহ। স্বয়ং ভগবানকে এবং তাঁহার পরমা-প্রকৃতিকে নায়ক নায়িকা কল্পনা করিয়া কাব্য রচনা, কাব্যের বিশুদ্ধতা রক্ষায় রসের যথাযথ ব্যঞ্জনা কবি জয়দেবের অতুলনীয় শক্তির পরিচায়ক।

কবি জয়দেব বর্ণনা করিয়াছেন—"বসন্তে বাসন্তী-কুসুম-কোমলা শ্রীরাধা বৃন্দাবনের নিভৃত প্রদেশে বহু যত্নে শ্রীকৃষ্ণের অনুসন্ধান করিতে-ছিলেন। এমন সময় কোন সখী আসিয়া তাঁহার সঙ্গ লইলেন এবং বৃন্দাবনের বসন্ত শোভা বর্ণনা করিতে করিতে তাঁহাকে কিয়দ্দূর লইয়া গিয়া গোপীমণ্ডলী-পরিবেষ্টিত বিলাসমত্ত শ্রীকৃষ্ণকে দেখাইয়া দিলেন।" শ্রীরাধা দেখিলেন—শ্রীকৃষ্ণের নিকট আমিও যেমন, অন্যা গোপাঙ্গনাও তেমনই। তিনি শ্রীকৃষ্ণকে সাধারণ-প্রণয়ে অপর ব্রজবালাসনে বন-বিহারে রত দেখিয়া অন্যত্র চলিয়া গেলেন এবং সখীর নিকট আপনার অবস্থার কথা বলিতে লাগিলেন। জয়দেব বলিতেছেন "কংসারি শ্রীকৃষ্ণ-আপনার সম্যক সারভূত বাসনার বন্ধন শৃঙ্খলারূপিণী রাধাকে হৃদয়ে

ধ্যান করিতে করিতে ব্রজাঙ্গনাগণের সঙ্গ ত্যাগ করিলেন, এবং অনঙ্গ-বাণে ব্যথিত চিত্তে ইতস্তত অনুসরণে রাধিকার দর্শন না পাইয়া যমুনার তীরবর্ত্তী কুঞ্জে বিষাদে অনুতাপ করিতে লাগিলেন"। একেবারে শ্রীমদ্ভাগবতের বিপরীত কথা। কোথায় রাসমণ্ডল হইতে শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধান ও গোপীবিলাপ, আর কোথায় শ্রীমতী রাধার রাসমণ্ডল ত্যাগ এবং শ্রীকৃষ্ণের অনুতাপ!

অতঃপর সখী কৃষ্ণের নিকট গেলেন, রাধার অবস্থার কথা বলিলেন। শ্রীকৃষ্ণ সখীকে রাধার নিকট পাঠাইয়া দিলেন এবং অনুনয় বচনে রাধাকে সঙ্গে আনিতে অনুরোধ করিলেন। শ্রীরাধা বিরহ সন্তাপে অভিসারে অশক্তা হওয়ায় স্বয়ং ভগবান তাঁহার কুঞ্জে আসিয়াছেন। কিন্তু শ্রীরাধার প্রত্যাখ্যানে তাঁহাকে ফিরিতে হইয়াছে। অবশেষে পুনরায় আসিয়া পায়ে ধরিয়া শ্রীকৃষ্ণ শ্রীরাধার মান ভাঙ্গাইয়াছেন। যাঁহারা বিশ্বাস করেন শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান, তাঁহাদের নিকট শ্রীরাধার এই প্রেম-গৌরবের গুরুত্ব যে কত, তাহা অন্যের বোধগম্য হইবে না। শ্রীগীত-গোবিন্দে শ্রীকৃষ্ণ বলিয়াছেন—"রাধার অভাবে আমার ধনে, জনে, জীবনে বা গৃহে কি কাজ"! বলিয়াছেন—"ক্ষম্যতামপরং কদাপি তবেদৃশং ন করোমি"। বলিয়াছেন—"রাধার চিন্তায় আমার মন সর্ব্বদা সমাধি মগ্ন রহিয়াছে"। শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে বলিয়াছেন—"তুমিই আমার ভূষণ, তুমিই আমার জীবন, তুমিই আমার সংসারসাগরের রত্নস্বরূপ"। ভক্তগণ ভগবৎ মুখনিঃসৃত বলিয়া এই বাক্যাবলীর গৌরব করিয়া থাকেন।

শ্রীমদ্ভাগবতের কাত্যায়ণী-ব্রতাদি হইতে গোপীগীত পর্য্যন্ত পাঠ করিয়া আমরা এইরূপ অনুভব করিতেছি যে ইহার মধ্যে সাধনার এক সুস্পষ্ট ইঙ্গিত রহিয়াছে। মানবের সাধ্য এবং সাধন কি, ইহা একটি চিরন্তন প্রশ্ন। শ্রীমদ্ভাগবত ইহার সুন্দর সমাধান করিয়াছেন। কি

সাধনে ভগবানকে পাওয়া যায়, ভগবানের নিত্য সঙ্গিনী গোপীগণ এবং ভগবানের সর্ব্বশ্রেষ্ঠা প্রেয়সী শ্রীমতী রাধা আপনাদের আচরণে এবং উপাসনায়, চরমতম ত্যাগে এবং পরমতম তপস্যায়—এমন কি সুদুস্ত্যজ সনাতন আর্য্য পথ ছাড়িয়া কুলটাপবাদ সহিয়াও জগজ্জীবের অগ্রবর্ত্তিনী-রূপে তাঁহার আদর্শ প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন। মানব সাধনার—ভগবৎ শরণের এক অভিনব সরণীতে আপনাদের উজ্জ্বল চরণ-চিহ্ন সুচির কালের জন্য অক্ষয়রূপে আঁকিয়া রাখিয়া গিয়াছেন।

কবি জয়দেব এই পথের শেষ প্রান্তে উপনীত হইয়াছেন। তিনি দেখাইয়াছেন শ্রীকৃষ্ণ-প্রেমের একমাত্র অধিকারিণী শ্রীরাধা। তিনি না দান করিলে গোপীগণেরও কৃষ্ণ প্রাপ্তির অধিকার নাই। শ্রীকৃষ্ণ শ্রীরাধার জন্য গোপীদিগকে ত্যাগ করিয়াছেন। তজ্জন্য কোন গোপী শ্রীরাধার প্রতি ঈর্ষা প্রকাশ করেন নাই। শ্রীজয়দেব দেখাইয়াছেন—সখী ভিন্ন এই লীলাবিস্তারে আর কেহ অধিকারিণী নহেন। সখীগণের দেহেন্দ্রিয় চরিতার্থতার কোন কামনা নাই। রাধাকৃষ্ণের লীলা-বিলাস দর্শনেই তাঁহারা আনন্দিতা। সখীগণ না দান করিলে শ্রীকৃষ্ণেরও রাধাসঙ্গ-প্রাপ্তির কোন উপায় নাই।

নীল-নলিনাভমপি তন্বি তব লোচনং
ধারয়তি কোকনদ-রূপম্।
কুসুমশরবাণ-ভাবেন যদি রঞ্জয়সি
কৃষ্ণমিদমেতদনুরূপম্॥

কোনরূপ কষ্ট কল্পনা না করিয়াও বৈষ্ণবগণ এই শ্লোকে শ্রীরাধা-কৃষ্ণের একাত্মতার রহস্যপূর্ণ ইঙ্গিত অনুভব করেন।

স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারম্।
জ্বলতি ময়ি দারুণো মদন-কদনারুণো
হরতি তদুপাহিত-বিকারম্॥

গোপীভাবলুব্ধ প্রত্যেক ভক্তবৈষ্ণব শ্রীরাধার পাদপদ্মে আত্মনিবেদনে এই দুইটি শ্লোককেই প্রধান অবলম্বন বলিয়া মনে করেন। "কাম গরল বিনাশক শিরঃশোভন তোমার ঐ মনোহর পাদপল্লব আমার মস্তকে অর্পণ কর। অত্যন্ত ক্লেশদায়ক কাম কামনার জ্বালায় অন্তর জ্বলিয়া যাইতেছে। তোমার চরণ স্পর্শে হৃদয়ের সে বিকার বিদূরিত হউক"। মহাভাবময়ীর পদপ্রান্তে ভক্তগণ সর্ব্বদা এই কামনাই করিয়া থাকেন, এবং এই জন্যই তাঁহারা শ্রীমতীর সখী ব্রজকিশোরীগণের—গোপীগণের শরণাপন্ন হন। শ্রীকৃষ্ণের নর্ম্মসখা বৃহস্পতি শিষ্য শ্রীমান্ উদ্ধবও যুক্তকরে বন্দনা করিয়াছিলেন—

বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ।
যাসাং হরি-কথোদগীতং পুনাতি ভুবনত্রয়ম্॥

বাঙ্গালার এক ভয়াবহ সমাজ-বিপ্লবের দিনে—মানুষ যখন দেহ-সুখকেই চরম ও পরম সুখ মনে করিয়া, সেই সুখ ভোগ করিয়া, ভোগ পঙ্কে আকণ্ঠ মজিয়া মৃত্যুর অতলে আপনাকে হারাইতে বসিয়াছিল, সেদিন কবি জয়দেবই বন্ধুর মত প্রিয়ের মত আপন যাদুমন্ত্রে শ্রীগীত-গোবিন্দের আনন্দ গানে মানুষের গতিপথ পরিবর্ত্তিত করিয়াছিলেন। প্রচার করিয়াছিলেন—ভোগে সুখ নাই, ত্যাগেই সুখ। বলিয়াছিলেন —দেহেন্দ্রিয়প্রীতিতে সুখ নাই, কৃষ্ণেন্দ্রিয়প্রীতিতেই সুখ। কবি

জয়দেব এই অমৃতের বার্ত্তা বহন করিয়া আনিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন—নরনারীর মিলনসুখে যে আনন্দ, অনাদি পুরুষ-প্রকৃতির লীলা-বিলাস দর্শনে, আস্বাদনে তাহার কোটী গুণ আনন্দ পাইবে। শ্রীগীতগোবিন্দের রাধাপ্রেম এবং সখীভাবই কবি জয়দেবের বিশেষ দান। কবি প্রার্থনা করিতেছেন—

ভণতি কবি জয়দেবে বিরহবিলসিতেন।
মনসি রভস-বিভবে হরিরুদয়তু সুকৃতেন ॥

কবি জয়দেব ভণিত হরির এই বিরহ-বিলাস যাঁহাদের মনের বৈভব স্বরূপ, সেই পুণ্যবানগণের হৃদয়ে হরি উদিত হউন।

কবি আদেশ করিতেছেন—

শ্রীজয়দেবে কৃতহরিসেবে ভণতি পরমরমণীয়ম্।
প্রমুদিতহৃদয়ং হরিমতিসদয়ং নমত সুকৃতকমনীয়ম্ ॥

শ্রীহরিসেবক জয়দেবভণিত এই গান পরম রমণীয়। (ইহা শ্রবণ করিয়া) আহ্লাদিত হৃদয়ে সেই সুকৃত-বাঞ্ছিত করুণাময় হরিকে বন্দনা করুন।

আসুন কবির আদেশ প্রতিপালনপূর্ব্বক কবিকেও প্রণাম করিয়া কবির কণ্ঠে কণ্ঠ মিলাইয়া আমরাও প্রার্থনা করি—

শ্রীজয়দেবভণিতমধরীকৃত-হারমুদাসিতবামম্।
হরি-বিনিহিত-মনসামধিতিষ্ঠতু কণ্ঠতটীমবিরামম্ ॥

শ্রীজয়দেবভণিত, হার অপেক্ষাও মনোহারী, রমণী অপেক্ষাও মনোমোহন এই সঙ্গীত কৃষ্ণার্পিত-চিত্ত ভক্তগণের কণ্ঠতটে অবিরাম অধিষ্ঠিত থাকুক।

১৫

শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোক

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ-
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয়।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃকেলয়ঃ ।।

কবি জয়দেব এই রহস্যময় শ্লোকে তাঁহার অপার্থিব প্রেম গীতিকাব্য শ্রীগীতগোবিন্দের অবতারণা করিয়াছেন। কিন্তু তাঁহার কাব্যের বর্ণনীয় বিষয় বাসন্ত রাস। (সরস বসন্তে ব্রজবনভূমি নন্দননিন্দি কান্তসৌন্দর্য্যে মধুময় শ্রীধারণ করিয়াছে। যমুনাস্নাত সুরভি মলয়ের মন্দ আন্দোলনে, বিটপিকুঞ্জে ব্রততীবিতানে পুষ্পিত সোহাগের পুলকোল্লাসে, কুসুমে কুসুমে মধুকর নিকরের ঝঙ্কার কোলাহলে, শাখায় শাখায় কোকিল কোকিলার কলকাকলিতে, আকাশে বাতাসে মাধুরীর মেলায়, স্বর্গে মর্ত্ত্যে মিলনের লীলায়, প্রকৃতির উৎসব সমারোহের মধ্যে শ্রীরাধাকৃষ্ণের অপ্রাকৃত প্রেমের অভিসার বিরহ মান মিলনের সুমধুর রঙ্গাভিনয় নিত্য নবরঙ্গে অভিনীত হইতেছে।) ইহাই হইল তাঁহার কাব্যের প্রধান বর্ণনার বিষয়। কিন্তু প্রথম শ্লোকে কবি বর্ণনা করিতেছেন—আকাশ মেঘে মেদুর, বনভূমি তমালে শ্যামল, তাহার উপর আবার রাত্রিকাল; ভীরু শ্রীকৃষ্ণকে সঙ্গে লইয়া হে রাধে তুমি গৃহে যাও। এইরূপ নন্দনিদেশে প্রস্থিত যমুনা কূলের পথকুঞ্জতরুতলে শ্রীরাধাকৃষ্ণের বিজন কেলি জয়যুক্ত হউক।

আজ আটশত বৎসর ধরিয়া শ্রীগীতগোবিন্দের উপর কত টীকা ব্যাখ্যাই না প্রণীত হইয়াছে! টীকাকারগণ প্রত্যেকেই এই

শ্লোক লইয়া আলোচনা করিয়াছেন, এবং একজনের পর আর একজন ইহার সমাধানের জন্য যত্ন লইয়াছেন। কোন কোন টীকাকারের মতে এই শ্লোকটি ব্রহ্মবৈবর্ত্তপুরাণের শ্রীকৃষ্ণজন্মখণ্ড পঞ্চদশ অধ্যায়ের আধারে রচিত। আমরাও এই মত সমর্থন করি। কেন, তাহা বলিতেছি।

শ্রীপাদ রূপ গোস্বামী সম্পাদিত পদ্যাবলীতে লক্ষ্মণ সেন নামাঙ্কিত দুইটি শ্লোক আছে। সদুক্তিকর্ণামৃতের মধ্যে এই শ্লোক দুইটির একটি সম্রাট্ লক্ষ্মণ সেনের ও অপরটি যুবরাজ কেশব সেনের নামে পাওয়া যাইতেছে। কেশবসেন দেব-রচিত (পদ্যাবলীর শ্লোকসংখ্যা ২০৭)।

আহূতাদ্য ময়োৎসবে নিশি গৃহং শূন্যং বিমুচ্যাগতা
ক্ষীবঃ প্রৈষ্যজনঃ কথং কুলবধূরেকাকিনী যাস্যতি।
বৎস ত্বং তদিমাং নয়ালয়মিতি শ্রুত্বা যশোদাগিরো
রাধা-মাধবয়োর্জয়ন্তি মধুর-স্মেরালসা দৃষ্টয়ঃ॥

উদ্ধৃত শ্লোক এবং জয়দেব রচিত "মেঘৈর্মেদুরমম্বরং" শ্লোকের মধ্যে এক দিক দিয়া একটি অর্থ সঙ্গতি রহিয়াছে। শ্লোকটির অর্থ—যশোদা শ্রীকৃষ্ণকে বলিতেছেন, আমার আহ্বানে অদ্যকার উৎসবে রাধা এই রাত্রিতে শূন্যঘর ফেলিয়া চলিয়া আসিয়াছে। ভৃত্যগণ মধুপানে মত্ত হইয়াছে। কুলবধূ একাকিনীই বা কিরূপে যাইবে? অতএব বৎস, তুমি ইহাকে গৃহে রাখিয়া আইস। যশোদার এই কথা শুনিয়া শ্রীরাধামাধবের ঈষৎ-বিকশিত হাস্য সমন্বিত মধুর অলস দৃষ্টি জয়যুক্ত হউক।

এই শ্লোকে যেমন গোপরাজ্ঞী যশোদা শ্রীকৃষ্ণকে বলিতেছেন শ্রীরাধাকে গৃহে রাখিয়া আইস; জয়দেব কথিত শ্লোকে তেমনই গোপ-

রাজ নন্দ শ্রীরাধাকে বলিতেছেন, শ্রীকৃষ্ণকে গৃহে লইয়া যাও। "যশোদা গিরো" শব্দের অর্থ যেমন যশোদার বাক্য, নন্দনিদেশত শব্দের অর্থও তেমনই নন্দের আদেশ বা নির্দ্দেশ। সুতরাং আক্ষরিক অর্থে টীকাকারগণ কথিত নন্দনিদেশতঃ শব্দের অন্যান্য অর্থ পরিত্যাগ করিয়া এখানে এই সহজ অর্থ গ্রহণ করাই সঙ্গত মনে হইতেছে। এবং এই অর্থ স্বীকারের সঙ্গে সঙ্গে অনিবার্য্যরূপে ব্রহ্মবৈবর্ত্তপুরাণের প্রসঙ্গ আসিয়া পড়িতেছে। "যশোদা গিরো" শব্দ দুইটি নিতান্তই কবির সৃষ্টি, কিন্তু "নন্দ নিদেশতঃ" শব্দের সঙ্গে একটি পৌরাণিক ঐতিহ্য জড়িত রহিয়াছে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বর্ণিত আছে—(শ্রীকৃষ্ণ জন্মখণ্ড ১৫ অধ্যায়) একদা নন্দ কৃষ্ণের সহিত বৃন্দাবনে গমন করত ভাণ্ডীরবনে গোচারণ করিতে লাগিলেন। সেই বনমধ্যস্থিত সরোবরের সুস্বাদু জল গো সমূহকে পান করাইলেন এবং স্বয়ং পান করিলেন। বালক কৃষ্ণকে বক্ষে ধারণ পূর্ব্বক গোপরাজ বটমূলে অবস্থান করিতেছেন, এমন সময় বালকরূপী মায়াময় কৃষ্ণের মায়াবশে নভোমণ্ডল হঠাৎ মেঘাচ্ছন্ন হইল। নন্দরাজ আকাশ মেঘাচ্ছন্ন ও কাননাভ্যন্তর শ্যামবর্ণ দেখিলেন। ঝঞ্ঝাবাত, মেঘের দারুণ শব্দ, বজ্রের ঘোরতর নিনাদ শ্রুত হইতে লাগিল। অতি স্থূলবৃষ্টিধারা পতিত হইতেছিল, প্রবল বায়ু বৃক্ষসমূহকে কম্পিত করিয়া তুলিল। নন্দরাজ অত্যন্ত ভীত হইয়া বলিতে লাগিলেন, এই সমস্ত গো বৎস পরিত্যাগ করত কিরূপে গৃহে গমন করিব। যদি গৃহে যাই—এই বালকের গতিই বা কি হইবে? শ্রীকৃষ্ণ মায়া কল্পিত ভয়ে রোদন করিতে করিতে পিতার কণ্ঠদেশ জড়াইয়া ধরিলেন। এমন সময়ে রাজহংস ও খঞ্জনের ন্যায় মৃদুগমনে শ্রীরাধা শ্রীকৃষ্ণের সমীপে উপস্থিত হইলেন।

নন্দ নির্জ্জন প্রদেশে তাঁহাকে দর্শন করিয়া অত্যন্ত বিস্মিত হইলেন, এবং নত মস্তকে সাশ্রুনেত্রে বলিলেন,—দেবি, গর্গমুখে শুনিয়া আমি

আপনাকে জানিতে পারিয়াছি। আপনি লক্ষ্মী হইতেও শ্রীহরির অধিক প্রিয়তমা। এই ক্রোড়স্থিত বালক যে মহাবিষ্ণু হইতেও শ্রেষ্ঠ, অচ্যুত স্বরূপ, তাহাও আমি জানি। তথাপি বিষ্ণুমায়ায় মুগ্ধ হইয়া আছি। ভদ্রে এই আপনার প্রাণনাথকে গ্রহণ করুন। মনোরথ পূর্ণ করত পুনরায় আমার পুত্র আমাকেই প্রদান করিবেন। এই বলিয়া নন্দরাজ সেই রোদন-পরায়ণ কৃষ্ণকে রাধিকাহস্তে সমর্পণ করিলেন।

* * * * *

রাধিকা অতি যত্নে কৃষ্ণকে বক্ষে ধারণ পূর্ব্বক অভিলষিত সুদূর প্রদেশে গিয়া রাসমণ্ডলকে স্মরণ করিলেন। শ্রীকৃষ্ণও আপনার কিশোর স্বরূপে প্রকাশিত হইলেন।

* * * * *

রাধাকৃষ্ণ নিত্যধাম গোলোক বৃত্তান্ত স্মরণ পূর্ব্বক পরস্পর কথোপ-কথন করিতেছেন, এমন সময় তথায় মাল্য-কমণ্ডলুধারী ঈষৎ হাস্যবদন চতুর্ম্মুখ ব্রহ্মা আসিয়া উপস্থিত হইলেন। ব্রহ্মা প্রথমে শ্রীহরিকে পরে শ্রীরাধাকে প্রণাম করিলেন, এবং প্রণামান্তে উভয়ের স্তব করিয়া পুনরায় প্রণত হইলেন।

* * * * *

বিধাতা তাঁহাদের মধ্যে অগ্নি প্রজ্জ্বালন পূর্ব্বক হরিকে স্মরণ করত বিধিক্রমে হোম করিতে লাগিলেন। তদ্দর্শনে শ্রীকৃষ্ণ শয্যা হইতে উঠিয়া বহ্নি সমীপে উপবেশন পূর্ব্বক ব্রহ্মোক্ত বিধিক্রমে হোম আরম্ভ করিলেন। হরি ও শ্রীরাধিকাকে প্রণাম করিয়া বেদকর্ত্তা তাঁহাদিগকে সপ্তবার প্রদক্ষিণ করাইলেন। পুনর্ব্বার রাধিকাকে হুতাশন প্রদক্ষিণ করাইয়া তাঁহাকে ও কৃষ্ণকে প্রণাম করত বেদীতে উপবেশন করাইলেন। এবং কৃষ্ণ কর্ত্তৃক রাধিকার পাণি গ্রহণ করাইয়া বেদোক্ত সপ্তমন্ত্র পাঠ করাইলেন। অনন্তর প্রজাপতি রাধিকার হস্ত কৃষ্ণের বক্ষস্থলে, ও

কৃষ্ণের হস্ত রাধিকার পৃষ্ঠদেশে স্থাপন করিয়া রাধিকাকে মন্ত্র সমূহ পাঠ করাইলেন। ব্রহ্মা আজানুলম্বিত পারিজাত কুসুমমালা রাধা কর্ত্তৃক কৃষ্ণ-গলে অর্পণ করাইলেন। আবার কৃষ্ণ কর্ত্তৃক রাধার গলেও মনোহর মাল্য দান করাইলেন। কৃষ্ণকে বসাইয়া তাঁহার বাম পার্শ্বে কৃষ্ণের চিত্ত-স্বরূপা রাধিকাকে উপবেশন করাইলেন। রাধাকৃষ্ণকে হাতজোড় করাইয়া বেদোক্ত পঞ্চমন্ত্র পাঠ করাইলেন। রাধিকার দ্বারা কৃষ্ণকে প্রণাম করাইয়া পিতা যেরূপ কন্যা সম্প্রদান করে, সেইরূপ বিধাতাও রাধিকাকে কৃষ্ণ-করে সমর্পণ করিয়া তাঁহাদের পুরোভাগে অবস্থান করিতে লাগিলেন।

* * * * *

কৃষ্ণ তাঁহার কৈশোর ভাব পরিত্যাগ পূর্ব্বক শিশুরূপ ধারণ করিলেন। রাধিকা দেখিলেন সেই বালক ক্ষুধায় পীড়িত হইয়া রোদন করিতেছেন। এবং যেভাবে নন্দ প্রদান করিয়াছিলেন, সেইরূপ ভীরু। (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, বঙ্গবাসীর অনুবাদ)। প্রসঙ্গত একটা কথা এই-খানেই বলিয়া রাখিতেছি। ব্রহ্মবৈবর্ত্তপুরাণখানি শ্রীকৃষ্ণ লীলা বর্ণনে একটি নিগূঢ় রহস্যের মর্ম্ম প্রকাশ করিয়াছেন। শ্রীকৃষ্ণ লীলা নিত্য, শ্রীকৃষ্ণ চিরকিশোর, এবং প্রধানতঃ তিনি ধীর ললিত নায়ক। ধীর ললিতের লক্ষণ (শ্রীচৈতন্যচরিতামৃত)—

রায় কহে কৃষ্ণ হয় ধীর ললিত।
নিরন্তর কাম ক্রীড়া যাহার চরিত॥

অর্থাৎ শ্রীকৃষ্ণ প্রেমলীলায় রাধা সঙ্গে নিত্যই ক্রীড়ারত। তাঁহার যে শৈশব, তাহা ভাণ মাত্র। এই তত্ত্ব প্রতিপাদন ও শ্রীকৃষ্ণের নিত্য কৈশোরত্ব স্থাপনের জন্যই ব্রহ্মবৈবর্ত্তের উক্ত উপাখ্যানের অবতারণা। সুতরাং ব্রহ্মবৈবর্ত্ত শ্রীমদ্‌ভাগবতেরই পরিপূরক গ্রন্থ।

গর্গসংহিতার উপাখ্যানেও এই তত্ত্বই প্রকাশিত হইয়াছে। যাঁহারা শিশু শ্রীকৃষ্ণের সঙ্গে শ্রীরাধার মিলন একটা অবাস্তব কল্পনা বলিয়া মনে করেন, তাঁহারা আশ্বস্ত হইতে পারেন যে এ মিলন লোকের অলীক কল্পনা বা প্রলাপোক্তি প্রসূত নহে। ইহা শ্রীরাধাকৃষ্ণের লীলাবৈচিত্র্যের একটি উৎকৃষ্ট অংশ এবং লীলার নিগূঢ় রহস্যের প্রকাশক দার্শনিক ও ভক্তিশাস্ত্রানুমোদিত সিদ্ধান্ত।

শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোক যে ব্রহ্মবৈবর্ত্তপুরাণোক্ত এই আখ্যানাংশের আধারে রচিত, এ কথা বলা যাইতে পারে। ব্রহ্ম-বৈবর্ত্তের আখ্যানে মেঘাচ্ছন্ন আকাশ, শ্যামবর্ণ বনভূমি, এমন কি ভীরু শব্দটি পর্য্যন্ত পাওয়া যাইতেছে। এই শ্লোকের অন্যতম রহস্য, শ্রীরাধা-কৃষ্ণের গোলোক লীলায় নিত্য স্বকীয়া ও মর্ত্ত্য বৃন্দাবন লীলায় পরকীয়া ভাবের ইঙ্গিত। পিতা কর্ত্তৃক কন্যা সম্প্রদানের মত ব্রহ্মা কর্ত্তৃক বিধি অনুসারে শ্রীকৃষ্ণের হস্তে শ্রীরাধাকে সম্প্রদান, উভয়ের দাম্পত্য ধর্ম্মকেই সুপ্রতিষ্ঠিত করিয়াছে। কিন্তু লীলাছলে পরকীয়া ভাবের আরোপ না থাকিলে—অভিসারিকা, বাসকসজ্জা, বিপ্রলব্ধা, খণ্ডিতাদি নায়িকার বর্ণনা করা চলে না, কাব্যের রসপুষ্টি হয় না। তাই কাব্যাংশে পরকীয়া ভাব গৃহীত হইয়াছে। কেহ কেহ বলেন জয়দেব নিম্বার্ক সম্প্রদায়ভুক্ত ছিলেন। নিম্বার্ক সম্প্রদায়ের গুরু শিষ্য পর্য্যায়ে একজন জয়দেবের নাম পাওয়া যায়। নিম্বার্ক সম্প্রদায়ের আচার্য্যগণের মতে এই জয়দেব, কবি জয়দেব। কিন্তু ইতিহাসের বিচারে নিম্বার্ক জয়দেব অপেক্ষা বয়ঃকনিষ্ঠ এবং উভয়ের দেশ এক ছিল না। তবে এমন হইতে পারে, জয়দেব যে আকর হইতে রাধাকৃষ্ণ কথা গ্রহণ করিয়াছিলেন, নিম্বার্কের আকর-শাস্ত্রও তাহাই ছিল।

এই প্রসঙ্গে ব্রহ্মবৈবর্ত্তপুরাণের সঙ্গে গর্গসংহিতার বিশেষ ঐক্য

রহিয়াছে। মনে হয় ব্রহ্মবৈবর্ত্ত হইতেই গর্গসংহিতায় গোলোক খণ্ড ১৬শ অধ্যায়ের কথা গৃহীত হইয়াছে।

গাশ্চারয়ন্নন্দনমঙ্কদেশে সংলাপয়ন্ দূরতমাৎ সকাশাৎ।
কলিন্দজা-তীর-সমীর-কম্পিতং নন্দোঽপি ভাণ্ডীরবনং জগাম।

* * * *

গুপ্তং ত্বিদং গর্গমুখেন বেদ্মি গৃহাণ রাধে নিজ নাথমঙ্কাৎ
এনং গৃহং প্রাপয় মেঘভীতং বদামি চেত্থং প্রকৃতেগুণাঢ্যম্॥

একদা নন্দ নিজ ক্রোড়ে বালককে (কৃষ্ণকে) লইয়া গো গণকে চরাইতে চরাইতে নিজ বাসের দূর দেশে শীতল সমীরণ কম্পিত যমুনাতীরস্থ ভাণ্ডীর-বনে গমন করিলেন। তখন কৃষ্ণের ইচ্ছায় প্রবল বায়ু বহিতে লাগিল। ঘন মেঘে নভোমণ্ডল স্নিগ্ধ হইল। তমাল ও কদম্ব প্রভৃতি তরু পল্লব পতিত হওয়ায় সে বন অতি ভীষণভাব ধারণ করিল। তখন বন অত্যন্ত অন্ধকারময় হইল। বালক নন্দের ক্রোড়ে ভয়ে ক্রন্দন করিতে লাগিল, নন্দও ভয় পাইলেন, তিনি শিশুকে ধারণ করিয়া পরেশ হরির শরণ লইলেন। সূর্য্য তেজ যেমন সর্ব্বদিকে বিচ্ছুরিত হয়, তদ্রূপ প্রদীপ্ত কোটি অর্ক তেজ সদৃশ এক দীপ্ত রাগ তথায় সর্ব্বত্র পরিব্যাপ্ত হইল। নন্দরাজ তখনই সেই তেজোমধ্যে বৃষভানু নন্দিনী রাধাকে দর্শন করিলেন। * * * নন্দ তৎক্ষণাৎ তাঁহাকে প্রণাম করিয়া বলিলেন —এই আমার ক্রোড়স্থ শিশু সাক্ষাৎ পুরুষোত্তম, আর তুমি তাহার সর্ব্বদা প্রধানা প্রিয়কারিণী। হে রাধে আমি গর্গমুখে গুপ্তভাবে ইহা শুনিয়াছি। অতএব আমার ক্রোড় হইতে নিজ নাথকে গ্রহণ কর। এই বালক মেঘ হইতে ভীত হইতেছে, ইহাকে গৃহে লইয়া যাও। এই বালক সম্প্রতি মায়া গুণযুক্ত, তাই এইরূপ বলিতেছি।

আখ্যানাংশ ব্রহ্মবৈবর্তের অনুরূপ। গর্গসংহিতায় নন্দ বলিতেছেন, "এনং গৃহং প্রাপয়।' কবি জয়দেব বলিয়াছেন—'ইমং গৃহং প্রাপয়'। নারায়ণ কবিরাজ এবং শঙ্কর মিশ্র ইমং শব্দ লইয়া ব্যাকরণ বিচার করিয়াছেন।

কবি ব্রহ্মবৈবর্তের আধারে কাব্যের প্রথম শ্লোক রচনা করিয়াছিলেন এরূপ অনুমানের আরো একটি কারণ—শ্রীমদ্ভাগবতে যেমন ১০।৩০।৭ শ্লোকে শ্রীপাদ শুকদেব গোস্বামী গোপীগণকে "কৃষ্ণবধূ" বলিয়াছেন, ১০।৪৭।২১ শ্লোকে গোপীগণ শ্রীকৃষ্ণকে যেমন আর্য্যপুত্র বলিয়াছেন, কবি জয়দেব শ্রীগীতগোবিন্দেও তেমনই ৫ম সর্গে শ্রীরাধা-কৃষ্ণকে "দম্পতী" শব্দে এবং ১২শ সর্গে শ্রীকৃষ্ণকে শ্রীরাধার "পতি" শব্দে অভিহিত করিয়াছেন। গোপীগণকে শ্রীকৃষ্ণের নিত্য স্বকীয়া শক্তি জানিয়া প্রকট লীলায় তাহাদিগকে পরকীয়া রূপে প্রকাশ করিতেছেন, ইহাই দম্পতী ও পতি শব্দ ব্যবহারের কারণ, অনেকে এইরূপ মত প্রকাশ করেন। তাঁহাদের মতে এই জন্যই প্রথম শ্লোকে অনুরূপ ইঙ্গিতের প্রয়োজন ছিল।

সদুক্তিকর্ণামৃত ধৃত লক্ষ্মণসেন দেব-রচিত শ্লোক—

কৃষ্ণ ত্বদ্-বনমালয়া সহকৃতং কেনাপি (কুত্রাপি) কুঞ্জোদরে।
গোপীকুন্তল-বর্হদাম তদিদং প্রাপ্তং ময়া গৃহ্যতাম্॥
—ইত্থং দুগ্ধ-মুখেন গোপশিশুনাখ্যাতে ত্রপানম্রয়ো।
রাধা-মাধবয়োর্জয়ন্তি বলিত স্মেরালসা দৃষ্টয়ঃ॥

কৃষ্ণ, একটি কুঞ্জমধ্যে গোপী কুন্তল জড়িত শিখি চন্দ্রিকাগুচ্ছসহ তোমার বনমালা পাইয়াছি, এই গ্রহণ কর। কোন দুগ্ধমুখ গোপশিশু এই কথা বলিলে রাধামাধবের বদন লজ্জানত হইল। তাঁহাদের সেই

স্মেরালস দৃষ্টির জয় হউক। কবির, সম্রাটের এবং যুবরাজের—এই তিন জনের একই ধরণের শ্লোকের মধ্যে রাধামাধবয়োর্জয়ন্তি শব্দ দেখিয়া বন্ধুবর শ্রীযুক্ত স্নীতিকুমার চট্টোপাধ্যায় অনুমান করেন—"তিনটি শ্লোকই যেন সমস্যা পূর্ত্তির জন্য রচিত হইয়াছিল। যেন সভায় রসিক ও বিদ্বান রাজা শ্লোকাংশ দিলেন, রাধামাধবয়োর্জয়ন্তি—ও পরে সভাস্থ কবিদের আহ্বান করিলেন, এই শ্লোকাংশকে চতুর্থ ছত্রের প্রথমে সন্নিবেশিত করিয়া শ্লোক রচনা করিতে হইবে। কিম্বা হয়তো জয়দেবের গীতগোবিন্দের প্রথম শ্লোক পাঠ করিয়া অথবা শুনিয়া প্রীত হইয়া রাজা ও রাজকুমার উভয়েই এই ভাবের কবিতা রচনা করিয়া কবিকে সম্মানিত করিয়া থাকিবেন"। আমার মতে চট্টোপাধ্যায় মহাশয়ের অনুমানের শেষাংশ সত্য হইতে পারে। আমাদের মনে হয় শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোকই প্রথমে রচিত হইয়াছিল। পরে কবিকে অভিনন্দিত করিবার জন্য যুবরাজ ও সম্রাট শ্লোক দুইটি রচনা করিয়া থাকিবেন।

শ্রীগীতগোবিন্দের রসিক-প্রিয়া-টীকাকার রাণা কুম্ভ শ্লোকের প্রথম দুই চরণকে শ্রীকৃষ্ণের বাক্যরূপে গ্রহণ করিয়া "নন্দ নিদেশত" শব্দের অর্থ করিয়াছেন—নন্দের নিকট হইতে,—নন্দালয় হইতে। ভীরু অর্থে তাঁহার মতে—"এভির্ভয়হেতুভিঃ স্মরাহতীঃ সোঢ়ুমসমর্থঃ"। তিনি মেঘাদিকে উদ্দীপন বিভাব, শ্রীরাধাকে আলম্বন বিভাব এবং শ্রীকৃষ্ণের ভীরুতাকে অনুভাব রূপে ব্যাখ্যা করিয়াছেন।

টীকাকার শ্রীপূজারী গোস্বামী বলেন, এই শ্লোকটি একাধারে নমস্কার, আশীর্ব্বাদ ও বস্তুনির্দ্দেশ বাচক। তিনি নন্দ শব্দের ব্যাখ্যা করিয়াছেন —"নন্দয়তীতি নন্দ", আনন্দদায়িনী সখী। সখী রাধিকাকে বলিতেছেন —তৎকৃত বহু নায়িকা-বল্লভত্ব আরোপণে শ্রীকৃষ্ণ ভীত হইয়াছেন।

প্রাচীন টীকাকার নারায়ণ কবিরাজ এবং শঙ্কর মিশ্র ব্যাখ্যা

করিয়াছেন—"নন্দ মহারাজ ক্রোধ প্রকাশ পূর্ব্বক বলিতেছেন, হে রাধে তুমিই যখন শ্রীকৃষ্ণকে এতদূরে আনিয়াছ, তখন তুমিই ইহাকে গৃহে লইয়া যাও"।

এইরূপ ব্যাখ্যা আরো অনেকেই করিয়াছেন, তাঁহারা শ্রীরাধা কর্ত্তৃক শ্রীকৃষ্ণকে গোষ্ঠে লইয়া আসার কোন সুস্পষ্ট কারণ প্রদর্শন করেন নাই। টীকাকারগণ শ্রীরাধাকৃষ্ণের গোপন মিলনের প্রতিই ইঙ্গিত করিয়াছেন বলিয়া মনে হয়। সুপ্রাচীন টীকাকার ধৃতিদাস সন্দর্ভ দীপিকা টীকায় লিখিয়াছেন—

"তদিমং গৃহং প্রাপয় আলয়ং গময়েত্যর্থঃ। এব শব্দোত্রাবধারণে অদ্বিতীয়ত্বপ্রতিপাদনায় বাক্যমিদং নন্দস্যান্যত্র বিশ্বাসো নাস্তীতি সূচিতম্। অন্যচ্চ কোপাবিষ্কার-প্রতিপাদনমিদম্ অতএব রাধে ইত্যাপেক্ষসম্বোধনং ন পুনর্বৎসে দুহিতঃ পুত্রি মাতরিত্যাদি। কোপস্যাবিষ্কারকথনং * * রাধে অবিচারিতাচরণ-পরায়ণে কিমিতি ত্বয়া শিশুরয়ং কৃষ্ণ ইহানীতঃ তত্ত্বয়ৈব নেতব্যোঽহয়মিতি কোপাক্ষেপবচন-রূপোঽহয়ং নিদেশঃ নিদেশত ইতি॥"

টীকাকার বৃহস্পতি মিশ্র লিখিয়াছেন—"বালকত্বাৎ ভীরুঃ"।

ধৃতিদাস, নারায়ণ দাস প্রভৃতি প্রায় পাঁচশতাধিক বৎসরের প্রাচীন টীকাকারগণ শ্রীরাধা কর্ত্তৃক শ্রীকৃষ্ণকে গোষ্ঠে আনয়নের কথা বলিতেছেন। ইহার মধ্যেও রাসবিহারের ইঙ্গিত আছে। ইঁহারাও বোধহয় ব্রহ্মবৈবর্ত্তপুরাণের কথাই স্মরণ করিয়াছেন।

শ্রীগীতগোবিন্দের পদ্যানুবাদক শ্রীরসময় দাস বলিতেছেন—

এই শ্লোকে নিত্য লীলা প্রথমে কহিলা।
বস্তুর নির্দ্দেশ করি গ্রন্থ বিস্তারিলা॥

কুঞ্জবন মধ্যে প্রবেশিতে সখীগণ।
কহিছেন রাধায় কিছু প্রণয় বচন॥
কুঞ্জ সজ্জায় কুঞ্জে তুমি করহ প্রবেশ।
শ্রবণ করহ প্রিয় সখীর আদেশ॥

পূর্ব্বরাত্রে রাস হৈতে এলে মান করি।
তদবধি কৃষ্ণ তোমা অতি ভয় করি॥
যদি বল কুঞ্জে প্রবেশিব কোন মতে।
তাহার উপায় আছে দেখহ সাক্ষাতে॥

মেঘ আসি আচ্ছাদিল গগন মণ্ডলে।
মেঘাবৃত চন্দ্রমা হইল সেই কালে॥
বনভূমি তমালের বর্ণ সেই স্থানে।
শ্যাম বর্ণ হইয়াছে কেহ নাহি জানে॥

যদি বল মানুষের গমনাগমন।
কেমনে চলিবে তার শুন বিবরণ॥
অন্ধকার অভিসার বেশ-ভূষা করি।
চলহ নিকুঞ্জে সব ভয় পরিহরি॥

আনন্দে নির্দ্দেশ পেয়ে চলে দুইজন।
কুঞ্জে কুঞ্জে নানা লীলা করি অনুক্ষণ॥
শ্রীনন্দের আদেশেতে চলে দুইজন।
এই মত হয় অন্য টীকার লক্ষণ॥

গোবর্দ্ধন পর্য্যন্ত কালীদহ হইতে।
গোপের গোস্থান সব আছে চারিভিতে॥
দক্ষিণ গোষ্ঠেতে চন্দ্রাবলী আদি করি।
আছেন শ্রীকৃষ্ণ প্রিয়াবর্গ সারি সারি॥

উত্তর গোষ্ঠেতে নন্দরাজার মন্দির।
ভ্রাতৃবর্গ সঙ্গে বাস করেন সুধীর ॥
একদিন গো-দোহনে চলিলা আপনে।
কৃষ্ণ পাছে চলেছেন কেহ নাহি জানে ॥

এ হেন সময়ে মেঘ গগন মণ্ডলে।
ব্যাপ্ত হৈল চন্দ্র লুকাইল সেই কালে ॥
সচকিত নন্দ চারিদিকে নেহারিতে।
পাছে কৃষ্ণ আসিয়াছে দেখে চারিভিতে ॥

সেইখানে শ্রীরাধারে হেরি সখীসাথে।
আদেশিল নন্দ তারে কৃষ্ণ লয়ে যেতে ॥
বৃন্দাবনে যমুনার কূলে নিত্য লীলা।
জয়দেব গোঁসাই নিজ গ্রন্থে প্রকাশিলা ॥

রাধিকা মাধব কেলি যমুনার কূলে।
জয়যুক্ত বর্ত্তমান কাল শাস্ত্রে বলে ॥
রাধাকৃষ্ণ রহঃ কেলি বস্তুর নির্দ্দেশ।
ইহার আস্বাদে মিলে বৃন্দাবন দেশ ॥

এই পদ্য অর্থে সব গ্রন্থতত্ত্ব জানি।
ইহার বিচারে উঠে অমৃতের খনি ॥
এই নিত্য লীলা কৃষ্ণ করেন বৃন্দাবনে।
প্রকটাপ্রকট দুই লীলার লক্ষণে ॥

পরম আনন্দ হয় যাহার শ্রবণে।
ক্রম লীলা নিত্য লীলা পুরাণ বচনে ॥
নিত্যলীলা হয় স্পষ্ট লীলাতে সঞ্চার।
দুই লীলা একত্রে লিখছে গ্রন্থকার ॥

মথুরা সংযোগলীলা স্পষ্ট লীলা নাম।
গোকুল মথুরা দ্বারাবতী তিন ধাম ॥
এই মত নানা ব্যাখ্যা করে টীকাকার।
আমি তাহা কি বুঝিব ক্ষুদ্র জীব ছার ॥

এই শ্লোকের একটি সাম্প্রদায়িক ব্যাখ্যা প্রচলিত আছে। এই ব্যাখ্যায় শ্লোকের প্রথম দুই পংক্তি শ্রীকৃষ্ণের উক্তি। রয়ং অর্থে বেগে। নন্দ অর্থে বংশী। ভক্তিরত্নাকর পঞ্চমতরঙ্গে সঙ্গীতপারিজাত-ধৃত শ্লোকে বংশীর নাম—

মহানন্দস্তথা নন্দো বিজয়োঽথ জয়স্তথা।
চত্বার উত্তমা বংশা মতঙ্গ-মুনি-সম্মতাঃ ॥
দশাঙ্গুলো মহানন্দো নন্দ একাদশাঙ্গুলঃ।
দ্বাদশাঙ্গুলমানস্তু বিজয়ঃ পরিকীর্ত্তিতঃ।
চতুর্দ্দশাঙ্গুলমিতো জয় ইত্যভিধীয়তে ॥

মহানন্দ, **নন্দ**, বিজয় এবং জয় এই চারি প্রকার বংশী উত্তম। **মহানন্দ** দশাঙ্গুল, **নন্দ** একাদশাঙ্গুল, **বিজয়** দ্বাদশাঙ্গুল এবং **জয়** চতুর্দ্দশ অঙ্গুল পরিমিত। ইহার প্রত্যেকটির আবার বৈণব, হৈম এবং মণিময় ভেদে বেণু, মুরলী ও বংশী এইরূপ নামভেদ আছে। "এষা ত্রিধা ভবেদ্ বেণু-র্ম্মুরলী বংশিকেত্যপি"। কেহ কেহ বলেন—

সঙ্কেতে মুরলী চৈব বেণুশ্চ ধেনুচারণে।
নামাঙ্কিরদ্বয়ে বংশী সর্ব্ব-কর্ম্ম-সুসাধিকা ॥

ব্রহ্মসংহিতা বংশীকে প্রিয়সখী বলিয়াছেন। উজ্জ্বলনীলমণি গ্রন্থে

বংশীকে স্বয়ংদূতী বলা হইয়াছে। এই অর্থ ধরিয়া শ্লোকটি নিম্নোক্তরূপে ব্যাখ্যাত হইতে পারে—

"অয়ি ভীরু (ভীরুঃ ইত্যস্য সম্বোধনম্) রাধে, ইদং নক্তং, কালোঽয়ং রাত্রিসময়ঃ। প্রকৃত্যৈব তমসাচ্ছন্নঃ, অতঃ বনভুবঃ শ্যামতয়া মেঘাড়ম্বরত্বাচ্চ সা তামসী রাত্রিঃ নিতরাং তামসী জাতা। ত্বং হি স্বভাবতঃ এব ভীরুঃ ভয়শীলা, গুরুজন-দৌর্জন্যাৎ প্রেষ্ঠদয়িত-সঙ্গমাৎ ভীতা, অতঃ দিষ্ট্যা সমুপস্থিতো-ঽয়ং তামসবিহারাবসরঃ ত্বয়া অবশ্যমেব অঙ্গীকার্য্যঃ অতঃ ইমং ত্বৎ-সন্নিকৃষ্টং নন্দাখ্যবংশীবাদকং শ্রীকৃষ্ণং অবিলম্বমেব রয়ং সবেগং গৃহং প্রাক্‌সংকেতিতং মহাবিলাসগৃহং প্রাপয় নয়। শ্রীকৃষ্ণেন সহৈব ত্বং সবেগং বিলাস-গৃহং গচ্ছ। রয়ং বেগবৎ অর্শ-আদিত্বাৎ অচ্, প্রাপয় ইতি ক্রিয়ায়াঃ বিশেষণং এবং মহাবিলাসং সূচয়িত্বা বর্ণয়িষ্যমাণং তং পরম-নিধিমিব সুগুপ্তং সংরক্ষ্য তস্য বিলাসগৃহস্য প্রাপ্তেঃ পূর্ব্বমেব পথিপার্শ্বস্থে প্রতি-কুঞ্জে যাঃ নন্দাখ্যবংশীনিদেশতঃ স্থিতয়ো রাধামাধবয়োঃ কেলয়ঃ উদিতাঃ তা অপি নিতরাং জয়ন্তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে ইতি রসিক-কবেঃ আশংসা।"

মেঘমেদুর অম্বর, তমালে আচ্ছন্ন বনভূমি এবং রাত্রি, একত্র মিলিত হইয়া নিখিল বিশ্ব একাকার করিয়া তুলিয়াছে! হে রাধে কেন ভীতা হইতেছ? এই তো তোমার অভিসারের উপযুক্ত সময়। এস আমি তোমার প্রতীক্ষা করিতেছি, দ্রুতগতিতে আগমন কর। এই নন্দাখ্য বংশী সঙ্কেত-চালিতা অভিসারিকা শ্রীরাধা পথিমধ্যেই উৎকণ্ঠিত

শ্রীকৃষ্ণের সঙ্গ লাভ করিলেন। যমুনাকূলের প্রতি পথকুঞ্জতরুতলে শ্রীরাধাকৃষ্ণের এই বিজন কেলি জয়যুক্ত হউক।

গোদাবরীতীরে শ্রী রায় রামানন্দ শ্রীমন্ মহাপ্রভুকে বলিয়াছিলেন— (শ্রীচৈতন্য-চরিতামৃত, মধ্যলীলা, অষ্টম পরিচ্ছেদ)—

মোর মুখে বক্তা তুমি তুমি হও শ্রোতা।
অত্যন্ত রহস্য শুন সাধনের কথা॥
রাধাকৃষ্ণের লীলা এই অতি গূঢ়তর।
দাস্য বাৎসল্যাদি ভাবের না হয় গোচর॥
সবে এই সখীগণের ইহাঁ অধিকার।
সখী হইতে হয় এই লীলার বিস্তার॥
সখী বিনু এই লীলা পুষ্টি নাহি হয়।
সখী লীলা বিস্তারিয়া সখী আস্বাদয়॥
সখী বিনু এই লীলায় নাহি অন্যের গতি।
সখীভাবে তাঁরে যেই করে অনুগতি॥
রাধাসাধ্য **কুঞ্জসেবা** সাধ্য সেই পায়।
সেই সাধ্য পাইতে আর নাহিক উপায়॥
[পাঠান্তর "রাধাকৃষ্ণ কুঞ্জসেবা সাধ্য সেই পায়")।

অত্যন্ত আশ্চর্য্যের বিষয়—শ্রীমন্ মহাপ্রভু যে শ্রীরাধাকৃষ্ণ-কুঞ্জসেবা মানবের চরম ও পরম সাধ্য বলিয়া স্থির করিয়াছন, শ্রীমহাপ্রভুর প্রায় তিনশত বৎসর পূর্ব্বে কবি জয়দেব সেই **কুঞ্জলীলার** জয় ঘোষণা করিয়া গিয়াছেন। যাঁহারা বলেন, আমি শ্রীমহাপ্রভু-প্রচারিত মতবাদের আলোকে শ্রীজয়দেবকে দেখিয়াছি, শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোকের প্রতি তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিতেছি। "যমুনাকূলের প্রতি পথ-তরু-

কুঞ্জে শ্রীরাধাকৃষ্ণের রহঃকেলি জয়যুক্ত হউক", শ্রীমহাপ্রভু এই মহামন্ত্রেরই মূর্ত বিগ্রহ। শ্রীমহাপ্রভুর সমগ্র জীবনে এই জয়ধ্বনিই উচ্চারিত হইয়াছে। মানবের দ্বারে দ্বারে তিনি এই মহামন্ত্রই বিতরণ করিয়া গিয়াছেন।

এই ব্যাখ্যাকারগণের মতে শ্রীগীতগোবিন্দে দুইটি সঙ্কেতবাণী আছে। প্রথম শ্লোকটি শ্রীকৃষ্ণের সঙ্কেতবাক্য, এবং কাব্যের ধৃষ্ট-বৈকুণ্ঠ নামক ষষ্ঠ সর্গের সমাপ্তি-ভাগে উল্লিখিত শ্লোকটি শ্রীরাধার সঙ্কেতবাণী। এই শ্লোকটির "জয়ন্তি" শব্দও লক্ষণীয়। শ্লোকটি এই—

কিং বিশ্রাম্যসি কৃষ্ণ-ভোগিভবনে ভাণ্ডীরভূমিরুহে
ভ্রাতর্যাহি ন দৃষ্টিগোচরমিতঃ সানন্দনন্দাস্পদম্।
রাধায়া বচনং তদধ্বগমুখান্নন্দান্তিকে গোপতো
গোবিন্দস্য জয়ন্তি সায়মতিথি-প্রাশস্ত্যগর্ভা গিরঃ॥

ভাই পথিক, কৃষ্ণভোগীর অর্থাৎ কালসর্পের আবাসস্থল এই ভাণ্ডীরতরুতলে কেন বিশ্রাম করিতেছ? অদূরে ঐ আনন্দময় নন্দালয় দেখা যাইতেছে, ওখানে কেন যাও না। (ইহা শ্রীকৃষ্ণের বিলাস-স্থলী, এখানে কেন দাঁড়াইয়া আছ? ঐ আনন্দময় নন্দব্রজে যাও)। পথিক শ্রীরাধার এই কথাগুলি নন্দালয়ে গিয়া বলিলে শ্রীকৃষ্ণ নন্দের নিকট প্রকৃত অর্থ গোপন করিয়া পথিকের উক্ত বাক্যের প্রশংসা করিয়াছিলেন। গোবিন্দের সেই প্রশংসাবাণীর জয় হউক। "কৃষ্ণভোগী"— এক অর্থে ভোগী কৃষ্ণ, অন্য অর্থে কৃষ্ণ সর্প। ভোগী কৃষ্ণ—বিলাসী কৃষ্ণ, নাগর কৃষ্ণ। ভুজঙ্গ অর্থে নাগর।

এই শ্লোক দুইটির অপর আধ্যাত্মিক ব্যাখ্যাও আছে। উদ্ধৃত শ্লোকের আর একটি অর্থ গোপী ভিন্ন অপর কাহারো শ্রীরাধাকৃষ্ণের

বিলাসস্থলীতে প্রবেশের অধিকার নাই। আবার সখী ভিন্ন সে লীলা-বিলাসের অংশভাগিনী হইবার অধিকার অন্যা গোপীরও ছিল না। নন্দালয়ই সাধারণ ব্রজবাসিগণের কৃষ্ণদর্শনের উপযুক্ত স্থান। তাই সঙ্কেতবাক্য প্রেরণের ছলে শ্রীমতী পথিককে বিদায় দিয়াছিলেন।

শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোকটি আরো একভাবে আলোচিত হইতে পারে। রসময় দাস বলিয়াছেন—

বৃন্দাবনে যমুনার কূলে নিত্য লীলা।
জয়দেব নিজগ্রন্থে সব প্রকাশিলা॥
রাধিকা মাধব কেলি যমুনার কূলে।
জয়যুক্ত বর্ত্তমান কাল শাস্ত্রে বলে॥

আমাদের মতে "রাধামাধবয়োর্জয়ন্তি" এই বাক্যে কবি নিত্য-লীলারও ইঙ্গিত করিয়াছেন, এবং রাধাকৃষ্ণ-লীলার নিত্যতা রক্ষার জন্যই কবিকে প্রথম শ্লোকে বর্ষার অবতারণা করিতে হইয়াছে। লৌকিক জগতে প্রচলিত কতকগুলি লীলাপর্ব্বের মধ্যে শয়ন, উত্থান ও পার্শ্ব-পরিবর্ত্তন যাত্রা অন্যতম। ভবিষ্যপুরাণ বলিতেছেন—

নিশি স্বপ্নো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনম্॥

নিশায় শয়ন, দিবায় উত্থান, সন্ধ্যায় পার্শ্বপরিবর্ত্তন-যাত্রার অনুষ্ঠান করিতে হয়। কিন্তু নিত্যলীলায় এসব থাকিবার কথা নহে। তাই পুরাণের মর্য্যাদা রক্ষা করিতে গিয়া সমস্ত শাস্ত্রীয় বাধা-নিষেধ নিরসন জন্যই কবি প্রথমশ্লোকে বর্ষার আভাস দিয়াছেন। আষাঢ়ের শুক্লাদ্বা-দশীতে শয়নযাত্রার অনুষ্ঠান করিতে হয়। শারদীয়া মহারাস-পৌর্ণমাসীর পূর্ব্ববর্ত্তী একাদশীতে উত্থান-যাত্রা অনুষ্ঠিত হইয়া থাকে। এই কয়মাস সাধারণতঃ হরিশয়নের কাল বলিয়া প্রসিদ্ধ।

হরিশয়ন স্বীকার করিয়া লইলে নিত্যলীলা বাধাপ্রাপ্ত হয়। কবি কৌশলে সেই বাধার নিরসন করিয়াছেন। আষাঢ়ের শুক্লা দ্বাদশীতে স্মৃতি যখন নিবেদন করিতেছেন—

পশ্যন্তু মেঘানপি ঘোররূপান্
হ্যুপাগতান্ সিচ্যমানাং মহীমিমাং।
গৃহ্ণাতু নিদ্রাং ভগবান্ লোকনাথো
বর্ষাস্বিমং পশ্যতু মেঘবৃন্দম্॥ (ভবিষ্যপুরাণ)

কবি তখন বলিতেছেন—"রাধে গৃহং প্রাপয়"। কবি এখানে বর্ষার শ্যামল মেঘকে উদ্দীপনরূপে গ্রহণ করিয়াছেন। মেঘ এখানে লীলার সহায় হইয়াছে, রসকে পুষ্ট করিয়াছে। তাই "গৃহ্ণাতু নিদ্রাং ভগবান্" না বলিয়া বলিয়াছেন "রাধে গৃহং প্রাপয়"।

প্রথম শ্লোকের আলোচনার সংক্ষিপ্ত মর্ম—

(১) "নন্দ" শব্দের প্রসিদ্ধার্থ গোপরাজ নন্দ—এই অর্থ মানিয়া লইলে ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, গর্গসংহিতা, এবং বৈখানস আগমাদি কথিত ব্রহ্মা কর্ত্তৃক শ্রীরাধাকে শ্রীকৃষ্ণের করে সম্প্রদানের কথা স্মরণ করিতে হয়। ইহাতে কাব্যের বর্ণনীয় বিষয়ের সঙ্গে প্রথম শ্লোকের সামঞ্জস্যও রক্ষিত হয়। অনেকের মতে জয়দেবের রাধা কুমারী।

(২) নন্দ শব্দে আনন্দদায়িনী সখী এই অর্থ গ্রহণ করিলেও কোনরূপ অসঙ্গতি লক্ষিত হয় না। কবি শ্রীগীতগোবিন্দে মানিনী নায়িকারই বর্ণনা করিয়াছেন। প্রথম শ্লোকে সখী মানিনী-রাধিকাকেই সাধিতেছেন। কাব্যের উপক্রমে, উপসংহারে, অপূর্ব্বতায়, ফলশ্রুতিতে, কাব্যমধ্যে কবির একই বিষয়ের পুনরুক্তিতে—শ্রীগীতগোবিন্দে মানিনী রাধার চিত্রই সমুজ্জ্বল দেখিতে পাই। শ্রীমন্ মহাপ্রভুও কাব্যের এই চিত্রের

উপরই গুরুত্ব আরোপ করিয়াছেন। অর্থাৎ রায় রামানন্দ শ্রীগীত-গোবিন্দের এই বৈশিষ্ট্যের প্রতিই শ্রীমন্ মহাপ্রভুর দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। সুতরাং—

উপক্রমোপসংহারা অভ্যাসোঽপূর্ব্বতা ফলম্।
অর্থবাদোপপত্তী চ লিঙ্গং তাৎপর্য্যনির্ণয়ে॥

এই শ্লোকানুসরণে বিচারে প্রথম শ্লোকে নন্দনিদেশের সখীবাক্য অর্থ গ্রহণ করিলেই যেন সমস্ত দিকেই সুসঙ্গতি থাকে।

(৩) শ্রীরাধাকৃষ্ণ লীলার নিত্যত্বের দিক দিয়া আলোচনা করিলে, নন্দ শব্দের বংশী অর্থ গ্রহণ করাই যুক্তিযুক্ত। ত্রিলোকপ্রধানা ভক্তগণের অগ্রগণ্যা, অখিল ব্রহ্মাণ্ডের আনন্দদায়িনী কৃষ্ণের প্রেয়সী-শ্রেষ্ঠা, রমণীললাম শ্রীরাধাকে আহ্বান করিয়া শ্রীকৃষ্ণ স্থাবরজঙ্গমাত্মক নিখিল জগৎকেই আকর্ষণ করিতেছেন। শ্রীরাধার অভিসারে শ্রীকৃষ্ণ-সন্নিধানে শুভযাত্রার পথ প্রদর্শিত হইতেছে। লৌকিক দিক্ দিয়াও লীলার নিত্যতা রক্ষার জন্যই প্রথম শ্লোকে বর্ষার অবতারণা করিতে হইয়াছে। সুতরাং নন্দ শব্দের বংশী অর্থ গ্রহণ যে অসঙ্গত, এমন কথা বলা চলে না। শয়নযাত্রার মন্ত্রটির সঙ্গেও সঙ্গতি রক্ষা হয়। যে দিক্ দিয়াই দেখি, একটি মাত্র শ্লোকেই কবি আপনার অমরতার পরিচয় রাখিয়া গিয়াছেন। এই প্রথম শ্লোকের আধারে রচিত কবি সুরদাসের একটি কবিতা—

গগন গরজি ঘহরাই জুরী ঘটাকারী।
পৌন ঝকঝোর চপলা চমকি চঁহু ওর
সুবন তন চিতৈ নন্দ ডরত ভারী॥

কহো বৃষভানুকী কুঁবরি সৌঁ বোলিকৈ
রাধিকা কাহ্ন ঘর লিয়ে জারী।
দৌ ঘর জাহু সঙ্গ নভ ভয়ো শ্যাম রঙ্গ
কুঁবর গহো বৃষভান বারী॥
গয়ে বনঘনওর নবল নন্দকিশোর।
নবল রাধা নয়ে কুঞ্জ ভারী।
অঙ্গ পুলকিত ভয়ে মদন তিন তন জয়ে
সুর প্রভু শ্যাম শ্যামা বিহারী॥

গগনে কাল মেঘের ঘটা, মেঘে গুরু গর্জ্জন, বাতাসে ঝড়ের বেগ, বিদ্যুতে চকমকি। পুত্রের দিকে তাকাইয়া নন্দ ভীত হইলেন। বৃকভানু কুমারীকে বলিলেন, তুমি কানাইকে গৃহে লইয়া যাও। দুজনে বাড়ী যাও। আকাশ কাল হইয়াছে। বৃষভানু-বালা কুমারকে সঙ্গে লইলেন। নন্দকিশোর নবীন, নবীনা রাধা, দুজনে গহন বনের কুঞ্জের দিকে চলিলেন। সুরদাসের প্রভু শ্যামা ও শ্যামবিহারীর দেহ মদন জয় করিল। উভয়ের দেহ পুলকে ভরিল।

১৬

নিত্যলীলা

শ্রীভগবানের লীলা সত্য, সুতরাং নিত্য। তিনি স্বয়ং শ্রীমুখে বলিয়াছেন—আমার দিব্য জন্ম কর্ম্ম যে জন তত্ত্বত জানে, দেহত্যাগের পর তাহার আর পুনর্জ্জন্ম হয় না। (শ্রীগীতা)। যে জ্ঞান নিঃশ্রেয়স লাভের উপায়, দর্শন বলেন তাহার নামই তত্ত্ব। সাংখ্য দর্শনে তত্ত্বের সংখ্যা চতুর্ব্বিংশতি বা পঞ্চবিংশতি। তন্ত্র বলেন, অনন্ত দেশে যাহার ব্যাপকতা, তাহাই 'তত', আর অনন্তকাল ব্যাপিয়া যাহার স্থিতি, তাহাই 'সন্তত'। এই ততত্ব ও সন্ততত্ব মিলিয়াই তত্ত্ব। ভোজরাজ বলিয়াছেন—আপ্রলয়ং তিষ্ঠতি যৎ, সর্ব্বেষাং ভোগদায়ি চ ভূতানাং তৎ তত্ত্বং ইতি প্রোক্তম্। ন শরীরঘটাদি তত্ত্বং অতঃ। —এ মতে তত্ত্ব প্রলয় পর্য্যন্ত স্থায়ী। বৈয়াকরণ বলেন—তৎ শব্দের উপর ত্ব প্রত্যয় করিয়া তত্ত্ব শব্দ নিষ্পন্ন হয়। যাহার যেমন তাহার সেই রূপই—তত্ত্ব। মহাভাষ্যকার বলেন—"তস্য ভাবস্তত্ত্বং"। তাহার ভাব, অর্থাৎ যাহাতে কোন বিকার ঘটে না, তাহাই তত্ত্ব। আমাদের মনে হয় বৈষ্ণবাচার্য্যগণের মতেও তত্ত্ব অর্থে ভাব। বস্তু স্বরূপের অনুভূতিই তত্ত্ব। যাহা সার্ব্বভৌম, যাহা চিরন্তন—এক কথায় জগৎ ও জীবনের মূলে যে সত্য রহিয়াছে, তাহাই তত্ত্ব। অবশ্য দেশ ও কালভেদে এই সত্যের প্রকাশ ও বিকাশ ভঙ্গীর পার্থক্য ঘটে।

তত্ত্ব এবং লীলা একই স্বরূপের দুইটি দিক্। তত্ত্বে যাহা অব্যক্ত, লীলায় তাহা পরিস্ফুট ; তত্ত্বে যাহা বীজ, লীলায় তাহা মহীরুহ। তত্ত্ব লীলারূপ অক্ষয় সরোবরের বারিবিন্দু। তত্ত্বের বিগ্রহ রূপ, তত্ত্বের সমগ্রতাই লীলা। লীলার নিগূঢ় রহস্যই তত্ত্ব।

শ্রীগীতায় শ্রীভগবান্ বলিলেন, যখন যখন অধর্ম্মের অভ্যুত্থান ঘটে, ধর্ম্মের গ্লানি হয়, সেই সময় আবির্ভূত হই ; দুষ্কৃতের বিনাশ এবং সাধুদের পরিত্রাণ জন্য যুগে যুগে আমি আত্মপ্রকাশ করি। ইহাই শ্রীভগবানের অবতার তত্ত্ব। শ্রীমদ্ভাগবত আরো একটু অগ্রসর হইয়া বলিলেন—"ভূত সমস্তের প্রতি অনুগ্রহপূর্ব্বক মানুষী তনু গ্রহণ করিয়া শ্রীভগবান্ এমন সকল ক্রীড়া করেন, যাহা শুনিয়া লোকসমূহ তাঁহার প্রতি অনুরক্ত হয়।" মূলে আছে "ভজন্তে তাদৃশীঃ ক্রীড়াঃ"। গীতায় শ্রীমুখের বাণী "যে যথা মাম্ প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহং" স্মরণীয়। ভগবদবতারের এই যে রহস্য ইহার নামই তত্ত্ব।

অপ্রকট এবং প্রকট ভেদে এই লীলার দুই রূপ। প্রকট লীলাই আমাদের একমাত্র অবলম্বন। লীলা নিত্য বলিয়াই বরণীয় এবং স্মরণীয়। সাধকগণ আপন আপন রুচি ও অধিকার অনুসারে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুরভাবে এই লীলার অনুধ্যান করেন। অষ্টকালীয় নিত্যলীলা রাগানুগা সাধকের সর্ব্বস্ব। মধুরভাবের স্বকীয়া পরকীয়া দুইটি বিভাগ আছে। কেহ বলেন, অপ্রকটে স্বকীয়া, প্রকট লীলায় পরকীয়া ভাব। কেহ প্রকটাপ্রকট দুই লীলাতেই পরকীয়া মানিয়া লন।

ব্রহ্মাণ্ড অসংখ্য, লীলাও অনন্ত। লীলা পুনঃ পুনঃ আবর্ত্তিত হয় বলিয়া নিত্য, আবার প্রতি লীলা তত্তৎ রূপেও নিত্য। কোন না কোন ব্রহ্মাণ্ডে ভগবান্ শ্রীকৃষ্ণের প্রকট লীলা নিত্য অভিনীত হইতেছে। যেমন ব্রহ্মাণ্ডে তেমনই ভাণ্ডে, অনন্ত কোটি জীব হৃদয়ে তাঁহারই প্রকাশ। আপন যোগমায়া প্রভাবে সাধারণের দৃষ্টিতে তিনি অপ্রকাশিত, কিন্তু অগণিত সিদ্ধ সাধকের অন্তরে তিনি নিত্য প্রতিভাত ও অনুভূত হইতেছেন।

যোগমায়ার অংশরূপিণী গুণমায়া ভগবদ্ ঈক্ষণে সৃষ্টিকার্য্যে সমর্থা হন। সৃষ্টির পর জীবমায়া জীবের কর্ম্মফল ভোগের জন্য জীবকে স্বরূপ

ভুলাইয়া দেয়, ইহাই মায়ার আবরণাত্মক রূপ। আর দেহে আত্মবুদ্ধি জন্মাইয়া দেওয়ার নাম বিক্ষেপাত্মকরূপ। মহাভাবের অংশ রূপ তত্ত্ব বা ভাবের উদয়ে মায়া অন্তর্হিতা হন।

আচার্য্যগণ বলেন, "নির্ব্বিকারচিত্তে প্রথম বিক্রিয়ার নাম "ভাব"। ভাবের প্রথমাবস্থার নাম বিদ্যা বা জ্ঞান। "বিদ্যৈব তু নির্দ্ধারণাৎ" (৩।৩।৮)—বেদান্তের এই সূত্রের ব্যাখ্যায় শ্রীল বলদেব বিদ্যাভূষণ বলেন, "বিদ্যা শব্দেনেহ জ্ঞানপূর্ব্বিকা ভক্তিরুচ্যতে"। জ্ঞান—বিদ্যা, আত্মবিদ্যা ও গুহ্যবিদ্যা। শুদ্ধ সত্ত্বে সংবিদের আধিক্য আত্মবিদ্যা, ইনি জ্ঞান ও জ্ঞানের প্রকাশিকা, গুহ্যবিদ্যা ভক্তি ও ভক্তির প্রবর্ত্তিকা। ভগবৎপ্রীতি এই গুহ্যবিদ্যারই বৃত্তি। ভক্তি হইতেই প্রেম উদিত হন।

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বলিয়াছেন—আনন্দ চিন্ময়রস প্রেমের আখ্যান। প্রেম চিন্ময় বলিয়া আপনাকে আপনি আস্বাদন করিতে পারেন, আবার অপরের দ্বারা আপনাকে আস্বাদনও করাইয়া থাকেন। প্রেম আনন্দ চিন্ময়রস, কিন্তু রসহীন ভাব ও ভাবহীন রস কল্পনাতীত। সুতরাং প্রেম,—রস ও ভাবের মিলিত রসায়ন। রস-বিগ্রহ শ্রীকৃষ্ণ ও মহাভাবস্বরূপিণী শ্রীরাধার লীলা আস্বাদনেই প্রেমের সার্থকতা। প্রেম পঞ্চম-পুরুষার্থ। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর যিনি যে ভাবেই যুগল কিশোরের ভজনা করুন, প্রেমই তাহার মূল।

মানবের চরম ও পরম কাম্য প্রেম। কিন্তু কৃষ্ণপ্রেম নিত্য সিদ্ধ বস্তু, ইহা সাধ্য সাধনায় পাওয়া যায় না। নবাঙ্গ ভক্তির অকপট অনুষ্ঠানে বহু জন্ম জন্মান্তরের সৌভাগ্যে অকস্মাৎ কোন নিত্য-সিদ্ধ ভক্তের অহৈতুকী কৃপা লাভ ঘটে। সেই পুণ্যেই হৃদয়ে প্রেমের উদয় হয়।

উপযুক্ত শব্দের অভাবে সাধ্য-সাধন নির্ণয়ে শ্রীল রায় রামানন্দ গোপীপ্রেমকে "সাধ্য" শব্দে অভিহিত করিয়াছেন। গোপ-ললনাগণের

প্রেমই ললনানিষ্ঠ প্রেম নামে পরিচিত। শ্রীপাদ রূপ গোস্বামী বলিয়াছেন—

স্বরূপং ললনানিষ্ঠং স্বয়মুদ্‌বুদ্ধতাং ব্রজেৎ।
অদৃষ্টেঽপ্যশ্রুতেঽপ্যুচ্চৈঃ কৃষ্ণে কুর্য্যাদ্ দ্রুতং রতিম্॥

স্বরূপ-ধর্ম্মবশতঃ এই ললনানিষ্ঠ রতি স্বতঃই উন্মেষিতা হন। শ্রীকৃষ্ণের রূপ না দেখিয়া গুণ না শুনিয়াই কৃষ্ণে এই রতির উদ্রেক ও দ্রুতগতিতে বৃদ্ধি ঘটে। অন্যভাবে আগে সম্বন্ধ, পরে সেবা; গোপী-ভাবে আগে সেবা, পরে সম্বন্ধ।

অপ্রকট লীলা অভিমানমূলক, প্রকট লীলা অনুষ্ঠানমূলক। অপ্রকট লীলায় পূর্ব্বরাগ নাই। এই অনুষ্ঠানমূলক প্রকট লীলাই সাধকের ধ্যানের বস্তু। বহুজন্মার্জ্জিত ভাগ্যবলে কাহারো হৃদয়ে পূর্ব্বরাগের উদয় ঘটিলে—"কভু মিলে কভু না মিলে দৈবের ঘটনা" হইলেও একদিন না একদিন মিলন ঘটিবেই, ইহা ধ্রুব সত্য। যাঁহার পূর্ব্বরাগের উদয় হইয়াছে, তিনি শ্রীলীলাশুকের মহাবাণীর প্রতিধ্বনি তুলিয়া নিশ্চয়ই বলিতে পারিবেন—

হস্তমুৎক্ষিপ্য যাতোঽসি বলাৎ কৃষ্ণ কিমদ্ভুতম্।
হৃদয়াদ্ যদি নির্যাসি পৌরুষং গণয়ামি তে॥

সর্গবন্ধ

বৈষ্ণবগণ বলেন শ্রীগীতগোবিন্দ মহাকাব্য। কারণ ইহার নায়ক স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ এবং নায়িকা শ্রীভগবানের পরমা-প্রকৃতি পরমেশ্বরী শ্রীমতী রাধিকা। এই কাব্য দ্বাদশ সর্গে বিভক্ত। প্রত্যেক সর্গের এক একটি নাম আছে, এবং সর্গবর্ণিত বিষয়বস্তুর সঙ্গে এই নামের যেমন সঙ্গতি আছে, তেমনই প্রত্যেক সর্গের এক একটি উদ্দেশ্যমূলক অর্থও আছে। সর্গবন্ধে তাহারই সংক্ষেপে আলোচনা করিতেছি।

প্রথম সর্গের নাম 'সামোদদামোদর'।

কবি বর্ণনা করিতেছেন বাসন্তীকুসুমসুকুমার-অবয়বা শ্রীরাধা অমন্দ কন্দর্পজ্বরে চিন্তাকুলা হইয়া বৃন্দাবনের বনে বনে কৃষ্ণানুসরণে ফিরিতে-ছিলেন। অর্থাৎ পরিপূর্ণ সৌন্দর্য্য নিকেতনে সর্ব্বসৌন্দর্য্যের অধিষ্ঠাত্রী আজ বিশ্বসুন্দরকে—তাঁহার প্রিয়দয়িত চিরসুন্দরকে খুঁজিতেছেন। কিন্তু সখী তাঁহাকে দেখাইয়া দিলেন, শ্রীকৃষ্ণ অন্য নায়িকার সঙ্গে বিলাসে মত্ত। শ্রীমতীর অনেক দিনের অনেক কথাই মনে পড়িয়া গেল। শ্রীকৃষ্ণের সেই স্নেহ, সেই প্রীতি, কত রজনীর শত মধুময়ী স্মৃতি! একদিন রশনাদামে যাঁহাকে বাঁধিয়াছিলাম, হাসিমুখে তিনি সহিয়াছিলেন, সেই আমার আপনার দামোদর আজ আমাকে ছাড়িয়া অন্যকে লইয়া আমোদে মাতিয়াছেন! সামোদ-দামোদর নামে এই স্মৃতিরই অভিব্যক্তি। ভবিষ্যপুরাণে এই দামবন্ধনের উল্লেখ আছে—

সঙ্কেতাবসরে চ্যুতে প্রণয়তঃ সংসজ্জয়া রাধয়া
প্রারভ্য ভ্রুকুটীং হিরণ্যরশনাদাম্না নিবদ্ধোদরম্।

কার্ত্তিক্যাং জননীকৃতোৎসববরে প্রস্তাবনাপূর্ব্বকং
চাটূনি প্রথয়ন্তমাত্মপুলকং ধ্যায়েম দামোদরম্ ॥

এই স্মৃতির অনুসরণেই এই সর্গের নাম 'সামোদদামোদর' হইয়াছে।

দ্বিতীয় সর্গের নাম 'অক্লেশকেশব'। (প্রথম সর্গে) শ্রীকৃষ্ণকে অন্যা নায়িকার সঙ্গে বিলাসমত্ত দেখিয়া শ্রীমতী অন্য এক লতাকুঞ্জে গিয়া সখীর নিকট যে বিলাপ করিয়াছিলেন, তাহাই এই সর্গের বর্ণয়িতব্য বিষয়। সখী তাঁহাকে তিরস্কার করায় তিনি বলিতেছেন,—সখি, শ্রীকৃষ্ণ আমাকে ত্যাগ করিয়াছেন, তবু আমি তাঁহাকেই স্মরণ করিতেছি। হৃদয় যেন তাঁহাতেই তৃপ্ত হইতেছে, আমার বলবতী তৃষ্ণা কৃষ্ণের কোন দোষ দেখিতে দিতেছে না। মন আমার বশীভূত নয়, কি করিব বল। এই সব কথা বলিতে বলিতে উৎকণ্ঠা তাঁহার অধিকতর প্রবল হইয়া উঠিল। কৃষ্ণের বিবিধ বিলাসের কথাই পুনঃ পুনঃ মনে পড়িতে লাগিল। তিনি কৃষ্ণকে পাইবার জন্য ব্যাকুল হইয়া উঠিলেন।

এদিকে গোপীগণপরিবৃত শ্রীকৃষ্ণ গোপীগণের হাস্য, কেশবন্ধনচ্ছলে প্রদর্শিত তাঁহাদের কটাক্ষ এবং ঈষন্মুক্ত বাহুমূল আদি লাস্যদর্শনেও মুগ্ধ হৃদয়ে শ্রীরাধিকার কথাই স্মরণ করিতেছিলেন। কবি বলিতেছেন এই নব কেশব তোমাদের ক্লেশ হরণ করুন। এই অর্থে সর্গের অক্লেশ-কেশব নাম সার্থক হইয়াছে। কেশব শব্দের একটি অর্থ—অংশুমান, কান্তিমান্। যাহার অংশুতে জগৎ প্রকাশিত হয়। কান্তি শব্দের আর একটি অর্থ 'ইচ্ছা'। যিনি সর্ব্বজ্ঞ; ইচ্ছাময়। মহাভারতে শ্রীভগবান্ বলিয়াছেন—

অংশবো যে প্রকাশন্তে মম তে কেশসংজ্ঞিতাঃ।
সর্ব্বজ্ঞং কেশবং তস্মান্ মামাহুর্ম্মুনিসত্তমাঃ ॥

চরিতামৃতকার বলেন—

"কিংবা কান্তি শব্দে কৃষ্ণের সব ইচ্ছা কহে।
কৃষ্ণের সকল বাঞ্ছা রাধাতেই রহে ॥"

কবি জয়দেব বলিয়াছেন নবকেশব, অর্থাৎ নূতন ইচ্ছাবিশিষ্ট শ্রীকৃষ্ণ। এই নূতন ইচ্ছার কথা পরবর্ত্তী সর্গে পরিস্ফুট হইয়াছে, তিনি রাধিকার জন্য অন্যা ব্রজসুন্দরীগণকে ত্যাগ করিয়াছেন, ইতস্ততঃ অনুসন্ধানে শ্রীরাধাকে না পাইয়া যমুনাপুলিনবনে কৃতানুতাপে বিলাপ করিয়াছেন। একথা বাস্তবিকই নূতন। কারণ ভক্ত ভগবানের জন্য কাঁদেন, ইহাই আমরা এতদিন শুনিয়া আসিতেছিলাম, ভগবান্ ভক্তকে না পাইয়া বিষাদিত হন, অনুতপ্ত হন, ভক্তের জন্য কাঁদিয়া ফিরেন, সেকথা এই নূতন শুনিলাম।

কবি তৃতীয় ও চতুর্থ সর্গের নাম দিয়াছেন—'মুগ্ধমধুসূদন' ও 'স্নিগ্ধমধুসূদন'। মধুসূদন নামের অন্য অর্থ ভ্রমর। জয়দেব শ্লিষ্ট প্রয়োগে অনেক স্থানেই মধুরিপু, মধুসূদন প্রভৃতি শব্দ ব্যবহার করিয়াছেন। যিনি সকল মোহের অতীত, যোগনিদ্রা পরিহার করিয়া যিনি, মেদসর্ব্বস্ব অমর্ষাবতার ঈর্ষাপরায়ণ মধুদৈত্যকে বিনাশ করিয়াছিলেন—তিনিও মধুসূদন। এই নাম গীতগোবিন্দে শ্রীকৃষ্ণের নামান্তররূপেই ব্যবহৃত হইয়াছে। তৃতীয় সর্গে শ্রীকৃষ্ণ শ্রীরাধিকার জন্য ব্যাকুল, মুগ্ধচিত্তে তাঁহারই কথা স্মরণ করিতেছেন। চতুর্থ সর্গে শ্রীমতীর সখী আসিয়া শ্রীমতীর দশার কথা বলিয়া শ্রীকৃষ্ণের নিকট তাঁহার দর্শন স্পর্শনরূপ অমৃত রসায়নের প্রার্থনা করিতেছেন। সুতরাং 'মুগ্ধমধুসূদন' নাম ও 'স্নিগ্ধমধুসূদন' নাম অন্বর্থ হইয়াছে। পূজারী গোস্বামী আশীর্ব্বাদ শ্লোকের অর্থ লইয়া এই নামের অন্যরূপ ব্যাখ্যাও করিয়াছেন। এইরূপ ব্যাখ্যা প্রতি সর্গেরই আছে।

পঞ্চম সর্গ 'সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষ' নামে অভিহিত। এই সর্গে শ্রীরাধা অভিসারে আসিবেন এই আকাঙ্ক্ষায় পদ্মলোচন তাঁহার আয়ত আঁখি বিস্তৃত করিয়া নয়নময় হইয়া যেন পথপানে চাহিয়া রহিলেন, এই অর্থেই এইরূপ নামকরণ হইয়াছে।

ষষ্ঠ সর্গের নাম 'ধৃষ্টবৈকুণ্ঠ'। বৈকুণ্ঠ যেমন ধামের নাম, তেমনি ইহা ভগবানেরও একটি নাম। বৈকুণ্ঠ অর্থে কুণ্ঠাশূন্য। এই সর্গে সখী শ্রীকৃষ্ণকে শ্রীমতীর অবস্থার কথা সব শুনাইতেছেন। তোমারই কৃত-কর্ম্মের ফলে শ্রীমতীর আজ এই দশা,—অথচ শ্রীমতী কেবল তোমার কথাই কহিতেছেন, দশদিকে তোমাকেই দেখিতেছেন, এমন কি শেষে 'আমিই কৃষ্ণ' এইরূপ চিন্তায় তন্ময় হইয়া গিয়াছেন। কবির এখানে বলিবার উদ্দেশ্য, হে ধৃষ্ট এততেও তোমার কুণ্ঠা নাই? সর্গশেষের শ্লোক অনুসারেও ইহার ব্যাখ্যা হয়। সর্গশেষে অন্য দিনের একটি সঙ্কেতের কথা আছে। শ্রীরাধিকা পথিকের দ্বারা যে সঙ্কেতবাণী পাঠাইয়াছিলেন, পথিক গোপরাজ নন্দের সমক্ষেই গিয়া সে কথা বলিয়াছিল। কিন্তু শ্রীকৃষ্ণ তাহাতে কিছুমাত্র অপ্রতিভ না হইয়া সেই কথাগুলির অন্যরূপ অর্থ করিয়া পথিকের যথেষ্ট প্রশংসা করিয়াছিলেন। কবি বলিতেছেন, এ হেন ধৃষ্ট বৈকুণ্ঠ অর্থাৎ ধৃষ্ট কুণ্ঠাহীন কৃষ্ণ জয়যুক্ত হউন। অনুকূল, ধৃষ্ট প্রভৃতি নায়কের অনেকগুলি শ্রেণীবিভাগ আছে। তন্মধ্যে ধৃষ্ট নায়কের লক্ষণ—

অভিব্যক্তান্যতরুণীভোগলক্ষ্মাপি নির্ভয়ঃ।
মিথ্যাবচনদক্ষশ্চ ধৃষ্টোঽয়ং খলু কথ্যতে॥

সপ্তম সর্গ—'নাগরনারায়ণ'। এই সর্গে শ্রীমতীর বিপ্রলব্ধা অবস্থা বর্ণিত হইয়াছে। বাসকসজ্জা ব্যর্থ হইয়া গেল, শ্রীকৃষ্ণ আসিলেন না।

নিশ্চয়ই তিনি অন্যা নায়িকাকে পাইয়া ভুলিয়া আছেন। নিদারুণ নির্ব্বেদে শ্রীমতী শেষে মৃত্যুকামনা করিয়াছেন, যমুনাতরঙ্গে দেহত্যাগের সংকল্প জানাইয়াছেন। যিনি জগদেক-আশ্রয়, নিখিল নরনারী যাঁহাকে আশ্রয় করিয়া আছে বলিয়া যিনি নারায়ণ, আবার প্রতি অণু পরমাণুর, নিখিল জীবজগতের হৃদয়-গুহাশায়ী, অন্তঃপুরবাসী বলিয়া যিনি নাগর, রাধিকা যে তাঁহারই জন্য ব্যাকুলা হইয়াছেন, এই সঙ্কেতেই কবি এই সর্গের নামকরণ করিয়াছেন "নাগর-নারায়ণ"। এখানে নাগর-নারায়ণ অর্থে বহু নায়িকাবল্লভত্বের ইঙ্গিত আছে।

অষ্টম সর্গে খণ্ডিতা নায়িকার অবস্থা বর্ণিত হইয়াছে, সুতরাং এই সর্গের 'বিলক্ষ-লক্ষ্মীপতি' নামও সার্থক হইয়াছে। শ্রীরাধিকার প্রগাঢ় মান দেখিয়া এখানে তিনি পদসেবিকা লক্ষ্মীর কথা মনে করিয়াছেন। ভগবান্ নিজ মুখেই বলিয়াছেন "যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্"—কিন্তু লক্ষ্মীর নিকট প্রেমের ঐরূপ বাম্য স্বভাবের আভাসও তিনি কখনো পান নাই, সুতরাং তাঁহাকে সে ভাবে লক্ষ্মীকে ভজনা করিতেও হয় নাই। ভগবান্ বলিয়াছেন—

প্রিয়া যদি মান করি করয়ে ভৎ'সন।
বেদস্তুতি হৈতে তাহা হরে মোর মন ॥

দুর্জ্জয় মানের এই দুঃসাহস কমলাসনার মনের কোণেও কখনো স্থান পায় নাই। ইহা হইতে শ্রীরাধার প্রেমের উৎকর্ষই প্রমাণিত হইতেছে। ইহা ভগবানের মনেও বিস্ময়োদ্রেক করিয়াছে। তাই এই সর্গের নাম 'বিলক্ষ-লক্ষ্মীপতি'।

নবম সর্গে শ্রীমতীর মানোপশমনের চিন্তায় শ্রীকৃষ্ণ আকুল, তাই এই সর্গ 'মুগ্ধমুকুন্দ' নামে পরিচিত।

দশম সর্গের নাম 'মুগ্ধমাধব'। জগৎপতি অথবা লক্ষ্মীপতি অর্থাৎ যিনি সর্ব্বৈশ্বর্য্যের আকর তিনিই শ্রীমতীর পদধারণ করিয়া মান ভাঙ্গাইয়াছেন বলিয়া এই সর্গের নাম 'মুগ্ধমাধব' হইয়াছে। একাদশ সর্গ 'সানন্দগোবিন্দ'। জগতের অন্তর্য্যামী যিনি—সকল ইন্দ্রিয়ের জ্ঞাতা যিনি,—সেই ভগবান্ সর্ব্বান্তঃকরণে যাঁহাকে কামনা করিয়াছেন, সর্ব্বাঙ্গ দিয়া, সর্ব্বেন্দ্রিয় দিয়া সেই শ্রীরাধিকাকে পাইবার সম্ভাবনায় আজ যে তিনি আনন্দিত হইয়া উঠিবেন, ইহাতে আর সন্দেহ কি? শ্রীমতীও সর্ব্বেন্দ্রিয় দিয়া হৃষীকেশের সেবার জন্য সমুপস্থিত। কবি তাই সর্গের নামকরণ করিয়াছেন 'সানন্দগোবিন্দ'।

শেষ সর্গ—দ্বাদশ সর্গের নাম 'সুপ্রীতপীতাম্বর'। শ্রীমদ্ভাগবতের রাসপঞ্চাধ্যায়ে যে "পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ" রাধিকাসনাথা গোপীমণ্ডলীর বহু সাধ্যসাধনায় আবির্ভূত হইয়া তাঁহাদিগকে আনন্দ দান করিয়াছিলেন—তিনিই আজ নিজে সাধিয়া যাচিয়া পায়ে ধরিয়া মান ভাঙ্গাইয়া সেই শ্রীরাধিকার সেবাধিকার পাইয়া কৃতার্থ হইয়াছেন। তাঁহার প্রেমলাভে, তাঁহার সৌন্দর্য্যোপভোগে ধন্য হইয়াছেন। শ্রীমতীর প্রীতিসম্পাদনে প্রীত হইয়াছেন। কবির 'সুপ্রীতপীতাম্বর' নামকরণ সার্থক হইয়াছে; শ্রীমদ্ভাগবতের গূঢ় অনুসরণ এই নামে সুস্পষ্টরূপে প্রকাশ পাইয়াছে।

প্রত্যেক সর্গের নামকরণেই এইরূপ ইঙ্গিতপূর্ণ উদ্দেশ্য আছে, সার্থক অর্থ আছে। আমরা কোনরূপ কষ্টকল্পনার আশ্রয় গ্রহণ করি নাই। কেবল অনুপ্রাসের খাতিরে প্রতি সর্গের এইরূপ পৃথক্ পৃথক্ নামকরণে অত বড় একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিত এবং রসশাস্ত্রবিৎ কবি যে নিরর্থক পণ্ডশ্রম করিয়াছেন, একথা যাঁহারা বলেন তাঁহাদের কথা নিতান্তই অশ্রদ্ধেয়। এ কাব্যের প্রত্যেক শ্লোকের সঙ্গে যেমন অপর একটি শ্লোকের যোগ আছে, হয় একটি শ্লোক অপর শ্লোকের পূর্ব্বাভাস

প্রকাশ করিয়াছে, নয় একটি শ্লোকে অপর শ্লোকটিকে সুপরিস্ফুট করিয়াছে, তেমনি সেই সেই শ্লোক-বর্ণিত সমগ্র ভাবের সঙ্গে এই সর্গবন্ধেরও সংস্রব আছে।

একটি উদাহরণ দিই—কবি দশম সর্গে মানভঞ্জন বর্ণন করিবেন, তাই তাহার পূর্ব্বে কেমন প্রস্তুত হইতেছেন, দেখুন। ইহা হইতে মানভঞ্জনে ঐ পদধারণের গুরুত্ব ও 'মুগ্ধমাধব' নামের সার্থকতা উপলব্ধি হইবে। বলা বাহুল্য যে 'মা' শব্দে ভূমি বা জগৎ এবং 'ধব' শব্দে স্বামী, অথবা 'মা' শব্দে লক্ষ্মী অর্থাৎ সর্ব্ব ঐশ্বর্য্যের অধিষ্ঠাত্রী এবং 'ধব' শব্দে তাঁহার পতি, মাধব নামের এইরূপ বহু অর্থই হইতে পারে।

কবির বর্ণনচাতুর্য্য দেখুন—

সান্দ্রানন্দপুরন্দরাদিদিবিষদ্বৃন্দৈরমন্দাদরা-
দানম্রৈর্মুকুটেন্দ্রনীলমণিভিঃ সন্দর্শিতেন্দিন্দিরম্।
স্বচ্ছন্দং মকরন্দসুন্দরগলন্মন্দাকিনীমেদুরং
শ্রীগোবিন্দপদারবিন্দমশুভস্কন্দায় বন্দামহে ॥

অশেষ আদরে ও প্রগাঢ় আনন্দে পুরন্দরাদি দেববৃন্দ প্রণত হইলে তাঁহাদের নমিত মুকুটের ইন্দ্রনীলমণি যে চরণারবিন্দে ভ্রমরাবলীর শোভা ধারণ করে, এবং বিগলিত মকরন্দসুন্দর মন্দাকিনীর স্বচ্ছন্দ ধারায় মেদুর অর্থাৎ শীতল হয়—অশুভ নাশের জন্য আমি সেই গোবিন্দ-পদারবিন্দের বন্দনা করি।

যিনি শ্রীমতীর পদধারণ করিয়া মানভিক্ষা চাহিয়াছেন, তাঁহার ঐশ্বর্য্যবর্ণনের জন্যই এই শ্লোকের অবতারণা। আরও একটি লক্ষ্য করিবার বিষয়, এই শ্লোকে যে গোবিন্দের পদারবিন্দ বন্দনা করা

হইয়াছে,—পরবর্ত্তী সর্গের নাম সেই গোবিন্দের নামে না দিয়া কবি একাদশ সর্গের নাম দিয়াছেন, সানন্দগোবিন্দ। অনুপ্রাসের খাতিরে বা উদ্দেশ্যহীন ভাবে নামকরণ করিলে তিনি যেখানে ইচ্ছা এইরূপ একটা যথেচ্ছ নামকরণ করিতে পারিতেন, কিন্তু তাহা যে করেন নাই, মান-ভঞ্জনের বর্ণিত সর্গের মাধব নাম দেওয়াতেই তাহা বুঝা যাইতেছে। এই মধুরসাশ্রিত কাব্যে কবি রসের উৎকর্ষসাধনের জন্যই মাঝে মাঝে এইরূপ ঐশ্বর্য্য বর্ণনাত্মক শ্লোক লিপিবদ্ধ করিয়াছেন, এবং সর্গবন্ধের ঐশ্বর্য্যভাবদ্যোতক নামকরণ করিয়াছেন। যাঁহারা বলেন কটমট শ্লোকগুলি প্রক্ষিপ্ত, তাঁহারা এই সব বিষয়ও চিন্তা করিয়া দেখিবেন। আবার ছন্দ এবং শব্দ, বিষয়বস্তুর অনুরূপও তো হওয়া চাই। উপরের ঐ শ্লোক ললিতলবঙ্গ-ভাষায় রচনা করিলে উহার গাম্ভীর্য্য রক্ষিত হইত কি না, তাহাও ভাবিয়া দেখা উচিত।

শ্রীগীতগোবিন্দের আলোচনায় আর একটি কথা মনে রাখিতে হইবে। যদিও শ্রীকৃষ্ণে এবং নারায়ণে তত্ত্বতঃ কোন ভেদ নাই, তথাপি রসের বিচারে ইঁহাদের মধ্যে যথেষ্ট পার্থক্য আছে। সুতরাং রসের কারবারে কাব্যের আলোচনায় সে কথা ভুলিলে চলিবে না। ভক্তি-রসামৃতসিন্ধু বলিয়াছেন—

সিদ্ধান্ততস্ত্বভেদোঽপি শ্রীশকৃষ্ণস্বরূপয়োঃ।
রসেনোৎকৃষ্যতে কৃষ্ণরূপমেষা রসস্থিতিঃ॥

কবি জয়দেবও এ কথা জানিতেন। যদিও কাব্যে তিনি লক্ষ্মীপতি বা নারায়ণ নাম ব্যবহার করিয়াছেন, কিন্তু তাহার উদ্দেশ্য অন্যরূপ। উদাহরণস্বরূপ দ্বাদশ সর্গের উল্লেখ করিতে পারি।

শ্রীকৃষ্ণ বলিতেছেন, "হে রাধে এই কিশলয়-শয়নতলে তোমার

চরণকমল স্থাপন কর। তোমার পদপল্লব এই পল্লব-শয্যাকে সুদৃশ্য করিয়া তাহার গর্ব্ব চূর্ণ করুক। নারায়ণ তোমার আনুগত্য স্বীকার করিতেছেন, তুমি এবার ক্ষণকালের জন্য তাঁহাকে ভজনা কর। বহুদূর হইতে আসিয়াছ, আমার করপদ্ম দিয়া তোমার চরণার্চ্চনে অনুমতি দাও। পাদলগ্ন নূপুরের মত আমাকেও গ্রহণ কর।" এখানে নারায়ণ শব্দে কবি বহুনায়িকাবল্লভত্ব আরোপ করিয়াছেন। অর্থাৎ সকল নারীগণের আশ্রয়স্থল হইয়াও হে রাধে, আমি শুধু তোমারই অনুগত, আমি একান্তই ত্বদেকনিষ্ঠ। শ্রীকৃষ্ণের এই ভাব প্রকাশের জন্যই কবি এখনে নারায়ণ শব্দ ব্যবহার করিয়াছেন।

"গোপজাতি কৃষ্ণ গোপী প্রেয়সী তাঁহার।
দেবী বা অন্য স্ত্রী কৃষ্ণ না করে অঙ্গীকার॥"

সুতরাং মথুরায় বা দ্বারকায় যিনি অন্য রমণীগণের পাণিগ্রহণ করিয়াছিলেন, তিনি নারায়ণরূপে কোন নায়িকার মধ্যেও শ্রীরাধার তুলনা না পাইয়া ব্রজপ্রেমের উৎকর্ষ উপলব্ধি করিয়াছেন।

শৃঙ্গার রস

বিশ্বেষামনুরঞ্জনেন জনয়ন্নানন্দমিন্দীবর
শ্রেণীশ্যামল-কোমলৈরুপনয়ন্নঙ্গৈরণঙ্গোৎসবম্ ।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীভিরভিতঃ প্রত্যঙ্গমালিঙ্গিতঃ
শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিব মধৌ মুগ্ধো হরি ক্রীড়তি ॥ ৪৮ ॥

(১ম সর্গ ৪৮ শ্লোক)

কবি জয়দেব বলিতেছেন—যিনি বিশ্বকে অনুরঞ্জিত করেন সেই হরি আজ বসন্তে বিলাস করিতেছেন ! অনুরঞ্জিত করা অর্থাৎ বিশ্বের প্রতি অণু পরমাণুকে, স্তম্ব হইতে ব্রহ্ম পর্য্যন্ত সমগ্র জগৎকে ভাবানুরূপ রঙ্গে রাঙ্গাইয়া দেওয়া। প্রত্যেককে স্বক্ষেত্রে সম্পূর্ণরূপে বিকশিত করিয়া, আপন পরিপূর্ণতায় সার্থকতা দানই বিশ্বের অনুরঞ্জন। যাঁহার ইন্দীবর শ্রেণীর মত সুন্দর শ্যামল, শীতল, কোমল নিত্য নূতন প্রতি-অঙ্গ অনঙ্গের উৎসব ভূমি, সেই মূর্ত্তিমান শৃঙ্গাররস স্বচ্ছন্দে ব্রজসুন্দরীগণের প্রত্যঙ্গ আলিঙ্গনে মুগ্ধ হইয়া তাঁহাদের আনন্দ উদ্দীপন করিতেছেন আনন্দই বিশ্বকে আনন্দ দান করিতেছে। রসের সর্ব্বশ্রেষ্ঠ প্রকাশ ও বিলাস ভূমি শ্রীরাসমণ্ডলই আনন্দের অফুরন্ত প্রস্রবণ। সেই উৎস বিচ্ছুরিত পীযুষশীকরই জগৎকে সঞ্জীবিত রাখিয়াছে। "কৃষ্ণ নবজলধর জগৎ শস্য উপর" এই রূপেই কৃপামৃত ধারা বর্ষণ করিতেছেন।
রসশাস্ত্রকার বলেন—

শৃঙ্গং হি মন্মথোদ্ভেদস্তদাগমনহেতুকঃ।
উত্তমপ্রকৃতিপ্রায়ো রসঃ শৃঙ্গার ইষ্যতে ॥

শৃঙ্গ শব্দের অর্থ সম্ভোগেচ্ছার সমুদ্ভেদ। এই ইচ্ছার সার্থকতার নাম শৃঙ্গার রস। বৈষ্ণব আলঙ্কারিকগণ বলেন, এই রসের বর্ণ উজ্জ্বল শ্যাম, ইহার অধিষ্ঠাতৃ-দেবতা শ্রীকৃষ্ণ। অধিষ্ঠানভূত রসে অধিষ্ঠাতারই একাধিপত্য। ইহাই সকল রসের আদি অর্থাৎ 'আদি রস'।

শ্রুতি বলিয়াছেন ভগবান্ রসস্বরূপ—"রসো বৈ সঃ" অর্থাৎ তিনিই রস। সুতরাং সকল রসের আকর বা মূল বা আদি একমাত্র শ্রীভগবান্, তাই তিনিই আদিরস। আনন্দ এই রসেরই বিলাস, বিলসিত বা আস্বাদিত বা অনুভূত রসই আনন্দ। বিশ্বের মূলে এই আনন্দ রহিয়াছে, স্থিতিতে এই আনন্দ রহিয়াছে, লয়েও এই আনন্দই বর্ত্তমান।

"আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে,
আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি।
(ঐতঃ ৩।৬)

নিখিল ভূতগ্রাম আনন্দ হইতে উৎপন্ন হয়, আনন্দেই জীবিত রহে, আবার আনন্দেই প্রবেশ করিয়া শমতা প্রাপ্ত হয়। সুতরাং বিশ্বের আদি-মধ্য-অন্তে এই আদি রসই বর্ত্তমান। এই আদি রসের বিলাসে অর্থাৎ আনন্দেই বিশ্বের সৃষ্টি। রসের বিলাস-জন্যই রসস্বরূপের কামনা জাগরিত হয়, রসের সাগর সঙ্ক্ষিত হয়, চঞ্চল হয়। সত্যসংকল্প ভগবান্ সংকল্প করেন—"একোঽহং বহুস্যাং প্রজায়েয়", আমি বহু হইব। এই বিলাসের অর্থাৎ বহু হওয়ার আনন্দেই বিশ্বের সৃষ্টি। আপনা আপনি বিলাস হয় না, বহু না হইতে পারিলে বিলাস হয় না, আবার বহু হইতে হইলে শক্তির প্রয়োজন, সুতরাং রসের যে বিলাস বা আনন্দ তাহা তাঁহার শক্তিকে লইয়াই সম্পাদিত হয়। অনন্ত শক্তিমান ভগবানের তিনটি শক্তির নাম, বহিরঙ্গা মায়া শক্তি, তটস্থা জীব শক্তি, এবং অন্তরঙ্গা

স্বরূপ শক্তি। এই স্বরূপ শক্তি সৎ, চিৎ, আনন্দ রূপে প্রসিদ্ধা। তাই শ্রুতি বলেন—শ্রীভগবান সচ্চিদানন্দ বিগ্রহ। শ্রীভগবানের স্বরূপ শক্তি —সৎ, চিৎ, আনন্দ শক্তি,—সন্ধিনী সংবিৎ ও হ্লাদিনী নামে পরিচিতা। তাঁহার সদংশে যে শক্তি—সন্ধিনী শক্তি, এই শক্তির বিলাসে তিনি সর্ব্বব্যাপী। চিৎ অর্থাৎ সংবিৎ শক্তির বিলাসে তিনি সর্ব্বজ্ঞ, সর্ব্বান্তর্য্যামী। আর আনন্দাংশে যে শক্তি তাহাই হ্লাদিনী। এই শক্তির বিলাসে তিনি বিশ্বানুরঞ্জনকারী—আনন্দজনয়িতা। সদংশে স্থিতি বা অস্তিত্ব বুঝায়। অস্তি—তিনি আছেন, অর্থাৎ এক মাত্র তিনিই আছেন। চিদংশে তিনি জ্ঞানস্বরূপ স্বপ্রকাশ। ভাতি—এ বিশ্বকে তিনি প্রকাশিত করিতেছেন, অর্থাৎ বিশ্বে একমাত্র তিনিই প্রকাশিত হইতেছেন। আনন্দাংশে তিনি প্রিয়, বিশ্বের যাহা কিছু আনন্দ তাঁহাতেই প্রতিষ্ঠিত। তাই এই বিশ্বে তাঁহা অপেক্ষা প্রিয়তর আর কিছুই নাই, তিনিই প্রিয়তম। তিনি একমাত্র আনন্দদাতা, সর্ব্ব আনন্দের আধার।

এই যে তিনটি শক্তির কথা বলা হইল, চরিতামৃতকার বলেন—

সচ্চিদানন্দ পূর্ণ কৃষ্ণের স্বরূপ।
একই চিচ্ছক্তি তাঁর ধরে তিন রূপ॥

অর্থাৎ এই শক্তি জড় শক্তি নহে। বিষ্ণুপুরাণে কথিত হইয়াছে—

হ্লাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বয্যেকো সর্ব্বসংস্থিতৌ।
হ্লাদতাপকরীমিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিতে॥

অর্থাৎ হে ভগবান, হ্লাদিনী, সন্ধিনী, সংবিৎ এই তিন শক্তি সর্ব্বাধিষ্ঠাতা তোমাতেই অবস্থিত, কিন্তু হ্লাদকরী অর্থাৎ মনঃ প্রসাদিকা-

সাত্ত্বিকী, বিয়োগদুঃখদা তাপকারী তামসী এবং উভয়মিশ্রা যে রাজসী, ইহা প্রকৃত গুণাদি বর্জ্জিত তোমাতে অবস্থান করে না।

আচার্য্য শঙ্কর তাঁহার শারীরক ভাষ্যে লিখিয়াছেন--

'সর্ব্বেশ্বরস্যাত্মভূত ইবাবিদ্যাকল্পিতে নামরূপেতত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়ে সংসারপ্রপঞ্চবীজভূতে সর্ব্বজ্ঞস্যেশ্বরস্য মায়াশক্তি প্রকৃতিরিতি চ শ্রুতিস্মৃত্যোরভিলপ্যেতে' (২—১—১৪)।

এই প্রকৃতিকে আশ্রয় করিয়া সৃষ্টির কথা ভগবান গীতায় বলিয়াছেন—

প্রকৃতিং স্বামবস্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ।
ভূতগ্রামমিমং কৃস্নমবশং প্রকৃতের্বশাৎ॥ (৯—৮)

অন্যত্র—

মম যোনির্মহদ্‌ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত॥
সর্ব্বযোনিষু কৌন্তেয় মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্‌যোনিরহং বীজপ্রদঃ পিতা॥ (১৪—৩।৪)

এই ভাবে ভগবানের যে বহু হওয়া—ইহাই শৃঙ্গার রসের একটা দিক, ইহা কাম। গীতায় শ্রীভগবান বলিয়াছেন "প্রজনশ্চাস্মি কন্দর্পঃ"। বিষ্ণুপুরাণ ইহাকেই হ্লাদকরী অর্থাৎ মনঃ-প্রসাদিতা সাত্ত্বিকী বৃত্তি বলিয়াছেন। কোন্ অনাদি কাল হইতে জীব-জগৎ এই প্রবৃত্তির বশে চলিয়াছে। তৃণ-বৃক্ষ, কীট-পতঙ্গ, পশু-পক্ষী সর্ব্বত্রই ইহার অবাধ বিকাশ, সকলেই এই প্রবৃত্তির বশে চলিয়াছে—কিন্তু "অবশং প্রকৃতের্বশাৎ"। এই

যে কাম, প্রাকৃত জগতে ইহাই সর্ব্বশ্রেষ্ঠ আনন্দদায়িনী বৃত্তি, ইহাই সৃষ্টির হেতু, যৌন আকর্ষণের একমাত্র কারণ, ইহাই জীবের সাধারণ ধর্ম্ম। প্রজনন ভিন্ন সৃষ্টিধারা অব্যাহত থাকে না। আবার প্রাকৃত জগতের স্থিতির মূলেও এই কামই বিদ্যমান রহিয়াছে, এবং অন্তে এই জীবজগৎ কামসমুদ্রেই প্রবেশ লাভ করিতেছে। এইরূপে অনাদি কাল হইতেই এই সৃষ্টিপ্রবাহ চলিয়া আসিতেছে। বেদ আমাদিগকে এই কথাই শুনাইয়া থাকেন—

ওঁ ক ইদং কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ।
কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা কামঃ সমুদ্রমাবিশৎ॥

হিন্দু বিবাহের সময় এই কামস্তুতি পাঠ করে,—এই কন্যার সম্প্রদাতা কে? কাহাকে সম্প্রদান করিতেছে?—সম্প্রদাতা কাম, কামকেই দান করিতেছে। কামই দাতা, কামই প্রতিগ্রহীতা, কামসমুদ্রেই ইহার স্থান।

কিন্তু এই যে তরু-তৃণ লতা-গুল্ম কীট-পতঙ্গ পশু-পক্ষীর বহু হওয়া আর মানবের বহু হওয়া, ইহার মধ্যে পার্থক্য আছে। ইতর প্রাণী যেমন প্রকৃতির বশে অবশ হইয়া দেহের ক্ষুধায় উন্মত্ত হইয়া চলিয়াছে, প্রকৃত মানব সে রূপে চলে না। সে জানে প্রজনন অর্থাৎ সৃষ্টিরক্ষাই ইহার মুখ্য উদ্দেশ্য, দেহের ক্ষুধায়, রক্তমাংসের লালসায় তুচ্ছ ইন্দ্রিয়-বৃত্তির চরিতার্থতাই তাহার চরম ও পরম কাম্য নহে। অবশ্য মানবা-কারে পশু যাহারা তাহাদের কথা স্বতন্ত্র। কথাটা পরিষ্কার করিয়া বলি।

মানুষ বহু হইতে চায়, ইহাই তাহার অনাদি কালের প্রকৃতি, স্বাভাবিকী বৃত্তি। ইহার দুইটি দিক্ আছে—একটা আসুরী, অপরটা

দৈবী। অসুরও বহু হইতে চাহে—কিন্তু চাহে ভোগের পথে, অপরের অধিকার সঙ্কোচ করিয়া—সংহার করিয়া। সে দেবতা হইতে চায়—জোর করিয়া দেবতাদের যজ্ঞভাগ গ্রহণ করিয়া। দেবত্বলাভের জন্য যে সাধনার প্রয়োজন, তাহা সে চাহে না, বিনা তপস্যায় মাত্র জোর করিয়া যজ্ঞভাগ গ্রহণ করিয়া অর্থাৎ ভোগের পথেই সে দেবতা হইতে চায়। সে মনে করে, সংসারে যাহা কিছু সব তাহারই সুখের জন্য, ভোগের জন্য, আরাম ও আমোদের জন্য। ইহার মূলেও ঐ কাম। এই মহাশনকে সংযত না করিলে ইহার বিশ্বগ্রাসী ক্ষুধা দুষ্পূরণীয় হইয়া উঠে—কংস, রাবণ প্রভৃতি তাহার প্রতীক। মানুষের মধ্যেও ইহাদের অসদ্ভাব নাই। কিন্তু দৈবী প্রকৃতি এরূপ নহে। সে চাহে আপনাকে বিলাইয়া, আপনাকে অপরের হৃদয়ে প্রতিষ্ঠিত করিয়া বহু হইতে। ত্যাগের পথে আত্মসম্প্রসারণের পথেই তাহার গতি। স্বার্থপরায়ণ অসুর যেমন আপনার মধ্যেই বহুকে চাহে, দৈবী প্রকৃতি সেরূপ চাহে না। সে বহুর মধ্যেই আপনাকে দেখিতে চাহে। অসুর জানে না যে এ সংসারে একমাত্র সৎ বস্তু ভগবান, তাঁহার সত্তাতেই আমাদের সত্তা, সুতরাং বহুকে খুঁজিতে হইলে তাঁহার মধ্যেই খুঁজিতে হইবে। মায়ার বশেই লম্পট কামুক, কৃমি-কীটের মত ক্লেদসিক্ত ব্রণক্ষতের অনুসন্ধানেই জীবন অতিবাহিত করে। এই আসুর ভাব মায়ারই সৃষ্টি। মায়া—শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধে উল্লসিত রূপের ডালি লইয়া বহ্নিমুখে পতনোন্মুখ পতঙ্গের মত জগৎকে আপনার দিকে টানিতেছে,—যাহারা আসুরী প্রকৃতির বশীভূত, তাহারা অবশে মায়ার এই ফাঁদে আত্মসমর্পণ করিতেছে। ইহা শৃঙ্গার রসেরই একটা দিক্, বাহিরের দিক্।

পূর্ব্বে যে দৈবীভাবের কথা বলিয়াছি, তাহাই ভিতরের দিক্—এই পথ জ্ঞানের পথ, ঐশ্বর্য্যের পথ। এই পথে বহুর মধ্যে আপনাকে দেখা, ইহাই সংবিৎ শক্তির বিলাস। অনুরক্ত প্রণয়ী দম্পতি যেমন পরস্পর

পরস্পরের মধ্যে আপনাকে বিলাইয়া দিতে চায়, পুত্র-কন্যার মধ্য দিয়া —সৃষ্টির ধারা অব্যাহত রাখিয়া আপনারা বহু হইতে চায়, আত্মীয়-স্বজন, গ্রাম-নগর দেশকে আপনার করিয়া আপনাদিগকে বহুর মধ্যে সম্প্রসারিত করিয়া দিতে চাহে, এই পথের পথিক তেমনি মায়ার রূপে না মজিয়া মায়া যাঁহার বিভূতিতে নিজেকে প্রকাশিত করিয়াছে—সেই বাসুদেবকেই সর্ব্বত্র দেখিতে পায়। সে বুঝিতে পারে—সেই স্বয়ম্প্রকাশই এই বিশ্বকে প্রকাশিত করিতেছেন। যেমন তিনি আছেন বলিয়াই বিশ্ব আছে, তেমনি 'তস্য ভাসা সর্ব্বমিদং বিভাষিত',—তাঁহার প্রকাশেই জগতের প্রকাশ। এই পথে অগ্রসর হইলে মানব বুঝিতে পারে শ্রীভগবানের বহু হওয়ার আরও একটি দিক আছে, তাহাই শ্রীধাম-বৃন্দাবন এবং বৃন্দাবনস্থিত শ্রীরাসমণ্ডল। একদিকে কোটী কোটী ব্রহ্মাণ্ড, অন্যদিকে শতকোটী গোপীসঙ্গে রাসবিলাস। একটি বাহিরে, অন্যটি ভিতরে। মানুষকে বাহির হইতে এই ভিতরে গিয়া স্থান করিয়া লইতে হইবে। শ্রীধামে পৌঁছিয়া ঐ মহারাস মণ্ডলে প্রবেশ করিতে হইবে।

এই মানুষের মধ্যে দুই রকমের প্রকৃতি আছে। একজন বাহিরের দিকে টানে, আর একজন ভিতরের দিকে ফিরাইয়া আনিতে চাহে। এক জন রঙ্গময়ী নৃত্যচপলা হাবভাবনিপুণা নটী, আর একজন ধীরা শান্তিময়ী কুলবধূ। রসিক বলেন এই ভিতর বাহির এক করিতে হইবে। দুইকে মিলাইয়া সেই একের ভজনা করিতে হইবে। "অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে"—অবিদ্যার দ্বারা মৃত্যু উত্তীর্ণ হইয়া বিদ্যার দ্বারা অমৃতলাভ করিলে তবেই রস-স্বরূপের উপাসনার অধিকার জন্মিবে। কিন্তু অবিদ্যার ও বিদ্যার অতীত তিনি—অবিদ্যা ও বিদ্যা উভয়কেই ত্যাগ করিতে না পারিলে তাঁহার দর্শনলাভ ঘটিবে না।

পূর্ব্বেই বলিয়াছি জীব ভগবানের তটস্থা শক্তি, তাঁহারই প্রকৃতি। শ্রীভগবান বলিয়াছেন—ভূমি, জল, অনল, বায়ু, আকাশ, মন, বুদ্ধি, অহঙ্কার—এই আটটি প্রকৃতি ভিন্ন আমার আর একটি পরা প্রকৃতি আছে, সেই জীবভূত প্রকৃতির দ্বারাই আমি এই জগৎ ধারণ করিয়াছি।

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ॥ (গীতা ৭—৫)

পূর্ব্বোক্ত অষ্টধা প্রকৃতির নিজের কোনো শক্তি নাই। ভগবান বলিয়াছেন 'ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সা চরাচরম্'।

শ্রীমদ্ভাগবতেও এই কথা আছে—

দৈবাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্।
আধত্ত বীর্য্যং সাসূত মহত্তত্ত্বং হিরণ্ময়ম্॥ (৩।২৬।১৯)

মহর্ষি কপিল তাঁহার জননী দেবহূতিকে বলিলেন—দৈবাৎ অর্থাৎ কালবশে প্রকৃতির গুণক্ষোভ উপস্থিত হইলে সেই পরম-পুরুষ তাহার অভিব্যক্তি ক্ষেত্রে বীর্য্যাধান করেন। তাহাতেই হিরণ্যবর্ণ মহত্তত্ত্বের উদ্ভব হয়।

সুতরাং এই প্রকৃতি স্বতন্ত্রা নহেন। ভূমি জল তেজ বায়ু আকাশের কথা ছাড়িয়া দিই, মন বুদ্ধি অহঙ্কারেরও সৃষ্টি-ক্ষমতা নাই। বিষয় না থাকিলে মনের কার্য্য থাকে না, ইন্দ্রিয় না থাকিলে মনের বিষয়গ্রহণের ক্ষমতা থাকে না। এই মন, ইন্দ্রিয়, বিষয় না থাকিলে বুদ্ধিও নিষ্ক্রিয়। বুদ্ধি না থাকিলে অহঙ্কারও জড়বৎ পড়িয়া থাকে। কিন্তু পরা প্রকৃতি

জীবের সম্বন্ধে এ কথা খাটে না। এই জগৎ তাহারই আধারে বিধৃত রহিয়াছে। জীব না থাকিলে জগতের রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দের কোনো সার্থকতা থাকে না। ভূম্যাদি অহঙ্কারাত্মক এই যে জগৎ, ইহার আধার জীব। এই জীবপ্রকৃতির একদিকে জগৎ, আর একদিকে ভগবান। জীব চিৎ-কণ, জীব সেই স্বরূপেরই স্ফুলিঙ্গ। অবশ্য জীবেরও স্বকর্তৃত্ব নাই। এই জীব, জগৎ ও ভগবানের মধ্যে দোল খাইতেছে, তাহার বাহিরে জগৎ, ভিতরে ভগবান। সকল জীবের সেরা জীব মানুষ—স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি মানুষ। এই মানুষ কেহ জগতে মজিতেছে। কেহ ভগবানকে ভজিতেছে। ইহাকেই আমরা মানুষের দুইটি দিক্ বা দুই রকমের প্রকৃতি বা আসুর ও দৈব স্বভাব বলিয়াছি। এই দুই প্রকৃতির নানা রকম শ্রেণীবিভাগ আছে। পুরুষার্থের তারতম্য অনুসারে এই শ্রেণী নির্দেশ করা যায়। জীব ভিতর বাহির যে দিকেই যাউক, পুরুষার্থের প্রয়োজন। চতুর্বিধ পুরুষার্থের ধর্ম্ম ও অর্থ উপায় মাত্র। অর্থাৎ ধর্ম্ম ও অর্থ নিজেরা কোন সুখ দিতে পারে না, তাহার ফলে সুখ পাওয়া যায়। অবশ্য এ সম্বন্ধে অনেক তর্ক আছে। কিন্তু কাম ও মোক্ষের সম্বন্ধে মতভেদ নাই। ভোগের যে অনুভূতি তাহাই কাম, এবং ভগবৎস্বরূপে আত্মবিলয়ের নামই মোক্ষ। বৈষ্ণবগণ মোক্ষচিন্তাকে কৈতব ধর্ম্ম বলিয়া নিন্দা করিয়া গিয়াছেন। কারণ, যে "সোঽহং" চিন্তা মোক্ষপদের মূলমন্ত্র, সেই চিন্তাই বৈষ্ণবগণের নিকট অপরাধজনক। অন্যদিক্ দিয়া আমরা দেখিতে পাই, মোক্ষচিন্তায় জগতের স্থান নাই। অর্থাৎ যে ধারায়—যে জীবপ্রবাহের সহায়তায় ভগবান জগৎ ধরিয়া আছেন, মোক্ষপন্থী তাহা রুদ্ধ করিয়া দিতে চাহে। কিন্তু জগৎকে রক্ষা করে কাম, জীবের যে অনুভূতিতে জগতের অস্তিত্ব তাহাই কাম। এই অনুভূতি না থাকিলে জগৎ থাকিত না। তবে ইহা মায়িক অনুভূতি, বাহিরের অনুভূতি। ভিতরের যে অনুভূতি অর্থাৎ

ভগবদনুভূতি, অমায়িক হইলেও যোগমায়ার সাহায্য ব্যতীত তাহা সম্পন্ন হয় না। মায়াকে আয়ত্তে আনিয়া তাহার পরপারে দাঁড়াইয়া তবে সে অনুভূতির আস্বাদ পাওয়া যায়। এই ভিতর ও বাহির এক হইয়া গেলে দুইয়ের অনুভূতি একত্র মিলিলে যাহার উপলব্ধি হয়, তাহাই শৃঙ্গার রস।

ব্রহ্মসংহিতা বলিতেছেন—

আনন্দ চিন্ময় রসাত্মতয়া মনঃসু
যঃ প্রাণিনাং প্রতিফলং স্মরতামুপেত্য।
লীলায়িতেন ভুবনানি জয়ত্যজস্রং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥

আনন্দ চিন্ময় রসাত্মভূত যে ভুবনমোহনের মাধুর্য্যবিন্দু নিখিল প্রাণিগণের অন্তঃকরণে প্রতিফলিত হইয়া স্মরলীলায় অখিলভুবন জয় করিতেছে, সেই আদি পুরুষ গোবিন্দকে ভজনা করি।

যিনি স্বীয় অংশে 'স্মরতামুপেত্য' বহুরূপে জগৎ হইয়াছেন, স্বয়ং তিনিই সাক্ষাৎ মন্মথ-মন্মথরূপে আনন্দ-চিন্ময়-রসাত্মতায় রাসবিলাসে বহুর আলিঙ্গনাবদ্ধ হইয়া অদ্বয় রূপের স্বরূপ প্রকাশ করিতেছেন। স্মররূপে যিনি নিখিল জগৎকে মুগ্ধ করিতেছেন, তিনি বৃন্দাবনে অপ্রাকৃত নবীনমদনরূপে 'আত্ম পর্য্যন্ত সর্ব্বচিত্ত হর' আপনাকে দেখিয়া আপনি মুগ্ধ হইতেছেন।—

"রূপ দেখি আপনার কৃষ্ণের হয় চমৎকার
আস্বাদিতে মনে উঠে কাম"।

এই মুগ্ধতা হইতে তাঁহাকে রক্ষা করিতে আর কাহারো সামর্থ্য নাই, যিনি সমর্থা, তিনিই শ্রীরাধা। কবিরাজ জয়দেব এই রাধা প্রেমের অন্যতম শ্রেষ্ঠ কবি। এই রাধা প্রেমের মহিমা কীর্ত্তন করিতে গিয়া শ্রীমদনমোহনের কথায় কৃষ্ণদাস কবিরাজ বলিয়াছেন—সেই মূর্ত্তিমান শৃঙ্গার রস—

রাধাসঙ্গে যদাভাতি তদা মদনমোহনঃ।
অন্যথা বিশ্বমোহোঽপি স্বয়ং মদন-মোহিতঃ॥

১৯

প্রকৃতিভাবে উপাসনা

প্রকৃতিভাবে ভজন বৈষ্ণবসাধনার অন্যতম বিশেষত্ব। পুরুষোত্তমের সঙ্গে জীব-প্রকৃতির মিলনের যে লীলা, তাহাই মধুর ভাবের ভজন। এই বিশ্বের যাহা কিছু সব প্রকৃতিরই খেলা। সে খেলা বন্ধ হইয়া গেলে বিশ্ব বলিয়া কিছুই থাকে না। কিন্তু মূলে প্রকৃতিও একাকিনী অচলা, পুরুষের সান্নিধ্য ব্যতীত তিনিও কিছু করিতে পারেন না। পুরুষের ঈক্ষণে তাঁহার চাঞ্চল্য উপস্থিত হয়, গুণত্রয়ের সাম্যাবস্থা ভাঙ্গিয়া যায়, তিনি চঞ্চলা হইয়া উঠেন। পুরুষ দেখিতেছেন, ভোগ করিতেছেন,—এই সোহাগেই রঙ্গময়ী তখন বিচিত্র লীলাভঙ্গীতে বিশ্বকে বিকশিত করিয়া তুলেন। কিন্তু যে মুহূর্ত্তে তাঁহার মোহিনী মূর্ত্তি হইতে পুরুষের দৃষ্টি প্রত্যাহৃত হয়, যে মুহূর্ত্তে তিনি বুঝিতে পারেন, পুরুষ আর কিছুই

ভোগ করিতেছেন না, অভিমানিনী পলকের মধ্যেই আপনাকে সংযত করিয়া লয়েন, তাঁহার সকল লীলাই অন্তর্হিত হয়, খেলা বন্ধ হইয়া যায়। এই যে পুরুষকে দেখাইবার জন্য—তাঁহাকে ভোগ করাইবার জন্য প্রকৃতির বিলাস, এই ভাবের মূলেই মধুর ভজনের ইঙ্গিত পাওয়া যায়। (১)

শ্রীভগবান বলিয়াছেন—

যিনি ক্ষরের অতীত, অক্ষর হইতে উত্তম, লোকে, বেদে তিনিই পুরুষোত্তম বলিয়া প্রথিত। আবার ক্ষর ও অক্ষর তাঁহাতেই প্রতিষ্ঠিত রহিয়াছে। এই পুরুষোত্তমের সঙ্গে মিলনই জীবের পরমপুরুষার্থ।

যস্মাৎ ক্ষরমতীতোহমক্ষরাদপি চোত্তমঃ।
অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ॥

---

(১) উপনিষদে "দ্বা সুপর্ণা"র উপাখ্যান আছে। একটি বৃক্ষে সখ্যভাবে দুইটি পক্ষী বাস করে। তাহার একটি পিপ্পল ভক্ষণ করে, পিপ্পলের কটু আস্বাদন ভোগ করে, অন্যটি দর্শক মাত্র, সে শুধু বসিয়া বসিয়া দেখে। দৈবক্রমে যদি কখনো এমন হয়—ভোক্তা পাখীটি বলিয়া বসে, অতঃপর আমি আর এই কটু পিপ্পল ভক্ষণ করিব না, এখন হইতে আমি দর্শক, আমি মাত্র দেখিব। এইবার তুমি ভোগ কর। তাহা হইলে যে অবস্থা দাঁড়ায়—গোপী ভাবের সঙ্গে তাহার কতকটা তুলনা হয়। এই ভোক্তার আসন ছাড়িয়া দর্শকের ভূমিকা গ্রহণর মধ্যে গোপী ভাবের ইঙ্গিত আছে।

গ্রামে একজন বাজীকর আসিয়াছেন। পুতুলের নাচ দেখাইয়া বেড়ান। প্রত্যেকটি পুতুলের মাথায় সূতা বাঁধা। সূতার গোছাটি নিজের হাতে লইয়া অন্তরালে বসিয়া তিনি পুতুলগুলিকে নাচাইয়া থাকেন। দৈবাৎ একদিন একটি পুতুলের সূতা ছিঁড়িয়া গেল, সে একেবারে বাজীকরের নিকটে গিয়া পড়িল। সে তখন বাজীকরকে ধরিয়া বসিল, এতগুলি পুতুলকে যখন নাচ শিখাইয়াছেন, নাচাইতেছেন—তখন নিশ্চয়ই আপনি নিজে বেশ ভালই নাচিতে জানেন। এখন আপনি একবার নাচুন আমরা দেখি। তাহার অনুরোধে

এই পুরুষোত্তম, রসিকশেখর, পরমকরুণ, সচ্চিদানন্দবিগ্রহ। ইঁহার ভজনের স্তরনির্দ্দেশে শ্রীপাদ মধুসূদন সরস্বতী বলিয়াছেন—

তস্যৈবাহং মমৈবাসৌ স এবাহমিতি ত্রিধা।
ভগবচ্ছরণত্বং স্যাৎ সাধনাভ্যাসপাকতঃ॥

সাধনার প্রথম সোপানে দাঁড়াইয়া সাধক বলিতেছেন আমি তাঁহার, আমি তোমার। 'ইতঃপূর্ব্বং মনোবুদ্ধিদেহধর্ম্মাধিকারতঃ'। সকলি তোমার পায়ে সমর্পণ করিয়াছি, তুমি কৃপায় আমাকে আত্মসাৎ কর। কত জন্ম-জন্মান্তরের মধ্য দিয়া, কত পথ ঘুরিয়া এই বৃন্দাবনের প্রান্তে আসিয়া পড়িয়া আছি, আমায় ডাকিয়া লও।

দ্বিতীয় সোপানে সাধক বলেন তিনি আমার, তুমি আমার। আমায় পায়ে দলিয়া যাও, দেখা না দিয়া মরমে যাতনা দাও, তথাপি হে জীবনাধিক, তুমি আমার, তুমি আমারই।

প্রথম ভাবটি তদীয়া রতি, দ্বিতীয় ভাবটি মদীয়া রতি নামে পরিচিত। এই মদীয়া রতিই ব্রজের গোপীভাব, এই ভাবেরই চরম পরিণতি মহাভাবস্বরূপিণী শ্রীমতী রাধা ঠাকুরাণী। মদীয়া রতির চরম ও পরম পরিণতিতে শক্তিমান শক্তির নিকট আত্মসমর্পণ করিয়াছেন, 'দেহি

বাজীকরকে নাচিতে হইল। পুতুলটি নাচ দেখিয়া মুগ্ধ হইয়া গেল। সে তখন বলিয়া কহিয়া অপর পুতুলগুলির বাঁধন খসাইল, এবং একে একে সকলকে সাজঘরে আনিয়া বাজীকরের নাচ দেখাইল। তাহারা এখনো নাচে, বাজীকরের ইঙ্গিতেই নাচে, তবে বাজীকরের সঙ্গেই নাচে। বাজীকরকেও তাহাদের ইঙ্গিতে নাচিতে হয়। বাজীকর আর তাহাদিগকে সুতায় বাঁধিয়া নাচাইতে পারেন না। এই রূপকের মধ্যেও গোপী ভাবে ভজনের ইঙ্গিত পাওয়া যায়

পদপল্লবম্' বলিয়া শরণ গ্রহণ করিয়াছেন। শক্তি ও শক্তিমানের এই মধুর লীলাবিলাসই শ্রীগীতগোবিন্দের প্রধান বর্ণনীয় বিষয়।

মিলনেই রসানুভূতির স্ফূর্ত্তি। কিন্তু জয়দেব গোস্বামী মিলনের পর বিরহের এক অনিন্দ্য সুন্দর মাধুর্য্য-চিত্র অঙ্কিত করিয়াছেন। বিরহে মিলনের পূর্ব্বস্মৃতি এবং বর্ত্তমানের বেদনা একত্র মিলিত হইয়াছে, ভবিষ্য মিলনের মধুরতম স্ফূর্ত্তি জাগিয়া উঠিয়া ক্ষণে ক্ষণে তন্ময়তা আনিয়া দিতেছে। শ্রীমতীর কথায় কবি বলিতেছেন—

মুহুরবলোকিতমণ্ডনলীলা।
মধুরিপুরহমিতি ভাবনশীলা॥

এই অপূর্ব্বতন্ময়তায় মনে হইতেছে আমিই তুমি,আমিই কৃষ্ণ। ইহাই মধুসূদন সরস্বতীর "সএবাহং" ভাবের পরম ও চরম অবস্থা। এই যে প্রেমবিলাস-বিবর্ত্ত, ইহা জয়দেব শ্রীমদ্ভাগবত হইতে গ্রহণ করিলেও শ্রীমদ্ভাগবতে শক্তিমান পায়ে ধরিয়া মান ভাঙ্গাইয়া শক্তির এই বিরহের ব্যথা অপনোদন করেন নাই। ভাগবতে রাধিকা বিরহের পর কৃষ্ণের দর্শন পাইয়াই কৃতার্থ হইয়াছেন। তাঁহাকে প্রত্যাখ্যান করিতে সাহস করেন নাই। তাই বলিয়াছি গীতগোবিন্দে শৃঙ্গার-রস-বিলাসের চরম অভিব্যক্তি বর্ণিত হইয়াছে।

বৈষ্ণবগণ বলেন গোপীভাব ভিন্ন এই ভজনের, শৃঙ্গার-রসোপাসনার অধিকার জন্মে না। পূর্ব্বে যে বাহির ও ভিতরের মিলনের কথা বলিয়াছি, গোপীভাবই সেই মিলনের ভূমি। সন্ধিনী শক্তির কথা বলিয়াছি, থাকা অর্থাৎ অস্তিত্ব এই শক্তির ভাব। আর সংবিৎ বা চিৎ বা জ্ঞান-শক্তির কাজ জানা। কে আছে এবং কে জানিতেছে, সংসারে ইহারই দ্বন্দ্ব চলিতেছে। দ্বন্দ্ব থাকিলেই মিলন থাকিবে, গোপীভাবই সেই

মিলনের ভূমি। কথাটা আর এক দিক দিয়া ঘুরাইয়া বলি। সংসারে চারি প্রকারের ভক্ত আছেন। শ্রীভগবান গীতায় বলিয়াছেন—

চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ॥

আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী এবং জ্ঞানী—এই চারি প্রকার ভক্ত। "ভজন্তে" এই শব্দ হইতেই ইহাদের ভক্তির ইঙ্গিত পাইতেছি। ইহার মধ্যে আর্ত্ত—দুঃখ সন্তপ্ত, পীড়িত; ইষ্ট বিয়োগে শোকাতুর, যে পাইয়া হারাইয়াছে, অর্থাৎ নষ্ট বস্তু পুনঃ-প্রাপ্তির কামনা যাহার হইয়াছে। জিজ্ঞাসু—যে জানিতে চাহে। অর্থার্থী—যে অর্থ বা পরমার্থ চাহে। আর জ্ঞানী—যিনি সেই অদ্বয়জ্ঞানতত্ত্বকে জানিয়াছেন। ইহাদের মধ্যে আর্ত্ত এবং অর্থার্থী প্রায় এক শ্রেণীর, ইহারা বাহিরের। আর জিজ্ঞাসু ও জ্ঞানী—ইহাদের মধ্যে পার্থক্য থাকিলেও শ্রেণীতে ঐক্য আছে, ইহারা ভিতরের। গোপীভাবে তত্ত্বের দিক্ দিয়া এই ভিতর বাহির এক হইলেও গোপীভাব এই দুই স্তর ছাড়াইয়া এক অভিনব সোপানে গিয়া দাঁড়াইয়াছে। উপরের ঐ চারি শ্রেণীর ভক্তই কমবেশী আপনার দিক-টাই দেখিয়াছেন, কেহ বলেন নাই যে, হে আনন্দস্বরূপ তুমি আনন্দিত হও। গোপীগণ সেই কথাই বলিয়াছেন। গোপীগণ দেখিতেছেন বৃন্দাবনে দ্বিতীয় কোন পুরুষ নাই;—তাঁহাদের চক্ষে সুবল, মধুমঙ্গল, নন্দ, উপানন্দ, সকলেই গোবিন্দের সেবক। সকলেই নারী, বৃন্দাবনের মানুষ, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, তৃণ, তরুলতা, নদী, পর্ব্বত, অরণ্য, স্থাবর জঙ্গম, একজনের সুখের জন্যই উন্মুখ। একজনকে কেন্দ্র করিয়াই, একজনের মুখ চাহিয়াই সকলে অধিষ্ঠিত, জীবিত। কবিরাজ গোস্বামী বলিতেছেন—

আর এক অদ্ভুত গোপীভাবের স্বভাব।
বুদ্ধির গোচর নহে যাহার প্রভাব॥
গোপীগণ করে যবে কৃষ্ণ দরশন।
সুখ বাঞ্ছা নাহি সুখ হয় কোটীগুণ॥
গোপীর দর্শনে কৃষ্ণের যে আনন্দ হয়।
তাহা হইতে কোটীগুণ গোপী আস্বাদয়॥
তা সবার নাহি নিজ সুখ অনুরোধ।
তথাপি বাড়িল সুখ পড়িল বিরোধ॥
এ বিরোধের এই এক দেখি সমাধান।
গোপিকার সুখ কৃষ্ণসুখে পর্য্যবসান॥
গোপিকাদর্শনে কৃষ্ণের বাড়ে প্রফুল্লতা।
সে মাধুর্য্য বাড়ে যার নাহিক সমতা॥
আমার দর্শনে কৃষ্ণ পাইল এত সুখ।
এই সুখে গোপীর প্রফুল্ল অঙ্গ মুখ॥
গোপীশোভা দেখি কৃষ্ণের শোভা বাড়ে যত
কৃষ্ণশোভা দেখি গোপীর শোভা বাড়ে তত
এই মত অন্য অন্যে পড়ে হুড়াহুড়ি।
অন্য অন্যে বাড়ে সুখ কেহ নাহি মুড়ি॥
কিন্তু কৃষ্ণের সুখ হয় গোপীরূপগুণে।
তার সুখে সুখ বৃদ্ধি হয় গোপীগণে॥
অতএব এই সুখ কৃষ্ণসুখ পোষে।
এই হেতু গোপীপ্রেমে নাহি কামদোষে॥

* * * *

আর এক গোপীপ্রেমের স্বাভাবিক চিন।
যে প্রকারে হয় প্রেম কামগন্ধহীন॥

গোপীপ্রেম করে কৃষ্ণমাধুর্য্যের পুষ্টি।
মাধুর্য্য বাড়য়ে প্রেমে হয় মহাতুষ্টি ॥
প্রীতি বিষয়ানন্দে তদাশ্রয়ানন্দ।
তাঁহা নাহি নিজ সুখবাঞ্ছার সম্বন্ধ ॥
নিরুপাধি প্রেম যাঁহা তাঁহা এই রীতি।
প্রীতিবিষয়সুখে আশ্রয়ের প্রীতি ॥

* * * *

কামগন্ধহীন স্বাভাবিক গোপীপ্রেম।
নির্ম্মল উজ্জ্বল শুদ্ধ যেন দগ্ধ হেম ॥
কৃষ্ণের সহায়, গুরু, বান্ধব, প্রেয়সী।
গোপিকা হয়েন প্রিয়া, শিষ্যা, সখী, দাসী ॥

প্রশ্ন উঠিতে পারে—কেন এই শৃঙ্গাররসসর্ব্বস্বের উপাসনা করিব? উত্তরে বৈষ্ণবগণ বলেন, আনন্দ লাভের এমন পন্থা আর নাই। পার্থিব আনন্দের মধ্যে যেমন যোষিদানন্দই শ্রেষ্ঠ, তেমনি ভগবদ্-ভজনে এই মধুর ভজনই শ্রেষ্ঠ। বৈষ্ণবগণ এ আনন্দের নিকট ব্রহ্মানন্দকেও তুচ্ছ মনে করেন। এই আনন্দ কি বস্তু কেহ বলিতে পারে না, ইহা মূকা-স্বাদনবৎ। এ আনন্দ অনুভবগম্য। বৈষ্ণব কবি বলিয়াছেন, 'যত যত রসিকজন রস অনুমগন অনুভব কাহু ন পেখ'। কেহ তো দেখে নাই, তবে রসিকের অনুভূতিই জানে, যে রসাস্বাদন কি বস্তু, কি সে অনির্ব্বচনীয় আনন্দ! পূর্ব্বে যে সৎ চিৎ আনন্দের কথা বলিয়াছি, তাহার সঙ্গে জাগ্রত স্বপ্ন সুষুপ্তির কতকটা তুলনা হইতে পারে। আমি আছি, বিশ্ব আছে, ইহাই জাগ্রতের অবস্থা। আমি জানিতেছি, ইহাই স্বপ্নের অবস্থা। ঘুমাইয়া স্বপ্ন দেখি—কিন্তু জাগিয়া এ জ্ঞান হয় যে স্বপ্ন দেখিয়াছি। ইহার পরই সুষুপ্তি—স্বপ্নহীন গাঢ় নিদ্রা।

আনন্দের অবস্থা বুঝাইতে গিয়া অনেকে এই সুষুপ্তির উদাহরণ দেন অবশ্য এই গাঢ় নিদ্রার পরও আমি যে বেশ ঘুমাইয়াছি এ বোধ থাকে। লৌকিক আনন্দেও তেমনি আমি আনন্দিত হইয়াছি এরূপ একটা অনুভূতি থাকে। ইহার পরের অবস্থা তুরীয় নামে কথিত হয়। উপনিষদ্ ব্রহ্মানন্দের উদাহরণ দিতে গিয়া সুষুপ্তির আনন্দের উল্লেখ করিয়াছেন। সুষুপ্তিতে ইন্দ্রিয়ের এবং মনের কোনো কার্য্য থাকে না। কিন্তু কোন বৃত্তিরূপে আকারিত না হইলেও বুদ্ধি বর্ত্তমান থাকে, সেই নির্ম্মল বুদ্ধিতে চিৎ প্রতিবিম্ব স্ফুরিত হয়। তবে বুদ্ধি তখনো মলিন-সত্ত্বপ্রধানা বলিয়া তুরীয়ানন্দের অনুভূতি পায় না। সুষুপ্তির এই অজ্ঞানাবৃত ব্রহ্মানন্দের কথা বুঝাইতে গিয়া উপনিষদ্ জায়াপতির একাত্মতার উদাহরণ দিয়াছেন। বৃহদারণ্যক বলিতেছেন—

"তদ্বা তস্যৈতদতিচ্ছন্দা অপহতপাপমাভয়ংরূপম্। তদ্ যথা প্রিয়য়া স্ত্রিয়া সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদনান্তরমেবায়ং পুরুষঃ প্রাজ্ঞেনাত্মনা সংপরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদনান্তরং তদ্বা অস্যৈতদাপ্তকামমাত্মকামমকামংরূপং শোকান্তরম্।" (৪।৩।২১)

সত্যদ্রষ্টা ঋষি ব্রহ্মানন্দের উপমা দিতে গিয়া আর কিছুই দেখিতে পান নাই! যত পার্থক্যই থাকুক, তবু তিনি যোষিদানন্দের সঙ্গে—শৃঙ্গাররসবিলাসের সঙ্গেই—তাহাকে উপমিত করিয়াছেন। অবশ্য ইহার সঙ্গে গোপীভাবের পার্থক্য আছে। গোপীগণ ভাবানন্দে কেবল যে বাহ্য-আভ্যন্তর বিস্মৃত হইয়াছেন তাহা নহে, তাঁহারা অন্তর বাহির এক করিয়া বলিতেছেন "ভগবান তুমিই আনন্দিত হও! আমাকে ভোগ করিয়া, আমার যাহা কিছু আছে লইয়া তুমি সুখী হও! আমার মধ্যে আসিয়া তুমি উল্লসিত হও! আমার বলিতে তো কিছু নাই, তোমাকে লইয়াই তো আমি, অতএব আমার মধ্যে তোমার যাহা কিছু আছে, তুমি গ্রহণ কর! হে রসস্বরূপ, তোমার যে রসে আমি রসিকা, সে রস

তুমি ভিন্ন আর কাহাকে দান করিব? হে জগদেকনায়ক, তোমাকে পাওয়াইয়াই—তোমার প্রাপ্তিতেই আমাকে সার্থক কর।" "নী" ধাতু প্রাপনে। যিনি প্রাপ্তি করাইয়াছেন, তিনিই নায়ক।

দেড় হাজার বৎসরের পূর্ব্ববর্ত্তী আচার্য্য শঠকোপের কথা পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। রামানুজ সম্প্রদায়ের আচার্য্য পণ্ডিত শ্রীকল্লী নৃসিংহাচার্য্য সংস্কৃত শ্লোক-ছন্দে ইহার সহস্র গীতি প্রকাশ করিয়াছেন। এই গ্রন্থের প্রথম শতক চতুর্থ দশকের কয়েকটি শ্লোকে কান্তাভাবের ইঙ্গিত রহিয়াছে। একটির মর্ম্মানুবাদ—"ওগো পক্ষিগণ, আমার প্রার্থনা প্রভুর নিকট নিবেদন কর। আমি তাঁহাকে ছাড়িয়া থাকিতে পারি না বলিয়াই কি সেই সজল জলদ শ্যাম আমাকে কৃপা করেন নাই। কান্তা তো কান্তের নিকটেই থাকে। তাঁহাকে ইহা নিবেদন কর, এবং আমার নিকটে আনিয়া দাও"। পরম শ্রদ্ধাভাজন আচার্য্য শ্রীযতীন্দ্ররামানুজ দাস মহাশয় বঙ্গাক্ষরে "সহস্র গীতি" (তিরুবায় মোড়ি) প্রকাশ করিয়া বঙ্গ সাহিত্য ভাণ্ডারকে সমৃদ্ধ করিয়াছেন। এজন্য সাহিত্যানুরাগী জনসাধারণ তাঁহার নিকট চিরদিন কৃতজ্ঞ থাকিবে। এই গ্রন্থ হইতে আড়বারগণের নায়িকা ভাবের তিনটি গাথা উদ্ধৃত করিতেছি। মূল উদ্ধার না করিয়া আমি আচার্য্যদেবের অনুবাদ তুলিয়া দিলাম।

নব জলধরকে দেখিয়া বিরহিণী বলিতেছেন—

মিলি গেলা চলি প্রাণ লয়ে ডালি
কৃষ্ণ রূপের খনি।
কমল নয়ন বিম্ব অধর
নিরমল নীলমণি॥
ওরে মেঘ তোর ধনু তার জোড়া ভুরু জনু
ও চপলা অঙ্গ ছটা ভায়।

স্ফুরে শ্যামরূপ মোর দেখিলে রে রূপ তোর
গণি যেন কাল শ্যাম তায় ॥

(৩৫৯পৃঃ—৯।৫।৭)

বিরহিণী নায়িকার ভাবে আড়বার ভ্রমরগণকে দূত প্রেরণ করিতেছেন—

ওরে মধুকরগণ মধু করি আহরণ
যূথে যূথে মগ্ন তোরা সুখের আবেশে।
একাকিনী বিরহিণী ব্যথা পায় এ দুখিনী
মোর বার্ত্তা বহি যারে বঁধুয়ার পাশে।
তিরুমল দিব্য ধাম সুরক্ষিত সেই ঠাম
আমার পরাণ বঁধু বিরাজিছে তথা।
অতসী কুসুম শ্যাম আভরণ অনুপাম
তারে কর নিবেদন মোর যত ব্যথা ॥

(৩৭৪পৃঃ—৯।৭।৮)

আড়বারের গোপীভাবাবেশে উক্তি—

মল্লিকার বাস মলয় বাতাস ক্লেশ দেয় মোরে হায়।
শ্রুতি মনোহর রাগিণীর স্বর বিঁধিতেছে মোরে তায় ॥
সুন্দর সাঁঝ মোহে মোরে আজ রাতুল মেঘের মালা।
বিদ্ধ করিছে চিত্ত আমার হায় হোলো একি জ্বালা ॥
কমল নয়ন সে গোপসিংহ করেছে মুগ্ধ মোরে।
মোর স্তন ভুজ উপবাসী আজ কাঁদিছে তাহারি তরে ॥

(শ্রীকৃষ্ণ যেন গোষ্ঠে গমন করিয়াছেন। তাঁহার অদর্শনে গোপী আকুলা হইয়াছেন।)

(৩৮৪পৃঃ—৯।৯।১)

পৃথিবীর অপরাপর ধর্ম্মসম্প্রদায়ের মধ্যেও এই ভাবের আভাস পাওয়া যায়। য়িহুদী ও খ্রীষ্টীয় ধর্ম্মগ্রন্থ বাইবেলে 'সলোমনের পরমগীত' নামে একটি অংশের মধ্যে দেখিতে পাই—

"তুমি নিজ মুখের চুম্বনে আমায় চুম্বন কর, কারণ তোমার প্রেম দ্রাক্ষারস হইতেও উত্তম। তোমার সুগন্ধি তৈল সৌরভে উৎকৃষ্ট, তোমার নাম সেচিত সুগন্ধিতৈলস্বরূপ। এই জন্য কুমারীগণ তোমায় প্রেম করে। আমাদের আকর্ষণ কর, আমরা তোমার পশ্চাতে দৌড়িব। রাজা আপন অন্তঃপুরে আনিয়াছেন। আমরা তোমাতে উল্লসিত হইব, আনন্দ করিব। দ্রাক্ষারস হইতেও তোমার প্রেমের অধিক উল্লেখ করিব। লোকে ন্যায়তঃ তোমাকে প্রেম করে। আমার প্রিয় আমার কাছে গন্ধরস-তরু-গুচ্ছবৎ, যাহা আমার কুচযুগের মধ্যে থাকে। আমার প্রিয় আমারই,—আমি তাঁহারই।"

মুসলমান সাধকগণের মধ্যে 'মালামৎ' নামে একটি সম্প্রদায় আছে। এই সম্প্রদায়ের কোনো সাধুর মুখে পারস্য কবি সাদীর একটি গজল শুনিয়াছিলাম। গজলটির ভাবার্থ এইরূপ—

"উচ্চ গিরিশিখরের উপরে একটি মন্দির আমি জানি। অতি ধীর পবনও তথায় যাইতে শঙ্কিত হয়। আকাশের অশনি সেই মন্দির হইতে আমার প্রিয়তমার সংবাদ আনিয়া দিবে। সেই শিখর সমতলে আমার পরাণপুতলী আমার সুন্দরী পরী অবস্থিতি করেন। পক্ষী, আমার সংবাদ সেখানে লইয়া যাও। সূর্য্যকিরণও তাঁহার রূপে ম্লান হইয়া যায়। তিনি যদি দয়া করিয়া সুধান—বলিও, প্রাণ দিয়াও আমি তাঁহার করুণা ভিক্ষা করি। বলিও, হে সুন্দরি তুমি সর্ব্বদাই আছ আবার নাই, এই দ্বন্দ্বের মধ্যে নিশিদিন তোমার মধুর স্মৃতি আমার হৃদয়পথে গতাগতি করে। তোমায় দেখিতে পাই না এ দুঃখ রাখিবার স্থান নাই। তুমি দয়া না করিলে আমার এমন কি যোগ্যতা যে

তোমায় দেখিব? তোমার অকৃপার অনল আমার পথরোধ করে। বলিও আমি মরুভূমির মধ্যে পড়িয়া, পিপাসায় ওষ্ঠাগত প্রাণ, আর তুমি কিনা নিশ্চিন্তে নিদ্রা যাইতেছ। আমি তোমার স্বপ্ন দেখি—শুধু তোমারই মাত্র।

"বলিও, আমি তোমারই, আমায় দয়া করিয়া ভালবাস, আর নয়তো তোমার প্রতি আমার প্রেম হৃদয় হইতে কাড়িয়া লও। বলিও, সৌন্দর্য্যময়ি! কি তোমার রূপ, ঘোমটার ভিতর হইতেও তোমার মুখকান্তি আমায় আপ্যায়িত করিতেছে।

"যদি জিজ্ঞাসা করেন, সাদী কে? তাহার কি যোগ্যতা যে আমার প্রেমের কথা কয়? বলিও সাদী তোমার ক্রীতদাস, সাদী অন্তরে বাহিরে তোমারই একান্ত অনুগত ভক্ত সেবক।"

মুসলমান সুফী সম্প্রদায়ের সাধক ও কবিগণের নাম জগদ্বিখ্যাত। খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীতে সুফীদের মতবাদ সুগঠিত ও প্রচারিত হইতে আরম্ভ হয়। সাদী তাঁহাদেরই একজন। সুফীগণ শিয়াসম্প্রদায়ভুক্ত। কবি যেন প্রণয়ী ভাবে ঈশ্বরের ভজনা করিতেছেন। বঙ্গীয় মুসলমান-সম্প্রদায়ের মধ্যে মার্ফতী নামে একটি সম্প্রদায় বৈষ্ণবগণের মত নাগরীভাবেই ভগবানের ভজনা করিয়া থাকেন। অবশ্য তাঁহাদের সাধনপ্রণালী এবং ভাব সম্পূর্ণ পৃথক্।

ভক্ত সাধক কবীর বলিতেছেন—

নৈহরবা হমকো নহি ভাবে।
সাঁঈ কী নগরী পরম অতি সুন্দর
জহঁ কোই জায় ন আবে॥
চাঁদ সূরজ জহঁ পবন ন পানী
কো সন্দেশ পঁহুছাবে।

দরদ মহ সাঁঈ কো শুনাবে ॥
আগ চল পংথ নাহি সূঝৈ
রাহ ন ঠহরণ যাবে।
কেহি বিধি সাঁঈ ঘর জাউ মোরী সজনী,
বিরহ জোর জনাবে ॥
বিন সাঁঈ ঐসন নহি কোঈ
জো য়হ রাহ বতাবে।
কহত কবীর সুনো ভাই প্যারে
কৈসে পীতম পাবে ॥
তপন য়হ জিয় কে বুঝাবে ॥
(শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেন কৃত সংস্করণ হইতে)

"সখি, আর তো ভালো লাগে না। আমার স্বামীর দিব্য নগরী অতি সুন্দর, সেখানে কেহ গেলে আর ফেরে না।—সেখানে চন্দ্র সূর্য্য বায়ু জলও যাইতে পারে না—কে বার্ত্তা পেঁছাইয়া দিবে? আমার দরদ স্বামীকে শুনাইবে? আগে চলিব কি, পথ চিনি না, অথচ পথে থামিতেও পারিতেছি না। সজনি, কি উপায়ে স্বামিগৃহে যাইব? বিরহ বাড়িতেছে। স্বামী বিনা এমন কেহ নাই যে পথের সন্ধান বলিয়া দিবে। কবীর কহিতেছে, শুন ভাই প্রিয়, কিরূপে প্রিয়তমকে পাইব, তপ্ত-জীউকে শান্ত করিব?"

জানিয়া হউক, না জানিয়া হউক, পৃথিবীর ভিন্ন ভিন্ন ধর্ম্মাবলম্বী বহু সাধক এই পথের পথিক হইয়াছেন। কিন্তু পথ এক হইলেও গৌড়ীয় বৈষ্ণব-ধর্ম্মের এই ধারা, এই ভাব সম্পূর্ণ অভিনব। ভগবানকে এমন করিয়া আপনার জন বলিয়া বুঝি বা আর কেহ ভাবে নাই, এমন প্রীতির বাঁধনে বুঝি আর কেহ বাঁধে নাই। গীতায় শ্রীভগবান

বলিয়াছিলেন—"যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্"; কিন্তু গোপীভাবে মুগ্ধ হইয়া রাসোৎসবের শেষে শ্রীমদ্ভাগবতে তিনি বলিলেন—

ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং
স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ।
যা মাঽভজন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ
সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা॥ (১০।৩২।২২)

"নিরুপাধি ভজনপরায়ণা মুগ্ধে।
রে সখি! যে মহাভাব বৈদগ্ধ্যে॥
দুর্জ্জর আবাস শৃঙ্খল করি ভঙ্গ।
নিরমল রাগে দান দেয়লি সঙ্গ॥
তুয়া সবাকার ও নিজ সাধুকৃত্য।
সবা সাধু স্বভাবে সফল হউ নিত্য॥
যো যৈছে ভজে হাম ভজিব সোরূপ।
সো নিজ মুখবাণী ভৈ বৈরূপ॥
মর্ত্তে লভিয়ে যদি দেব পরমাই।
হেন প্রীতি পরিশোধে পন্থ না পাই॥
অশকত প্রতিদানে মুই প্রেমাধীন।
রহি গেল সবা পাশ মঝু গুরু ঋণ॥"

যোগমায়া

যাঁহারা কৃষ্ণলীলা বিশেষতঃ শ্রীভগবানের রাসলীলা অথবা পরকীয়াবাদ প্রভৃতি লইয়া আলোচনা করেন, সর্ব্বপ্রথমে তাঁহাদের পক্ষে "যোগমায়া" তত্ত্বটি জানা একান্ত প্রয়োজনীয়। এতদ্ভিন্ন শৈব ও শাক্তগণের পক্ষেও এ-তত্ত্ব আলোচনার আবশ্যকতা রহিয়াছে। মার্কণ্ডেয়পুরাণে এই তত্ত্ব বিশদরূপে বিবৃত হইয়াছে। চণ্ডীতে ঋষি বলিয়াছেন :—

স বিদ্যা পরমা মুক্তেহেঁতুভূতা সনাতনী।
সংসারবন্ধহেতুশ্চ সৈব সর্ব্বেশ্বরেশ্বরী॥

সেই সনাতনী পরমাবিদ্যারূপে মুক্তির হেতুভূতা। আবার সেই সর্ব্বেশ্বরেশ্বরীই অবিদ্যারূপে সংসার-বন্ধনের কারণ। অন্যত্র—

তন্নাত্র বিস্ময়ঃ কার্য্যো যোগনিদ্রা জগৎপতেঃ।
মহামায়া হরেশ্চৈতত্তয়া সম্মোহ্যতে জগৎ॥ ১ অধ্যায় ৪৪

এই মহামায়া জগৎপতি হরিরও যোগনিদ্রা স্বরূপিণী। সুতরাং তাঁহার জগৎমোহন বিস্ময়ের কার্য্য নহে। চণ্ডীতে এই দেবী বহুবার বৈষ্ণবী-রূপে কথিতা হইয়াছেন। ত্রয়োদশ অধ্যায়ে ১ম শ্লোকে ঋষি ইঁহাকে বিষ্ণুমায়া বলিয়া উল্লেখ করিয়াছেন।

শ্রীমদ্ভগবদ্গীতায় ইঁহার মায়া ও যোগমায়া এই দুইটি নাম পাওয়া যায়। শ্রীভগবান বলিয়াছেন—এই গুণময়ী দৈবী মায়া 'দুরত্যয়া'; যে

আমার শরণাগত হয়, সেই এই মায়া অতিক্রম করে (৭ অধ্যায় ১৪ শ্লোক)। যোগমায়া-সমাবৃত থাকায় সকলে আমার প্রকাশ দেখিতে পায় না। মূঢ় লোকে আমাকে 'অজ' এবং 'অব্যয়' বলিয়া জানিতে পারে না (৭ম অধ্যায়, ২৫ শ্লোক)। চণ্ডীতে এই দেবী প্রধানতঃ মহামায়া নামেই কথিতা হইয়াছেন, কিন্তু শ্রীমদ্ভাগবতে ইনি বিষ্ণুমায়া, যোগমায়া, এবং মহামায়া এই তিন নামেই পরিচিতা। শ্রীমদ্ভাগবতে মায়া শব্দও আছে। বিষ্ণুমায়া—(১০ম স্কন্ধ ১ম অঃ ২৫); যোগমায়া—(১০ম, ২অঃ, ৬)।

কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ॥ (১০ম ২২অঃ, ৪)

নন্দগোপনন্দনকে পতিরূপে প্রাপ্তিকামনায় গোপীগণ যাঁহার উপাসনা করিয়াছিলেন, মহারাসলীলার প্রারম্ভে শ্রীভগবান তাঁহারই মূলস্বরূপকে, সর্ব্বশ্রেষ্ঠ প্রকাশকে সমীপে গ্রহণ করিলেন।

ভগবানপি তা রাত্রীঃ শারদোৎফুল্লমল্লিকাঃ।
বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ॥
(১০ম, ২৯অঃ, ১ শ্লোক)

এই যোগমায়া দেবীকে রাসের—তথা শ্রীকৃষ্ণলীলার অধিষ্ঠাত্রী দেবী বলিতে পারা যায়। চণ্ডীতে যে অবিদ্যা ও যোগনিদ্রার উল্লেখ পাইয়াছি, তাহাকে মায়া, মহামায়া ও যোগমায়া নামে অভিহিতা করিতে পারি। অবিদ্যা সংসারবন্ধনের হেতু, বিদ্যা সর্ব্বসম্পদ্দাত্রী, অভীষ্টদায়িনী, মোহমুক্তির হেতুস্বরূপা। আর যোগমায়া—রসভাবের

সেবিকা, রসভাবের পরিপালিকা এবং রসভাবের,—আনন্দব্রহ্মের অনুভূতি প্রদানের সামর্থ্যে সর্ব্বাধিকা। শ্রীভগবান রাসলীলায় ইঁহাকেই সহকারিণীরূপে গ্রহণ করিয়াছিলেন। নারদপঞ্চরাত্রে শ্রুতিবিদ্যা-সংবাদে এই দেবীর পরিচয় এইরূপ—

জানাত্যেকা পরা কান্তং সৈব দুর্গা তদাত্মিকা।
যা পরা পরমা শক্তির্মহাবিষ্ণুস্বরূপিণী॥
যস্যা বিজ্ঞানমাত্রেণ পরাণাং পরমাত্মনঃ।
মুহূর্ত্তাদেব দেবস্য প্রাপ্তির্ভবতি নান্যথা॥
একেয়ং প্রেমসর্ব্বস্বস্বভাবা গোকুলেশ্বরী।
অনয়া সুলভো জ্ঞেয় আদিদেবোঽখিলেশ্বরঃ॥
ভক্তির্ভজনসম্পত্তির্ভজতে প্রকৃতিঃ প্রিয়ম্।
জ্ঞায়তেঽত্যন্তদুঃখেন সেয়ং প্রকৃতিরাত্মনঃ॥
দুর্গেতি গীয়তে সদ্ভিরখণ্ডরসবল্লভা।
অস্যা আবরিকা শক্তির্মহামায়াঽখিলেশ্বরী॥
যয়া মুগ্ধং জগৎ সর্ব্বং সর্ব্বদেহাভিমানিনঃ॥

ইহা হইতে বুঝিতে পারা যায়—শ্রীদুর্গা শ্রীভগবানের চিন্ময়ী শক্তি। ইঁহার অপর নাম একা বা একানংশা। পরমাশক্তিময়ী এই মহাবিষ্ণুস্বরূপিণী শ্রেষ্ঠাশক্তি। এই প্রেম-সর্ব্বস্ব-স্বভাবা, গোকুলাধিষ্ঠাত্রীকে জানিতে পারিলে অখিলেশ্বর আদিদেবকে সহজেই প্রাপ্ত হওয়া যায়। এই অখণ্ড-রসবল্লভা দুর্গার আবরিকা-শক্তি অখিলেশ্বরী মহামায়া সমস্ত জগৎকে, সকল দেহাভিমানী জীবকে মুগ্ধ করেন।

চণ্ডীতে দেবী নিজ মুখেই বলিয়াছেন—“নন্দগোপগৃহে জাতা-

যশোদাগর্ভসম্ভবা"—আমি নন্দগোপগৃহে যশোদা গর্ভে জন্মগ্রহণ করিব। শ্রীমদ্ভাগবত ইঁহাকেই বিষ্ণুর অনুজা বলিয়াছেন। ইঁহারই নাম একানংশা। অনেকে ইঁহাকেই যোগমায়া বলেন। জগন্নাথ ও বলদেবের মধ্যবর্ত্তিনী এই দেবীকে অনেকেই সুভদ্রা নাম দিয়া ভ্রমাত্মক উক্তি করেন।

মায়ার কার্য্য "বিমুখমোহন"। জীবকে ভগবদ্‌বিমুখ করিয়া মমতা-বর্ত্তে মোহগর্ত্তে নিক্ষেপ করাই তাঁহার কাজ। মহামায়া বা বিদ্যার কার্য্য—"উন্মুখমোহন"। সংসার হইতে, বিষয়াসক্তি হইতে মুক্ত করিয়া জীবকে ভগবদভিমুখী করিতে তিনি ভিন্ন আর কেহ নাই। আর শ্রীভগবানের শক্তিগণকে, তাঁহার পরিকরগণকে, এমন কি স্বয়ং শ্রীভগবানকে মুগ্ধ করিতে একমাত্র যোগমায়াই সমর্থা। এই মুগ্ধতাই শ্রীভগবানের লীলা। এই মুগ্ধতা তিনি স্বেচ্ছায় স্বীকার করিয়া লইয়াছেন।

শ্বেতাশ্বতর উপনিষদে মায়া প্রকৃতি নামে অভিহিতা হইয়াছেন: "মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনং তু মহেশ্বরম্"। ঈশোপনিষদে অবিদ্যা ও বিদ্যা এই দুইটি নাম পাওয়া যায়। বলিতেছেন—(১১শ শ্লোক)

বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ।
অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে॥

ঈশোপনিষদ্ বিদ্যা ও অবিদ্যা উভয়কেই যুগপৎ জানিতে বলিয়াছেন। অবিদ্যাকে জানিলে সংসারবন্ধন ঘটিবে না। তাহার দ্বারা মৃত্যু উত্তীর্ণ হইয়া বিদ্যার দ্বারা অমৃতত্ব লাভ করিতে হইবে। আমাদের মতে অতঃপর অর্থাৎ অমৃতত্বপ্রাপ্তির পর অখণ্ড রসবল্লভার দর্শন মিলিবে এবং

তিনিই সচ্চিদানন্দ বিগ্রহের সান্নিধ্য দান করিবেন। অবিদ্যা ও বিদ্যাকে অতিক্রম করিয়াই রসস্বরূপের অনুভূতি লাভ হইবে। ঈশোপনিষদ্ অবিদ্যা ও বিদ্যা, অসম্ভূতি ও সম্ভূতি, দুইয়েরই পৃথক্ উপাসনার নিন্দা করিয়াছেন। উভয়কে একত্রে জানিবার কথাই বলিয়াছেন।

এই যোগমায়াই শ্রীদুর্গা, শ্রীকৃষ্ণের অন্তরঙ্গা শক্তি। শ্রীপাদ জীব গোস্বামী ভাগবত-সন্দর্ভে গৌতমীয় কল্পের বচন উদ্ধার করিয়া তাহার প্রমাণ দিয়াছেন :

যঃ কৃষ্ণঃ সৈব দুর্গা স্যাৎ যা দুর্গা কৃষ্ণ এব সঃ।
অনয়োরন্তরাদর্শী সংসারোন্নো বিমুচ্যতে॥

কৃষ্ণ ও দুর্গার তত্ত্বতঃ কোন ভেদ নাই। "ব্রহ্মসংহিতা" এই রহস্যের ইঙ্গিত দিয়াছেন (১১শ শ্লোক)—

"মায়য়া রমমাণস্য ন বিয়োগস্তয়া সহ।
আত্মনা রময়া রেমে ত্যক্তকালং সিসৃক্ষয়া॥"

মায়ার সহিত তাঁহার বিয়োগ নাই, তিনি মায়া সহ সর্ব্বদাই রমণরত। তাঁহার ইচ্ছায় সৃষ্টিকাল সমাগমে তিনি আত্মশক্তি রমার সহিত রমণ করেন। এখানে মায়া শব্দে রমাকেই লক্ষ্য করা হইয়াছে। রমা সঙ্গে তিনি নিয়ত বিহারশীল বলিয়াই রমার অপর নাম নিয়তি—"নিয়তিঃ সা রমা দেবী তৎ প্রিয়া তদ্বশং সদা।" ব্রহ্মসংহিতা মায়ার সঙ্গে প্রকৃতির পার্থক্য রাখিয়াছেন। বলিয়াছেন—

"এবং জ্যোতির্ম্ময়ো দেবঃ সদানন্দঃ পরাৎপরঃ।
আত্মারামস্য তস্যাস্তি প্রকৃত্যা ন সমাগমঃ॥ (১০)

প্রকৃতি হইতে তিনি নির্লিপ্ত, প্রকৃতির সহিত সেই আত্মারামের কোন সাক্ষাৎ সম্বন্ধ নাই। শ্রীমদ্‌ভগবদ্‌গীতায় প্রকৃতির বেশ পরিষ্কার বিশ্লেষণ আছে। শ্রীদুর্গাই রূপভেদে প্রকৃতি বা মহামায়া ও যোগমায়া নামে অভিহিতা হন। যোগমায়া রূপই শ্রীদুর্গার প্রকৃত স্বরূপ। মহামায়া ও মায়া ইঁহারই অংশরূপা।

কালিকা পুরাণ ষষ্ঠ অধ্যায়ে বিষ্ণুমায়া ও মহামায়ার পৃথক্ বর্ণনা আছে। যিনি যোগিগণের মন্ত্র-মর্ম্মোদ্‌ঘাটনে তৎপরা, পরমানন্দ-স্বরূপা, সত্ত্ব-বিদ্যা,—তাঁহাকেই জগন্ময়ী বলা হয়। ইনিই বিষ্ণু মায়া। * * * যিনি পুনঃ পুনঃ জীবকে ক্রোধ মোহ লোভ মধ্যে নিক্ষেপ পূর্ব্বক কাম সাগরে নিমজ্জিত করিয়া আমোদযুক্ত ও ব্যসনযুক্ত করেন, তিনিই মহামায়া।

পূর্ব্বেই উল্লেখ করিয়াছি, শ্রীকৃষ্ণ-পরিকরগণকে এমন কি শ্রীকৃষ্ণকে মুগ্ধ করাই যোগমায়ার কার্য্য। তাহার উদাহরণ দিতেছি। শ্রীকৃষ্ণের চাঞ্চল্যে ব্রজের গোপ-গোপীগণ ব্যস্ত হইয়া পড়িয়াছেন। এমনই এক-দিন বলরামাদি গোপবালকগণ আসিয়া যশোদাকে বলিলেন, "শ্রীকৃষ্ণ মাটি খাইয়াছে।" যশোদা এই কথা শুনিয়া ভীতা হইয়া শ্রীকৃষ্ণের হাত ধরিয়া তিরস্কার করিলেন। শ্রীকৃষ্ণ বলিলেন—আমি মাটি খাই নাই, উহারা মিথ্যা কথা বলিয়াছে। যশোদা বলিলেন "তবে হাঁ কর, দেখি"। এই কথা শুনিয়া যশোদানন্দন মুখ ব্যাদান করিলেন। যশোদা শ্রীকৃষ্ণের জঠর মধ্যে শ্রীবৃন্দাবনসহ দ্বীপ-পর্ব্বত-সমুদ্র সমন্বিত বিশ্বের বিশাল রূপ দেখিতে পাইলেন। তিনি আপনাকেও দেখিলেন, দেখিয়া আশ্চর্য্যান্বিত হইলেন। ভাবিলেন "এ কি স্বপ্ন, না দেবমায়া, না আমার বুদ্ধিভ্রম, অথবা ইহা আমার পুত্রেরই কোন ঐশ্বর্য্য।" তিনি নারায়ণকে প্রণাম করিয়া বলিলেন, "আমি যশোদা, গোপরাজ নন্দ আমার পতি, কৃষ্ণ আমার পুত্র, আমি ব্রজেশ্বরের অখিল বিত্তের অধিকারিণী পত্নী,

গোধনাদি সহ ব্রজের গোপগোপী আমার অধিকৃত, যাঁহার মায়ায় আমার এই মন্দ মতি হইয়াছে, তিনিই আমার একমাত্র আশ্রয়।"

ইত্থং বিদিততত্ত্বায়াং গোপিকায়াং স ঈশ্বরঃ।
বৈষ্ণবীং ব্যতনোন্মায়াং পুত্রস্নেহময়ীং বিভুঃ॥

গোপী যশোদার এইরূপ তত্ত্বজ্ঞানের উদয় হইলে শ্রীভগবান পুত্রস্নেহময়ী আপন বৈষ্ণবী মায়া বিস্তার করিলেন। বেদ, শ্রুতি, সাংখ্য, যোগ এবং পঞ্চরাত্রাদিতে যাঁহার মাহাত্ম্য কীর্ত্তিত হয়, অতঃপর যশোদা সেই হরিকে পুত্রজ্ঞান করিলেন। এই সমস্ত কার্য্যে যোগমায়া ভিন্ন অপর কেহ সমর্থা নহেন। কিন্তু তাঁহার প্রধান কার্য্য শ্রীকৃষ্ণের সঙ্গে রাধা-সনাথা ব্রজগোপীগণের মিলন সাধন। দার্শনিকগণ মায়াকে অঘটন-ঘটন-পটীয়সী বলিয়া উল্লেখ করিয়াছেন। জগতের সর্ব্বাপেক্ষা অঘটন-ঘটন-পটুতা মহারাসলীলায় শ্রীকৃষ্ণকে মুগ্ধ করা, শ্রীরাধা আদি গোপী-গণকে মুগ্ধ করা। অধর্ম্মের অভ্যুত্থান দূরীভূত করিয়া ধর্ম্মসংস্থাপনের জন্য যাঁহার আবির্ভাব, সেই সচ্চিদানন্দবিগ্রহ আপন আনন্দাংশ-ঘনীভূতা হ্লাদিনী মূর্ত্তি শ্রীরাধাকে পরবধূরূপে গ্রহণ করিয়াছেন। আর শ্রীরাধাও সেই জগৎপতিকে পরপুরুষ ভাবিয়াছেন, তাঁহার সঙ্গে জার-বুদ্ধিতে সঙ্গতা হইয়াছেন। ইহা অপেক্ষা অঘটন আর কি হইতে পারে? ইহাই যোগমায়ার অঘটন-ঘটন-পটীয়সী শক্তির সর্ব্বশ্রেষ্ঠ পরিচয়। এই জন্যই কৃষ্ণলীলা আলোচনা করিবার পূর্ব্বে যোগমায়ার তত্ত্ব আলোচনা করা অবশ্য কর্ত্তব্য। এই রহস্য জানিতে হইলে প্রসন্ন অন্তঃকরণে সাধনা আবশ্যক। পূর্ব্বাচার্য্যগণের পদাঙ্ক অনুসরণপূর্ব্বক তাঁহাদের বাণী-রূপের মর্ম্মগ্রহণ আবশ্যক। গীতায় শ্রীভগবান বলিয়াছেন, মূঢ় লোকে যোগমায়া-সমাবৃত আমাকে জানিতে পারে না। সুতরাং সর্ব্বাগ্রে

আমাদিগকে যোগমায়ার উপাসনা করিতে হইবে। শ্রীমদ্ভাগবত বলিতেছেন—

যন্মর্ত্ত্যলীলৌপয়িকং স্বযোগমায়াবলং দর্শয়তা গৃহীতম্।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ পরং পদং ভূষণভূষণাঙ্গম্॥
(৩।২।১২)

"আপন যোগমায়ার শক্তিপ্রদর্শন জন্য শ্রীকৃষ্ণ মর্ত্ত্যলীলার উপযুক্ত যে মূর্ত্তি গ্রহণ করিয়াছিলেন, সৌভাগ্যের ললামভূত সেই মূর্ত্তি যেন ভূষণেরও ভূষণ স্বরূপ ছিল এবং তিনি নিজেই সেই মূর্ত্তি দেখিয়া বিস্মিত হইয়াছিলেন।"

ইহাই যোগমায়ার, সেই অখণ্ড রস-বল্লভার সর্ব্বশ্রেষ্ঠ কীর্ত্তি। তিনি এমন রূপকে নিত্যলীলা হইতে প্রকাশিত করিয়াছিলেন, যে রূপ দেখিয়া আপনার স্বরূপে স্বয়ং বিশ্বরূপও বিস্মিত হইয়াছিলেন। কবি-রাজ গোস্বামী বর্ণনা করিতেছেন—শ্রীমন্মহাপ্রভু শ্রীপাদ সনাতনকে বলিয়াছিলেন—

কৃষ্ণের যতেক খেলা সর্ব্বোত্তম নরলীলা
নরবপু তাঁহার স্বরূপ।
গোপবেশ বেণুকর নব কিশোর নটবর
নরলীলার হয় অনুরূপ॥
কৃষ্ণের মধুর রূপ শুন সনাতন।
যে রূপের এক কণ ডুবায় সব ত্রিভুবন
বিশ্বপ্রাণী করে আকর্ষণ॥
যোগমায়া চিচ্ছক্তি বিশুদ্ধ সত্ত্ব পরিণতি
তার শক্তি লোকে দেখাইতে।

এই রূপ রতন ভক্তগণের গূঢ়ধন
প্রকট কৈলা নিত্যলীলা হৈতে ॥
রূপ দেখি আপনার কৃষ্ণের হয় চমৎকার
আস্বাদিতে মনে উঠে কাম।
স্বসৌভাগ্য যার নাম সৌন্দর্য্যাদি গুণগ্রাম
এই রূপ তার নিত্যধাম ॥

এই যোগমায়ার অপর নাম পৌর্ণমাসী। অঙ্গিরা-পত্নী শ্রদ্ধার গর্ভে সিনীবালী ও কুহূ এবং রাকা ও অনুমতি নামে চারিটি কন্যা হয় (শ্রীমদ্ভাগবত ৪র্থ স্কন্ধ, ১ম অধ্যায়)। রাকা রজনীর নাম পৌর্ণমাসী। এই রাকা রজনীতেই রাসলীলা অনুষ্ঠিত হয়। সত্ত্বস্বরূপিণী যোগমায়া দেবীই রাসের অধিষ্ঠাত্রী। কৃষ্ণলীলার প্রকাশিকা বলিয়াই ইনি পৌর্ণমাসী বলিয়া অভিহিতা।

অপ্রকটলীলায় যোগমায়ার প্রয়োজনীয়তা থাকে না। সে লীলায় ইনি শ্রীরাধার স্বরূপেই অবস্থিতি করেন। প্রকট লীলায় শ্রীরাধার অংশরূপে যোগমায়া রাধাকৃষ্ণ প্রেমলীলার সাহায্যকারিণী।

সম্মোহন তন্ত্রের নিম্নোক্ত বচন অনুসরণ করিয়া—

যন্নাম্নানাম্নি দুর্গাঽহং গুণৈর্গুণবতী হ্যহম্।
যদ্বৈভবান্মহালক্ষ্মী রাধা নিত্যাপরাঽদ্বয়া ॥

সহজিয়াগণ বলেন যোগমায়া নিত্যরাধা। বৃন্দাবনে বৃষভানুনন্দিনী প্রেমরাধা, মথুরায় কুব্জা কামরাধা। ইঁহাদের মতের সঙ্গে আচার্য্যগণের মতের পার্থক্য থাকিলেও এই সম্প্রদায়-প্রচলিত অমৃততন্ত্র নামক গ্রন্থ হইতে যোগমায়ার ধ্যান উদ্ধৃত করিয়া দিলাম—

পীতবস্ত্রপরীধানাং বংশযুক্তকরাম্বুজাম্।
কৌস্তুভোদ্দীপ্তহৃদয়াং বনমালাবিভূষিতাম্॥
শ্রীকৃষ্ণক্রোড়পর্য্যঙ্কনিলয়াং পরমেশ্বরীম্।
সর্ব্বলক্ষ্মীময়ীং দেবীং পরমানন্দনন্দিতাম্॥
রাসপ্রিয়াং নিত্যারাধাং কৃষ্ণানন্দস্বরূপিণীম্।
যোগমায়াং ভজেদ্ দেবীং পূর্ণানন্দমহোদধিম্॥

শ্রীকৃষ্ণলীলার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ লীলা রাসলীলা। গোপীযূথ-পরিবৃতা মহাভাবময়ী বৃষভানুনন্দিনীর পদাঙ্কানুসরণে শ্রীভগবানের সঙ্গে ভক্তের সুমধুর মিলনলীলা। দেবী দুর্গা—অখণ্ড রসবল্লভা যোগমায়া এই লীলার সাহায্যকারিণী। আমরা তাঁহাকে প্রণাম করি।

২১

শ্রীগীতগোবিন্দে বিরহ ও মিলন

শ্রীগীতগোবিন্দের বিরহ—ক্ষণিক বিরহ। অভিমানিনী শ্রীরাধা অপরা গোপীগণের প্রতি শ্রীকৃষ্ণের সমান প্রীতি দেখিয়া বামা স্বভাব বশত মান করিয়াছেন। শ্রীকৃষ্ণ সঙ্গ ত্যাগ করিয়া রাসমণ্ডল হইতে চলিয়া আসিয়াছেন। কিন্তু এই বিরহের তীব্রতাই এত যে শ্রীরাধা-কৃষ্ণ উভয়েই সমান সন্তাপিত হইয়াছেন।

শ্রীরাধা বলিতেছেন—শ্রীকৃষ্ণ আমাকে ত্যাগ করিয়া অন্যা যুবতী-গণকে লইয়া বিহারে মাতিয়াছেন, সখি তথাপি আমি তাঁহাকেই

কামনা করিতেছি। মন ভ্রমেও ক্রোধকে স্থান দিতেছে না, অপিচ তাঁহারই গুণগ্রামই গণনা করিতেছে। অন্তর দোষ সমূহকে পরিহার পূর্ব্বক তাঁহার স্মরণেই তৃপ্তিলাভ করিতেছে। মন আমার বশীভূত নয়, আমি কি করিব?

(২য় সর্গ, গীত সং ৬)

তৃতীয় সর্গের সপ্তম সংখ্যক গীত শ্রীকৃষ্ণের বিলাপগীতি। শ্রীকৃষ্ণ বলিতেছেন শ্রীরাধার অভাবে আমার ধনে জনে জীবনে এবং গৃহে কি কাজ? আবার বলিতেছেন আমি তো তাহার সহিত অনুক্ষণ সম্মিলিত রহিয়াছি, তবে কেন এই বৃথা বিলাপ, কেন এই বনে বনে অনুসরণ? এই সর্গের পঞ্চদশ শ্লোকে রাধাচিন্তায় সমাধিমগ্ন শ্রীকৃষ্ণের তন্ময়তার চিত্র বর্ণিত হইয়াছে।

চতুর্থ সর্গ শ্রীরাধার বিলাপে পরিপূর্ণ। শ্রীরাধা শ্রীকৃষ্ণ বিরহে মৃত্যু নিশ্চিত জানিয়া পরজন্মে শ্রীকৃষ্ণকে পাইবার কামনায় হরি হরি জপ করিতেছেন। ষষ্ঠ সর্গে বিরহের অপরূপ তন্ময়তায় কৃষ্ণময় হইয়া গিয়াছেন। শ্রীকৃষ্ণের ন্যায় বেশ ভূষণ ধারণ পূর্ব্বক 'আমিই কৃষ্ণ' এইরূপ মনে করিয়া নিজেকেই বারম্বার দেখিতেছেন। বিরহের চরম অবস্থা।

শ্রীকৃষ্ণের অনেক সাধ্য সাধনায় শ্রীরাধার মান অপনোদিত হইয়াছে। সখীগণের অনুনয়ে এবং প্রবোধ বাক্যে শ্রীরাধা আশঙ্কা এবং আনন্দে গোবিন্দের প্রতি কটাক্ষ নিক্ষেপ পূর্ব্বক মনোহর নূপুর ধ্বনি করিতে করিতে কুঞ্জ গৃহে প্রবেশ করিলেন। শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে দেখিয়া

রাধাবদন বিলোকন বিকশিত বিবিধ বিকার বিভঙ্গম্।
জলনিধিমিব বিধুমণ্ডল দর্শন তরলিত তুঙ্গ তরঙ্গম॥

শ্রীরাধার মুখাবলোকনে চির অভিলষিত বিলাস সাধ পূর্ণ হইবার সম্ভাবনায় তদেক প্রেমনিষ্ঠ শ্রীহরির বদন চন্দ্রমণ্ডল দর্শনে উদ্বেলিত উত্তাল তরঙ্গ সঙ্কুল জলনিধির মত হর্ষাতিশয়ে অনঙ্গাবেশে বিবিধ সাত্ত্বিক বিকারে বিভূষিত হইল।

যেমন বিরহ, তেমনই মিলন। জয়দেব সমৃদ্ধিমান সম্ভোগের বর্ণনায় কাব্য সম্পূর্ণ করিয়াছেন।

২২

শ্রীগীতগোবিন্দে ছন্দ

অধ্যাপক শ্রীসুধীভূষণ ভট্টাচার্য এম-এ লিখিত

জয়দেবের 'গীতগোবিন্দ' সংস্কৃতে লেখা দ্বাদশ সর্গে বিভক্ত একটি গীতি-কাব্য। ইহাতে ৮০টি শ্লোক ও ২৪টি গীত আছে। ইহাদের মধ্যে ৭৭টি শ্লোক বিভিন্ন বৃত্তছন্দে, একটি শ্লোক জাতিছন্দে ও অবশিষ্ট ২টি শ্লোক ও ২৪টি গীত অপভ্রংশ ছন্দে রচিত। আমরা প্রথমে জয়দেবের সংস্কৃত ছন্দ ও পরে তাঁহার অপভ্রংশ ছন্দ সম্বন্ধে আলোচনা করিব।

জয়দেব সংস্কৃত ছন্দ অর্থাৎ বৃত্তছন্দ রচনায় বিশেষ নৈপুণ্যের পরিচয় দিয়াছেন। গীতগোবিন্দের কয়েকটি শ্লোকে শিখরিণী, শার্দূল-বিক্রীড়িত, পুষ্পিতাগ্রা, উপেন্দ্রবজ্রা ও স্রগ্ধরা—এই কয়টি সংস্কৃত ছন্দের উল্লেখ পাওয়া যায়। শ্লোকগুলি যে ঐ সকল ছন্দে রচিত ইহা বুঝাইবার জন্য কবি ছন্দের নাম কৌশলে শ্লোকগুলিতে ব্যবহার করিয়াছেন। দৃষ্টান্ত স্বরূপ একটি শ্লোক উদ্ধৃত করা যাইতে পারে।

ইহাতে কবি কিরূপ কৌশলে ছন্দের নামটি (শিখরিণী) ব্যবহার করিয়াছেন, তাহা লক্ষ্য করিবার বিষয়:

দুরালোকঃ স্তোকস্তবক নবকাশোক লতিকা
বিকাশঃ কাসারো পবন পবনোঽপি ব্যথয়তি।
অপি ভ্রাম্যদ্ভৃঙ্গী রণিত রমণীয়া ন মুকুল-
প্রসূতিশ্চূতানাং সখি শিখরিণীয়ং সুখয়তি॥

(২, ২০, পৃষ্ঠা—৪৩)

শার্দূলবিক্রীড়িত ছন্দ ভবভূতির ন্যায় জয়দেবেরও প্রিয় ছন্দ ছিল বলিয়া মনে হয়। তাঁহার রচিত ৭৭টি সংস্কৃত ছন্দোবন্ধের মধ্যে ৩৭টিই এই ছন্দে রচিত। গীতগোবিন্দে কোন্ ছন্দ কতবার ব্যবহৃত হইয়াছে, তাহার তালিকা দেওয়া হইল:

বৃত্তছন্দ: শার্দূলবিক্রীড়িত ৩৭; বসন্ততিলক ৮; শিখরিণী ৮; হরিণী ৮; মালিনী ৩; বংশস্থ ৩; অনুষ্টুপ ৩; পুষ্পিতাগ্রা ৩; উপেন্দ্র-বজ্রা ২; দ্রুতবিলম্বিত ১; স্রগ্ধরা ১।

জাতিছন্দ: আর্যা ১।

আশ্চর্যের বিষয় মন্দাক্রান্তা ছন্দে একটি শ্লোকও রচিত হয় নাই।

জয়দেবের কয়েকটি বৃত্তছন্দের উপর অপভ্রংশ পদ্ধতির প্রভাব পড়িয়াছে। শার্দূলবিক্রীড়িত ছন্দে লেখা নিম্নলিখিত শ্লোকটি পড়িলেই বুঝা যাইবে:

বেদানুদ্ধরতে | জগন্তিবহতে | ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে | বলিং ছলয়তে | ক্ষত্রক্ষয়ং কুর্বতে | ইত্যাদি

(১, ১৬, পৃঃ—১৩)

এখানে যতি ও মধ্যানুপ্রাসের সাহায্যে এক একটি পংক্তিকে স্পষ্টতঃ তিন ভাগে ভাগ করিয়া শার্দূলবিক্রীড়িত ছন্দে এক প্রকার তরঙ্গ-বৈচিত্র্য সৃষ্টি করা হইয়াছে। মিত্রাক্ষরতা ও যতি-প্রাধান্য অপভ্রংশ ছন্দ এবং পরবর্তী প্রাদেশিক ছন্দের বৈশিষ্ট্য। উক্ত শার্দূলবিক্রীড়িত চরণগুলিতে বাংলা দীর্ঘ ত্রিপদীর পূর্বাভাষ পাওয়া যাইতেছে।

অবশ্য এই সকল শ্লোক অপেক্ষা গীতগোবিন্দের ২৪টি গীতই অধিক প্রসিদ্ধ। এই গীতগুলি অপভ্রংশ মাত্রাছন্দে রচিত। ইহাদিগকে চারিটি শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে।

প্রথম শ্রেণী

প্রথম শ্রেণীর ছন্দগুলি প্রাচীন জাতিছন্দের আদর্শ অনুসারে রচিত। ২৪টি গীতের মধ্যে ১৯টিই এই জাতীয় ছন্দে লেখা। জাতিছন্দের অপর নাম মাত্রাছন্দ। একটি পদ্য-পংক্তিতে ব্যবহৃত মাত্রা সমষ্টির উপর এই ছন্দের গঠন নির্ভর করে। কিন্তু ইহার আর একটি বৈশিষ্ট্য আছে। জাতিছন্দের এক একটি চরণ চার মাত্রার 'গণ' দ্বারা বিভক্ত করা যাইতে পারে। আর্যা ছন্দেই চার মাত্রার গণের সূত্রপাত হইয়াছিল, বৈতালীয় ও ঔপশ্ছন্দসিক ছন্দে এই নূতন গণ-বিভাগ আরও স্পষ্ট। কিন্তু তখনও উচ্চারণে স্বরাঘাত পদ্ধতি প্রতিষ্ঠা লাভ করে নাই, ও কবিতা তখনও সুর করিয়া পড়া হইত বলিয়াই বোধ হয় প্রাচীন জাতিছন্দের চার মাত্রার চলন সে-সময়কার ছন্দের গঠনকে প্রভাবিত করিতে পারে নাই। পরে অপভ্রংশ যুগের উচ্চারণে স্বরাঘাত প্রাধান্য লাভ করায় কবিতা আবৃত্তির সময় এক প্রকার ঝোঁক উৎপন্ন হইয়া পদ্য-পংক্তিকে কয়েকটি ছোট ছোট অংশে বিভক্ত করিত। মিত্রাক্ষরতা প্রবর্তিত হওয়ায় এই

চরণাংশগুলি আরও স্পষ্টতা লাভ করে। পূর্বে শার্দূলবিক্রীড়িত ছন্দের একটি উদাহরণে তাহা দেখান হইয়াছে। এক প্রকার জাতি-ছন্দে এই ঝোঁক, মিল ও চার মাত্রার 'গণ' বিশেষ প্রাধান্য লাভ করিয়াছিল। সংস্কৃত ছন্দ-শাস্ত্রে এই ছন্দ-গোষ্ঠীর নাম মাত্রাসমক ছন্দ। আমাদের আলোচ্য প্রথম শ্রেণীর অন্তর্ভুক্ত গীতগুলি এই মাত্রা-সমকের আদর্শে রচিত। এই শ্রেণীর মধ্যে নানা প্রকার ছন্দোবন্ধের সাক্ষাৎ পাওয়া যায়। এই ছন্দোবন্ধগুলি নিম্নলিখিত উপবিভাগে বিভক্ত—

(ক ১) এক প্রকার মাত্রাসমক ছন্দের নাম পাদাকুলক। ইহাও চার মাত্রার চারিটি অংশে বিভক্ত ১৬ মাত্রার ছন্দ। তবে অন্যান্য মাত্রাসমকের সহিত ইহার পার্থক্য হইল, পাদাকুলকে লঘু-গুরু অক্ষরের ব্যবহার সম্বন্ধে কোন বিধি-নিষেধ নাই। ইহাই খাঁটি অপভ্রংশ ছন্দ, কারণ বৃত্তছন্দ বা সংস্কৃত ছন্দের অক্ষর-বদ্ধতা ইহাতে একেবারেই নাই। প্রসিদ্ধ 'মোহমুদ্গর' গ্রন্থের শ্লোকগুলি পাদাকুলক ছন্দে রচিত। অনেকে ইহাকে পজ্ঝটিকা ছন্দও বলেন। গীতগোবিন্দের ৪টি গীত (গীত সং ৯, ১২, ১৪ ও ১৮) এইরূপ ৪ × ৪ = ১৬ মাত্রার পাদাকুলক ছন্দে রচিত। তবে প্রাচীন ছন্দ-শাস্ত্র বর্ণিত পাদাকুলক ছন্দ 'চতুষ্পদী', কিন্তু জয়দেবী পাদাকুলক 'দ্বিপাদ' ছন্দ। যথা,

> স্তনবিনি | হিতমপি | হারমু- | দারম্।
> সা মনুতে কৃশ তনুরিব ভারম্॥ (গীত ৯, শ্লোক ১১)
> সরসমসৃণমপি মলয়জ পঙ্কম্।
> পশ্যতি বিষমিব বপুষি সশঙ্কম্॥ (গীত ৯, শ্লোক ১২)

জয়দেব এইখানেই প্রাচীন শাস্ত্র-সম্মত ছন্দ-পদ্ধতির নিকট হইতে

বিদায় লইলেন। তাঁহার অবশিষ্ট সমস্ত ছন্দই কতকটা নূতন ধরণের। প্রাচীন ছন্দ-শাস্ত্রে ইহাদের কোন উল্লেখ নাই।

(ক ২) যেমন, গীতগোবিন্দের ১৬ সংখ্যক গীতটিও পাদাকুলক শ্রেণীর ছন্দে রচিত। কিন্তু প্রচলিত পাদাকুলক পংক্তির শেষে একটি মাত্রা কমাইয়া এই নূতন ছন্দ সৃষ্টি করা হইয়াছে। ইহার মাত্রা-বিন্যাস এইরূপ—৪ + ৪ + ৪ + ৩ = ১৫ মাত্রা। যথা,

অনিল ত- | রল কুব- | লয় নয়- | নেন।
তপতি ন সা কিশলয় শয়নেন ॥
শ্রীজয়দেব ভণিত বচনেন।
প্রবিশতু হরিরপি হৃদয় মনেন ॥ (গীত ১৬, শ্লোক ৩১, ৩৮)

(খ) গীতগোবিন্দে আর এক প্রকার চার মাত্রার গণ-বিভক্ত অপভ্রংশ ছন্দ পাওয়া যায়। ইহা পাদাকুলকের ন্যায় সংক্ষিপ্ত ছন্দ নহে। ইহার এক একটি চরণ পাদাকুলক অপেক্ষা দীর্ঘ। এইরূপ দীর্ঘ ছন্দ জয়দেবের বিশেষ প্রিয় ছিল বলিয়া মনে হয়, কারণ প্রথম শ্রেণীর অন্তর্ভূক্ত ১১টি গীতের মধ্যে নয়টিই (গীত সং ৩, ৪, ৫, ৬, ৮, ১৭, ২০, ২২ ও ২৩) এই ছন্দে রচিত। এইরূপ চার মাত্রা চলনের দীর্ঘ জয়দেবী ছন্দগুলি চার ভাগে বিভক্ত। যথা,

(খ ১) ৪ মাত্রার সাতটি গণে বিন্যস্ত ২৮ মাত্রার ছন্দ :
কেলিক- | লা কুতু- | কেন চ | কাচিদ-॥ মুং যমু- | না জল | কূলে
মঞ্জুল বঞ্জুল কুঞ্জগতং বিচকর্ষ করেণ দুকূলে ॥ (গীত সং ৪)
উন্মদ মদন মনোরথ পথিক বধূজন জনিত বিলাপে।
অলিকুল সঙ্কুল কুসুম সমূহ নিরাকুল বকুল কলাপে ॥ (গীত সং ৩)

(খ ২) উক্ত ছন্দোবন্ধে ১৬ মাত্রার পর প্রধান যতি ও মাত্রায় ঈষৎ যতি-পতন হয়। কিন্তু গীতগোবিন্দের ১১সংখ্যক গীতে ৮ ও ১৬ মাত্রার পর প্রধান যতি স্থাপন করা হইয়াছে। ঐ দুই স্থানে মিত্রাক্ষর ব্যবহৃত হওয়ায় ইহার এক একটি পংক্তি স্পষ্টতঃ তিন ভাগে বিভক্ত হইয়া পড়িতেছে। এখানেও বাংলা ত্রিপদীর পূর্বাভাষ পাওয়া যায়। যথা,

পততি প- | তত্রে বিচলিত | পত্রে
শঙ্কিত | ভবদুপ | যানম্।
রচয়তি শয়নং সচকিত নয়নং
পশ্যতি তব পন্থানম্ ॥ (গীত ১১)

(খ ৩) খ-শাখার অন্তর্ভূক্ত দীর্ঘ ছন্দের আরও দুইটি নূতন রূপ গীতগোবিন্দের দুইটি গীতে পাওয়া যায়। ইহার একটিতে উক্ত ২৮ মাত্রার ছন্দপংক্তি হইতে এক মাত্রা কমাইয়া ও পূর্ব বর্ণিত উপায়ে প্রবল যতিপতন ও মিত্রাক্ষরের সাহায্যে এক একটি পংক্তিকে তিন ভাগে বিভক্ত করিয়া (৪+৪+৪+৪+৪+৪+৩=২৭) ছন্দ-বৈচিত্র্য উৎপন্ন করা হইয়াছে। যেমন,

ঘনচয়রুচিরে রচয়তি চিকুরে
তরলিত তরুণাননে।
কুরুবককুসুমং চপলা সুষমং
রতিপতি মৃগ কাননে ॥ (গীত ১৫, শ্লোক ২৩)

(খ ৪) দ্বিতীয়টিতে উক্ত ২৮ মাত্রার সহিত এক মাত্রা যোগ করিয়া (৪+৪+৪+৪+৪+৪+৫=২৯) নূতনত্ব সৃষ্টি করা

হইয়াছে। যথা—নয়ন কু- | রঙ্গ ত- | রঙ্গ বি- | কাশ নি- | বাস ক- | রে শ্রুতি | মণ্ডলে। মনসিজ পাশ বিলাস ধরে শুভবেশ নিবেশয় কুণ্ডলে॥ (গীত ২৪, ১৯)

(গ ১) এ পর্যন্ত চার মাত্রার 'গণ'-গঠিত সম-পাদ (অর্থাৎ যে-ছন্দের চরণগুলি মাত্রা-দৈর্ঘ্যে সমান) ছন্দের কথা বলা হইল। কিন্তু পংক্তিগুলির মাত্রা-দৈর্ঘ্য ছোট বড় করিয়াও ছন্দে বৈচিত্র্য সৃষ্টি করা যাইতে পারে। গীতগোবিন্দের একটি গীতে স্তবকের প্রথম চরণে পাঁচটি 'গণ' অর্থাৎ ৪ × ৫ = ২০ মাত্রা এবং দ্বিতীয় চরণে চারিটি 'গণ' অর্থাৎ ৪ × ৪ = ১৬ মাত্রা পাওয়া যায়। প্রসিদ্ধ দশাবতার স্তোত্রটি এই ছন্দে রচিত :

প্রলয় প- | য়োধি জ- | লে ধৃত | বানসি | বেদম্।
বিহিত ব | হিত্র চ- | রিত্রম | খেদম্॥ (গীত ১)

(গ ২) গীতগোবিন্দের দ্বিতীয় গীতটিতে অসম-পাদ ছন্দের বৈচিত্র্য আরও অধিক। আমরা ইহাকে অসম, ত্রিপাদ ছন্দ বলিতে পারি। ইহার প্রথম চরণে তিন 'গণ' ও ১২ মাত্রা (৪ + ৪ + ৪), দ্বিতীয় চরণে ছয় মাত্রা (২ + ৪) এবং তৃতীয় চরণে ১১ মাত্রা (৪ + ৪ + ৩) পাওয়া যায়। যেমন—

শ্রিত কম- | লা কুচ | মণ্ডল।
ধৃত কুণ্ডল।
কলিত ললিত বনমাল॥ (পৃঃ ১৪)

দ্বিতীয় শ্রেণী

এ পর্যন্ত ৪ মাত্রার 'গণ' দ্বারা গঠিত ছন্দের কথা বলা হইল। গীতগোবিন্দে আর এক শ্রেণীর ছন্দ পাওয়া যায় ; ইহা পাঁচ মাত্রার 'গণ' দ্বারা গঠিত। দুইটি গীতে এইরূপ পাঁচ মাত্রার চলন পাওয়া যাইতেছে :

(১) ইহার উভয় চরণেই ৫ × ৪ = ২০ মাত্রা। যেমন,

অহহ কল- | য়ামি বল- | য়াদি মণি | ভূষণম্।
হরিবিরহ দহন বহনেন বহুদূষণম্ ॥ ৭ ॥
কুসুম সুকুমার তনু মতনু শর লীলয়া।
স্রগপি হৃদি হন্তি মামতিবিষমশীলয়া ॥ ৮ ॥ (গীত ১৩)

(২) পাঁচ মাত্রার 'গণ' গঠিত একটি দীর্ঘ ছন্দও গীতগোবিন্দে পাওয়া যায়। ইহার প্রতি চরণে ৩৪ মাত্রা ; মাত্রা সমাবেশ ৫ + ৫ | ৫ + ৫ | ৫ + ৫ + ৪। যথা,

বদসি যদি | কিঞ্চিদপি | দন্তরুচি | কৌমুদী ॥
হরতি দর- | তিমিরমতি | ঘোরম্।
স্ফুর দধর সীধবে তব বদন চন্দ্রমা
রোচয়তি লোচন চকোরম্ ॥ (গীত ১৯)

তৃতীয় শ্রেণী

এই শ্রেণীর ছন্দ, সাত মাত্রার 'গণ' দ্বারা গঠিত। একটি মাত্র গীত এই ছন্দে রচিত হইয়াছিল। এই দ্বিপাদ ছন্দের প্রতি চরণে ৭+' +৭+৩=২৪ মাত্রা ব্যবহৃত হইয়াছে। যথা,

> মামিয়ং চলি- | তা বিলোক্য বৃ- | তং বধুনিচ- | য়েন।
> সাপরাধতয়া ময়াপি ন বারিতাতি ভয়েন ॥ (গীত ৭)

এই ছন্দোবন্ধে সপ্তমাত্রিক 'গণ'গুলির প্রথম ও চতুর্থ মাত্রায় এক একটি গুরু অক্ষর ব্যবহৃত হইয়াছে। ফলে ইহাতে বৃত্তছন্দের বদ্ধাক্ষরতা পাওয়া যায়। অক্ষর গুণিয়াও এই ছন্দ বিশ্লেষণ করা সম্ভব। বৃত্তছন্দের গণ-পদ্ধতি অনুসারে বিশ্লেষণ করিলে এই সপ্তদশাক্ষর ছন্দের গণ-বিন্যাস হইবে র-স-জ-জ-ভ-গ-ল।

চতুর্থ শ্রেণী

চতুর্থ শ্রেণীর অপভ্রংশ ছন্দগুলি মিশ্র-ছন্দ। বিভিন্ন মাত্রা-দৈর্ঘ্যের 'গণ' দ্বারা এই ছন্দ গঠিত। গীতগোবিন্দের দুইটি গীতে দুই প্রকার মিশ্র-ছন্দ পাওয়া যায়।

(১) ১ম চরণ – ৫+৫+৫+২=১৭ মাত্রা

২য় চরণ – ৮+৫+২=১৫ মাত্রা

বা – ৩+৫+৫+২=১৫ মাত্রা

বা – ৪+৪+৫+২=১৫ মাত্রা

উদাহরণ—

মধুমুদিত | মধুপকুল | ফলিত রা- | বে।
বিলস মদন রস- | সরস ভা- | বে ॥ ১৯।
মধুরতর | পিক-নিকর- | নিনদ মুখ- | রে।
বিলস | দশন রুচি | রুচির শিখ- | রে ॥ ২০ ॥ (গীত ১৯)

(২) এবার যে মিশ্র ছন্দটির কথা বলিব তাহাতে জয়দেব অপূর্ব নৈপুণ্যের পরিচয় দিয়াছেন। ইহা 'চতুষ্পাদ' ছন্দ, ক-খ-ক-খ—এই ভাবে মিত্রাক্ষর-বিন্যাস হইয়াছে।

১ম চরণে ৩ + ৩ + ৫ = ১১ মাত্রা, মিত্রাক্ষর—ক
২য় চরণে ৩ + ৩ + ৩ = ৯ মাত্রা, „ —খ
৩য় চরণে ৩ + ৫ + ২ = ১০ মাত্রা, „ —ক
৪র্থ চরণে ৪ + ৪ + ৫ = ১৩ মাত্রা, „ —খ

উদাহরণ—

দহতি | শিশির | ময়ূখে।
মরণ | মনুক | রোতি।
পততি | মদন | বিশি- | খে।
বিলপতি | বিকলত- | রোতি ॥ ৩ ॥
ধ্বনতি মধুপ সমূহে।
শ্রবণমপিদধাতি।
মনসি বলিত বিরহে।
নিশি নিশি রুজমুপযাতি ॥ ৪ ॥ (গীত ১০)

এই ছন্দের আর একটি বৈশিষ্ট্য হইল ইহার প্রতি চরণের প্রথম ছয়টি অক্ষর লঘু এবং অবশিষ্টাংশ (১) গুরু + লঘু, (২) লঘু + গুরু + গুরু, (৩) লঘু + লঘু + গুরু, এবং (৪) লঘু + লঘু + গুরু + লঘু অক্ষর দ্বারা রচিত। সুতরাং ইহাকেও অক্ষর ছন্দ বলা যাইতে পারে। বৃত্তছন্দ অনুসারে ইহার গণ-বিন্যাস হইবে—ন-ন-য়, ন-ন-গ-ল, ন-ন-স, ন-ন-স-ল।

জয়দেবের অপভ্রংশ ছন্দে গুরু অক্ষরের প্রয়োগ সম্বন্ধে সাধারণ ভাবে দুই একটি কথা বলিব। যুগ্ম মাত্রিক ছন্দে অর্থাৎ চার মাত্রার 'গণ'-গঠিত ছন্দে গুরু অক্ষর সাধারণতঃ অযুগ্ম মাত্রায় ব্যবহৃত হইয়াছে। ইহাদের মধ্যে ৩, ৭, ১১, ১৫ প্রভৃতি মাত্রা অপেক্ষা ১, ৫, ৯, ১৩ প্রভৃতি মাত্রায় গুরু অক্ষরের প্রয়োগই বেশী। ইহার ফলে ঐ সকল অক্ষর উচ্চারণ কালে এক প্রকার তরঙ্গ-বৈচিত্র্য সৃষ্টি হইয়া থাকে। পাখোয়াজ বা তবলায় সরলগতি ছন্দ বাজাইবার সময়ও এইরূপ ১, ৫, ৯ ও ১৩ মাত্রায় ঝোঁক পড়ে। তবলায় ১৬ মাত্রার ত্রিতাল বাজাই-বার সময় শেষ দুই মাত্রায় ঝোঁক দেওয়া হয়। জয়দেবের অপভ্রংশ ছন্দগুলিতেও শেষ 'গণে' একটি গুরু অক্ষরের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। সেজন্য সমস্ত পংক্তির শেষ অংশে একটি ঝোঁক অনুভূত হয়। অনেক বাংলা ছন্দেও এই বৈশিষ্ট্য পাওয়া যাইবে।

জয়দেবের ছন্দ বিশ্লেষণ কালে কোন কোন গণের মাত্রা-দৈর্ঘ্য সম্বন্ধে পাঠকগণের মধ্যে মতভেদ হইতে পারে। আমরা যাহাকে ৪ + ৪ —এইরূপ দুইটি 'গণ' বলিয়াছি, অনেকে হয়ত উহা ৮ মাত্রার একটি ঝোঁকে পড়িবেন, অথবা ২ + ৬ বা অন্য কোন ভাবে গ্রহণ করিবেন। অনেক সময় যুগ্ম মাত্রায় গুরু অক্ষর ব্যবহার করিয়া আটমাত্রার এক একটি যুক্ত-গণ সৃষ্টি হইয়াছে। যেমন 'ধূমকেতুমিব', 'কনকদন্তরুচি', 'বন্ধুজীবমধু'। সুতরাং এক একটি গীতের গণ-বিভাগ

ও গণ-দৈর্ঘ্য সম্বন্ধে আমরা যেরূপ নির্দেশ করিয়াছি, সমগ্র গীতের মধ্যে দুই এক ক্ষেত্রে তাহার ব্যতিক্রম হইতে পারে। কিন্তু তাহাতে কিছু আসে যায় না। জয়দেবের ছন্দের প্রধান তিন শ্রেণীর চলন, অর্থাৎ চার, পাঁচ ও সাত মাত্রার 'গণ' সম্বন্ধে কোন মতভেদ হইবে না।

'গণ'-বিভাগ সম্বন্ধে আর একটি কথা মনে রাখিতে হইবে। জয়দেবের সময়েও ছন্দ সংস্কৃত ছন্দের ন্যায় পংক্তি-নির্ভর ছিল, বাংলা ছন্দের মত পর্ব-নির্ভর হয় নাই, অর্থাৎ একটি চরণে মোট কত মাত্রা ব্যবহৃত হইল তাহার উপরেই ছন্দের গঠন নির্ভর করিত। 'গণ'-বিন্যাস তখনও ছন্দের গঠন-নির্ণয়ে সহায়তা করিত না। কিন্তু বাংলা ছন্দের প্রকৃতি নির্ভর করে সমগ্র পদের মাত্রা-দৈর্ঘ্য ও বিভিন্ন পর্বের মাত্রা-দৈর্ঘ্যের উপর। প্রাকৃত ও অপভ্রংশ ছন্দেই যে এই প্রকার যতি-বিভক্ত ক্ষুদ্র ক্ষুদ্র 'গণ' বা পর্বের সূত্রপাত হইয়াছিল, ইহা দেখাইবার জন্যই চার, পাঁচ ও সাত মাত্রার গণের কথা বলা হইল।

গীতগোবিন্দে গীতগুলির রাগ ও তালের উল্লেখ পাওয়া যায়। ঠিক এই সকল রাগ ও তাল জয়দেবের সময় হইতেই প্রচলিত ছিল কিনা জানি না, এবং সমস্ত সংস্করণই এক একটি গীতের রাগ ও তাল সম্বন্ধে একমত বলিয়া মনে হয় না। তথাপি মিথিলা হইতে প্রকাশিত লোচন কবি কৃত 'রাগ তরঙ্গিণী'তে এই সকল রাগ-রাগিণীকেই ছন্দের নাম বলিয়া গণ্য করার চেষ্টা হইয়াছে। কিন্তু রাগ-রাগিণীর এমন কি তালের নাম অনুসারেও জয়দেবের ছন্দের শ্রেণী বিভাগ সমর্থন করা যায় না।

জয়দেব সংস্কৃত যুগের শিক্ষা এবং অপভ্রংশ যুগের রুচি গ্রহণ করিয়াছিলেন, কিন্তু তাঁহার দৃষ্টি ছিল অনাগত নবযুগের দিকে। সেজন্য তাঁহার সাহিত্যে একাধারে প্রাচীন কাব্যের প্রভাব ও অপভ্রংশোত্তর প্রাদেশিক সাহিত্যের সূচনা দেখিতে পাওয়া যায়। *

* 'ভারতবর্ষ' ভাদ্র, ১৩৫৭ হইতে পুনর্মুদ্রিত।

২৩

শ্রীগীতগোবিন্দে পাঠভেদ

শ্রীগীতগোবিন্দের মত একখানি বহুল প্রচারিত গ্রন্থে পাঠভেদ থাকা স্বাভাবিক। বিভিন্ন দেশে প্রচলিত একই গ্রন্থের ভিন্ন ভিন্ন পাঠ প্রায়ই দেখিতে পাওয়া যায়। শ্রীগীতগোবিন্দে পাঠভেদও নিতান্ত অল্প নহে, কারণ আটশত বৎসর পূর্ব্বে রচিত এই গ্রন্থখানি আজিও সারা ভারতবর্ষে সমান সমাদৃত।

শ্রীগীতগোবিন্দের সঙ্গীতগুলির রূপান্তর ঘটিয়াছে বলিয়া মনে হয় না। পাঠান্তর পাওয়া যায় শ্লোকের মধ্যে। শ্লোকের সংখ্যারও ন্যূনাধিক্য ঘটিয়াছে। বঙ্গীয় সংস্করণ অপেক্ষা বোম্বাই নির্ণয় সাগর যন্ত্রে মুদ্রিত সংস্করণে কয়েকটি শ্লোক অধিক আছে। আবার বাঙ্গালায় প্রচলিত গ্রন্থের বাঙ্গালী টীকাকারগণও কেহ কেহ কোন কোন শ্লোক ব্যাখ্যা করেন নাই। উদাহরণ স্বরূপ সর্গান্ত শ্লোকগুলির উল্লেখ করিতে পারি।

বাঙ্গালী টীকাকারগণের মধ্যে বোধ হয় ধৃতিদাস বৈদ্য বয়োজ্যেষ্ঠ। নিত্যধামগত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয় তৎসম্পাদিত শ্রীগীতগোবিন্দের ভূমিকায় নারায়ণ দাসের সময় নিরূপণ করিয়াছেন। "বসুবাণ ভুবন গণিতে শাকে" (৮৫৪১), অর্থাৎ ১৪৫৮ শকাব্দায় রমানাথ শর্ম্মা "মনোরমা" নামে "কাতন্ত্র ধাতুবৃত্তি" রচনা করেন। রমানাথ "ৎসর" ধাতু-ব্যুৎপন্ন পদ প্রয়োগ-বিচারে শ্রীগীতগোবিন্দের 'ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুত বামন' পদ উদ্ধার ও তৎ প্রসঙ্গে নারায়ণ দাসের টীকার উল্লেখ করিয়াছেন। রমানাথ মহাপ্রভুর সম-সাময়িক। নারায়ণ দাস তাঁহার পূর্ব্ববর্ত্তী। নারায়ণ দাস শকাব্দার চতুর্দ্দশ শতকে

বর্ত্তমান ছিলেন বলিয়া অনুমিত হয়। নারায়ণ দাস স্বপ্রণীত "সর্ব্বাঙ্গসুন্দরী" টীকায় পদ্মাবতী শব্দের ব্যাখ্যায় ধৃতিদাসের টীকা হইতে উদাহরণ উদ্ধৃত করিয়াছেন। "শৃঙ্গারিত্বঞ্চেত্যাহ ধৃতিদাসস্তদ সমীক্ষিতা বিধানম্"। সুতরাং শকাব্দার ত্রয়োদশ শতকে ধৃতিদাসের জীবৎকাল অনুমান করা চলে। ধৃতিদাসের টীকার নাম "সন্দর্ভ দীপিকা"। প্রতি সর্গের শেষে—"ইত্যাস্থান-চতুরানন-বিশ্বাস বৈদ্য শ্রীধৃতিদাস বিরচিতায়াং সন্দর্ভ দীপিকায়াং শ্রীগীতগোবিন্দ টীকায়াং" এইরূপ লেখা আছে। বন্ধুবর পণ্ডিত শ্রীযুক্ত দীনেশচন্দ্র ভট্টাচার্য্য "ইত্যাস্থান চতুরানন" কথা কয়েকটি হইতে অনুমান করেন, ধৃতিদাস কোন রাজ সভাসদ ছিলেন।

হাতের লেখা কোন কোন পুঁথিতে ধৃতিদাস ও নারায়ণ দাসের টীকায় সর্গান্ত শ্লোকের ব্যাখ্যা নাই। এসিয়াটিক সোসাইটির নারায়ণ দাসের টীকাযুক্ত শ্রীগীতগোবিন্দের পুঁথিতে সর্গান্ত শ্লোকের ব্যাখ্যা আছে। রসিকমোহন বিদ্যাভূষণ সংগৃহীত নারায়ণ দাসের টীকায় এবং বাঁকুড়া জেলার ভাদুলগ্রাম নিবাসী শ্রীমহেন্দ্রনাথ পালিতের সংগৃহীত ১৫৬৫ শকাব্দায় অনুলিখিত পুঁথিতে নারায়ণ দাসের টীকায় সর্গান্ত শ্লোক ও কবির পরিচয়-শ্লোক ব্যাখ্যাত হয় নাই। বন্ধুবর ডক্টর শ্রীযুক্ত সুশীলকুমার দে বলেন, মৈথিল পণ্ডিত শঙ্করমিশ্রও স্বপ্রণীত রসমঞ্জরী টীকায় শ্লোকগুলির ব্যাখ্যা করেন নাই।

বঙ্গেশ্বর দনুজমর্দ্দনদেব ও তৎপুত্র যদু বা জলাল উদ্দীনের সভাপণ্ডিত রাঢ়ের রায়মুকুট বৃহস্পতিমিশ্র একজন খ্যাতনামা পণ্ডিত। তিনি গীতগোবিন্দের টীকায় সর্গান্ত শ্লোকের ব্যাখ্যা করিয়াছেন। আমাদের পুঁথিতে মিশ্রের টীকায় কবির পরিচয়-শ্লোকের ব্যাখ্যা নাই। শ্রীমহাপ্রভুর অনতিপরবর্ত্তী বিখ্যাত টীকাকার পূজারী গোস্বামী সর্গান্ত শ্লোক, তথা কবির পরিচয়-শ্লোকেরও ব্যাখ্যা করিয়াছেন। বৃহস্পতি মিশ্র

সাড়ে পাঁচশত বৎসর পূর্ব্বে বর্ত্তমান ছিলেন। পূজারী গোস্বামীর বয়স চারিশত বৎসরের বেশী নহে।

আমার মতে গীতগোবিন্দের সঙ্গীত ও অপরাপর শ্লোকগুলির মত সর্গান্ত শ্লোক কয়েকটিও কবি জয়দেবই রচনা করিয়াছিলেন। জয়দেবের প্রায় সম-সময়েই ১১২৭ শকাব্দায় সম্রাট লক্ষ্মণসেনের মহাসামন্ত বটুদাসের পুত্র শ্রীধরদাসের সঙ্কলিত সদুক্তি-কর্ণামৃতে জয়দেব রচিত একত্রিশটি শ্লোকের মধ্যে শ্রীগীতগোবিন্দের পাঁচটি শ্লোক উদ্ধৃত আছে, তন্মধ্যে—"জয়শ্রী বিন্যস্তৈর্মহিত ইব মন্দার কুসুমৈঃ"

("সদুক্তি কর্ণামৃত' ১।৫৯।৪ ॥ কৃষ্ণভুজঃ ॥)

—শ্লোকটি শ্রীগীতগোবিন্দের একাদশ সর্গের অন্তিম শ্লোক। আমাদের নিশ্চয়তার ইহাই সুদৃঢ় প্রমাণ। আমার মনে হয় সর্গান্ত শ্লোকগুলি গূঢ়ার্থব্যঞ্জক। প্রতি সর্গের বিষয় বস্তুর সঙ্গে—এমন কি সর্গের নামের সঙ্গেও এই সমস্ত শ্লোকের ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে। উদাহরণ স্বরূপ উদ্ধৃত শ্লোকটিই গ্রহণ করিতেছি। একাদশ সর্গের নাম সানন্দ গোবিন্দ। সর্গের বর্ণনীয় বিষয় শ্রীরাধার অভিসার। মানান্তে শ্রীরাধাকে কুঞ্জে অভিসার করিতে দেখিয়া গোবিন্দ আনন্দিত হইয়াছেন। উদ্ধৃত শ্লোকে কৃষ্ণভুজের বর্ণনা আছে। যে বাহুযুগল শ্রীরাধাকে আলিঙ্গনের জন্য লালায়িত, সেই ভুজদ্বয় সাক্ষাৎ অন্তকসদৃশ কুবলয়াপীড় হস্তীকে নিহত করিয়াছে, এবং হস্তীর মৃত্যু-পূর্ব্ব-বমিত রক্ত বিন্দুতে মণ্ডিত হইয়াছে। এ হেন চঞ্চল ভুজশালী শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে আলিঙ্গনের জন্য সানন্দে প্রতীক্ষা করিতেছেন। প্রত্যেক সর্গান্ত শ্লোকেরই এইরূপ ব্যঞ্জনা রহিয়াছে। শ্রীমদ্ভাগবতের মধ্যেও এই জাতীয় শ্লোক পাওয়া যায়। দশম স্কন্ধের ষড়বিংশ অধ্যায়ের শেষ শ্লোকটি এইরূপ—

দেবে বর্ষতি যজ্ঞবিপ্লবরুষা বজ্রাশ্মবর্ষানিলৈঃ
সীদৎ-পাল-পশু-স্ত্রিয়াত্ম শরণং দৃষ্টানুকম্প্যুৎস্ময়ন্।
উৎপাট্যৈককরেণ শৈল মবলো লীলোচ্ছিলীন্ধ্রং যথা
বিভ্রৎ গোষ্ঠমপাং মহেন্দ্র-মদভিৎ প্রীয়ান্ন ইন্দ্রোগবাম্॥

সর্গের নাম সকল পুঁথিতে একরূপ নহে। বঙ্গীয়-সংস্করণে প্রথম সর্গের নাম "সামোদদামোদর"। বোম্বাই নির্ণয়সাগর সংস্করণেও এই নাম গৃহীত হইয়াছে। কিন্তু বৃহস্পতি মিশ্রের টীকা-সংযুক্ত পুঁথিতে এই সর্গের নাম "মুগ্ধমনোহর"। নারায়ণ দাস ও বৃহস্পতি মিশ্রের টীকা-সংযুক্ত পুঁথি দুইখানিতে চতুর্থ সর্গের নাম স্নিগ্ধমাধব। অন্যান্য পুঁথিতে নাম স্নিগ্ধমধুসূদন। বোম্বাই নির্ণয়সাগর সংস্করণে, বৃহস্পতি মিশ্র ও নারায়ণ দাসের টীকাযুক্ত পুঁথিতে দশমসর্গের নাম চতুরচতুর্ভুজ। অন্যান্য পুঁথিতে নাম মুগ্ধমাধব। অনেক পুঁথিতে কোন কোন সর্গের আবার কোন নাম লেখা নাই। পুঁথিতে সর্গশেষে লেখা আছে ইতি পঞ্চম সর্গ, ষষ্ঠ সর্গ, ইত্যাদি।

প্রচলিত বঙ্গীয় সংস্করণের সঙ্গে অনেক প্রাচীন পুঁথির শ্লোক-বিন্যাসের ঐক্য নাই। যেমন বঙ্গীয় সংস্করণে প্রথমসর্গে "দর-বিদলিত মল্লী" শ্লোকের পর "আত্মোৎসঙ্গ" শ্লোক এবং তাহার পরে "উন্মীলন্মধু-গন্ধ" শ্লোক আছে। বৃহস্পতি মিশ্রের টীকাযুক্ত পুঁথিতে "দরবিদলিত-মল্লীর" পর "উন্মীলন্মধুগন্ধ" এবং তাহার পর "আত্মোৎসঙ্গ" শ্লোক পাইতেছি। এইরূপ ব্যতিক্রম অন্যান্য পুঁথিতে এবং অন্যান্য সর্গেও দেখিয়াছি। চতুর্থ সর্গের "গণয়তি বিহিত" শ্লোকে বৃহস্পতি মিশ্র পাঠ ধরিয়াছেন—"কলয়তি বিহিত"; "কন্দর্পজ্বর সংজ্বরাতুর" স্থলে পাঠ "দুকন্দর্পজ্বরসংজ্বরাকুল"। দ্বাদশ সর্গে "প্রত্যূহঃ পুলকাঙ্কুরেণ" স্থলে সক্তি

কর্ণামৃতের পাঠ "উন্মীলৎ পুলকাঙ্কুরেণ"। "তস্যাঃ পাটল" স্থলে পাঠ "অস্যাঃ পাটল"। প্রচলিত সংস্করণের দ্বাদশ সর্গের—

ইতি মনসা নিগদন্তং সুরতান্তে সা নিতান্ত-খিন্নাঙ্গী।
রাধাজগাদ সাদরমিদমানন্দেন গোবিন্দম্।

এই শ্লোকের পরিবর্তে বৃহস্পতি মিশ্র নীচের শ্লোকটি গ্রহণ করিয়াছেন :

অথ কান্তং রতিক্লান্তমপি মণ্ডন বাঞ্ছয়া।
নিজগাদ নিরাবাধা রাধা স্বাধীন-ভর্তৃকা॥

বৃহস্পতি মিশ্র ও নারায়ণ দাস দ্বাদশ সর্গের—"মৌলদ্দৃষ্টিমিলৎ" এবং "ব্যালোলঃ কেশপাশ" শ্লোক দুইটি ব্যাখ্যা করেন নাই।

বঙ্গীয় সংস্করণের একাদশ সর্গের "ভজস্ত্যাস্তল্পান্তং" শ্লোকের পর বোম্বাই নির্ণয় সাগর প্রকাশিত পুস্তকে এই শ্লোকটি আছে—

সানন্দং নন্দসূনুর্দিশতু মিতিপরং সংমদং মন্দমন্দং
রাধা মাধায় বাহ্বোর্বিবর মনুদৃঢ়ং পীড়য়ন্ প্রীতিযোগাৎ।
তুঙ্গৌ তস্যা উরোজাবতনু বরতনো নির্গতৌ মাস্মভূতাং
পৃষ্ঠং নির্ভিদ্য তস্মাদ্বহিরিতি বলিত-গ্রীবমালোকয়ন্ বঃ॥

বঙ্গীয় সংস্করণের একাদশ সর্গোক্ত "জয়শ্রী বিন্যস্তৈ" এই শ্লোকের পর নির্ণয় সাগর পুস্তকে এই শ্লোকটি পাওয়া যায়—

সৌন্দর্যৈকনিধেরনঙ্গ-ললনা-লাবণ্য-লীলা-পুষো
রাধায়া হৃদি পল্বলে মনসিজ ক্রীড়ৈকরঙ্গস্থলে।

রম্যোরোজ-সরোজ-খেলন রসিত্বাদাত্মনঃ খ্যাপয়ন্
ধ্যাতুর্মানস রাজহংস-নিভতাং দেয়ান্মুকুন্দো মুদং ॥

বঙ্গীয় সংস্করণে দ্বাদশ সর্গে কবির পরিচয়েই গ্রন্থ শেষ হইয়াছে। নির্ণয় সাগর পুস্তকে তাহার পর এই শ্লোক আছে—

ইত্থং কেলিততীর্বিহৃত্য যমুনাকূলে সমং রাধয়া
তদ্রোমাবলি-মৌক্তিকাবলি-যুগে বেণীভ্রমং বিভ্রতি।
তত্রাহ্লাদি কুচ-প্রয়াগ-ফলয়োর্লিপ্সাবতোর্হস্তয়ো-
র্ব্যাপারাঃ পুরুষোত্তমস্য দদতু স্ফীতা মুদং সম্পদম্ ॥

বঙ্গীয় সকল সংস্করণে নিম্নের শ্লোকটি পাওয়া যায় না। কোন কোন টীকাকার শ্লোকটির ব্যাখ্যাও করেন নাই।

ত্বামপ্রাপ্য ময়ি স্বয়ম্বর-পরাং ক্ষীরোদ-তীরোদরে
শঙ্কে সুন্দরি কালকূটমপিবন্মূঢ়ো মৃড়ানী-পতিঃ।
ইত্থং পূর্ব্বকথাভি রন্য-মনসো নিক্ষিপ্য বক্ষোঞ্চলং
পদ্মায়াস্তনকোরকোপরি মিলন্নেত্রো হরিঃ পাতু বঃ ॥

বৃহস্পতি মিশ্রের টীকাযুক্ত পুঁথিতে কয়েকটি নূতন শ্লোক আছে। দুইটি শ্লোক একেবারে অস্পষ্ট। অপর একটি শ্লোক উদ্ধার করিয়া দিলাম। "যদ্ গান্ধর্ব্ব কলাসু" শ্লোকের পর নিম্নের শ্লোকটি রহিয়াছে—

জয়শ্রী কান্তস্য প্রসরতর-সারস্বতবত
স্ফুরদ্বৃন্দে গোবর্দ্ধন চরণ রেণু প্রণয়িনঃ।
ইয়ং মে বৈদগ্ধী স্মরতরল-বালাধর-সুধা
রসস্যন্দ-স্বাদুর্জয়তি জয়দেবস্য কবিতা ॥

বীরভূমের একটি পুঁথিতে ইহার পাঠান্তর ও অতিরিক্ত শ্লোক :—

১

জয়শ্রী কান্তস্য প্রসর তুরু সারস্বত ময়
স্ফুর দ্বন্দে গোবর্দ্ধন চরণ রেণু প্রণয়িণঃ।
ইয়ং বাগ্বৈদগ্ধী স্মর তরল বালাধর সুধা-
রসস্যন্দ স্বাদ্বী জয়তি জয়দেবস্য রুচিরা।

২

অংশাসক্ত কপোল বংশ বদনব্যসক্ত বিম্বাধর
দ্বন্দ্বোদীরিত মন্দ মন্দ পবন প্রাবধ্ব (প্রারব্ধ ?) মুগ্ধধ্বনিঃ
ঈষদ্বক্রিম লোলহার নিকর প্রত্যেক রাকানন
ন্যঞ্চ ত্যঞ্চ দুদঞ্চদঙ্গুলিনিচয়স্তাং পাতু রাধাধবঃ॥
মানিনী মান বিধ্বংসদক্ষোজয়তি সাম্প্রতং।
মৃদু বেণু সমুদ্রুত শ্রীমদগোপালকধ্বনিঃ।

২৪

বাঙ্গালা সাহিত্য ও শ্রীগীতগোবিন্দ

"শ্রীজয়দেব কবেরিদং কুরুতে মুদং
মঙ্গলমুজ্জ্বল গীতি"

প্রাচীন বাঙ্গালা-সাহিত্য প্রধানতঃ দুই ধারায় বিভক্ত। একটি পদাবলী, অন্যটি মঙ্গলকাব্য। শ্রীগীতগোবিন্দকে এই দুইটি ধারার মূল প্রস্রবণ বলিয়া অভিহিত করিতে পারি। আচার্য্য হরপ্রসাদ

বৌদ্ধচর্য্যা-গানগুলিকে বাঙ্গালা ভাষার আদিরচনা বলিয়া অভিহিত করিয়া গিয়াছেন। গানগুলি বাঙ্গালীর রচিত, গানের সংস্কৃত টীকাকারগণও বাঙ্গালী ছিলেন। টীকাকারগণ এই গানকে পদ বলিয়া উল্লেখ করিয়াছেন। বাঙ্গালী মঙ্গলকাব্য রচয়িতৃগণ সকলেই জয়দেবের পরবর্ত্তী। জয়দেব নিজের রচিত সঙ্গীত সমূহকে পদাবলী—"মধুর-কোমলকান্ত-পদাবলী" এবং মঙ্গলউজ্জ্বলগান—"মঙ্গলমুজ্জ্বল গীতি" বলিয়া পরিচয় দিয়াছেন। সুতরাং জয়দেবকে পদাবলী ও মঙ্গলকাব্যের আদিকবি বলিতে পারা যায়। পদাবলী ভাবপ্রধান, কোন প্রতীক বা রূপকের আশ্রয়ে ব্যক্তিগত সুখ দুঃখ আশা আকাঙ্ক্ষার, হৃদয়াবেগের অভিব্যক্তি। আর মঙ্গলকাব্য ছিল দেবতার সঙ্গে মানুষের সম্বন্ধ ও বিবিধ ক্রিয়াকলাপের ঘটনা-প্রধান বাস্তব বর্ণনা। শ্রীগীত-গোবিন্দের মধ্যে এই দুইটি ধারার আদি উৎসের সন্ধান পাওয়া যায়। পরবর্ত্তী কালে এই দুইটি ধারাই পাশাপাশি প্রবাহিত হইয়াছে। সুতরাং অনিবার্য্যরূপে একের উপর অন্যের প্রভাব প্রবলভাবেই পড়িয়াছে। বাঙ্গালায় বর্ণনাত্মক গান এবং ভাবপ্রধান মঙ্গলকাব্যাংশও দুর্লভ নহে। মঙ্গলকাব্যের ময়ূরভট্ট, কানা হরি দত্ত এবং মাণিকরাম প্রভৃতি কবিগণ জয়দেবের অনতিপরেই আবির্ভূত হইয়াছিলেন। পদাবলীর অন্যতম শ্রেষ্ঠ কবি চণ্ডিদাসকেও ইঁহাদের সম-সাময়িক বলিয়া মনে হয়। পরবর্ত্তী পদাবলী প্রণেতৃগণের উপরও জয়দেবের প্রভাব সুস্পষ্ট।

বাঙ্গালা পদাবলী ও মঙ্গলকাব্যের সুপরিচিত কয়েকটি ছন্দও শ্রীগীতগোবিন্দ হইতে গৃহীত হইয়াছে। পয়ার, ত্রিপদী প্রভৃতি ছন্দের আকর শ্রীগীতগোবিন্দ। "সরস মসৃণমপি মলয়জ পঙ্ক"—পয়ার, এবং "চন্দন চর্চ্চিত নীলকলেবর পীতবসন বনমালী" ও "রতিসুখসারে গতমভিসারে মদন মনোহর বেশম্" ত্রিপদীর সুন্দর [illegible]। এইরূপ অন্য ছন্দও আছে। অনুপ্রাস, যমক, উপমা প্রভৃতি অলঙ্কার এবং

পাদান্ত সুষ্ঠু মিলের প্রয়োগ কৌশলও গীতগোবিন্দ হইতে গৃহীত হইয়াছে। প্রকৃতি বর্ণনা, নায়ক নায়িকার অবস্থা বর্ণনা, নায়িকা ও সখীর কথোপকথন—এইরূপ আরো অনেক বিষয়েও বাঙ্গালা সাহিত্য শ্রীগীতগোবিন্দের নিকট ঋণ গ্রহণ করিয়াছে। যে দিক দিয়াই দেখি কবি জয়দেব আমাদের শ্রেষ্ঠ মহাজন। তাঁহাকে প্রণাম করি।

২৫

পূজারী গোস্বামী

কবি জয়দেবের শ্রীগীতগোবিন্দের টীকাকারগণের মধ্যে পূজারী গোস্বামীর নাম গৌড়ীয়বৈষ্ণবসম্প্রদায়ে সুপরিচিত। আজ পর্য্যন্ত ইঁহার কোনও পরিচয় প্রকাশিত হইয়াছে বলিয়া আমরা জানি না। 'কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ' গ্রন্থে পূজারী গোস্বামীর টীকাই সন্নিবেশিত করিয়াছি। গত সন ১৩৩৯ সালে ডাঃ শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়ের সহযোগিতায় বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ প্রকাশিত 'চণ্ডিদাস' সম্পাদন কালে পদাবলী সংগ্রহের জন্য তিনি এবং আমি বাঁকুড়া জেলার নানাস্থানে ভ্রমণ করি। সেই সময় পূজারী গোস্বামীর পরিচয়মূলক কিছু নিদর্শন প্রাপ্ত হই। অনুসন্ধানের ফলে যাহা জানিতে পারিয়াছি, শিক্ষিত সম্প্রদায়ের অবগতির জন্য সংক্ষেপে প্রকাশ করিতেছি।

পূজারী গোস্বামী বাঙালী এবং তিনি 'চৈতন্যদাস' নামে পরিচিত ছিলেন, ইঁহাকে শ্রীমন্ মহাপ্রভুর অনতিপরবর্ত্তী বলিয়াই মনে হয়। ইনি শ্রীধাম বৃন্দাবনে শ্রীগোবিন্দজীর পূজা করিতেন। ইঁহার বিশেষ প্রসিদ্ধি ছিল। কবিরাজ গোস্বামী কৃষ্ণদাস শ্রীচৈতন্য চরিতামৃত প্রণয়ন

কালে শ্রীধামস্থ যে কয়জন প্রধান প্রধান বৈষ্ণবের অনুমতি গ্রহণ করিয়াছিলেন চৈতন্যদাস তাঁহাদের মধ্যে অন্যতম ; এবং এই চৈতন্যদাসই শ্রীগীতগোবিন্দের টীকাকার পূজারী গোস্বামী। শ্রীবৃন্দাবনস্থিত প্রধান প্রধান বৈষ্ণব এবং আচার্য্য-সন্তানগণ আমাদের এই মতের সমর্থন করেন। তাঁহারা এইরূপ লোকশ্রুতি শুনিয়া আসিতেছেন। শ্রীচৈতন্য চরিতামৃতের অষ্টম পরিচ্ছেদে বর্ণিত আছে—

"পণ্ডিত গোসাঞির শিষ্য ভূগর্ভ গোসাঞি।
গৌর কথা বিনা আর মুখে অন্য নাঞি॥
তার শিষ্য গোবিন্দপূজক চৈতন্যদাস।"

গৌড়ীয়-বৈষ্ণবসম্প্রদায়ের মধ্যে যাঁহারা শ্রীবৃন্দাবনে গিয়া বাস করেন শ্রীভূগর্ভ এবং শ্রীলোকনাথ তাঁহাদের মধ্যে অন্যতম। শ্রীমহাপ্রভুর সন্ন্যাস গ্রহণের পূর্ব্বেই তাঁহারা শ্রীধামে চলিয়া যান। ভূগর্ভ গোসাঞি শ্রীল গদাধর পণ্ডিত মহোদয়ের শিষ্য। চৈতন্যদাস ভূগর্ভের নিকট দীক্ষা গ্রহণ করেন।

সুপণ্ডিত গদাধর শিরোমণির দৌহিত্র-বংশীয় বাঁকুড়া সোনামুখীর জমিদার স্বর্গগত তিনকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয়ের গৃহে রক্ষিত শ্রীগীতগোবিন্দের পূজারী গোস্বামী রচিত বালবোধনী টীকার আরম্ভ এইরূপ—

স্বয়ং বো[illegible]প্রায়ং জয়দেব-মহামতেঃ।
টীকা [illegible]চৈতন্যদাসেন গ্রথ্যতে বালবোধনী॥
তত্র ব্যাকরণাদীনাং গ্রন্থবাহুল্য-ভীতিতঃ।
বিবৃতি র্ন কৃতা সাতু জ্ঞেয়া গ্রন্থান্তরে বুধৈঃ॥

বোদ্ধব্যো বালবোধন্যাং শব্দার্থঃ শব্দবেদিভিঃ।
ভাবার্থ দীপিকায়াঞ্চ ভাবো ভাবার্থ-লোলুপৈঃ ॥

গ্রন্থের সমাপ্তি শ্লোক—

গোবিন্দ-পাদ-সেবায়াঃ প্রভাবাদুদিতা স্বয়ম্।
চৈতন্যদাসতো বালবোধনী স্যাৎ সতাংমুদে ॥

এই সমাপ্তি শ্লোক হইতে প্রমাণিত হয় যে শ্রীচৈতন্য চরিতামৃতের গোবিন্দ পূজক চৈতন্যদাস এবং শ্রীগীতগোবিন্দের টীকাকার চৈতন্যদাস একই ব্যক্তি। টীকাকার নিজেই বলিতেছেন যে, গোবিন্দ পাদ সেবার প্রভাবেই এই বালবোধনী স্বয়ং উদিতা হইয়াছেন; অর্থাৎ এই টীকা-রচনা গোবিন্দ-পাদ সেবার প্রভাবেই সম্ভব হইয়াছে, ইহাতে তাঁহার নিজের কৃতিত্ব কিছুই নাই। টীকাকার চৈতন্যদাস নামেই নিজের পরিচয় দিয়াছেন। শ্লোক হইতে আরো অনুমিত হয় ভাবার্থ দীপিকা নামে ইনি অন্য কোন গ্রন্থের একখানি টীকা লিখিয়াছিলেন। কিম্বা এই নামে ইঁহার একখানি গ্রন্থ ছিল। তিনি "ভাবার্থ-দীপিকা" নামে গীতগোবিন্দের পৃথক্ একখানি টীকা লিখিয়াছিলেন, শ্লোকের এরূপ অর্থও হইতে পারে। সোনামুখীর এই পুস্তকখানি আড়াইশত বৎসরের পুরাতন বলিয়া মনে হইল। লেখক লিপিকালের অব্দ এবং মাস সংখ্যা দিয়াছেন—

শাকে যুগ্মাঙ্ক রিপিন্দুগণিতে মাসি চাশ্বিনে।
টীকা চৈতন্যদাসেন রচিতা লিখিতা ময়া ॥

রিপু ছয়, ইন্দু এক। দশকের বামাগতি হিসাবে একের পর ছয় ষোল হইবে; এবং তাহার পিঠে যুগ্ম অঙ্ক অর্থাৎ দুইটি শূন্য বসিবে। পুস্তকখানি ১৬০০ শাক অব্দে অনুলিখিত এইরূপই অনুমিত হয়।

স্বর্গগত সুবোধচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রদত্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্রীগীতগোবিন্দের ২৪৭২ নং পুঁথির লিপিকাল সংবৎ ১৮১৯। এই পুঁথির মধ্যে পূজারী গোস্বামীর টীকার শেষে সোনামুখীর পুঁথির অনুরূপ পাঠ পাওয়া যায় :

শ্রীগোবিন্দপাদ সেবা প্রভাবাদুদিতা স্বয়ং।
চৈতন্যদাসেন বালবোধনী স্যাৎ সতাং মুদে ॥

এই পুস্তকখানি শ্রীবৃন্দাবনে লিখিত হইয়াছিল। পুঁথির শেষে লিখিত আছে—"পঠনার্থ বাবা কীর্ত্তন দাস পণ্ডিত রাধাকুণ্ডবাসী হস্তাক্ষর নওলদাস কুশস্থলী মধ্যে"।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১৪নং পুঁথির বালবোধনী টীকা শেষে লিখিত আছে—"শ্রীচৈতন্যদাস কৃতেয়ং বালবোধনী সমাপ্তা শক ১৬০৯ শকাব্দা"। এই পুস্তকখানিও প্রায় আড়াই শত বৎসরের পুরাতন।

কোন কোন হস্তলিখিত ও মুদ্রিত বালবোধনী টীকায় "শ্রীচৈতন্য কৃপাসিন্ধু কণোম্মত্তেন কেনচিৎ" এইরূপ পাঠে গ্রন্থ আরম্ভ হইয়াছে। কোন কোন গ্রন্থে—"স্বয়ং বোদ্ধ মভিপ্রায়ং জয়দেব মহামতেঃ ক্রমেণোপক্রমাদেষা গ্রথ্যতে বালবোধনী" এইরূপ পাঠও পাওয়া যায়।

এই চৈতন্যদাস রচিত শ্রীকৃষ্ণকর্ণামৃতের সুবোধনী টীকা পাওয়া গিয়াছে। বালবোধনীর সঙ্গে এই সুবোধনী টীকার নামে এবং আরম্ভ ও সমাপ্তি শ্লোকে বিশেষ ঐক্য রহিয়াছে। ইহা হইতেও বালবোধনী ও সুবোধনী রচয়িতা যে একই ব্যক্তি ইহাই প্রমাণিত হয়। সুবোধনীর আরম্ভের পাঠ—

কৃপাসুধা-সরিদ্যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি।
নীচগৈব সদা ভাতি তং শ্রীচৈতন্যমাশ্রয়ে ॥

মন্দোঽপি কশ্চিচ্চৈতন্যদাস নামা সমাসতঃ।
কৃষ্ণ-কর্ণামৃত-ব্যাখ্যাং বিতনোতি সতাং মুদে ॥
কৃষ্ণ সম্বন্ধ-মাত্রেপি প্রীতির্যেষাং সদা ভবেৎ।
তৈরেব শুধ্যতা মেষা টীকা নাম্না সুবোধনী ॥

সুবোধনীর সমাপ্তি পাঠ—

শ্রীগোবিন্দ-পাদ-সেবা প্রভাবাদুদিতা স্বয়ং।
টীকা চৈতন্যদাসস্য কৃষ্ণ-কর্ণামৃতাশ্রয়া ॥

একটি পুঁথিতে এইরূপ লেখা আছে—

ইতি শ্রীকৃষ্ণচৈতন্য পূজক শ্রীগোবিন্দ পূজক শ্রীচৈতন্যদাস গোস্বামী বিরচিতায়াং।

সুতরাং আর কোন সন্দেহ নাই যে, যে গোবিন্দপূজক চৈতন্যদাস কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীকে শ্রীচৈতন্যচরিতামৃত রচনায় উৎসাহিত করিয়াছেন, তিনিই শ্রীগীতগোবিন্দ এবং শ্রীকৃষ্ণ কর্ণামৃতের টীকা রচনা করিয়াছিলেন। এই চৈতন্যদাসই বৈষ্ণব সমাজে পূজারী গোস্বামী নামে সুপরিচিত।

বৈষ্ণব সাহিত্যে যে কয়জন চৈতন্যদাসের খ্যাতির পরিচয় পাওয়া যায়, সংক্ষেপে তাঁহাদের কথা বলিতেছি।

(১) বংশীদাসের পুত্র চৈতন্যদাস। ভক্তিরত্নাকরে পাইতেছি—

বুধরি নিকটে বাহাদুরপুর গ্রাম।
তথা বৈসে বিপ্রশ্রেষ্ঠ শ্যামদাস নাম ॥

তাঁহার অনুজ বংশীদাস চক্রবর্ত্তী।
বিধাতা নির্ম্মিল তারে যেন স্নেহমূর্ত্তি॥
* * * *
শ্রীকৃষ্ণচৈতন্যে অনুরাগ অতিশয়।
নিরন্তর রাধাকৃষ্ণ লীলা আস্বাদয়॥

এই বংশীদাসের পুত্র চৈতন্যদাস খেতরীর মহোৎসবে যাত্রাপথে শ্রীজাহ্নবাদেবীর সঙ্গে অম্বিকায় আসিয়া সম্মিলিত হন। ভক্তিরত্নাকর বলিতেছেন—

হইল সংঘট্ট বহু আইলা অম্বিকায়।
শ্রীচৈতন্যদাস আসি মিলিল তথায়॥
সর্ব্বত্র বিদিত সর্ব্বমতে যোগ্য যেঁহো।
গৌরপ্রিয় শ্রীবংশীদাসের পুত্র তেঁহো॥

বুঝা যাইতেছে খেতরীর মহোৎসবের সময় ইনি বৈষ্ণব সমাজে বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। আমাদের মনে হয় ইনিই শ্রীধাম বৃন্দাবনে গিয়া শ্রীগোবিন্দ পূজার ভার গ্রহণ করেন। এরূপ যোগ্যতা ছিল বলিয়াই তিনি বৈষ্ণব সমাজে সম্মানিত হইয়াছিলেন।

(২) অদ্বৈত আচার্য্যের শাখা চৈতন্যদাস।

(৩) মুরারি চৈতন্যদাস—একজনেরই নাম বলিয়া অনুমিত হয়। চরিতামৃতে, চৈতন্য ভাগবতে, বৈষ্ণব বন্দনায় ইঁহার নাম পাওয়া যায়। বর্দ্ধমান জেলার বিখ্যাত "সরের পাট" ইঁহারই প্রতিষ্ঠিত। শ্রীচৈতন্য-চরিতামৃতে পাইতেছি—"মুরারি চৈতন্যদাসের অলৌকিক লীলা। ব্যাঘ্র গালে চড় মারে সর্পসনে খেলা॥"

(৪) বঙ্গবাটী চৈতন্যদাস। চরিতামৃতে গদাধর শাখা-নির্ণয়ে আছে —"বঙ্গবাটী চৈতন্যদাস শ্রীরঘুনাথ"।

(৫) বড় চৈতন্যদাস। নরোত্তম শাখা।

(৬) চৈতন্যদাস শ্রীনিবাসাচার্য্যের শাখা। প্রেম-বিলাসে বড় চৈতন্যদাস ও এই চৈতন্যদাসের নাম পাওয়া যায়।

(৭) চৈতন্যদাস—যবন শের খাঁ, শ্যামানন্দ প্রভুর শিষ্যত্ব গ্রহণ করিয়া চৈতন্যদাস নামে পরিচিত হন।

(৮) মনোহর চৈতন্যদাস বা আউলিয়া চৈতন্যদাস জাহ্নবা দেবীর শিষ্য। ভক্তিরত্নাকরেও ইঁহার পরিচয় পাওয়া যায়—

আদিনাম মনোহর চৈতন্যনাম শেষ।
আউলিয়া হৈয়া ফিরে স্বদেশ বিদেশ॥ (সারাবলী)
মোর ঠাকুরাণীর শিষ্য চৈতন্যদাস।
আউলিয়া বলি তাঁকে সর্ব্বত্র প্রকাশ॥ (প্রেমবিলাস)

(৯) শিবানন্দ সেনের পুত্র চৈতন্যদাস।

চৈতন্যদাস রামদাস আর কর্ণপূর।
তিনপুত্র শিবানন্দের প্রভুর ভক্তশূর॥ (চরিতামৃত)

(১০) চৈতন্যদাস। শ্রীনিবাসের পিতা। ইঁহার নাম গঙ্গাধর ভট্টাচার্য্য। শ্রীচৈতন্য নামে ভাবোন্মত্ত হন, তাই নাম হয় চৈতন্যদাস।

(১১) বিষ্ণুপুরের রাজা বীর হাম্বীর। চৈতন্যদাস ভণিতায় পদ রচনা করিতেন।

কবি জয়দেবের বৈষ্ণবামৃত বা পীযূষ লহরী

বহুদিন পূর্ব্বে পুরীধামে গিয়া সংস্কৃত কলেজের তদানীন্তন অধ্যক্ষ শ্রীযুক্ত করুণাকর কর, এম-এ, কাব্য-ব্যাকরণ তীর্থ মহাশয়ের সংগৃহীত উড়িয়া অক্ষরে লিখিত পুরাতন পুঁথির পাণ্ডুলিপি মধ্যে কপিলেন্দ্রদেবের পরশুরাম-বিজয়, নৃসিংহদেবের শঙ্কর-বিজয়, পুরুষোত্তম দেবের অভিনব বেণী সংহার প্রভৃতি গ্রন্থের সঙ্গে জয়দেব রচিত "বৈষ্ণবামৃত" নামক একখানি একাঙ্ক নাটিকা দেখিয়া আসিয়াছিলাম। কপিলেন্দ্র দেব, পুরুষোত্তম দেব ইঁহারা পুরীর রাজা ছিলেন। পুরুষোত্তম দেবের রচিত অভিনব বেণীসংহারের মত অভিনব-গীতগোবিন্দও পাওয়া গিয়াছে।

বৈষ্ণবামৃত রচয়িতা জয়দেব, কোন্ জয়দেব? ইনিই কি শ্রীগীতগোবিন্দ রচনা করিয়াছিলেন? তাহা হইলে শ্রীমন্ মহাপ্রভুর দীর্ঘ অষ্টাদশ বৎসর পুরীধামে অবস্থিতিকালে পুস্তকখানি কোথায় ছিল! মহাকবি জয়দেবের গ্রন্থ মহাপ্রভু নিত্য আস্বাদন করিতেন। বৈষ্ণবামৃত মহাপ্রভুর প্রিয়কবি জয়দেবের রচিত হইলে অথবা মহাপ্রভুর সময়ে গ্রন্থখানির অস্তিত্ব থাকিলে সেকালের ভক্তগণ ঐ নাটিকাখানি সমাদর সহকারে মহাপ্রভুর করে নিশ্চয়ই সমর্পণ করিতেন। বৈষ্ণবামৃত গ্রন্থখানি অন্য কোন জয়দেব-কবির রচিত বলিয়া মনে হয়। নমস্কার শ্লোক—

কিঞ্জল্ক দ্যুতিপুঞ্জ পিঞ্জর-দলৎ-পঙ্কেরুহশ্রীবহং,
সম্পা-সম্পতিতাংশু মানস-শরৎ-কাদম্বিনী-ডম্বরং।

লাস্যোল্লাসিত-চণ্ড-তাণ্ডব-কলালীলায়িতং সন্ততম্
চক্র-প্রক্রম-বৃত্ত-নৃত্য-হরয়োর্নির্ব্যাজ মব্যাজ্জগৎ ॥

অপিচ—

কম্পমান-নব চম্পকাবলী চুম্বিতোৎপল সহোদরোদয়ম্ ।
লাস্য-লালস-নবীন-বল্লবী-পল্লবীকৃত মুপাস্মহে মহঃ ॥

মহাদেবকে নমস্কারের পর—শ্রীকৃষ্ণের বন্দনা—"কম্পমান নব চম্পকাবলী-চুম্বিত উৎপল সদৃশ শ্রীযুক্ত, লাস্য-লালস নবীন গোপাঙ্গনাগণ কর্ত্তৃক অলঙ্কৃত জ্যোতিকে উপাসনা করি"।

নান্দ্যন্তে সূত্রধারের পর—

মরুৎ পম্পা-কম্পাকুল-লহরী-সম্পাত-শিশিরঃ
স্ফুরন্ মল্লীবল্লী কুসুম-পট-হল্লীষকনটঃ।
স্ফুরন্নালীকালী-মধুর-মধুপালীং কবলয়ন্
অয়ং মন্দং মন্দং তরল-তরুবৃন্দং প্রসরতি ॥

পম্পা সরোবরের কম্পিত আকুল তরঙ্গ-সম্পাতে শীতল হইয়া, প্রফুল্লিত মল্লিকালতার পুষ্পপটে হল্লীষক নৃত্য করিয়া, প্রস্ফুটিত কুমুদ প্রসূনের মধুর মধু সমূহ পান করিয়া, এই মৃদু মন্দ সমীরণ তরুবৃন্দকে কাঁপাইয়া প্রবাহিত হইতেছে।

সামাজিক সম্বোধন—

অহো ভগবতো ভাগবত-জন-শীতময়ূখস্য নীলাচল-মৌলি-মণ্ডন-মণে-র্গরুড়ধ্বজস্য প্রাসাদে প্রমোদ-ললিতাঃ সামাজিকাঃ—

চিত্রং চঞ্চল-চঞ্চলেব চতুরা চেতশ্চমৎকারিণী
পীযূষ দ্যুতি মণ্ডলীব মধুর স্বচ্ছ প্রবাহচ্ছটা।
দৃগ্‌ভঙ্গীব কুরঙ্গ ভঙ্গুরদৃশামানন্দ সন্দায়িনী
গোষ্ঠী শ্রীজয়দেব পণ্ডিত মণেঃ সাবর্ত্ততে নর্ত্তিতুম্‌ ॥

অহো ভক্তবৃন্দের নিকট চন্দ্র তুল্য (উপভোগ্য) নীলশিখরের শিরোরত্ন ভগবান বিষ্ণুর প্রাসাদে সহৃদয়গণ উৎসব মত্ত হইয়াছেন। চঞ্চলা রমণীর ন্যায় চিত্তচমৎকারিণী চতুরা অমৃতদ্যুতি মণ্ডলীর মত স্বচ্ছ প্রবাহ মধুরা, কুরঙ্গ নয়না কামিনীর অপাঙ্গ ভঙ্গীর ন্যায় আনন্দদায়িনী, পণ্ডিত চূড়ামণি শ্রীজয়দেবের এই বিচিত্র নৃত্য-সভা।

অশ্ম দ্রবীকর্ত্তু মিমৌ সমর্থে
চতুর্দ্দশানামপি পিষ্টপানাম্‌।
অহং বচোভির্জয়দেব-নামা
করচ্ছটাভিশ্চ তুষার-ধামা ॥

আমি জয়দেব বাক্যচ্ছটায় এবং চন্দ্র কিরণ-ছটায়,—চতুর্দ্দশভুবনে এবং স্বর্গেও প্রস্তর দ্রবীভূত করিতে (পাষাণ গলাইতে) মাত্র আমরা দুজনেই সমর্থ।

শ্রীকৃষ্ণের চিত্রপট দেখিয়া শ্রীরাধার পূর্ব্বরাগে নাটিকার আরম্ভ। শ্রীরাধার সখীগণের নাম বকুল মালিকা, নবমালিকা, প্রেমকলা প্রভৃতি। শ্রীকৃষ্ণের একজন বয়স্তের নাম রসালক। ইহার শ্লোক কৃষ্ণকর্ণামৃতের অনুকরণ স্মরণ করাইয়া দেয়। একটি শ্লোক—

পরব্রহ্ম নিরাকারং অবাঙ্‌মনস গোচরং
বল্লবী-তরুণাপাঙ্গ-পল্লবীকৃতমাশ্রয়ে ॥

মুরলীর সৌভাগ্য বর্ণনা—

জানে তবৈব বশ্যা মুরলী তপস্যা পরং রচিতা
একাকিনী মুরারেশ্চুম্বতি বিম্বাধরং যেন ॥

সমাপ্তি শ্লোক—

শুভমস্তু সর্ব্বজগতাং নিরন্তরং
ন রিপোরপি স্ফুরতু বৈপদং পদং।
জগদীশ্বরঃ কপট দারু বিগ্রহঃ
করুণা-কটাক্ষ-লহরীং বিমুঞ্চতু ॥

সর্ব্বদা সর্ব্বজগতের কল্যাণ হউক। শত্রুরও যেন কখনো বিপদ না ঘটে। কপট দারু-বিগ্রহ জগদীশ্বর করুণাকটাক্ষলহরী বিস্তার করুন। ইতি বৈষ্ণবামৃত গোষ্ঠীরূপকম্। সম্প্রতি উড়িষ্যার একখানি সাময়িক পত্রে শ্রীকরুণাকর কর এই নাটিকাখানি "পীযূষ লহরী" নাম দিয়া দেবনাগরাক্ষরে প্রকাশ করিয়াছেন।

সদুক্তিকর্ণামৃতে কবি জয়দেবের একত্রিশটি শ্লোক পাওয়া গিয়াছে। তন্মধ্যে পাঁচটি গীতগোবিন্দ হইতে উদ্ধৃত। বাকী ছাব্বিশটি শ্লোক নানা বিষয় অবলম্বনে রচিত। তাহার মধ্যে বৈষ্ণবামৃতের কোন শ্লোক নাই। কিম্বা পরস্পর শ্লোকে কোন সাদৃশ্যও নাই। জয়দেব যে লক্ষ্মণসেনের সভাসদ ছিলেন এবং তিনি বীরভূমের অধিবাসী, এ বিষয়ে এখন আর কাহারো সন্দেহ নাই। সুতরাং বৈষ্ণবামৃত, বা পীযূষ লহরী প্রসিদ্ধ জয়দেবের রচিত কিনা সংশয় থাকিয়া যায়। প্রশ্ন উঠিতে পারে, বল্লাল সেন উড়িষ্যা জয় করিতে গিয়াছিলেন, লক্ষ্মণ সেনও উড়িষ্যায় অভিযান করিয়াছিলেন। এমনও হইতে পারে, সম্রাট লক্ষ্মণ সেনের

সঙ্গে তদানীন্তন উড়িষ্যাপতি সন্ধি বন্ধনে আবদ্ধ হইয়াছিলেন, এবং লক্ষ্মণ সেন সভাকবি জয়দেবকে লইয়া জগন্নাথ দেবকে দর্শন করিয়াছিলেন। সেই সময় শ্রীজগন্নাথ দেব তথা পুরীরাজ ও বঙ্গেশ্বরের প্রীতি বিধানার্থ কবি জয়দেব বৈষ্ণবামৃত রচনা করিয়া দিয়াছিলেন। এরূপ সিদ্ধান্ত করিলে ক্ষতি কি? তাহার উত্তরে প্রতি-প্রশ্ন উঠিবে, পুস্তকখানি গুপ্ত ছিল কোথায় এবং কেন? মহাপ্রভুর প্রেমবন্যায় শুধু শান্তিপুর ডুবু ডুবু এবং নদীয়াই ভাসিয়া যায় নাই, উড়িষ্যাও ভাসিয়াছিল। উড়িষ্যায় মহাপ্রভুর ভক্ত সংখ্যা নিতান্ত অল্প ছিল না। দীর্ঘ আঠার বৎসর কাল মহাপ্রভু পুরীধামে বাস করিয়াছিলেন। এই দীর্ঘ দিন পুস্তকখানি রায় রামানন্দ প্রভৃতি সুরসিক ভক্তগণের দৃষ্টিপথের অন্তরালে রহিয়া গেল কিরূপে? ইহাই বিশেষ প্রশ্ন এবং এ প্রশ্নের কোন সন্তোষ জনক উত্তর পাওয়া যায় না। রামানন্দ রায় কবি ও পণ্ডিত ছিলেন। তিনি এবং শ্রীমন্ মহাপ্রভু, কবি জয়দেবের কাব্যের বিশেষ অনুরক্ত ছিলেন। সুতরাং জয়দেবের দ্বিতীয় কোন গ্রন্থ থাকিলে—উড়িষ্যায় অথবা বাঙ্গালায় যেখানেই থাকুক—নিশ্চয়ই ইঁহাদের নিকট সে সংবাদ অজ্ঞাত থাকিত না। সুতরাং পুস্তকখানি মহাপ্রভুর পরবর্ত্তী কালে দ্বিতীয় কোন জয়দেব—অথবা জয়দেবের নামে অন্য কোন কবির রচিত। পুস্তকখানি উড়িষ্যায় পাওয়া গিয়াছে। বাঙ্গালী কবির বহু গ্রন্থ নেপালে আবিষ্কৃত হইয়াছে। তাহার কোন প্রতিলিপি বাঙ্গালায় পাওয়া যায় না। সুতরাং গ্রন্থ উড়িষ্যায় পাওয়া গিয়াছে, অতএব জয়দেব উড়িয়া ছিলেন এ যুক্তি অচল।

কবি জয়দেবের প্রায় সম-সাময়িক পশ্চিম রাঢ়ের এক জন কবি মুরারি মিশ্র, শ্রীজগন্নাথ দেবের মন্দিরে উৎসব উপলক্ষে অভিনয়ের জন্য একখানি নাটক রচনা করিয়াছিলেন। নাটকখানির নাম "অনর্ঘ রাঘব"। ভো, ভো লবুনোদ বেলা বনানী তমাল কন্দলস্য ত্রিভুবন

মৌলি মণ্ডন মহানীলমণেঃ কমলাকুচ কলস কেলি কস্তুরিণা পত্রাঙ্করস্য ভগবতঃ শ্রীপুরুষোত্তমস্য যাত্রায়া মুপস্থানীয়া সভাসদঃ * * ॥ * * মৌদ্গল্য গোত্রস্য মহাকবের্ভট্ট শ্রীবর্দ্ধমানস্য তনুজন্মনস্তন্তুমতী হৃদয় নন্দনস্য মুরারেঃ কৃতিরভিনবমনর্ঘরাঘব নাম নাটকং॥ (অনর্ঘরাঘব নাটকের প্রস্তাবনা)। রাঢ়ের সঙ্গে উড়িষ্যার ঘনিষ্ঠতার—অন্ততঃ পক্ষে রাঢ়ের কবি মানসের সঙ্গে শ্রীজগন্নাথ মন্দিরের সাহিত্যিক সম্পর্কের ইহা একটি উল্লেখযোগ্য প্রমাণ। প্রবাদ কাহিনী হইতে কবি জয়দেবের সঙ্গেও নীলাচলের দারুব্রহ্ম বিগ্রহের এই সম্পর্কের কথা অবগত হওয়া যায়। জগন্নাথ মন্দিরে জয়দেবের গীতগোবিন্দ পাঠের ব্যবস্থা কোন্ সময়ে হইয়াছিল জানা যায় না। তবে মন্দিরস্থিত একটি লিপিতে (১৪২১ শকাব্দাঃ) এই ব্যবস্থার উল্লেখ দৃষ্ট হয়।

২৭

জয়দেব রচিত সদুক্তিকর্ণামৃত ধৃত শ্লোকাবলী

সদুক্তি কর্ণামৃতে উমাপতি ধরের ৯০টি, গোবর্দ্ধনের ৬টি, ধোয়ীর ৩টি (দুইটি পবনদূত হইতে গৃহীত) ও শরণের ২০টি শ্লোক আছে।

(১) ১।৪।৪। মহাদেবঃ॥

ভূতিব্যাজেন ভূমীমমরপুরসরিৎকৈতবাদম্বু বিভ্রল্-
লালাটাক্ষিচ্ছলেন জ্বলনমহিপতিশ্বাসলক্ষাৎ সমীরম্।
বিস্তীর্ণাঘোরবক্ত্রোদরকুহরনিভেনাম্বরং পঞ্চভূতৈ-
র্বিশ্বং শশ্বদ্ বিতম্বন্ বিতরতু ভবতঃ সম্পদং চন্দ্রমৌলিঃ॥

(২) ১।৫০।৩। কল্কী।

কল্কী কল্কং হরতু জগতঃ স্ফূর্জদূর্জস্বিতেজা
বেদোচ্ছেদস্ফুরিতদুরিতধ্বংসনে ধূমকেতুঃ।
যেনোৎক্ষিপ্য ক্ষণমসিলতাং ধূমবৎ কল্মষেচ্ছান্
ম্লেচ্ছান্ হত্বা দলিত-কলিনাকারি সত্যাবতারঃ ॥•

(৩) ১।৬০।৫। গোবর্ধনোদ্ধারঃ ॥

"মুগ্ধে!" "নাথ, কিমাথ?" "তন্বি, শিখরিপ্রাগ্‌ভারভুগ্নো ভুজঃ"
"সাহায্যং, প্রিয়! কিং ভজামি?" "সুভগে, দোর্বল্লিমায়াসয়।"
—ইত্যুল্লাসিতবাহুমূলবিচলচ্চেলাঞ্চলব্যক্তয়ো
রাধায়াঃ কুচয়োর্জয়ন্তি চলিতাঃ কংসদ্বিষো দৃষ্টয়ঃ ॥

(এই শ্লোকের সহিত উমাপতিধর-রচিত নিম্নলিখিত শ্লোকটি তুলনীয়—এটি সদুক্তি-কর্ণামৃতের ১।৫৫।৩ সংখ্যক শ্লোক, বিষয়, "হরিক্রীড়া"। 'পদ্যাবলী'-তেও এটি উদ্ধৃত হইয়াছে, সংখ্যা ২৫৯—

ভ্রূবল্লীবলনৈঃ কয়াপি নয়নোন্মেষৈঃ কয়াপি স্মিত-
জ্যোৎস্নাবিচ্ছুরিতৈঃ কয়াপি নিভৃতঃ সম্ভাবিতস্যাধ্বনি।
গর্বোদ্ভেদকৃতাবহেলবিনয়শ্রীভাজি রাধাননে
সাতঙ্কানুনয়ং জয়ন্তি পতিতাঃ কংসদ্বিষো দৃষ্টয়ঃ ॥

ডাঃ শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় বলেন—উভয় শ্লোকের শেষ ছত্র দুইটি তুলনীয়; "পতিতাঃ—চলিতাঃ"—এই দুইটি পদের যে কোনও

একটি ধরিতে পারা যায় ; সমস্যা-পূর্তির শ্লোক হিসাবে শেষ ছত্রের আধারে এই দুই সভাকবি নিজ নিজ শ্লোক রচিয়া থাকিবেন।

(৪) ১।৮৫।৫। বহুরূপকশ্চন্দ্রঃ ॥

ক্রীড়াকর্পূর-দীপস্ত্রিদশমৃগদৃশাং কামসাম্রাজ্যলক্ষ্মী-
প্রোৎক্ষিপ্তৈকাতপত্রং শ্রমশমনচলচ্চামরং কামিনীনাম্।
কস্তূরীপঙ্কমুদ্রাঙ্কিতমদনবধূমুগ্ধগণ্ডোপধানং
দ্বীপং ব্যোমাম্বুরাশেঃ স্ফুরতি সুরপুরীকেলিহংসঃ সুধাংশুঃ ॥

(৫) ২।৭২।৪। অধরঃ ॥

বিভাতি বিম্বাধরবল্লিরস্যাঃ স্মরস্য বন্ধূকধনুর্লতেব।
বিনাপি বাণেন গুণেন যেয়ং যূনাং মনাংসি প্রসভং ভিনত্তি ॥

(৬) ২।৭৭।৫। রোমাবলী ॥

হরতি রতিপতের্নিতম্ববিম্বস্তনতটচংক্রমসংক্রমস্য লক্ষ্মীম্।
ত্রিবলিভবতরঙ্গনিম্ননাভীহ্রদপদবীমধিরোমরাজিরস্যাঃ ॥

(৭) ২।১৭০।৫। শরৎখঞ্জনঃ ॥

মধুরমধুরং কুঞ্জস্যাগ্রে পতন্ মুহুরুৎপতন্-
অবিরতচলৎপুচ্ছঃ স্বেচ্ছং বিচুম্ব্য চিরং প্রিয়াম্।
ইহ হি শরদি ক্ষীবঃ পঙ্কৌ বিধূয় মিলন্ মুদা
মদয়তি রহঃ কুঞ্জে মঞ্জুস্থলীমধি খঞ্জনঃ ॥

(৮) ৩।৫।৪। ধর্মঃ ॥

যূনৈঃ কৃৎকটকণ্টকৈরিব মথপ্রোদ্ভূতধর্মোদ্গমৈর্।
অপাঙ্গঃ কমণৌর্মাধুরিব পারে নেত্রে চ ক্ষান্তবাধৈঃ।

যস্মিন্ ধর্মপরে প্রশাসতি তপঃসন্তেদিনীং মেদিনীম্
আস্তামাক্রমিতুং বিলোকিতুমপি ব্যক্তং ন শক্তঃ কলিঃ ॥

(৯) ৩।৯।৪। করঃ ॥

তেষামল্পতরঃ স কল্পবিটপী তেষাং ন চিন্তামণিশ্
চিন্তামপ্যপয়াতি কামসুরভিস্তেষাং ন কামাস্পদম্।
দীনোদ্ধারধুরীণপুণ্যচরিতো যেষাং প্রসন্নো মনাক্
পাণিস্তে ধরণীন্দ্র সুন্দরযশঃ-সংরক্ষিণো দক্ষিণঃ ॥

(১০) ৩।৯।৫। করঃ ॥

দেব ত্বৎকরপল্লবো বিজয়তামশ্রান্তবিশ্রাণন-
ক্রীড়ানন্দিতকল্পবৃক্ষবিভবঃ কীর্তিপ্রসূনোজ্জ্বলঃ।
যস্যোৎসর্গতিলচ্ছলেন গলিতাঃ স্যন্দানদানোদক-
স্রোতোভির্বিদুষাং ললাটলিখিতা দৈন্যাক্ষরশ্রেণয়ঃ ॥

(১১) ৩।১০।৪। চরণঃ ॥

লক্ষ্মীবিভ্রমসদ্মপদ্মসুভগং কে নাম নোর্বীভুজো
দেব ত্বচ্চরণং ব্রজন্তি শরণং শ্রীবেক্ষণাকাঙ্ক্ষিণঃ।
ছায়ায়ামনুগম্য সম্যগভয়াস্ত্বদ্বীর্যসূর্য্যাতপ-
ব্যাপ্তামপ্যবনীমটন্তি রিপবস্ত্যক্তাতপত্রাঃ সুখম্ ॥

(১২) ৩।১১।৫। প্রিয়ব্যাখ্যানম্ ॥ (মহারাজ লক্ষ্মণসেনের প্রশস্তি)

লক্ষ্মীকেলিভুজঙ্গ ! জঙ্গমহরে ! সংকল্পকল্পদ্রুম !
শ্রেয়ঃসাধকসঙ্গ সঙ্গরকলাগাঙ্গেয় ! বঙ্গপ্রিয় !
গৌড়েন্দ্র ! প্রতিরাজরাজক ! সভালংকার ! কারার্পিত-
প্রত্যর্থিক্ষিতিপাল ! পালক সতাং ! দৃষ্টোঽসি, তুষ্টাবয়ম্ ॥

(১৩) ৩।১৫।৫। দেশাশ্রয়ঃ ॥ (মহারাজ লক্ষ্মণসেনের প্রশস্তি) ॥

"ত্বং চোলোল্লোললীলাং কলয়সি, কুরুষে কর্ষণং কুন্তলানাং
ত্বং কাঞ্চিন্ন্যঞ্চনায় প্রভবসি, রভসাদঙ্গসঙ্গং করোষি।"
—ইত্থং রাজেন্দ্র! বন্দিস্তুতিভিরুপহিতোৎকম্পমেবাত্ত দীর্ঘং
নারীণামপ্যরীণাং হৃদয়মুদয়তে ত্বৎপদারাধনায়।

(১৪) ৩।১৯।৫। বিক্রমঃ ॥

শিক্ষন্তে চাটুবাদান্ বিদধতি যবসানাননে কাননেষু
ভ্রাম্যন্তি জ্যাকিণাঙ্কং বিদধতি শিবিরং কুর্বতে পর্বতেষু।
অভ্যস্যন্তি প্রণামং ত্বয়ি চলতি চমূচক্রবিক্রান্তিভাজি
প্রাণত্রাণায় দেব! ত্বদরিনৃপতরশ্চক্রিরে কার্মণানি ॥

(১৫) ৩।২০।৫। পৌরুষম্ ॥

ভীষ্মঃ ক্লীবকতাং দধার, সমিতি দ্রোণেন মুক্তং ধনুর,
মিথ্যা ধর্মসুতেন জল্পিতমভূদ্, দুর্যোধনো দুর্মদঃ।
ছিদ্রেষেব ধনঞ্জয়স্য বিজয়ঃ, কর্ণঃ প্রমাদী ততঃ
শ্রীমন্নস্তি ন ভারতেঽপি ভবতো যঃ পৌরুষৈর্বর্ধতে ॥

(১৬) ৩।২৩।৫। তেজঃ ॥

একং ধাম শমীষু লীনমপরং সূর্যোপলজ্যোতিষাং
ব্যাজাদদ্রিষু গূঢ়মন্তুদধৌ সংগুপ্তমৌর্বায়তে।
ত্বত্তেজস্তপনাংশুমাংসলসমুত্তাপেন দুর্গং ভয়াদ্
বার্ক্ষং পার্বতমৌদকং যদি বযুস্তেজাংসি কিং পার্থিবাঃ ॥

(১৭) ৩।২৯।২। আশ্চর্য্যখড়্গঃ ॥

শ্রীখণ্ডমূর্তিঃ সরলাঙ্গযষ্টির্মাকন্দমামূলমতো বহন্তী।
শ্রীমন্! ভবৎখড়্গতমালবল্লী চিত্রং রণে শ্রীফলমাতনোতি ॥

(১৮) ৩।৩৪।৩। তূর্য্যধ্বনিঃ ॥

গুঞ্জৎ-ক্রৌঞ্চনিকুঞ্জকুঞ্জরঘটাবিস্তীর্ণকর্ণজ্বরাঃ
প্রাক্‌প্রত্যগ ধরণীন্দ্রকন্দরজরৎপারীন্দ্রনিদ্রাদহঃ।
লঙ্কাঙ্কত্রিককুৎপ্রতিধ্বনিঘনাঃ পর্য্যন্তযাত্রাজয়ে
যস্য ভ্রেমুরমন্দমন্দররবৈরাশারুধো ঘোষণাঃ ॥

(১৯) ৩।৩৪।৪। তূর্য্যধ্বনিঃ ॥ (অনুপ্রাস লক্ষণীয়) ॥

যস্যাবির্ভূতভীতিপ্রতিভটপৃতনাগর্ভিণীভ্রূণভার-
ভ্রংশপ্রেশাভিভূত্যৈ প্লবনমিব ভজন্নন্তসাম্ভোনিধীনাম্।
সংভারং সংভ্রমস্য ত্রিভুবনমভিতো ভূভৃতাং বিভ্রদুচ্চৈঃ
সংরম্ভোজ্জৃম্ভণায় প্রতিরণমভবদ্ ভূরি ভেরীনিনাদঃ ॥

(২০) ৩।৩৪।৫। তূর্য্যধ্বনিঃ ॥

বিঘট্টয়ন্নেষ হঠাদকুণ্ঠবৈকুণ্ঠকণ্ঠীরবকণ্ঠগর্জান্।
ভয়ঙ্করো দিক্‌করিণাং রণাগ্রে ভেরীরবো ভৈরবদুঃশ্রবস্তে ॥

(২১) ৩।৩৮।৩। যুদ্ধম্ ॥

শত্রূণাং কালরাত্রৌ সমিতি সমুদিতে বাণবর্ষান্ধকারে
প্রাগ ভারে খড়্গধারাং সরিতমিব সমুত্তীর্য্য মগ্নারিবংশাম্।
অন্যোন্যাঘাতমত্তদ্বিরদঘনঘটাদন্তবিদ্যুচ্ছটাভিঃ
পশ্যন্তীয়ং সমস্তাদভিসরতি মুদা সাংযুগীনং জয়শ্রীঃ ॥

(২২) ৩।৩৯।৪। যুদ্ধস্থলী ॥

নির্যন্নারাচধারাচয়খচিত পতন্মত্তমাতঙ্গজাতং
জাতং যস্যারিসেনারুধিরজলনিধাবন্তরীপভ্রমায়।

সুপ্তা যস্মিন্ রতান্তে সহ চ সহচরৈর্নালবল্গাগনাসা-
রন্ধ্রদ্বন্দ্বৈকপাত্রে রুধিরমধুরসং প্রেতকান্তাঃ পিবন্তি ॥

(২৩) ৩।৪০।৫। দিগ্বিজয়ঃ ॥

একঃ সংগ্রামরিঙ্গত্তুরগখুররজোরাজিভির্নষ্টদৃষ্টির
দিগ্ যাত্রাজৈত্রমত্তদ্বিরদভরনমদ্-ভূমিভগ্নস্তথান্যঃ।
বীরাঃ কে নাম তস্মাৎ ত্রিজগতি ন যযুঃ ক্ষাণতাং কাণকুব্জ-
ন্যায়াদেতেন মুক্তাবভয়মভজতাং বাসবো বাসুকিশ্চ ॥

(২৪) ৪।৫২।৫। প্রশস্তকীর্ত্তিঃ ॥

মলিনয়তি বৈরিবদনং সুজনং রঞ্জয়তি ধবলয়তি ধাত্রীম্
অপি কুসুমবিশদমূর্ত্তির্যৎ-কীর্ত্তিশ্চিত্রমাচরতি ॥

(২৫) ৫।১৬।৪। দিশঃ ॥

অস্তু স্বস্ত্যয়নায় দিগ্ ধনপতেঃ কৈলাসশৈলাশ্রয়-
শ্রীকণ্ঠাভরণেন্দুবিভ্রমদিবানক্তং-ভ্রমৎকৌমুদী।
যত্রালং নলকুবরাভিসরণারম্ভায় রম্ভা স্ফুটৎ-
পাণ্ডিম্নৈব তনোস্তনোতি বিরহব্যগ্রাপি বেশগ্রহম্ ॥

(২৬) ৫।১৮।২। বীরঃ ॥

ধাত্রীমেকাতপত্রাং সমিতি কৃতবতা চণ্ডদোর্দণ্ডদর্পাদ্
আস্থানে পাদনম্রপ্রতিভটমুকুটাদর্শবিম্বোদরেষু।
উৎক্ষিপ্তচ্ছত্রচিহ্নং প্রতিফলিতমপি স্বং বপুর্বীক্ষ্য কিঞ্চিৎ
সাসূয়ং যেন দৃষ্টাঃ ক্ষিতিতলবিলসন্-মৌলয়ো ভূমিপালাঃ ॥

পরিশিষ্ট

শ্রীগীতগোবিন্দের যে টীকাগুলির পরিচয় পাওয়া গিয়াছে, ইহার মধ্যে কয়েকখানি মাত্র টীকা মুদ্রিত হইয়াছে। বাকী টীকাগুলির নাম **Aufrecht** মহোদয় প্রণীত **Catalogus Catalogorum** গ্রন্থে পাওয়া যায়। কয়েকখানি নূতন টীকার নাম প্রকাশিত হইল।

	টীকার নাম	টীকাকারের নাম
১।	টীকা	বৃহস্পতি মিশ্র
২।	সন্দর্ভ দীপিকা	আস্থান চতুরানন ধৃতিদাস বৈদ্য
৩।	বচন মালিকা	
৪।	ভাব-বিভাবিনী	উদয়নাচার্য্য
৫।	রসিক-প্রিয়া	রাণা কুম্ভ
৬।	গঙ্গা	কৃষ্ণদাস (কৃষ্ণদত্ত)
৭।	অর্থ-রত্নাবলী	গোপাল
৮।	পদদ্যোতনিকা	নারায়ণভট্ট
৯।	সর্ব্বাঙ্গসুন্দরী	নারায়ণদাস
১০।	টীকা	পীতাম্বর
১১।	রস-কদম্ব-কল্লোলিনী	ভগবদ্দাস
১২।	টীকা	ভাবাচার্য্য
১৩।	„	মানাঙ্ক

	টীকার নাম	টীকাকারের নাম
১৪।	মাধুরী	রামতারণ
১৫।	টীকা	রামদত্ত
১৬।	সানন্দ-গোবিন্দ	রূপদেব পণ্ডিত
১৭।	টীকা	লক্ষ্মণভট্ট
১৮।	টীকা	বনমালী দাস (ভট্ট)
১৯।	প্রথমাষ্টপদী-বিবৃতি	বিঠ্ঠল দীক্ষিত
২০।	শ্রুতিরঞ্জনী	বিশ্বেশ্বর ভট্ট
২১।	রসমঞ্জরী	শঙ্করমিশ্র
২২।	টীকা	শালিনাথ
২৩।	সাহিত্য-রত্নাকর	শেষরত্নাকর
২৪।	পদভাবার্থ-চন্দ্রিকা	শ্রীকান্তমিশ্র
২৫।	টীকা	শ্রীহর্ষ
২৬।	গীতগোবিন্দ-তিলকোত্তম	হৃদয়াভরণ
২৭।	সাহিত্য-রত্নমালা	মেঙ্গনাথ-পুত্র শেষকমলাকর
২৮।	টীকা	কুমার খাঁ
২৯।	সারদীপিকা	জগৎহরি
৩০।	গীতগোবিন্দ-প্রবোধ	রামভদ্রের পুত্র রামকান্ত
৩১।	শ্রুতিরঞ্জিনী	কোণ্ডুভট্টের ভ্রাতা যজ্ঞেশ্বরের পুত্র লক্ষ্মীধর বা লক্ষ্মণ সূরি
৩২।	অনুপোদয়	অনূপ সিংহ
৩৩।	টীকা	চিদানন্দ ভিক্ষু
৩৪।	টীকা	ধ্বতিকর
৩৫।	পদাভিনয়-মঞ্জরী	গড়ার অর্জ্জুনদাসের পুত্র চন্দ্রসাহি কর্ত্তৃক পালিত বাসুদেব বাচাসুন্দর

টীকার নাম	টীকাকারের নাম
৩৬। শশিলেখা	ভবেশের পুত্র মিথিলার কৃষ্ণদত্ত (কৃষ্ণদাস ?)
৩৭। শ্রুতিসার-রঞ্জিনী	তিরুমলরাজ
৩৮। বালবোধনী	পূজারী গোস্বামী
৩৯। টীকা	পরমানন্দ
৪০। গীতগোবিন্দ মাধুরী	

কৃষ্ণদত্তের টীকা গঙ্গায় কৃষ্ণপক্ষ ও শিবপক্ষ দুইরূপ ব্যাখ্যা আছে
শ্রীগীতগোবিন্দের অনুকরণে রচিত গ্রন্থ ও গ্রন্থকারগণ—

১। গীতগৌরীশ বা গীতগৌরীপতি	ভানুদত্ত কাবচক্রবর্ত্তী
২। গীতগঙ্গাধর	কল্যাণ
৩। গীতগিরীশ	রাম ভট্ট
৪। গীতদিগম্বর	বংশমুনি (মিথিলা)
৫। গীতরাঘব	ভূধরের পুত্র প্রভাকর
৬। রামগীতগোবিন্দ	গয়াদীন
৭। গীতগৌরী	তিরুমলরাজ
৮। গীতরাঘব	হরিশঙ্কর
৯। গীতগোপাল	সম্রাট জাহাঙ্গীরের সমসাময়িক সিংহ দলন রায় পৃষ্ঠপোষিত চতুর্ভুজ
১০। অভিনব গীতগোবিন্দ	গজপতিরাজ পুরুষোত্তম দেব
১১। জানকীগীত	শ্রীহরি আচার্য্য
১২। গীতশঙ্করীয়	জয়নারায়ণ ঘোষাল

১৩। পঞ্চাধ্যায়ী (হিন্দী কাব্য) নন্দদাস

১৪। সঙ্গীত মাধব গোবিন্দদাস

১৫। গোবিন্দ-বল্লভ নাটক দ্বারকানাথ ঠাকুর

জয়দেবের অনুবাদকগণের মধ্যে রসময় দাস, গিরিধর দাস, দ্বিজ প্রাণকৃষ্ণ, পীতাম্বর দাস, জগৎসিংহ ও রঘুনাথ দাসের নাম উল্লেখযোগ্য। উড়িষ্যায় কয়েকজন কবি শ্রীগীতগোবিন্দের অনুবাদ করেন। শ্রীগীতগোবিন্দ বিদেশের ভাষাতেও অনূদিত হইয়াছে।

শ্রীশ্রীগীতগোবিন্দম্

প্রথমঃ সর্গঃ

সামোদ-দামোদরঃ

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ-
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয়।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃ কেলয়ঃ ॥ ১ ॥

বালবোধিনী টীকা

শ্রীচৈতন্যকৃপাসীধুকণোন্মত্তেন কেনচিৎ।
টীকা সংগৃহ্যতে গীতগোবিন্দস্য সমাসতঃ ॥
স্বয়ং বোদ্ধুমভিপ্রায়ং জয়দেবমহামতেঃ।
ক্রমেণোপক্রমাদেষা গ্রথ্যতে বালবোধিনী ॥ *

অনুবাদ

আকাশ মেঘে আচ্ছন্ন, বনভূমি তমালতরুনিকরে শ্যামল, রাত্রিকাল, কৃষ্ণ ভীত। রাধা, তুমি ইহাকে লইয়া গৃহে যাও। এইরূপ নন্দনিদেশে চলিত যমুনাকূলের প্রতি পথ-তরুকুঞ্জে শ্রীরাধা-মাধবের বিজনকেলি জয়যুক্ত হউক।

* পূজারী গোস্বামীর অভিপ্রায়—

আকাশ মেঘে আচ্ছন্ন; বনভূমিও তমালতরুনিকরে শ্যামায়মান হইয়াছে। (তাহাতে আবার) রাত্রিকাল; (ইহাই অভিসারের উপযুক্ত

অত্র ব্যাকরণাদীনাং গ্রন্থবাহুল্যভীতিতঃ।
বিবৃতির্ন কৃতা সা তু জ্ঞেয়া গ্রন্থান্তরে বুধৈঃ॥
বোদ্ধব্যো বালবোধিন্যাং শব্দার্থঃ শব্দবেদিভিঃ।
ভাবার্থদীপিকায়াঞ্চ ভাবো ভাবার্থলোলুপৈঃ॥

অথ শ্রীরাধামাধবয়োর্বিজনকেলিবর্ণনময়ং শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধমারভমাণস্তত্র চ তয়োঃ সর্ব্বোত্তমতাং নিশ্চিন্বানঃ শ্রীমান্ জয়দেবনামা কবিরাজস্তমালবনতমঃপুঞ্জকুঞ্জসদনাদ্বহিঃ স্থিতয়োস্তত্র প্রবেশায় গদিতশ্রীরাধিকাসখীবচনমনুস্মরংস্তদেব মঙ্গলমাচরতি। তদ্বর্ণনময়ত্বাৎ প্রবন্ধোঽয়ং মঙ্গলরূপ ইতি চ তং বিজ্ঞাপয়তি মেঘৈরিতি। শ্রীরাধামাধবয়োঃ রহঃ কেলয়ো জয়ন্তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে। শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বেন সর্ব্বাবতারেভ্যঃ শ্রেষ্ঠত্বাৎ শ্রীরাধিকায়াশ্চ সর্ব্বলক্ষ্মীময়ত্বেনাস্য সর্ব্বপ্রেয়সীভ্যঃ শ্রৈষ্ঠ্যাচ্চ। যথোক্তং শ্রীসূতেন,—এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি। তথা চ বৃহদ্গৌতমীয়ে—দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ সংমোহিনী পরেতি॥ অতএবামুং মমোত্তমং বিঘ্নান্ বিধূয় সংপাদয়িষ্যন্তীত্যর্থঃ। ভগবতঃ স্বরূপশক্তিবৃত্তিবিশেষত্বাৎ কেলীনাং জয়কর্ত্তৃত্বং যুক্তমেব। উৎকর্ষপ্রতিপত্তিরেব জয়তেরর্থঃ। সর্ব্বোৎকর্ষপ্রতিপত্তাবকর্ম্মকঃ যথা জয়তি রঘুবংশতিলক ইতি। ক জয়ন্তি? —যমুনাকূলে। কিং লক্ষ্যীকৃত্য—প্রত্যধ্বকুঞ্জদ্রুমং কুঞ্জোপলক্ষিতো দ্রুমঃ

সময়)। পূর্ব্বরাত্রে অন্যা নায়িকাসঙ্গহেতু অপরাধভীত শ্রীকৃষ্ণ তোমার সম্মুখবর্ত্তী হইতে পারিতেছেন না, তিনি পথিপার্শ্বে অপেক্ষা করিতেছেন। (অতএব) হে রাধে, ভীরু শ্রীকৃষ্ণকে লইয়া কুঞ্জগৃহে গমন কর। এইরূপ আনন্দজনক সখী-বাক্যে (উৎসাহিত হইয়া) শ্রীরাধা শ্রীকৃষ্ণের সহিত মিলিতা হইলেন। যমুনাকূলে পথি-পার্শ্বস্থ প্রতি তরুকুঞ্জে শ্রীরাধাকৃষ্ণের এই বিজনকেলি জয়-যুক্ত হউক॥ ১॥ এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা ভূমিকায় দ্রষ্টব্য।

